

সায়্যিদ আবুল হাসান আলী নদভী

কাবুল থেকে আম্মান

আবদুল মতীন জালালাবাদী অনুদিত

কাৰুল থেকে আখান

মূল ঃ সায়্যিদ আবৃদ হাসান আলী নদডী অনু ঃ আবদুদ মতীন জালালাবাদী

প্রকাশকাল আবাঢ় ঃ ১৪০১ মহররম ঃ১৪১৫ জুন ঃ ১৯৯৪

ইফাবা. অনুবাদ ও সংকলন প্রকাশনা : ১২৪

ইফাবা. প্রকাশনা ঃ ১৭৬৪ ইফাবা. গ্রন্থগার ঃ ৯৫৮.১

ISBN: 984-06-0148-2

প্রকাশক ঃ পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ ইসলামিক ফাউণ্ডেশন বাংলাদেশ বায়তুল মুকাররম, ঢাকা–১০০০

মূদ্রণ ও বাধাইয়ে ঃ ইসলামিক ফাউণ্ডেশন প্রেস বায়তুল মুকাররম, ঢাকা–১০০০।

প্ৰহ্মদ অংকনে : কাজী শামসুদ হক

মৃশ্য **ঃ ৫৫.০০** (পঞ্চান্ন) টাকা মাত্র।

"KABUL THEKE AMMAN" (Reminiscence from Kabul to Amman): Written by Syed Abul Hasan ali nadavi in Urdu, translated by Abdul Matin Jalalabadi into Bengali and published by Islamic Foudation Bangladesh, Dhaka.

June-1994

price: Tk. 55.00 U. S. Dollar: 2.75

প্রকাশকের কথা

'কাবুল থেকে আমান' পুস্তকটি মূলতঃ একটি ভ্রমণ কাহিনী। বর্তমান মুসলিম বিশের শ্রেষ্ঠতম ইসলামী চিন্তাবিদ, মুহাক্কিক আলিম ও বুযুর্গ আল্লামা সায়্যিদ আবুল হাসান আলী নদভী (মা.জি.আ)-এর আফগান রাজধানী কাবুল থেকে জর্দানের অন্তর্গত ইতিহাসখ্যাত ইয়ারমুক পর্যন্ত সফরকে কেন্দ্র করে দিখিত "দরিয়া-এ কাবুল সে দরিয়া-এ ইয়ারমুক তক" নামক পুস্তকের এটি বাংলা তরজমা। আল্লামা নদভী (মা. জি. আ) রাবিতা-ই-আলমে ইসলামীর প্রতিনিধি দলের অন্যতম সদস্য হিসাবে ১৯৭৩ সালে এ সফর করেন এবং এ সফরে মুসলিম বিশ্বের কয়েকটি গুরুত্বপূর্ণ দেশ-যেমন আফগানিস্তান, ইরান, লেবানন, সিরিয়া, ইরাক ও জ্বদান-বিশেষ করে এসব দেশের রাজধানী শহর সহ কিছু কিছু গুরুত্বপূর্ণ ঐতিহাসিক স্থান ভ্রমণ করেন। তারপর এই সফর থেকে লব্ধ অভিজ্ঞতাকেই অত্যন্ত সুনিপুণভাবে তুলে ধরেছেন বর্তমান বইয়ে। লেখক এসব দেশ ও দেশের সাধারণ জনজীবনের নিখুত চিত্র যেমন এতে এঁকেছেন, তেমনি সেসব দেশের শাসকশ্রেণীর হাল-হাকিকতেরও বিবরণ পেশ করেছেন। এতে মুসলিম বিশের বর্তমান অনগ্রসরতা ও পশ্চাৎপদতার মৌল কারণ, তাঁদের সমস্যা ও সম্ভাবনা, শাসকমহল এবং শাসিত সাধারণ জনগণের মধ্যকার দ্বন্দু–সংঘাত ও তা নিরসনের উপায়, পশ্চাত্য সংকট এবং এর হাত থেকে পরিত্রাণের উপায় প্রভৃতি সম্বন্ধে সংক্ষেপে হলেও অত্যন্ত তাৎপর্যপূর্ণ আলোচনা করেছেন।

এখানে এ কথা মনে রাখতে হবে যে, লেখক ১৯৭৩ সালে যখন এসব দেশ সফর করেছিলেন–তারপর এসব দেশের বুকে অনেক উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ পরিবর্তন সংঘটিত হয়ে গেছে। এসব পরিবর্তনের মধ্যে আফগানিস্তানে কম্যুনিষ্ট বিপ্রব, আর এ বিপ্রবকে রক্ষার নামে সোভিয়েট রাশিয়ার নগ্ন আগ্রাসন, এরপর এই বিপ্রব ও নগ্ন আগ্রাসনের বিরুদ্ধে আফগান জনগণের সুদীর্ঘ প্রতিরোধ ও বীরত্বপূর্ণ সংগ্রাম–ফলে অপরিমেয় কুরবানীর মাধ্যমে ইরানের শাহী শাসনের

অবসান এবং ইসলামী বিপ্লবের অভৃতপূর্ব সাফল্য ও বিজয়, তারপর এ সাফল্য ও বিজয়ে ভীত ও হতচকিত পাশ্চাত্য বিশ্বের নানাবিধ ষড়যন্ত্র,— তারপর ইরাক—ইরানের দীর্ঘ আত্মঘাতী যুদ্ধের কলংকজনক অধ্যায় ও এর অবসান, ইরাক কর্তৃক কুয়েত দখল এবং একে কেন্দ্র করে বৃহৎ শক্তিবর্গের নেতৃত্বে আরব বিশ্বের সংগে ইরাকের যুদ্ধ উল্লেখযোগ্য। এসব ঘটনা আলোচ্য পুস্তকে স্থান না পেলেও এ ধরনের ঘটনার নেপথ্য যেসব কারণ — সে সবের কেবল ইংগিতই নয়—বরং অনেক স্থলেই এর খোলামেলা আলোচনাও এসে গেছে। মুসলিম বিশ্বের নেতৃবৃন্দ, শিক্ষিত ও সাধারণ গণমানুষ এ বিষয়ে সচেতন না হলে এবং এসব কারণ দূরীকরণে সচেষ্ট না হলে এধরনের ঘটনার পুনরাবৃত্তি এখানে ঘটতেই থাকবে। এজন্য তিনি মুসলমানদের ইসলামী আদর্শের পরিবর্তে পশ্চিমা আদর্শ গ্রহণকে যেমন দায়ী করেছেন, তেমনি এর হাত থেকে উদ্ধার পেতে মুসলমানদের শক্তি সামর্থের মৌল—উৎস কুরআন ও সুনাহকে আঁকড়ে ধরারও পরামর্শ দিয়েছেন। তারপর কুরআন—সুনাহর আলোকে মুসলিম বিশ্বের শিক্ষা ব্যবস্থাকে আমূল ঢেলে সাজাবার জন্য জোর আহবান জানিয়েছেন

আল্লামা নদভী (মা. জি. আ) আজ অশীতিপর বৃদ্ধ। সুদীর্ঘ জীবনের সুবিপুল অভিজ্ঞতা, বহু শ্রেষ্ঠ বৃযুর্গ থেকে প্রাপ্ত সোহবতের ফয়েয় ও ঈমানী অন্তর্দৃষ্টির আলোকে যে পরামর্শ ও আহবান আমাদের সামনে রেখেছেন আমরা যেন তা গ্রহণ করে মুসলিম বিখের আগামী দিনের সাফল্যের বুনিয়াদ নির্মাণে প্রয়োজনীয় ভূমিকা রাখতে পারি সেই আশায় আমরা এর প্রকাশে ব্রতী হয়েছিলাম। আল্লাহ আমাদের সেই আশা সফল করুন—মহান আল্লাহর দরবারে এটাই একান্ত মুনাজাত।

মুহাম্মদ ল্তফুল হক পরিচালক অনুবাদ ও সংকলন বিভাগ ইসলামিক ফাউণ্ডেশন বাংলাদেশ।



মুখবন্ধ

সব প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক আল্লাহ্রই প্রাপ্য।আর দর্মদ ও সালাম তাঁর উপর, যিনি রাসূলদের নেতা।

কিছুদিন পূর্বে, এই ভ্রমণ কাহিনীর লেখকের ভাগ্যে জুটেছিল একটি প্রতিনিধিদলের নেতৃত্বদানের সন্মান। প্রতিনিধিদলের সফরসূচীর মধ্যে ছিল আফগানিস্তান, ইরান, লেবানন, সিরিয়া, ইরাক, জর্দান তথা পশ্চিম এশিয়ার ছয়টি মুসলিম ও আরব দেশ পরিক্রমণ। প্রতিনিধিদলটি ছিল ঐ সমস্ত প্রতিনিধিদলের অন্যতম যাদেরকে মক্কা মুকাররামা ভিত্তিক রাবেতায়ে আলমে ইসলামী হিঃ ১৩৯৩, মুতাবিক ১৯৭৩ ইং সনে বিশ্বের পাঁচটি মহাদেশের বিভিন্ন দেশ সফরে পাঠিয়েছিল। উদ্দেশ্য ছিল একদিকে সংশ্লিষ্ট দেশসমূহের মুসলমানদের সাধারণ অবস্থা, তাদের সাংস্কৃতিক কর্মকাণ্ড ও দৈনন্দিন আবশ্যকাদি সম্পর্কে অবহিত হওয়া এবং অন্যদিকে তাদেরকে রাবেতার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করা।

এই পুস্তকের সাথে সংশ্রিষ্ট সফরের সময়কাল ছিল ৪ জুন, ১৯৭৩ থেকে ২০ আগস্ট, ১৯৭৩। এই সফরের তথ্যাদি, বাহ্যিক ও অন্তর্দৃষ্টিতে দেখা ঘটনাসমূহ ও তার প্রভাব প্রতিক্রিয়া, বিভিন্নজনের সাথে অনুষ্ঠিত আলাপ—আলোচনা, বিভিন্ন স্থানে প্রদন্ত বক্তৃতা—বিবৃতি, বিভিন্ন জনের সাথে দেখা সাক্ষাৎ এবং বিভিন্ন স্থান পরিদর্শনের বিবরণী প্রধানতঃ লেখকের স্বৃতিশক্তির উপর নির্ভর করে লেখা। অবশ্য কখনো সখনো এজন্য টেপ—রেকর্ডারের সাহায্যও নেওয়া হয়েছে। ফলে এই ভ্রমণ বৃত্তান্ত সংশ্লিষ্ট দেশসমূহের জীবন ও জীবিকার বিভিন্ন দিক, সেখানকার অধিবাস্থীদের বিভিন্ন সমস্যা, তাদের চিন্তাজগত, সভ্যতা সংস্কৃতি ও মনঃজগতের প্রয়াস—প্রচেষ্টার একটি জীবন্ত ছবিতে পরিণত হয়েছে। যারা ঐ সকল দেশের ভবিষ্যৎ সম্পর্কে আগ্রহ পোষণ করেন তারা এর

মাধ্যমে ঐ সকল দেশের সঠিক পরিস্থিতি এবং ঘটনার ক্রমধারা সম্পর্কে যথাযথ জ্ঞান লাভ করতে পারবেন।

এখানে দু'টি বিষয় বিশেষভাবে প্রনিধান যোগ্য।

- ্র পৃস্তকে যে সব মানসিক প্রতিক্রিয়া, চাক্ষুষ দৃশ্য এবং প্রস্তাবনা ও পর্যালোচনা সন্নিবেশিত হয়েছে তা প্রকৃতপক্ষে লেখকের মানসপটে অংকিত এই সফরের ধারাবাহিক অভিজ্ঞতা ও চিন্তা—ভাবনার প্রতিচ্ছবি মাত্র। এতে প্রতিবিদ্বিত হয়েছে লেখকের বিশেষ দৃষ্টিভঙ্গি, অভিজ্ঞতা, অভিমত ও চিন্তাধারা। তাই এর দায়—দায়িত্বও লেখকের। এই পুস্তক লেখার সময় লেখক ওধুমাত্র রাবেতারই মুখপাত্র ছিলেন না; অতএব এটা অপরিহার্য নয় যে, রাবেতা এই পুস্তকে বর্ণিত যাবতীয় বিষয়ের সাথে একমত হবে কিংবা লেখকের প্রতিটি দৃষ্টিভঙ্গি ও চিন্তাভাবনার দায়—দায়িত্ব রাবেতার উপর আরোপিত হবে।
- ২. দেখক তার বর্ণনায় সৃক্ষাতিসৃক্ষ ভাবধারা, সত্যতা, ন্যায়ানুভূতি এবং নিরপেক্ষতার প্রতি সজাগ ও সতর্ক ছিলেন এবং প্রতিটি বিষয়ের গভীরে শৌহার আন্তরিক প্রয়াস চালিয়েছেন। এতদ্সত্ত্বেও বিভিন্ন ব্যক্তি, আন্দোলন ও প্রতিষ্ঠান সম্পর্কে অভিমত প্রদানের ক্ষেত্রে সম্প্রসারণ—সংকোচন, ভুল—ল্রান্তি ও হাস—বৃদ্ধি থেকে নিখুঁত মুক্তির কোন দাবী এখানে করা হচ্ছে না। কেননা এটা শুধু ঐ ব্যক্তির জন্যই সাজে, যিনি বিভিন্ন অবস্থার প্রেক্ষিতে ঐ সমস্ত দেশে দীর্ঘ অবস্থান, ব্যক্তিগত জ্ঞান অর্জন ও বিস্তারিত চিন্তা—ভাবনা ও পর্যালোচনার স্যোগ পেয়েছেন। অনেক পর্যটক ও পরিভ্রমণকারী এক্ষেত্রে প্রায়ই ল্রান্তির শিকারে পরিণত হন। অতএব আমার এই প্রতিবেদনেও যদি সে ধরনের কোন ল্রান্তি শ্রদ্ধে য পাঠকবৃন্দের দৃষ্টিগোচর হয় তবে তারা যেন তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখেন। আর প্রকৃতপক্ষে আল্লাহ্ ছাড়া অন্য কেউই তো ভুলভ্রান্তি থেকে চিরমুক্ত নয়।

সৌভাগ্যক্রমে এই সফরের সূচনা আফগানিস্তানের রাজধানী কাবুল এবং পরিসমাপ্তি জর্দানের রাজধানী আমানে। তাই এই পুস্তকের নাম রাখা হয়েছে দরিয়া—ই—কাবুল সে দরিয়া—ই—ইয়ারমুক তক (কাবুল নদী থেকে ইয়ারমুক নদী পর্যন্ত)। এই ঐতিহাসিক নদী দু'টি উল্লেখিত দু'টি দেশের সাথে ঘনিষ্টভাবে সম্পর্কিত এবং এগুলোর সাথে অতীত ও বর্তমানের অনেক ঐতিহাসিক ও ইসলামী ঘটনা সম্পৃক্ত। এই দু'টি নদীর মধ্যবর্তী ভূ—ভাগসমূহের মধ্যে প্রাথমিক যুগের ইসলামী জয়যাত্রার কল্লোলধারাও একটি পারস্পরিক যোগসূত্র সৃষ্টি করেছিল।

ইতিপূর্বে এই লেখকের, ৩১৪ পৃষ্ঠা সম্বলিত আর একটি ভ্রমণকাহিনী গ্রন্থনার সুযোগ ঘটেছিল যা 'মুযাক্কারাতে সাইহীন ফীশ্ শারকিল্ আরবী (মধ্যপ্রাচ্য পর্যটকের ডাইরী) শিরোনামে ইং ১৯৫৪ সনে কায়রো থেকে প্রকাশিত হয়েছিল।১

এই ভ্রমণকাহিনী ঐ গ্রন্থনা–ধারারই দ্বিতীয় পর্যায়।শ্রদ্ধেয় পাঠক এই দুই ভ্রমণকাহিনী হতে গত ২২ বছর সময়কালীন ঘটনাপঞ্জীর রদবদল ও পরিবর্তন–পরিবর্ধন, অনায়াসে আঁচ করে নিতে পারবেন। এগুলোর মধ্য দিয়ে তারা সন–তারিখ, ঘটনাপ্রবাহ এবং মনস্তাত্মিক ক্রমবিকাশের ধারাবাহিকতা এবং প্রাকৃতিক পার্থক্যও উপলব্ধি করতে পারবেন। প্রথম ভ্রমণ কাহিনী ছিল একটি বিস্তারিত দিনপঞ্জী ও অবিন্যস্ত ভ্রমণগাঁথা, আর এই ভ্রমণকাহিনী হচ্ছে ঐ সমস্ত দেশের একটি মোটামুটি পর্যালোচনা–প্রতিবেদন। যারা ঐ সমস্ত দেশের ধর্মীয় ও সাংস্কৃতিক ভবিষ্যৎ সম্পর্কে আগ্রহশীল, যারা মুসলিম বিশ্বের ঘটনা–প্রবাহ সম্পর্কে ওয়াকিফহাল থাকতে চান, এই ভ্রমণকাহিনী যেমন তাদের চিন্তার খোরাক যোগাবে তেমনি তাদেরকে কিছুটা মর্মাহত ও বিচলিতও করতে।

 তাও বাদ দেওয়া হয়েছিল। দিতীয়বার চোখ বুলাবার সময় সেগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এভাবে পুস্তকটি মূল আরবী পুস্তকের চাইতে অধিকতর উপকারী, উপমহাদেশের উর্দৃভাষী জনগোষ্ঠীর জন্য অধিকতর আকর্ষণীয় এবং তাদের অভিক্লচির অধিকতর নিকটবর্তী হয়েছে বলে আমার বিশাস।

আল্লাহ্ তা'আলার দরবারে সবিনয় ও আন্তরিক প্রার্থনা, তিনি যেন পুস্তকটিকে উপকারী করেন, এর মাধ্যমে অন্ধকার পথসমূহ আলোকিত করেন, যারা ইসলামী পয়গামের বাহক, যারা ঐ সমস্ত দেশের সেবায় নিয়োজিত এবং ঐ সমস্ত দেশকে বিভিন্ন সংকট ও প্রতিবন্ধকতার নিত্য– নতুন চ্যালেঞ্জ থেকে রক্ষা করতে বন্ধপরিকর, এ পুস্তক যেন তাদের মধ্যে শক্তি, সাহস ও দৃঢ়তার সঞ্চার করে। رعلی الله قصد السبیل গন্তব্যস্থানে পৌছানোর মালিক একমাত্র আল্লাহ্ তাআ' লাই।

আবুল হাসান আলী নদভী

বন্ধুবর মওলভী শামসূল হক নদভী (অধ্যাপক, দারুল উল্ম, নওয়াতুল উলামা)
 "শারকে আওসাত কী ডাইরী' শিরোলামে দিনপঞ্জী আকৃতির ঐ ভ্রমণকাহিনীর উর্দ্
 অনুবাদ মাকতাবায়ে ফেরদাউস লক্ষ্ণৌ থেকে প্রকাশ করেছেন।

সূচীপত্ৰ

শিরোনাম	পৃষ্ঠা
মুজাহিদীন ও দিখিজয়ীদের দেশ আফগানিস্তান-১	
পাক-ভারত ও ইসলামের ইতিহাসে আফগানিস্তানের গুরুত্বপূর্ণ ত	হূমিকা ৩
আফগানিস্তান ঃ পাক–ভারতীয় মুসলমানদের দৃষ্টিতে	¢
আফগানিস্তান সফরে বিলম্ব	Ъ
রাবিতা–ই আলমে ইস্লামীর প্রতিনিধিদল	۵
কাবুৰ ভূখন্ড	٥٥
শিক্ষা মন্ত্রণালয়ের আতিথ্য ও সহযোগিতা	77
শিক্ষা ও সাংস্কৃতিক সংস্থাসমূহ পরিদর্শন	३ ७
আধুনিকতা প্রিয় আফগান মহিলাদের সাথে	
আলাপ–আলোচনা	>6
আফগান মহিলাদের মধ্যে আধুনিক সভ্যতা ও	
প্রাচ্যবিদদের চিন্তার প্রভাব	20
পর্দা লংঘন এবং সামাজিক রীতিনীতির প্রতি বিদ্রোহ	
জাতীয় অধঃপতনেরই পূর্বাভাস	29
কাবুলের উলামার সাথে আলাপ–আলোচনা	79
মন্ত্রী ও অন্যান্য দায়িত্বশীল ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎকার	<i>\$</i> 5
জাতির মধ্যে দিন দিন আলিম সমাজের প্রভাব হাস	
এবং তার ফলশ্রুতি	২৩
কাবুলে মুজান্দিদী বংশ	২৫
সারো কয়েকজন ইলমী ও দ্বীনী ব্যক্তিত্ব	২৬
কাবুলের জামি মাসজিদ	২৭
প্রাচীন নিদর্শানাদি এবং উদ্যানসমূহ	२४

দশ

সুৰতান মাহমৃদ গযনভীর রাজধানীতে	২৮
শিক্ষা ও সংস্কৃতির ইতিহাসে গযনীর অবদান	২৯
গ্যনীর পতন	90
পন্ডিত, শাসক, সাধক ও বাদশাহের সমাধি ভূমিতে	৫৩
উপদেশ গ্রহণের স্থান	৩২
মালিক মুহাম্মদ জাহির শাহ ও সরদার দাউদ খান	৩ ৪
মুসলিম দেশের দায়িত্ব	90
প্রতিনিধি দলের সম্মানে সউদী দূতাবাস আয়োজিত	
ভোক্ষসভা	৩৬
আফগানী জ্বাতির বিপ্লব ও তাদের শক্তির উৎস	৩৮
যে কোন জাতির জীবন ব্যক্তিত্ব ও পয়গাম (লক্ষ্যবস্থ্) – এর	
কাছে দায়বদ্ধ	8 6
সুন্দরের দেশ স্বপ্নের দেশ ইরান—২	
ইরান সফরের বাসনা	৫ ዓ
সফরের উপলক্ষ	৫ ዓ
ইরানে অবস্থানকাল	er
মন্ত্রীবর্গ ও উলামার সাথে সাক্ষাৎকার	Q b
ইরানের ধর্মীয় ও ঐতিহাসিক স্থানসমূহ	৬০
আলোচনা সভা ও অভ্যর্থনা অনুষ্ঠান	৬১
কৃতি সন্তানদের শাশন কেন্দ্র তূস	৬২
ইমাম গাযালীর সমাধিস্থল	৬২
নাদির শাহ	৬8
খদীফা হারূন–অর রশীদের শৃতি	68
ইস্ফাহান	• ৬৫
শীরাজ	৬৬
একটি পর্যাগোচনা	90

এগার

একটি জিজ্ঞাসা	४७
রাসৃশুল্লাহ্ (সা.)-এর নবুয়াতই ঘুমন্ত ইরানকে জাগিয়ে তুলেছিল	80
এখন প্রশ্ন শুধু ধর্ম ও ধর্মহীনতার	20
প্রাচ্য-প্রতীচ্যের মিলনক্ষেত্র লেবানন-৩	
ইসলামের প্রাথমিক যুগের আহবায়কদের পদাংক অনুসরণে	66
নতুন প্রতিনিধিদল গঠন	300
বৈরুতে	202
বৈরুতের ইসলামী সংস্থাসমূহ দর্শন ও বিভিন্ন অঞ্চল সফর	५०२
এক নযরে বৈরুত	200
ত্রিপলীতে	206
যাহরানায় আমার বক্তৃতা	204
সাক্ষাৎকার ও পরিচিতি ·	209
সায়দা সফর	209
জাতি গোষ্ঠীর মধ্যে উলামার স্থান এবং জনসাধারণের	770
উপর থেকে তাদের প্রভাব হাস পাওয়ার কারণ	
মুসলিম ইয়াতীম খানা	225
মুফতী আমীনুল হুসায়নীর আতিথ্য	225
লেবাননের মুসলমানদের বর্তমান অবস্থা সম্পর্কে একটি	
পর্যালোচনা	220
দারুল ইফ্তায় একটি অভ্যর্থনা অনুষ্ঠান	772
বিভিন্ন সভ্যতার মিলনক্ষেত্র এবং বিশ্ব মঞ্চে মুসলিম	
জ্বাতির করণীয়	79
যে স্থানগুলো আমরা দেখে আসতে পারিনি	> 58
সাক্ষাৎকার	254
সাউদী, দৃতাবাসের পক্ষ থেকে অভ্যর্থনা	250
দামেশ্কে দুদিন–৪	
বৈরুত থেকে দামেশক	202

বার

দামেশ্কের সাথে আমার পুরাতন সম্পর্ক	202
এক নযরে অতীত সিরিয়ার সামাজিক অবস্থা	300
সিরিয়ার সামাজিক জীবনে বৈপ্লবিক পরিবর্তন	५७०
দামেশ্কে পদাৰ্পণ	১৩৭
জামি উমুতী	३७४
সাক্ষাৎকার	३७४
সিরিয়ার দৈনন্দিন জীবনে কিছু নতুন পরিবর্তন	308
সাক্ষাৎকার	585
যে স্বপু সত্যে পরিণত হলো	780
হার্ন-অর রশীদের রাজধানী বাগদাদ-৫	
ইসলামের ইতিহাস ও সংস্কৃতিতে বাগদাদের স্থান	262
বৈরুত থেকে বাগদাদ	५ ७५
সাক্ষাৎকার	> 60
দিওয়ানুল আওকাফের অভ্যর্থনা অনুষ্ঠান	7 68
যে কথাটি বলা যাবে না	> ৫৫
বাগদাদ বিশ্বিদ্যালয়, আল্ মাজমাউল ইল্মী আল্-ইরাকী	
ও আল্-মাজমাউল ইল্মী আল-কুরদী	309
নতুন অভিজ্ঞতা	264
ইরাকী যাদুঘর এর শিক্ষা ও প্রভাব	300
অতীতের কিছু নিদর্শন	> 62
এখন যদি শায়খ থাকতেন	360
ইসলাম ও মুসলমানদের দুরাবস্থার উপর শায়থের আক্ষেপ	১৬১
ইরাক ঃ বিপ্লবের আগে ও পরে	১৬২
জামিউশ্ শুহাদায় বক্তৃতা	. 200
হায় ! বসরা দেখা হলো না	১৭২
বাগদাদ ত্যাগ	১৭২

তের

প্রাণ উৎসর্গকারী রক্ষীসেনার দেশ জর্দান—৬	
বাগদাদ থেকে সাম্মান	399
আওকাফ মন্ত্রণালয়ের আতিথ্য	396
মাননীয় আওকাফ মন্ত্রী এবং তাঁর সঙ্গীদের সাহচর্য	398
শাহ হুসায়নের সাথে সাক্ষাৎ	360
শহরের ইসলামী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন	300
এক নজরে ফিলিস্তিনীদের অবস্থা	366
ইসলামী কেন্দ্রের অভ্যর্থনা সভা	266
একটি সংগ্রামরত সীমান্তবর্তী দেশের দায়িত্ব	266
মৃতাসারে ইসলামী কেন্দ্র	7 28
আওকাফ মন্ত্রীর পক্ষ থেকে নৈশভোজ	7 28
সাক্ষাৎকার	299
সলতে বক্তৃতা	299
উস্তায কামিল আশ–শরীফের বাসভবনে	586
আমান থেকে আরবদ	286
উত্তর সীমান্ত ঃ কিছু মন্তব্য	289
আরবদের বক্তৃতা ঃ ইসলাম সম্পর্কে মুস্লমানদের দৃষ্টিভঙ্গি	799
ইসলামী মুজাহিদ আবদুল্লাহ্ আত্তাল এর ইন্তিকাল	२०२
খেলাধুলা ও চিন্তবিনোদন কেন্দ্ৰ	२०२
আসহাবে কাহফের গুহায়	200
একটি গুরুত্বপূর্ণ আলোচনা বৈঠক	208
যুব শ্রেণীর অস্থিরতার কারণ এবং তার প্রতিকার	200
আমান থেকে কারক	478
সৈন্যদের উদ্দেশ্যে বজৃতা	276
ভহাদা-ই-মৃতার সমাধিভ্মিতে কিছুক্ষণ	২২০
মৃতার, ঐতিহাসিক স্থানসমূহ	২২৩
বাতরা সফর	২২৩
আমান ত্যাগ	220

মুজাহিদীন ও দিশ্বিজয়ীদের দেশ আফগানিস্তান

পাক–ভারত ও ইসলামের ইতিহাসে আফগানিস্তানের গুরুত্বপূর্ণ ভূমিকা

ইসলামী ইতিহাসের প্রতিটি যুগেই আফগানিস্তান ছিল বীরযোদ্ধা ও অসমসাহসী অশারোহীদের কেন্দ্রভূমি, দিগ্নিজয়ী বীর যোদ্ধাদের জন্মস্থান, সিংহ পুরুষদের লালন ক্ষেত্র, আর ইসলামের সুদৃঢ় দুর্গ। প্রধানতঃ এ কারণেই বাগ্যিতার রাজা আমীর শাকীর আরুসালী এই দেশের ইতিহাস লিখতে গিয়ে ভাবোচ্ছ্বাসে এত বিহবল হয়ে পড়েন যে, ঐ সমস্ত দিগ্নিজয়ী মুজাহিদদের প্রতিচ্ছবি তার মানসপটে জীবন্ত হয়ে ভেসে উঠে এবং তিনি তার তীক্ষ্ণধার লেখনীকে বাগে রাখতে না পেরে লিখে বসেন।

"আমার প্রাণের শপথ, যদি সমগ্র বিশ্বে ইসলামের স্পানন বন্ধ হয়ে যায়, কোথাও যদি এর মধ্যে জীবনের শেষ চিহ্নটুকুও বাকি না থাকে তাহলেও হিমালয় ও হিন্দুকুশের মধ্যবর্তী অঞ্চলে বসবাসকারীদের মধ্যে ইসলাম যিনা থাকবে—যৌবনদীপ্ত থাকবে তার অন্তর্নিহিত দৃঢ়তা ও প্রাণচাঞ্চল্য।"

আফগানিস্তান পাক-ভারতের প্রতিবেশী দেশ এবং এমন প্রতিবেশী যে, হিজরী পঞ্চম শতান্দীর শুরু থেকেই উভয় অঞ্চলের ইতিহাস—ঐতিহ্য, সভ্যতা—সংস্কৃতি, ভাষা—সাহিত্য ও রাজনীতি প্রশাসন একটি অন্যটির দ্বারা এতই প্রভাবিত যে, উভয়ের সন্দিলন ও সংমিশ্রণের ফলে এমন এক সভ্যতা—সংস্কৃতির বিকাশ লাভ ঘটেছে, যাকে পুরোপুরিভাবে না আফগানী বলা যায়, আর না পাক-ভারতীয়, আর না নিখুত ইসলামী।অবশ্য শেষ যুগে একে হিন্দ আফগান ইসলামী সভ্যতা (INDO-AFGAN MUSLIM CULTURE) নামে আখ্যায়িত করা হয়েছে।

হিজরী পঞ্চম শতাব্দী থেকে যারা পাকভারত উপমহাদেশের উপর
নিজেদের শাসন-কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে থাকেন তারা ছিলেন হয় তুর্কী
বংশোদ্ভ্ত, নয়ত বংশ, সভ্যতা ও ঐতিহ্যগত দিক দিয়ে খাঁটি আফগানী। যে
সমস্ত তুর্কী পরিবার আফগানিস্তানের পথ ধরে পাক-ভারতে এসেছিলেন তারা
যে সব দেশের মধ্য দিয়ে আসেন সেখানকার সৈনিক ও স্বেচ্ছাসেবকদেরও
তাদের সংগে নিয়ে পাক-ভারতে প্রবেশ করেন। তাঁদের কেউ ছিলেন
গন্ধনতী, কেউ দাস-বংশোদ্ভ্ত স্লতান, কেউ খিলজী, কেউ তুঘলক এবং
কেউ মুঘল। আর যারা ছিলেন আফগান বংশোদ্ভ্ত তাদের কেউ ছিলেন ঘূরী,
কেউ লৃধী, আবার কেউ সূরী। এ যুগ থেকেই পাক-ভারত উপমহাদেশ এই

সমস্ত সুঃসাহসিক ও অতুলনীয় বীর-বিক্রমদের বিচরণ-ক্ষেত্র হয়ে রয়েছে। পর্বত-পরিবেষ্টিত এই দেশটি ছিল উচ্চাভিলামী ঐ জনগোষ্টীর দৃষ্টিতে সীমিত ও অপ্রশস্ত । তাই বিজয়ের নেশা প্রশমন ও বীরত্বের বিশ্বয়কর লীলাখেলা প্রদর্শনের জন্য যথাযোগ্য ক্ষেত্রের সন্ধানে তাঁরা পাক-ভারতে আগমন করতেন। পাক-ভারতে বিভিন্ন সময়ে যখন মানসিক জড়তা, আলস্য, কর্মবিমুখতা, বিশৃঙ্খলা ও রাজনৈতিক অসন্তোমের শিকারে পরিণত হত, বিশেষভাবে তখনই চিত্তচাঞ্চল্যে ভরপুর ও কষ্টসহিষ্ণু এই আফগান বীর্ম্যোদ্ধারা পাক-ভারত-অভিমুখী হতো। সংখ্যায় অল্প হওয়া সত্ত্বেও তারা বড় বড় শত্রু বাহিনীকে জনায়াসে পরাস্ত করতেন, শক্ত সুদৃঢ় রাজ্য প্রতিষ্ঠা করতেন এবং পাক-ভারতের দুর্বল সমাজদেহে নতুন রক্ত প্রবাহের সৃষ্টি করতেন।

অনুরূপভাবে আফগানিস্তানের অভ্যন্তরে কিংবা সীমান্ত অঞ্চলে বসবাসকারী অনেক পরিবার জীবনের প্রয়োজনীয় উপাদান ও আসবাবসামগ্রীর অপর্যাপ্ততার কারণে, জীবিকার সন্ধানে অথবা ভাগ্য পরীক্ষার মানসে পাক-ভারতে আগমন করত। এ ধরনের কাফেলা ইসলামী যুগের সূচনা থেকেই পাক-ভারতে আসতে থাকে-আসতে থাকে সংগে নিমে নিজে দের বংশগত বৈশিষ্ট্যাবলী ও ঐতিহ্যগত যোগ্যতা, আর এখানে এসে লাভ করে পাক-ভারতীয় পরিবেশগত বৈশিষ্ট্যাবলী-উদার দৃষ্টিভঙ্গি, ইসলামী ভাবধারা এবং সেই সাথে পাক-ভারতীয় চরিত্র ও শিষ্টাচার। ফলে ভাদের বীরত্ব, সাহসিকতা, প্রতিভা ও দূরদর্শিতা আরো উজ্জ্বল, আরো প্রদীপ্ত হয়ে উঠে। পরবর্তীকালে লক্ষ্য করা যায় যে, বীরত্ব, আত্মসমানবোধ তীক্ষবৃদ্ধি ও স্ক্মদর্শিতায় তারা তাদের প্রচীন স্বদেশীয়দের চাইতেও অগ্রগামী হয়ে গেছেন। অনুরূপ বহু জনগোষ্ঠী পাক-ভারত উপমহাদেশের দৈর্ঘপ্রস্থে ছড়িয়ে আছে। তারা এখানে এসে নিজেদের ছাট বড় রাজ্যও প্রতিষ্ঠা করেছিলেন। তাদের থেকেই সংগৃহীত হত বিভিন্ন রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাপকবৃন। আর তারাই ছিলেন প্রত্যেকটি যুগে সামরিক শক্তির উৎস ও মৌলিক উপাদান।

পাক-ভারত উপমহাদেশের মুসলমানরা দীর্ঘদিন পর্যন্ত আফগানিস্তানকে মনে করত একটি দেশ, যা পাক-ভারতের শাসক-প্রশাসক, ব্যবস্থাপক ও সৈন্য-সামন্তের রফতানীকারক বা যোগানদার। তারা এর নাম দিয়েছিলে বেলায়েত, যেমন বৃটিশ শাসনামলে ইংল্যান্ড এবং তার রাজধানী লন্ডনকে

বেশায়েত (বিলাত) বলা হত। আফগানিস্তান থেকে পাক-ভারতে গমনকারীকে বলা হত বেলায়েতী (বিলাতী)। আফগানিস্তান থেকে আমদানীর এই ধারা বীর সিপাহী ও সমরনায়ক পর্যন্তই সীমাবদ্ধ ছিল না, ক্রমে তা অন্যান্য ক্ষেত্রেও বিস্তার লাভ করে। এই ধারা অনুসারেই বহু বিশিষ্ট পণ্ডিত ও জ্ঞানী ব্যক্তি আফগানিস্তান থেকে পাক-ভারতে আগমন করেন এবং এমন সব গ্রন্থ প্রণয়ন করেন যেগুলোর পঠন-পাঠন ও ব্যাখ্যা-বিশ্লেষণে এ দেশের আলিম সমাজ্ব দীর্ঘদিন পর্যন্ত ভূবে থাকেন।

আফগানিস্তান ঃ পাক-ভারতীয় মুসলমানের দৃষ্টিতে

পাক-ভারতীয় মুসলমানরা যখনই কোন শোচনীয় পরিস্থিতির সম্মুখীন হয়েছে, চোখে অন্ধকার দেখেছে, দেখেছে চতুর্দিকে নৈরাশ্যের ঘনঘটা অর্থাৎ যখনই এমন অবস্থায় পৌছেছে, যে অবস্থায় মানুষ বাইরের সাহায্যের প্রত্যাশা করে-তখনই তারা আশা ও প্রতীক্ষার দৃষ্টিতে আফগানিস্তানের দিকে তাকিয়েছে-হয়ত বা ওরা তাদেরকে এই সংকট-জনক অবস্থা থেকে, বিপদের এই ঝড়-ঝাপ্টা থেকে, রক্ষা করতে এগিয়ে আসবে। বেশীর ভাগ ক্ষেত্রেই তাদের এই প্রত্যাশা, তাদের মনের এই আকৃতি ও রংগীন স্বপু নিশ্চিত আশার রূপ নিয়েছে। পাক-ভারতীয় মুসলমানদের এই আশা বিষয়করভাবে তখন পূর্ণ হয়েছে যখন দিল্লীতে মারাঠাদের শক্তি অসম্ভব রকম বেড়ে যায় এবং এমন আশংকার সৃষ্টি হয় যে, তারা গোটা উপমহাদেশের উপর তাদের আধিপত্য বিস্তার করে ফেলকে এবং মুসলমানদের যা কিছু প্রভাব প্রতিপত্তি অবশিষ্ট রয়েছে তারও মূলোৎপাটন করবে। তখন দিল্লীর রাজশক্তি মারাঠাদের খেলার পুতুলে পরিণত হয়েছিল, আর মুসলমানরা পরিণত হয়েছিল তাদের কৃপার পাত্রে। নৈরাশ্য, অস্থিরতা ও ক্লান্তির শিকার মুসলমানরা যখন বর্ধিষ্ণু মারাঠা শক্তির মুকাবিলা করতে অপরাগ হয়ে পড়ল, তখনই তাকালো আফগানিস্তানের দিকে। কেননা ওরাই এখন তাদেরকে এই বিপদ থেকে রক্ষা করতে পারে। কোন কোন মুসলিম ধর্মীয় নেতা সমকালীন প্রাচ্যের সর্ববৃহৎ সমরনেতা আহমদ শাহ আবদালীর দৃষ্টি পাক-ভারতীয় মুসলমানদের এই শোচনীয় অবস্থার প্রতি আকৃষ্ট করেন এবং তাঁকে পাক-ভারতে আসার আমন্ত্রণ জানান।

তখন আহমদ শাহ আবদানীর উথান সবেমাত্র শুরু হয়েছে এবং বেশ কয়েকটি যুদ্ধে তিনি তাঁর নেতৃত্ব ও বীরত্বের সাক্ষর রাখতে সক্ষম হয়েছেন। এ ১৭৬১ সালের ঘটনা। পাক-ভারতের সকল মুসলিম শক্তি তাদের মত ও পথের বিভিন্নতা সত্ত্বেও আহমদ শাহ আবদালীর পতাকাতলে সমবেত হয় এবং দিল্লীর নিকবর্তী পানিপথে মারাঠাদের সাথে তাদের ভাগ্য-নির্ধারক রক্তক্ষয়ী যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধের পর মারাঠারা আর কখনো মাথা তুলে দাঁড়াতে পারেনি।

বৃটিশ শাসনামলে পাকভারতীয় মুসলমানরা আফগানিস্তানের সাহায্য—সহায়তার উপর আরো বেশী ভরসা করতে থাকে। তাদের দৃষ্টি সব সময় ভারতের উত্তর—পশ্চিম সীমান্তের উপর নিবদ্ধ থাকত এই আশায় যে, হয়ত আহমদ শাহ আবদালীর মত কোন সেনাপতি তার দুরন্ত—দুর্বার ফৌজ নিয়ে খায়বার গিরিপথ অতিক্রম করে তাদেরকে বৃটিশ আধিপত্য থেকে মুক্ত করতে এগিয়ে আসবেন। স্বাভাবিক কারণেই তাদের এই আশা পূরণ হয় নি। কেননা আফগানীরা তর্থন ছিল নিজেদের আভ্যন্তরীণ সমস্যা নিয়েই জর্জরিত। তাছাড়া তারা ছিল বহিঃআক্রমণের সম্মুখীন—একদিকে বৃটিশ শক্তি তাদের দিকে লোভাতুর দৃষ্টিতে তাকাচ্ছিল, অন্যদিকে রুশ শক্তি ছিল তাদের হন্ধম করার অপেক্ষায়। এমতাবস্থায় ক্ষুদ্র অথচ দুর্বল ভারতের উপর আক্রমণ চালিয়ে শক্ত ভিতের উপর প্রতিষ্ঠিত বৃটিশ শক্তিকে পরান্ত করা কি সম্ভবং যাহোক আফগানীর না এলেও দীর্ঘদিন পর্যন্ত পাক-ভারতের স্বাধীনচেতা মুসলমানরা আশায় বুক রেখি তাদের জন্য অপেক্ষা করতে থাকে।

আমীর আবদুর রহমান খানের পুত্র আমীর হাবীবুল্লাহ্ খানকে ১৯১৯ সনে হত্যা করা হলে তার পুত্র আমীর আমানুল্লাহ্ খান সিংহাসনে অধিষ্ঠিত হন।
তিনি ইংরেজদের বিরুদ্ধে কিছু কিছু দুঃসাহসিক পদক্ষেপ গ্রহণ করেন এবং জেনারেল মুহামদ নাদির খানের নেতৃত্বে আফগান সেনাবাহিনী বৃটিশ সেনাবাহিনীর বিরুদ্ধে বেশ কয়েকবার জয়লাভ করে। এতে আমীর আমানুল্লাহ্ খান সাধারণ মুসলমান–বিশেষ করে স্বাধীনতা প্রিয় মুসলমানদের ভালবাসা ও আশা উদ্দীপনার কেন্দ্রবিন্দুতে পরিণত হন। এদিকে পাকভারতীয় মুসলমানরা বৃটিশ শাসনের প্রতি একেবারে ত্যক্তরিক্ত হয়ে উঠে। এ অবস্থায় আফগানিস্তানের দিকে পুনরায় হিজ–রতের ঢল নামে। অনেক বিশিষ্ট মুসলিম নেতাও হাজার হাজার শিক্ষিত সংগ্রামী যুবক কাবুলে এসে উপনীত হয়। কিন্তু এই পদক্ষেপ য়েহেত্ কোন পূর্বপরিকল্পনার অধীন ছিল না, এ থেকে উদ্ভূত বিভিন্ন সমস্যার সম্পর্কে কোন নেতাই পূর্বাহ্লে চিন্তাভাবনা করেন নি এবং এ ব্যাপারে আফগান রাষ্ট্রের সাথেও কোন বুঝাপড়া হয়নি তাই শেষ পর্যন্ত এই

আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হয় এবং হিজরতকারীরা কিছু কিছু অসুবিধারও সম্মুখীন হন।

এরপর আমীর আমানুল্লাহ্ খানের কিছু কিছু ইসলাম বিরোধী পদক্ষেপ গ্রহণ, মুন্তাফা কামাল পাশার ন্যায় পাশ্চাত্যের অন্ধ অনুকরণ এবং আপন রাণীকে পর্দার বাইরে বের করার কারণে আফগান জাতির মধ্যে তার বিরুদ্ধে দারণ অসন্তোষ দেখা দেয় এবং প্রধানতঃ তা থেকেই বিদ্রোহ ও বিশৃভথলার সৃষ্টি হয়। ইংরেজরা দীর্ঘদিন থেকে এ ধরনের একটা সুযোগের অপেক্ষায় ছিল। তারা এই গণ—অসন্তোষ ও বিদ্রোহকে আমীর আমানুল্লাহ্ খানের ক্ষমতাচ্যুতির মৃড্যন্ত্রে যথায়পভাবে ব্যবহার করে।১৯২৭ সনে আমীর আমানুল্লাহ্খান ক্ষমতাচ্যুত হন এবং তার স্থলে, হাবীবুল্লাহ্ খান ওরফে বাচ্চা সাক্ষাহ্ কাবুলের সিংহাসনে আরোহণ করে। এই অবস্থা লক্ষ্য করে তারতবাসীরা যারপরনাই চিন্তিত ও বিচলিত হয়। এ যেন তাদের নিজ্ঞেরই দেশের সমস্যা। যাহোক জেনারেল নাদির খান যখন বাচ্চা সাক্ষাহ্কে হটিয়ে কাবুলের শাসন ক্ষমতা নিজের হাতে তুলে নেন এবং দেশের পরিস্থিতিকে মোটামুটি অনুকৃলে নিয়ে আসেন তখন আফগানিস্তান সম্পর্কে আশা—পোষণকারীরা পুনরায় কিছুটা আশৃন্ত হন।

মনে হচ্ছে এটা যেন কাল পরশুরই কথা যে, জেনারেল মুহামদ নাদির খান, আল্লামা ইকবাল, স্যার রাস মাসউদ এবং আল্লামা সাইয়েদ সুলায়মান নদভীকে ১৯৩৩ সনে তাঁর দেশের কিছু কিছু ইসলামী ও শিক্ষাগত সমস্যা সমাধানের ব্যাপারে পরামর্শ গ্রহণের জন্য কাবুল ভ্রমণের আমন্ত্রণ জানান। তারা সানন্দে সে আমন্ত্রণ গ্রহণ করেন এবং একটি প্রাচীন ইসলামী রাজ্য পরিদর্শন এবং একজন মুসলিম মুজাহিদ শাসকের সাথে সাক্ষাতের এই সুযোগকে একটি সুবর্ণ সুযোগ বলেই মনে করেন।

আমার পরিকার মনে আছে, আমার শ্রন্ধের শিক্ষক মরহুম আল্লামা সুলায়মান নদভী কাবুল থেকে ফিরে আসার পর অত্যন্ত আগ্রহ সহকারে সেখানকার অবস্থা বর্ণনা করতেন। তিনি বাদশাহ্র সাথে সাক্ষাৎকারের এক গভীর প্রভাব নিয়ে দেশে ফিরেছিলেন। তিনি লক্ষ্ণৌতেই অবস্থান করছিলেন, এমন সময় অকমাৎ বাদশাহ্র নিহত হওয়ার সংবাদ পার্ন এবং এতে তিনি যারপরনাই বিচলিত ও দুর্গথিত হন। বৃটিশ শাসনামদৈ ভারত—আফগানিস্তান সীমান্ত ছিল উন্তুত। তাই সেখানকার বণিক, আলিম ও বিদ্যার্থীরা ভারতে আসত। ভারতবাসীরা তাদেরকে অত্যস্ত সম্মানের চোখে দেখত এবং তাদেরকে নিজেদের চাইতে অধিক শক্তিশালী ও আত্মসম্মানী মনে করত। আমাদের বাল্যাবস্থায় কাবুলের বিণিকরা তাদের অঞ্চলের বিভিন্ন জিনিষপত্র নিয়ে প্রায়ই এদেশের গ্রামে–গঞ্জে ও শহরে—বন্দরে ঘোরাফেরা করত। ওরা ছিল নামাযের খুবই পাবন্দ। ওদের দৈহিক শক্তি, কঠিন গঠন প্রকৃতি এবং টিলাটালা পোশাক—পরিচ্ছদ দর্শকমাত্রেরই দৃষ্টি আকর্ষণ করত। ওদের 'আগা' বলা হত। ছোটবেলায় আমি আফগানী বলতে ওধু এই ধরনের বণিকদেরই দেখেছি। কিন্তু যথন আন্তে আন্তে বয়স বাড়তে থাকে এবং বিদ্যাবৃদ্ধির পরিসরও বর্ধিত হয় তথন নিজের এই প্রতিবেশীদের সম্পর্কে বহু কিছু পড়েছি, অনেক তথ্য জেনেছি, সাথে সাথে দেশটি দেখার দারুণ আগ্রহও সৃষ্টি হয়েছে।

আফগানিস্তান সফরে বিলম্ব

বিদেশ সফর আমার জীবনে কোন নতুন ঘটনা নয়। আমি বেশ কয়েকবারই বিভিন্ন দেশ সফর করেছি। একাধিকবার ইউরোপেও গিয়েছি, মুসলিম বিশ্বের হারিয়ে যাওয়া সোনার দেশ স্পেনও সফর করেছি। পশ্চিম এশিয়ায় বেশীর ভাগ এবং ভারত মহাসাগরের কিছু কিছু দেশে যাবারও সুযোগ হয়েছে। প্রতিবেশী এই দেশটি সফর করার যাবতীয় কার্যকারণও মওজুদ ছিল। ভারত স্বাধীন হওয়ার পর উভয় দেশের মধ্যে বন্ধুতৃপূর্ণ সম্পর্কও প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল। কাবুল এবং গ্যনীতে আমার বেশু কিছু বন্ধুবান্ধবও ছিলেন, যাঁদের সাথে দ্বীনী ও ইলমী যোগাযোগ ছিল।

হযরত সাইয়িদ আহমদ শহীদ (মৃত্যু হিঃ ১২৪৬) ইসলাহ্ (সংস্কার) ও তাজদীদের দাওয়াত (আহবান) এবং জিহাদ আন্দোলনেও আফগানিস্তান এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তারা তাদের যাবতীয় তৎপরতা ও সংগ্রামের কেন্দ্রবিন্দুতে উপনীত হয় আফগানিস্তানেরই পথ ধরে। আফগানীরা অত্যন্ত উৎসাহ—উদ্দীপনা ও জাঁকজমকের সাথে তাদেরকে অভ্যর্থনা জানায়। গোটা জাতি ও রাষ্ট্র তাঁদের দিকে ঝুঁকে পড়ে। আফগানিস্তানের শাসক পরিবারের সাথেও তাদের সম্বন্ধ স্থাপিত হয়, তবে সে সম্বন্ধ ছিল কখনো দৃঢ়, আবার কখনো শিথিল। ইতিহাস গ্রন্থাদিতে এর কিন্তারিত বিবরণ পাওয়া যাবে। গ্রাদ

ঐ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকারী ঐতিহাসিক মুহূর্তে আফগানিস্তানের আমীররা সময়ও সুযোগের গুরুত্ব অনুধাবন করতেন, ঐ আন্দোলনের নেতার আন্তরিকতাকে উপলব্ধি করতেন তাহলে আজ এই অঞ্চলের মুসলমানদের ইতিহাস আরো প্রদীপ্ত, আরো গৌরবোচ্ছ্বল হত।

আমি আমার যৌবনেই সাইয়িদ আহমদ শহীদ এবং তার দাওয়াতের উপর একটি পুস্তক রচনা করি⁹ এবং ঐ সমস্ত এলাকাও বারবার পরিদর্শন করি যেখানে যুদ্ধ সংঘটিত হয়েছিল এবং যেখানে একটি ইসলামী রাষ্ট্রও প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু ঐ দাওয়াতের ইতিহাসের সাথে ঘনিষ্ট যোগাযোগ রক্ষাকারী এবং অতুলনীয় আত্মসন্মানবোধের অধিকারী আফগানদের দেশ সফর করার সুযোগ আমার ভাগ্যে জোটেনি।

রাবিতা -ই আলমে ইসলামীর প্রতিনিধিদল

আল্লাহ্ তাআলা রাবিতা-ই আলমে ইসলামীর মঙ্গল করুন, তারাই আমাকে এই বীরত্ব ও আত্মাবিসর্জনের দেশ আফগানিস্তান সফর করার সুযোগ করে দিয়েছেন। তারা এই সফরের যাবতীয় ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেছেন এবং আমার উপর এমনভাবে চাপ সৃষ্টি করেছেন যে, আমার কোন ওজর–আপত্তি বা কর্মব্যস্ততাই তখন আর এপথে প্রতিবন্ধকতার সৃষ্টি করতে পারেনি। ফলে দীর্ঘ দিন থেকে জন্তরে পোষিত আমার একটি আশা পূরণের সুযোগ অনায়াসে এসে যায়। 'রাবিতা' আফগানিস্তান, ইরান এবং পশ্চিম এশিয়ার কয়েকটি আরব দেশ সফরের জন্য একটি প্রতিনিধিদল গঠন করে। মন্ধলিসে তাসীসী (Foundation Body)-এর দু'জন সদস্যকে প্রতিনিধিদলের সদস্য, রাবিতা-সচিবালয়ের ইসলামী তান্যীম শাখার দায়িত্বপ্রাপ্ত ডঃ আবদুল্লাহু আব্বাস নদভীকে সেক্রেটারী ও আমার বিশেষ সাহায্যকারী এবং আমাকে নেতা নির্বাচিত করা হয়। কিন্তু উভয় সদস্যই-বৈরুতের শায়খ সাদী ইয়াসীন এবং শ্রীলংকার জনাব হানীফা-ই মুহামদ হানীফা (শ্রীলংকার প্রাক্তন মন্ত্রী) কোন না কোন কারণে ভারতে আসতে পারেন নি। তাই রাবিতা সচিবালয়ের 'নাযীরে ইনতেখাব' (নির্বাচন কমিশনার) সাউদী আরবের প্রখ্যাত লেখক, মজলিসে শুরার সদস্য এবং জেন্দাস্থ বাদশাহ আবদুল আযীয় বিশ্ববিদ্যালয়ের ইসলামী সভ্যতা ও সংস্কৃতি বিষয়ের অধ্যাপক শায়থ আহমদ মুহামদ জালালকে এ প্রতিনিধি দলের সদস্য

মনোনীত করা হয়। এ মনোনয়ন ছিল খুবই সুন্দর ও যথাযথ। তিনি ইং ১৯৭৩ সনের ৩রা জুন রোববার সকালে মক্কা থেকে সোজাসুদ্ধি কাবুলে এসে পৌছেন এবং কারণবশত আমি একদিন পর অর্থাৎ ইং ১৯৭৩ সনের ৪ঠা জুন সন্ধ্যায় কাবুলে গিয়ে পৌছি।

রাবেতা–ই– আলমে ইসলামীর সেক্রেটারী জ্বেলারেল জনাব শায়থ সালেহ কায্যাব–এর পৃষ্ঠপোষকতায় আমানতে আমা (জ্বেনারেল সেক্রেটারীয়েট), প্রতিনিধিদলের কর্মসূচী এবং অন্যান্য সুযোগ সুবিধার ব্যাপারে আফগানিস্তানের সংশ্লিষ্ট দায়িত্বশীল ব্যক্তিবর্গ এবং কাবুলের সাউদী দূতাবাসের সাথে পূর্বাহ্লেই যোগাযোগ স্থাপন করেছিল, যাতে করে প্রতিনিধিদল সুষ্ঠুভাবে নিজেদের দায়িত্ব সম্পাদন করতে পারে।

আফগানিস্তান সরকার সাদর অভ্যর্থনা জ্ঞাপন করে বিশ্বের সর্ববৃহৎ এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ সংস্থার প্রতিনিধিত্বকারী প্রতিনিধি দলকে, যে সংস্থা সমগ্র ইসলামী বিশ্বের সংখ্যাগরিষ্ঠ আলিম, ফাযিল, চিন্তাবিদ এবং 'আসহাবে রার'—এর প্রতিনিধিত্ব করছে এবং যে সংস্থা এমন শহরে স্থাপিত, যে শহরের সমান ও মর্যাদা মুসলিম মাত্রেরই অন্তরে প্রতিষ্ঠিত—সর্বোপরি যে সংস্থার পৃষ্ঠপোষক হচ্ছেন খাদিমূল হারমাইন্ আশ্ শারীফাইন্ এবং ইসলামী ঐক্যের মহান আহ্বায়ক মহামান্য শাহ্ ফায়সাল।

অতিথি সেবার ক্ষেত্রে আফগানদের খ্যাতি সর্বন্ধন বিদিত। সুতরাং প্রাচীন ঐতিহ্য অনুযায়ী আফগান সরকার জবরদন্তিমূলকভাবেই প্রতিনিধিদলকে সরকারী মেইমানের তালিকাভুক্তি করে নেন এবং তাদেরকে যাবতীয় সুযোগ—সুবিধা প্রদানের এবং তাদের ভ্রমণ ও সাক্ষাৎকার কর্মসূচী প্রণয়নের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের পূর্ণ দায়িত্ব তাদের শিক্ষা মন্ত্রণালয়ের উপর ন্যস্ত করেন। সাউদী দৃতাবাসও ধন্যবাদের সাথে তাদের সে বদান্যতা গ্রহণ করে।

কাবুল ভূখণ্ডে

আমরা ১৯৭৩ সনের ৪ঠা জুন সোমবার দিল্লী থেকে একটি আফশানী বিমানে কাবুল অভিমুখে রওয়ানা হই। বিমানের ঘোষক যখন ঘোষণা করল, 'কাবুল সন্নিকটে' তখন তার সে ঘোষণা অতি মিষ্টি সুরে বাজল আমার কানে, আনন্দে ভরে উঠল মন। কেননা আমার মনের বহু দিনের একটি সুপ্ত আশা আজ বাস্তবায়িত হতে চলেছে। স্থানীয় সময় সন্ধ্যা ৫টায় আমাদের বিমান কাবৃদ বন্দরে অবতরণ করে। আবহাওয়া ছিল মনোরম।দিল্লীর উষ্ণ আবহাওয়ার অনুপাতে আমাদের খুবই অনুকূল।

আমাদের অভার্থনা জানানোর জন্য বিমান বন্দরে উপস্থিত ছিলেন ভারতে নিযুক্ত সাবেক সাউদী রাষ্ট্রদৃত ও ভারতীয় মুসলমানদের অতিপ্রিয় ব্যক্তিত্ব ও বর্তমানে আফগানিস্তানে নিযুক্ত সাউদী রাষ্ট্রদৃত শায়খ মুহাম্মদ আল হাম্মদ আশ শাবীলী এবং তাঁর সাথে ছিলেন সাউদী দৃতাবাসের সহকারী রাষ্ট্রদৃত অলী আল—ফাওযান, আমাদের প্রতিনিধিদলের সদস্য আহমদ মুহাম্মদ জামাল, কাবুল বিশ্ববিদ্যালয়ের ক্লিয়াতুশ শারীআহ্—এর প্রিন্সিপাল গুলাম মুহাম্মদ নিয়াযী, আফগানী শিক্ষা মন্ত্রণালয়ের ধর্মীয় শিক্ষার পরিচালক শায়খ মুহাম্মদ ইসলাম তাসলীম, কাবুলের 'দারুল 'হুফ্ফায' এর মাদীর (তত্ত্বাবধায়ক) মুহাম্মদ ইয়াকৃব হাশিমী, 'ক্লিয়াতুশ্ শারীআহ্'—এর অধ্যাপক আবদুল রাস্ল সাইয়াফ প্রমুখ বিশিষ্ট আলিম ও ব্যক্তিবৃন্দ।

'হোটেল কাবুলে' আমাদের থাকার ব্যবস্থা করা হয়। আজ থেকে ঠিক চল্লিশ বছর পূর্বে আল্লামা সাইয়িদ সুলায়মান নদভী, আল্লামা ইকবাল এবং স্যার রাস মাসউদ সমন্বয়ে গঠিত যে প্রতিনিধি দলটি কাবুল সফরে এসেছিলেন তারাও কাবুলে এ হোটেলেই অবস্থান করেছিলেন। ইতিমধ্যে ইমারতটি নতুনভাবে নির্মিত হয়েছে এবং তাতে কিছু পরিবর্তন পরিবর্ধনও করা হয়েছে। আমি যে কক্ষে থাকতাম সে কক্ষের জানালা দিয়ে আমীর আবদুর রহমান খান গায়ীর সমাধি নজরে পড়ত। ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা এবং দূর-দূরান্তের অপরিচিত এলাকাসমূহে ইসলামের প্রচার ও প্রসারের ক্ষেত্রে তাঁর বিরাট অবদানের কথা সর্বজ্বন বিদিত। অতএব তাঁর পবিত্র সমাধি ফেন আমাকে অতীতের সেই সুন্দর স্বর্ণালী দিনগুলোর কথা বার বার স্বরণ করিয়ে দিত।

শিক্ষা মন্ত্রণালয়ের আতিথ্য ও সহযোগিতা

কাবুলে আমাদের অবস্থানকাল ছিল মোট ছয়দিন। সে অনুযায়ী স্থানীয় শিক্ষা মন্ত্রণালয় সৌদী দৃতাবাসের সহায়তায় বিভিন্ন স্থান পরিদর্শন, সাক্ষাৎকার, বৈঠক এবং বক্তৃতা বিবৃতির বিস্তারিত কর্মসূচী তৈরী করে রেখেছিল। এই কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন তথা প্রতিনিধিদলের যাবতীয় কাজে সহায়তা প্রদান, তাদের অভ্যর্থনা জ্ঞাপন-ইত্যকার দায়িত্ব প্রধানতঃ 'কুল্লিয়াতুশ শারীআহ' –এর প্রিন্সিপাল ডঃ গুলাম মুহাম্মদ নিয়াযীর উপর ন্যন্ত ছিল। তিনি সর্বপ্রথম কুল্লিয়াতুশ্ শারীআহ-এর অধ্যাপক আবদুস রাসূল সাইয়াফকে প্রতিনিধিদলের সঙ্গী (গাইড) এবং দোভাষী নিয়োগ করেন। ভাব প্রকাশে পারঙ্গমতা, কর্মচাঞ্চল্য তথা ঐ কঠিন দায়িত্ব সুন্দর ও সুষ্ঠুভাবে পালনের যাবতীয় যোগ্যতাই তাঁর মধ্যে ছিল। তাঁর মত এমন সক্ষম অনুবাদক ও সার্থক ভাব সম্প্রসারণকারী আমি খুব কমই দেখেছি। সেখানকার যুব সমাজের সাথেও ছিল তার ঘনিষ্ঠ সম্বন্ধ। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সঠিক পথ প্রদর্শন এবং তাদের উচ্চ ধ্যান-ধারণা ও মন-মানসিকতা গড়ে তোলার প্রতি তিনি খুবই উৎসাহী। তিনি আল্-আ্যহার বিশ্ববিদ্যালয়ের 'কুমিল্লায়াতু উসলিদ্ দ্বীন' থেকে ডিগ্রী প্রাপ্ত। ইতিমধ্যে তিনি আমার লেখা কিছু কিছু বই-পুস্তকও পড়েছেন। তিনি এবং তাঁর বন্ধবান্ধব সাইয়িদ কুতুব শহীদ, মাওলানা সাইয়েদ আবুল আলা মাওদূদী এবং এই লেখকের পুস্তকাদি দ্বারা জত্যন্ত প্রভাবান্থিত এবং ফারসী, পশতু উভয় ভাষায়ই এই সমস্ত বইপুস্তক অনুবাদ করতে আগ্রহী। এই আগ্রহ আরো দু'জন সম্মানিত আলিম ডঃ মুহামদ মূসা তাওয়ানা ও বুরহানুদ্দীন রাবানীও পোষণ করেন। শেষোক্ত জনের বেশ কয়েকটি পুস্তক ও অনুবাদ গ্রন্থ ইতিমধ্যে প্রকাশিত হয়েছে।

আমরা কাবুলে যে ছয় দিন অতিবাহিত করেছি তা পরিমাণের দিক দিয়ে—বিশেষ করে ঐ দেশের বিরাটত্বের প্রেক্ষিতে খুবই কম ছিল বটে, তবে ব্যাপক কর্মসূচী ও অত্যাধিক কর্মচাঞ্চল্যের প্রেক্ষিতে তার মূল্য ছিল অনেক বেশী। সংক্ষিপ্ত অবস্থান হেতু—যেজন্য আমরা ছিলাম অনন্যোপায়—কাজের অসম্ভব ভিড় এবং প্রোগ্রামের অস্বাভাবিক চাপ আমাদের সহ্য করতে হয়েছে। বেশীর ভাগ ক্ষেত্রে একই দিনে চার পাঁচটি প্রোগ্রাম আমাদের করতে হয়েছে—যার মধ্যে ছিল কোন বিরাট প্রতিষ্ঠান পরিদর্শন, ছাত্র—শিক্ষক সমাবেশে বক্তৃতা, গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বের সাথে সাক্ষাৎকার ও আলাপ আলোচনা। এতে গোটা দিনটাই কেটে যেত এবং আমরা ক্লান্ত হয়ে রাতের বেলা হোটেলে ফিরে আসতাম। কিন্তু প্রতিনিধিদলকে প্রদন্ত আফগানী আলিম সমাজ ও কর্মকর্তাদের সাদর অভ্যর্থনা এবং তাদের কাজের প্রতি পরিলক্ষিত যুব—সমাজের বিশেষ আহাহ উদ্দীপনা ছিল আমাদের সে ব্যস্ততার নগদ এবং বলতে গেলে শ্রেষ্ঠতম পুরস্কার।

শিক্ষা ও সাংকৃতিক সংস্থাসমূহ পরিদর্শন

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে আমরা সর্বপ্রথম কাবুলের শহরতলীতে অবস্থিত 'মাদ্রাসা–ই–আবী হানীফা' দেখতে যাই। সেখানকার শিক্ষক– শিক্ষার্থীদের সাথে আলাপ–আলোচনা হয়। মাদ্রাসাটি প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক–এই তিনটি স্তরে বিভক্ত। মাদ্রাসার নাযিম (সুপারিনটেনডেন্ট) উস্তাদ মুহামদ সায়লানী ঘুরে ঘুরে আমাদেরকে মাদরাসার শ্রেণীকক্ষ, হোস্টেল এবং রন্ধনশালা দেখান। আমরা বেশ কয়েকজন শিক্ষার্থী এবং শিক্ষকের সাথে কথাবার্তা বলি এবং মসজিদে একটি সাধারণ জমায়েতেও বক্তৃতা দেই। শিক্ষার্থীরা আরবী ভাষা সম্পর্কে ওয়াকিফহাল থাকায় আমাদের ভাষণ বিবৃতি ফারসী ভাষায় অনুবাদ প্রয়োজন দেখা দেয় নি।

এরপর আমরা দারুল হফ্ফাজে যাই। সেথানকার নাযিম সাইয়িদ মুহাম্মদ ইয়াকৃব হাশিমী আমাদেরকে অভ্যর্থনা জানান। আমাদের সম্মানে একটি সভার আয়োজন করা হয়। তাতে মাদ্রাসার শিক্ষকবৃদ এবং কাবুলের বহু সংখ্যক উলামা ও মাশায়েখ অংশগ্রহণ করেন।

এরপর আমরা দারুল উলুম পরিদর্শনে যাই। রাজধানীতে এটাই সর্ববৃহৎ ধর্মীর প্রতিষ্ঠান। আমি শুনেছি, বর্তমান প্রধান মন্ত্রী ডঃ মুহাম্মদ মূসা শফীকও এই প্রতিষ্ঠান থেকেই শিক্ষাপ্রাপ্ত। এর শিক্ষকমণ্ডলী খ্যাতনামা আলিম ও শায়খদের সমন্বয়ে গঠিত। এর শায়খুল হাদীস ও প্রধান শিক্ষক হচ্ছেন মওলতী গুল মুহাম্মদ। তাঁর আঙ্গিনায় একটি সভার আয়োজন করা হয়। তাতে শহরের বহু সংখ্যক আলিম ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ অংশ গ্রহণ করেন। তারা স্পত্যন্ত জাঁকজমকের সাথে প্রতিনিধিদলকে স্পত্যর্থনা জ্ঞানান। সভায় উস্তাদ আহমদ মুহাম্মদ জ্ঞামাল এবং আমি বৃক্ততা করি। আমার বক্তৃতার বিষয়ক্ত্ম ছিল প্রথম খলীফা হযরত আবৃ বকর সিদ্দীক (রা.)—এর কৃতিতৃপূর্ণ কার্যাবলী, ঈমানের দৃঢ়তা, ধর্মবিমুখ ও ধর্ম বিনম্ভকারীদের হাত থেকে দ্বীনকে রক্ষা, তাঁর বিখ্যাত উক্তি প্রতি না দেখবোং)— এর ব্যাখ্যা বিশ্লেম্বল এবং নিজ্ক নিজ দেশ ও অক্ষলের উলামা সমাজের দায়িত্ব ও কর্তব্য। এই প্রসংগে আমি বিস্তারিততাবে হযরত মুজাদ্দিদে আলফে সানীর ঐ সমস্ত কৃতিতৃপূর্ণ কাজের উল্লেখ করি, যা তিনি পাক-ভারতকে ইসলামী গভীর আওতায় রাখার উদ্দেশ্যে আন্জাম দিয়েছিলেন। কেননা আফগানিস্তানের বর্তমান যুগ ও

অবস্থার সাথে মুজাদিদে আলফে সানীর যুগ ও অবস্থার বিশেষ মিল রয়েছে এবং তিনি এখানকার সর্বস্তরের লোকের কাছেই সমানিত ও সমাদৃত। পরিবেশ ছিল জ্ঞানময় ও ধর্মীয় এবং বেশীর ভাগ শ্রোতাই আরবী ভাষা বুঝতেন, তাই আমাদের বজ্তা অনুবাদের কোন প্রয়োজন ছিল না। আমরা সরাসরি শ্রোতা সাধারণের উপর সম্পূর্ণ আস্থা রেখেই সে সভায় আমাদের বক্তব্য পেশ করার সুযোগ পেয়েছিলাম।

আমরা যে সব আরবী শিক্ষা প্রতিষ্ঠানে যাবার এবং স্থোনকার শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে আলাপ আলোচনা করার সুযোগ শেয়েছি তার মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ হচ্ছে কুল্লিয়াতুশ্ শারীআহ্। এই জায়গাটির প্রতিপ্রতিনিধিদল সাভাবিকভাবেই আকৃষ্ট ছিলেন। কেননা যারা আজ এখানে শিক্ষার্থী তাদের উপরই প্রধানতঃ নির্ভর করছে দেশের ভবিষ্যৎ ধর্মীয় নেতৃত্ব। এখানকার শিক্ষকবৃন্দ তাঁদের চিন্তাভাবনা, জ্ঞানগত যোগ্যতা, জ্ঞান চর্চা ও গবেষণার ক্ষেত্রে বিশেষ সুনামের অধিকারী। এই কলেজই ছিল প্রতিনিধিদলের মূল মেযবান (নিমন্ত্রণকারী)। এর প্রিন্সিপাল ডঃ গুলাম মুহামদ নিয়ায়ী একজন স্বনামখ্যাত গবেষক, আলিম ও পণ্ডিতব্যক্তি। ইসলামিয়াত বিষয়ে তিনি গভীর জ্ঞানের অধিকারী। বন্ধুবান্ধবদের পরম্পর পরিচিতির জন্য কলেজ কর্তৃপক্ষ একটি নৈশ ভোজের আয়োজন করেন। কলেজের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় হলে একটি বিরাট সভারও আয়োজন করা হয়েছিল। সভায় কিছু সংখ্যক বিদেশী রাষ্ট্রদূত, বিখ্যাত আলিম, উচ্চ শিক্ষিত ব্যক্তি, সরকারী কর্মকর্তা এবং বিরাট সংখ্যক শিক্ষিত যুবক ও কলেজ শিক্ষার্থী উপন্থিত ছিলেন। এই সভায় প্রদন্ত বিবরণ পরবর্তীতে পেশ করা হছে।

আমরা মেলালী গালর্স কলেজেও যাই। স্বাধীনতা আন্দোলনের নেত্রী মেলাল নামীয় একজন আফগান মহিলার নামে কলেজটির নামকরণ করা হয়েছে। সেখানে উস্তাদ মুহাম্মদ জামাল একটি সুন্দর ও পরিবেশ উপযোগী বক্তৃতা দেন। তাতে তিনি ইসলামী শরীআতের দৃষ্টিতে মুসলিম মহিলাদের স্থান এবং মুসলিম সমাজে তাদের অধিকার, গুরুত্ব ও মর্যাদার উপর আলোকপাত করেন। এ কলেজে এমনটি হচ্ছিল, ফো আমরা ইউরোপের কোন গার্লস কলেজে অথবা পাশ্চাত্য দেশীয় কোন মহিলা সাংস্কৃতিক কেন্দ্রে উপস্থিত হয়েছি। বেপদা ছিল একটি সাধারণ ব্যাপার, তবে সেই সাথে লজ্জা ও শালীনতার চিহ্নাদিও দৃষ্টিগোচর হচ্ছিল না। আফগান রমণীদের এ গুণাবলী এক যুগে কিন্তু দন্তরমত প্রবাদ বাক্যে পরিণত হয়েছিল। ঐ সভায় জত্যন্ত সতর্কতা ও বিচক্ষণতার সাথে বক্তাকে বিভিন্ন প্রশ্ন করা হয়। উন্তাদ জাহমদ মুহামদ জামাল জত্যন্ত যোগ্যতা ও যৌক্তিকতার সাথে ঐ সমস্ত প্রশ্নের উত্তর দেন। তিনি মুসলিম মহিলাদের অধিকার এবং এ বিষয়ে ইসলামী আইন ও জন্যান্য আইনের তুলনামূলক জ্ঞানে গভীর পাণ্ডিত্যের অধিকারী। কলেজের মেয়েরা প্রিলিপালের কাছে দাবী জানায়, ফেন বহু বিবাহের অবৈধতার উপর সর্বসমত ফাত্ওয়া জারী করা হয়; কেননা এতে মহিলাদের জমর্যাদা ও জবমাননা নিহিত রয়েছে। সুযোগ্য বক্তা উপরোক্ত দাবীর জবাবে ঐ সমস্ত যুক্তি ও কার্যকারণ অতি সুন্দরভাবে বর্ণনা করেন যার প্রেক্ষিতে ইসলাম ঐ ব্যবস্থা বহাল রেখেছে।

আমরা 'মাদ্রাসা–ই–ইসতেক্লাল' নামক ছেলেদের একটি কলেজেও দেখতে যাই। ঐ কলেজে ফরাসী প্রভাব বিশেষভাবে লক্ষণীয়। কলেজের প্রিন্সিপাল উন্তাদ আবদুল হাদীও ফ্রান্সে শিক্ষাপ্রাপ্ত। সেখানকার শিক্ষার্থীদেরকে সম্বোধন করে কিছু বলার সুযোগ আমার হয়েছিল। আমার বক্তব্য বিষয় ছিল, 'কোন একজন কামিল ব্যক্তিকে অনুকরণীয় আদর্শ তথা উস্ওয়া (IDEAL) হিসাবে গ্রহণ করা এবং যুব সমাজের প্রতিপালন ও চরিত্র গঠনে তাঁর প্রভাবকে কাজে লাগানো'

আধুনিকতা প্রিয় আফগান মহিলাদের সাথে আলাপ—আলোচনা

সউদী দৃতাবাসের একান্ত ইচ্ছা ছিল, ফেন কাবুলে আমাদের এই সংক্ষিপ্ত অবস্থান অধিক থেকে অধিকতর উপকারী হয়। তাই এই সুযোগে তারা শিক্ষামূলক ও ধর্মীয় মন্ধলিসাদি, বিভিন্ন সাক্ষাৎকারের ব্যবস্থা করেছিলেন। রাষ্ট্রদূতের জাঁকজমকপূর্ণ বিরাট বাসস্থানের দুটি বিশেষ বৈঠকের আয়োজন করা হয়। এর একটি বৈঠক ছিল বিশিষ্ট, সমানিত ও ধর্মপরায়ণ অভিজ্ঞাত মুসলিম মহিলাদের। আল্লাহ্র শুক্র, ঐ মহিলাদেরকে ইসলামী আকায়েদের প্রতি বিদ্রোহী কিংবা আধুনিক সভ্যতা—সংস্কৃতির অনুকরণ করতে গিয়ে ধর্মের প্রতি ত্যক্ত—বিরক্ত হয়ে উঠতে দেখি নি।

আফগান মহিলাদের মধ্যে আধুনিক সভ্যতা ও প্রাচ্যবিদদের চিস্তার প্রভাব

আমরা এ কথা উপলব্ধি না করে পারি নি যে, আফ্র্ণানিস্তান পাশ্চাত্য সভ্যতা অনুকরণের ক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছে এবং তার ফ্র্লাফলও ইতিমধ্যে প্রকাশিত হতে শুরু করেছে। ১৯২৮ সন এবং ১৯৭৩ সনের আফগানিস্তানের মধ্যে ব্যবধান ফেন প্রশুস্ত পারাবারের।

আমীর আমানুল্লাহ্ খানের যুগ পর্যন্ত আফগান জাতি ইসলামী আফগানী মিশ্র সংস্কৃতির উপর দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত ছিল। তারা সেটাকে দাঁত দিয়ে এমনভাবে আঁকড়ে ধরেছিল যে, তাতে কিছুটা বাড়াবাড়িই পরিলক্ষিত হত। সম্ভবতঃ এরই ফলশ্রুতিতে, জামীর জামানুল্লাহ্ খানের কিছু প্রাচীন চাল-চলনের বিরুদ্ধাচরণের কেন্দ্র করে তাঁর বিরুদ্ধে দেশব্যাপী বিদ্রোহের ঝড় উঠে এবং তাকে শেষ পর্যন্ত সিংহাসনচ্যুত হতে হয় কিন্তু এখনকার অবস্থা সম্পূর্ণ ভিন্ন। এখন আফগানীরা তাদের অতীত ঐতিহ্য থেকে অনেক দূর সরে গেছে। এই দূরত্ব মাস ও বছরের হিসাবে নিঃসন্দেহে অনেক কম-অর্থাৎ মাত্র ৪৫ বছর, কিন্তু প্রভাব বিস্তারের ক্ষেত্রে অনেক বেশী। অধিকাংশ জাতিই এই দূরত্ব অতিক্রম করতে শতাব্দীর পর শতাব্দী পার করে দেয়। পর্দা প্রথা আজ সেখানে পশ্চাৎ-পদতা, মূর্যতা ও দারিদ্রের আলামত বলে সাধারণভাবে চিহ্নিত। তাই আজ পল্লী অঞ্চলের কোন কোন ধর্মপরায়ণ আলিম পরিবার এবং রাজধানী থেকে নিরাপদ দূরত্বে অবস্থিত কৃষক পরিবারের মধ্যেই পর্দাপ্রথা সীমাবদ্ধ। ইংরেজী পোশাক-পরিচ্ছেদের প্রচলন সার্বজনীন। তবে প্রাচীন পরিবেশ ও প্রাচীন মন–মেজাজের ইসলামী বৈশিষ্ট্যাদির কিছু কিছু প্রভাব এখনো এই মহিলাদের মধ্যে অবশিষ্ট আছে। বোধহয় একারণেই তাদের জিজ্ঞাসার ধরন ও আলাপের ভঙ্গিতে অন্যকে হেয় প্রতিপন্ন করার কোন প্রবণতা পরিলক্ষিত হয়নি। আমাদের সাথে আলাপ আলোচনা করার সময় তাদেরকে অত্যন্ত সতর্ক দেখা যায়। তাদের কথাবার্তার মধ্যে ধর্ম ও ধর্মপরায়ণদের প্রতি সম্মান প্রদর্শনের একটা অকৃত্রিম ভাব পরিলক্ষিত হয়। ইসলাম মহিলাদেরকে সমাজে কি স্থান ও মর্যাদা দিয়েছে তা জানার জন্য তারা খুবই উৎসাহী। কিন্তু তাদের জিজ্ঞাসার পর জিজ্ঞাসা থেকে বুঝা যাচ্ছিলো, ভিন জাতির সভ্যতা সংস্কৃতির প্রভাব এবং ইসলামী জীবন ব্যবস্থা ও ইসলামী মূলনীতির বিরুদ্ধে পরিকল্পিতভাবে ইউরোপীয় প্রাচ্যবিদদের প্রোপাগাণ্ডা ও পাশ্চাত্য সমাজে প্রচলিত স্ত্রী পুরুষের তথাকথিত সাম্যনীতির বাহ্যিক আকর্ষণ ইতোমধ্যে তাদেরকে স্ব–অবস্থান থেকে অনেক দূর সরিয়ে নিয়েছে। আমরা তখন গভীরভাবে উপলব্ধি করছিলাম ইসলাম ও ইসলামী শারীজাতকে আধুনিক ভঙ্গিতে উপস্থাপনের প্রয়োজনীয়তা। আমাদের চোখে

পরিষ্কার তেসে উঠছিলো, আধুনিক শিক্ষিত সমাজকে তৃপ্তিদানের ক্ষেত্রে মুসলিম ধর্মীয় নেতা, ধর্মীয় লেখক এবং ধর্মের প্রতি আহ্বানকারীদের প্রচার কার্যের প্রয়োগিক ও কলা – কৌশলগত দুর্বলতা। মোটকথা দীনের প্রতিনিধিত্বকারী উলামা এবং আধুনিক শিক্ষায় শিক্ষিত মুসলমানদের মধ্যে ইতোমধ্যে এমন বিরাট ব্যবধানের সৃষ্টি হয়েছে যা দূর করা আদৌ সহজ্ব ব্যাপার নয়।

ঐ বৈঠকে আমাদের সুবিজ্ঞ বন্ধু উস্তাদ আহমদ মুহামদ জামাল কথাবার্তা বলেন এবং ইতোমধ্যে বলাও হয়েছে, তিনি এই বিষয়ে একজন স্বনামধন্য বিশেষজ্ঞ। তিনি এ বিষয়ের উপর 'মা কানুকি তুহুমাদী' (১৯৯১) শীর্ষক একটি সুন্দর গ্রন্থও রচনা করেছেন। আমি শ্রোতাদের মনমানসিকতার প্রতি লক্ষ্য রেখে সাধারণ ভঙ্গিতেই কিছু বলা সমীচীন মানে করলাম। আমার বক্তবা ছিল নিম্নরূপঃ

পর্দালংঘন এবং সামাজিক রীতিনীতির প্রতি বিদ্রোহ জাতীয় অধঃপতনেরই পূর্বাভাস

"অমি বিভিন্ন জাতি এবং বিভিন্ন সভ্যতা ও সংস্কৃতির ইতিহাস (বিশেষ করে বিভিন্ন জাতির এবং বিভিন্ন সভ্যতার উত্থান–পতনের ইতিহাস) গভীর মনোযোগ সহকারে অধ্যয়ন করেছি এবং তাতে আমি এই সিদ্ধান্তে পৌছেছি যে, বিভিন্ন জাতি ও বিভিন্ন সম্প্রদায়ের এমন কি, শীর্ষস্থানীয় ও যাদুকরী সভ্যতা–সংস্কৃতির পতন ও ধ্বংসপ্রান্তির সবচাইতে গুরুত্বপূর্ণ ও মৌলিক কারণ হলো, তাদের সামাজিক ব্যবস্থাপনায় বিশৃংখলা, পারিবারিক জীবনে ভারসাম্যের অভাব, নারীপুরুষের পরস্পর মেলামেশার মধ্যে বিশৃঞ্চলা ও বিচ্যুতি, গৃহস্থালী জীবনের প্রতি নারী সমাজের অন্যমনস্কৃতা এবং আপন আপন স্বাভাবিক দায়িত্ব থেকে পলায়ন মনোবৃত্তি। অতীতে দ্রুত ধ্বংস হয়েছে কিংবা বর্তমানে দ্রুত ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে এমন জাতির দিকে তাকালে দেখা যায়, সর্বপ্রথম তাদের নারী সমাজ গৃহস্থালী জীবন এবং নিজে দের নির্ধারিত দায়িত্ব থেকে পরামু খ হতে শুরু করেছে, বঞ্চিত হয়েছে প্রীতি ভালবাসার মানসিকতা থেকে, মুখ ফিরিয়ে নিয়েছে সম্ভানের লালন-পালন ও প্রয়োজনীয় প্রশিক্ষণ থেকে, ভুলে গেছে নিজের ঘরকে সুখশান্তির আলোয়ে পরিণত করার কথা এবং যেস্থলে তাদের পরশে ও প্রভাব তাদের ঘর পুরুষের জন্য জান্নাত-সদৃশ অনুভূত হওয়ার কথা, সে স্থলে তারা ঘর ছেড়ে,

নিক্ষেদের আসল দায়িত্ব ও কর্তব্যকে সম্পূর্ণ উপেক্ষা করে পুরুষদের কর্মক্ষেত্রে তাদের সাথে প্রতিদ্বন্ধীতায় উঠে পড়ে লেগেছে। ফলে ঐ সমস্ত সমাজে মানসিক ও চিন্তাগত দ্বন্দু, ঢালাওতাবে আইন লংঘন, ফ্রেছাচারিতা এবং চারিত্রিক অধ্যপতন দেখা দিয়েছে, যার ফলশুভিতে তারা অত্যন্ত দ্রুত–গতিতে ধ্বংসের দিকে এগিয়ে গেছে। এই হচ্ছে প্রাচীন গ্রীকদের কাহিনী এবং প্রাচীন রোমীয় ও ইরানীদের অধ্যপতনের মূল কথা। প্রাচ্যে দেশীয় জ্বাতি—সমূহকেও এই একই ভোগান্তির শিকার হতে হয় কি না, আমি সে আশংকাই করছি এবং অত্যন্ত দৃঃখের সাথে বলছি যে, প্রাচ্যদেশীয় ইসলামী সমাজে ঐ সমস্ত চিহ্নাদি ইতোমধ্যে প্রকাশিতও হয়ে পড়েছে।

আংশিক সংশোধনের সাথে এই হচ্ছে আমার সেদিনকার ভাষণের সার কথা (অবশ্য দেখা ও ভাষণের মধ্যে স্বাভাবিকভাবেই কিছুটা পার্থক্য হয়ে যায়)। আশাকরি, আমার সম্মানিত আফগানী বোনদের কাছে আমার এই কথাওলো পৌছবে। হায়, যদি তারা আসনু এই বিপদটি প্রতিহত করার ক্ষেত্রে যথাযোগ্য ভূমিকা পালন করতে পারতেন।

তারপর উস্তাদ আহমদ মুহামদ জামাল একটি জ্ঞানগর্ভ বক্তৃতা দেন।
তাতে তিনি নারীদের সম্পর্কে ইসলামের দৃষ্টিভঙ্গি, সমাজে তাদের মর্যাদা,
মানবজীবনে তাদের কর্তব্য এবং একটি ভাল বংশ ও এমন সমাজ গঠনের
ক্ষেত্রে তাদের কি দায়িত্ব ও ভূমিকা রয়েছে সে সম্পর্কে কিস্তারিত আলোচনা
করেন। এরপর ফেন প্রশ্নের এক অবারিত বন্যা আছড়ে পড়ে। বেশীর ভাগ
প্রশ্নই বছ বিবাহ, তালাকের অধিকার, পুরুষেদের বৈশিষ্ট্য এবং শরীআত
নির্দেশিত পর্দা সম্পর্কিত। শেষ পর্যন্ত শান্তি ও গান্তীর্যের মধ্য দিয়ে সভার কাজ
শেষ হয় এবং সব শ্রোভাই নৈশ আহার এবং ইশার নামাযের জন্য উঠে পড়েন।

আমার বন্ধু উস্তাদ আহমদ জামাল কাবুলের মহিলাদের আর একটি বৈঠকে যোগদান করেন। আমি তখন গযনীতে ছিলাম। সেখান থেকে ফিরে আসার পর তিনি আমাকে জানান যে, ঐ বৈঠকেও তালাকের অধিকার এবং বহু বিবাহ সম্পর্কে কড়া তর্ক–বিতর্ক হয়। এই সমস্ত ঘটনা দারা অনুমান করা যেতে পারে, আফগান নারী সমাজ তাদের চিন্তাভাবনার ক্ষেত্রে আজ বিশৃংখলার কোন্ স্তর অতিক্রম করছে এবং কি পরিমাণ প্রভাবিত করেছে তাদের অন্তর ও মন–মানসিকতাকে বিজ্ঞাতীয় সন্তাতা–সংস্কৃতির অপপ্রচার।

কাবুলের উলামার সাথে আলাপ আলোচনা

সাউদী দূতাবাস আয়োজিত দ্বিতীয় বৈঠকটি ছিল উলামাদের জন্য নির্দিষ্ট। যেহেতু ধর্মীয় ও মায্হাবী পর্যায়ে সাউদী দৃতাবাসকে বিশেষ সন্মান ও শ্রদ্ধার চোখে দেখা হয়, তাই দূতাবাস আয়োজিত ঐ বৈঠকে বিরাট সংখ্যক উলামা ও মাশায়েখ অংশগ্রহণ করেন এবং সেখানে অত্যন্ত ভ্রাতৃত্বসুলভ পরিবেশে ও খোলা মনে বিভিন্ন বিষয় সম্পর্কে আলাপ-আলোচনা অনুষ্ঠিত হয়। ঐ রাতে আমার আলোচনার বিষয়কস্তু ছিল "ইসলামের দাওয়াত ও প্রচারের ক্ষেত্রে উলামা সমাজের দায়িত্ব ও জনগণের সাথে তাদের সরাসরি যোগাযোগ।" যোগাযোগের ক্ষেত্রে আমি উলামা সমাজের দৃষ্টি যুব শ্রেণীর প্রতিই বিশেষভাবে আকর্ষণ এবং এ ক্ষেত্রে মুসলিম বিশের কোন কোন প্রতিষ্ঠান বা আন্দোলন কর্তৃক অর্জিত অভিজ্ঞতার একটি ছবিও তাদের সামনে তুলে ধরি। আমি তাদের কাছে উপমহাদেশের তাবলিগী জামাআত এবং তাদের গৃহীত কর্মসূচীর উল্লেখ করে কিভাবে এই জামাআতটি আমাদের এই যুগে জনগণের সরাসরি যোগাযোগ স্থাপন করে ইসলামের প্রগাম সাধারণ মুসলমানের ঘরে, হাটে–বাজারে ও গ্রামেগঞ্জে পৌছাতে সক্ষম হয়েছে কিডাবে তাদের দাওয়াত দূরদূরান্তের দেশসমূহে বিস্তার লাভ করেছে, কিভাবে তারা সাধারণ মানুষের জন্তরে ধর্মীয় চেতনা, দ্বীনী প্রেরণা, আল্লাহ্র পথে ত্যাগ স্বীকারের মনোবৃত্তি জাগ্রত করার সার্থক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে তার একটি মোটামুটি বিবরণ তুলে ধরি। আমি বলি, সাধারণ মানুষ বিশেষ করে যুব সমাজকে ধর্মের পথ প্রদর্শন, ইসলামী শিক্ষা ও প্রশিক্ষণ এবং ধর্মীয় জ্ঞান ও অনুভূতি পেকে বঞ্চিত রাখা একটি অতি মারাত্মক ব্যাপার। কেননা এমতাস্থায় তারা যে কোন দৃষ্ট্ কারী ও অবিশাসীর সহজ পাচ্য ও উপাদেয় খাদ্যগ্রাসে পরিণত হতে পারে এবং অতি সহজেই যে কোন ধাংসাত্মক ও ইসলাম বিরোধী আন্দোলনের সাথে জড়িত হয়ে পড়তে 'পারে।

আমি যুব সম্প্রদায় বিশেষ করে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের প্রতি উলামা সমাজের দৃষ্টি আকর্ষণ করি। কেননা এরাই জাতির ভবিষ্যৎ। এরাই অদূর ভবিষ্যতে দেশের নেতৃত্ব তথা সামাজিক আইন—কানুন রচনা, শিক্ষা ও প্রশিক্ষণের গতি নিয়ন্ত্রণ এবং দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণ করবে। রাষ্ট্র পরিচালনার চাবিকাঠি থাকবে এদের হাতেই। অতএব এদের সংশোধন মানে

দেশ ও জাতির সংশোধন। ইসলামী আকীদার উপর এদের দৃঢ় বিশ্বাস এবং ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রতি এদের আন্তরিক আকর্ষণ জন্মালেই এই অঞ্চলে ইসলাম পুর্নজাগরিত এবং ফলে-ফুলে সুশোভিত হয়ে উঠতে পারে। ইসলামের জনকল্যাণমূলক কাজের প্রতি এদের অবিশ্বাস, এদের আকীদা, বিশ্বাসগত দুর্বলতা, ইসলামের ভবিষ্যৎ সম্ভাবনা এবং নেতৃত্বের যোগ্যতার প্রতি নৈরাশ্য, পাশ্চাত্য সভ্যতাকে মানুষের উন্নতি, স্বাধীনতা এবং সন্মান ও সৌভাগ্যের শেষ কথা মনে করা, প্রকৃতপক্ষে চিন্তাগত ও সাংস্কৃতিক সত্যবিমুখতা ছাড়া কিছু নয়। যখন এই চিন্তাধারা কোন দেশ ও জাতির মধ্যে ছড়িয়ে পড়ে তখন তার দাবাগ্নি থেকে না কোন প্রাসাদ অট্টালিকা রক্ষা পায়, আর না রক্ষা পায় দারিদ্রের পর্ণকৃটির, কিষাণের শস্যক্ষেত, আলিমের মাদ্রাসা অথবা সংসার ত্যাগী সাধকের খান্কা। আমি প্রসঙ্গত কিছু সংখ্যক ইসলামী রাষ্ট্রের দুঃখজনক পরিণতির এমন কিছু দৃষ্টান্ত তুলে ধরি, যাতে পরিষ্কারভাবে দেখানো হয় যে, সেখানকার উলামা তাদের যুব সমাজের শিক্ষা ও প্রশিক্ষণের প্রতি নির্লিপ্ত থাকার ফলে কি নিদারুণভাবে তাদের দেশের ভবিষ্যৎ কর্ণধাররা অবিশ্বাস, অধর্ম, কম্যুনিজম ও বস্তুবাদের সহজ শিকারে পরিণত হয়েছে। কম্যুনিস্টরা অন্যান্য আরো অনেক দেশের ন্যায় এ সমস্ত মুসলিম দেশেও ছাত্রছাত্রী তথা যুব সম্প্রদায় এবং সামরিক বাহিনীর সদস্যদেরকে তাদের প্রভাব বিস্তারের লক্ষ্যবস্তু হিসাবে চিহ্নিত করে এবং মাত্র কয়েক বছরের মধ্যেই তাদের আন্দোলন এমন শক্তিশালী হয়ে উঠে যে, তারা গোটা দেশকে লাঠির জোরে যেদিকে ইচ্ছা সেদিকে হাঁকিয়ে নিয়ে যেতে সক্ষম হয় এবং রাষ্ট্রের মূল চাবিকাঠি হস্তগত করে শাসন পরিচালনার মূলনীতি নির্ধারণের দায়িত্ব ও কর্তৃত্ব লাভ করে।

আমি একথাও পরিষ্কার করে বলি যে, যুবকদের মধ্যে কাজ করতে হলে বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ, যুবকদের মন—মানসিকতা গভীরভাবে অধ্যয়ন এবং সে প্রেক্ষিতে প্রতিটি বিষয় ও প্রতিটি সমস্যা অনুধাবনের চেষ্টা করতে হবে। এক্ষেত্রে হ্যরত আলী (কা. অ.)—এর নিম্নোক্ত উপদেশটি অবশ্যই স্মরণ রাখতে হবে।

كلموا الناس على قدر عقولهم الريدون ان يكذّب الله و رسوله

অর্থাৎ " মানুষের বৃদ্ধি-বিবেচনার (পরিমাণের) প্রতি লক্ষ্য রেখে তাদের সাথে কথা বলো। তোমরা কি চাও যে, আল্লাহ্ ও তাঁর রাস্লের প্রতি মিথ্যা আরোপ করা হোক।"

এক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা হলো, যুব সমাজের অন্তরে ও মন—মন্তিকে এ চিন্তাধারা নত্নভাবে বদ্ধমূল করে দিতে হবে যে, ইসলামী জীবন ব্যবস্থা অনুসরণের মাধ্যমেই নেতৃত্ব ও কর্তৃত্বের যাবতীয় যোগ্যতা ও গুণাবলী অনায়াসে অর্জন করা সম্ভব। ইসলাম ওধু যুগের সাথে খাপ খাইয়ে চলে না, সর্বযুগে মানব সমাজকে সঠিক পথে নেতৃত্ব প্রদানেরও সর্বাধিক যোগ্যতা রাখে।

صُنْعَ الَّذِي اَتْقَنَ كُلُّ شَيَّءٍ

অর্থ ঃ ''এটা আল্লাহ্রই সৃষ্টি নিপুণতা, যিনি সমস্ত কিছুকে করেছেন সুষম।"–(২৭ ঃ ৮৮)

এই লক্ষ্য হাসিলের জন্য এমন ইসলামী সাহিত্যের প্রয়োজন যা যুবকদের জাত্মিক তৃষ্ণা মেউবে, তাদের মস্তিক্ষের গ্রন্থিসমূহ উন্মোচন করে দেবে। এ ধরনের আঞ্চলিক ভাষায় রচনা করা যেতে পারে অথবা অন্যান্য ভাষা থেকে জনুবাদও করা যেতে পারে।

ঐ বৈঠকে উন্তাদ আহমদ মুহামদ জামালও তার বক্তব্য রাখেন এবং তাতে তিনি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়কে তুলে ধরেন। এরপর আলোচনা শুরু হয়। কয়েকজন বিশিষ্ট শ্রোতা আমাদের বক্তৃতার উপর তাদের মতামত পেশ করেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন তথ্য ও বেতার মন্ত্রণালয়ের 'ওয়াজ্ব ইরশাদ' বিতাগের মহাপরিচালক উন্তাদ বাশ্শার এবং শায়খ মুহামদ হাশিম মুজাদ্দিদী। তারা আমাদের উপস্থাপিত বক্তব্যের উপর তাদের মতামত ব্যক্ত করেন এবং কিছু কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাখ্যাও প্রদান করেন। তারপর বৈঠকের সমাপ্তি ঘোষণা করা হয় এবং সকলে হাসিখুশী মনে সেখান থেকে বিদায় নেন।

মন্ত্রী ও অন্যান্য দায়িত্বশীল ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎকার

যে সব দায়িত্বশীল ব্যক্তিবর্গের সাথে আমাদের সাক্ষাৎকার ঘটে তাদের মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য হচ্ছেন শিক্ষামন্ত্রী জনাব মুস্মদ ইয়াসীন আজীম এবং সহকারী মন্ত্রী ডঃ মুহামদ সিন্দীক। আমরা তাদের সাথে তাদের অফিসেই সাক্ষাৎ করি এবং তাদের সাথে ইসলামী দেশসমূহের শিক্ষা ব্যবস্থা এবং রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে আলাপ আলোচনা করি। শিক্ষামন্ত্রী অত্যন্ত মনোযোগ সহকারে আমাদের কথা জনেন। যেহেতু সফরসূচী তৈরী থেকে জরু করে প্রতিনিধিদলকে প্রয়োজনীয় সব রকমের সুযোগ সুবিধা প্রদানের দায়িতৃ মূলতঃ শিক্ষা মন্ত্রণালয়ের উপর ন্যন্ত ছিল এবং এই মন্ত্রণালয়ই আফগানিস্তান সরকারের পক্ষ থেকে আমাদের আমন্ত্রণকারী ছিলেন, তাই আমরা শিক্ষামন্ত্রী ও সহকারী শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করি। শিক্ষামন্ত্রী আমাদের সম্মানে একটি ভোজসভার আয়োজন করেন। তাতে প্রধানতঃ কুল্লিয়াতুশ্ শারীআহ্— এর শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

সদরে আজম (প্রধানমন্ত্রী)-এর বিশেষ উপদেষ্টা উস্তাদ আবদুস সাতার সীরত-এর সাথেও আমাদের সাক্ষাৎ হয়। তিনি মিসরের আল -আযহার বিশ্ববিদ্যালয়ে শিক্ষাপ্রাপ্ত। তিনি আরবদের মতই অনর্গল আরবী ভাষায় কথা বলতে পারেন। এছাড়াও আমাদের সাথে সাক্ষাৎ হয় বিচার মন্ত্রণালয়ের আগুর সেকেটারী জনাব সামীউদ্দীন যুদ্দ, নিয়াবতে আমার আগুর সেক্রেটারী আবদুল হাদী হিদায়েত, সেন্টাল ওয়াক্ফ্ বোর্ডের পরিচালক উস্তাদ কামিল শিন্ওয়ারী, আটগান জামীয়াতুল উলামার সদ্র মুহামদ সিদ্দীক কুবারী প্রমুখ ব্যক্তিবৃন্দের সাথে। তাদের সাথে ছিলেন বিচার মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাবৃন্দ এবং তাদের কোন কোন বিভাগের নির্বাচিত কিছু সংখ্যক দায়িত্বশীল ব্যক্তি। উস্তাদ আহমদ মুহামদ জামাল আমার কাবুল পৌছার আগেই তথ্য মন্ত্রীর সাথে এক সাক্ষাৎকারে মিলিত হয়েছিলেন। উন্তাদ আবদুর রাসূল সাইয়াফ প্রায় সব সাক্ষাৎকার এবং সভা–বৈঠকেই অত্যন্ত যেগ্যতা ও পারদর্শিতার সাথে আমাদের বক্তব্য ফারসী ভাষায় অনুবাদ করেন। আমি একটি বিষয় বিশেষভাবে লক্ষ্য করছি যে, সেখানকার সব লেখাপড়া জানা লোক, মন্ত্রীবর্গ এবং উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ফারসী ভাষায় কথাবার্তা বলেন অথচ সেখানকার সরকারী ভাষা হচ্ছে পুশ্তু। সরকারী আদেশ–নির্দেশ ও বিজ্ঞপ্তিসমূহ এই ভাষায়ই প্রকাশিত হয়, সরকারী চিঠিপত্রও এই ভাষা ব্যবহার করা হয়। আমন্ত্রণপত্রের ভাষাও এই পুশ্তু; এতদ্সত্ত্বেও ফারষী ভাষা সবাই বুঝে এবং শিক্ষা ও সংস্কৃতিমূলক সব ধরনের অনুষ্ঠানে ফারসী ভাষাই ব্যবহার করা হয়। আমাকে বলা হয়েছে যে, পাখতুনিস্তান

আন্দোলনের কেন্দ্রস্থলে এবং বেলুচিস্তান সংলগ্ন কান্দাহার জঞ্চলেও ফারসী ভাষা বহলভাবে প্রচলিত।

এই সফরে যে সমস্ত বিশিষ্ট ব্যক্তিদের সাথে সাক্ষাৎ করে আমরা অত্যন্ত আনন্দিত হই এবং যাদের সংসর্গে দীর্ঘ সময় কাটাই তাদের মধ্যে মাওলানা মুহাম্মদ ইসলাম তাসলীম এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি হচ্ছেন ঐ সমস্ত উলামার অন্যতম যারা ধর্মের উপর স্মৃদ্র থেকেও আধুনিক আফগানিস্তানে নিজেদের উচ্চ সম্মান ও উচ্চ মর্যাদা বজায় রেখেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িতৃশীল ও উচ্চ পদস্থ কর্মকর্তাগণ তাকে অত্যন্ত সমীহ করে চলেন। পরিষ্কার বুঝা যায় যে, মাওলানা তাদের আস্থা পুরোপুরি অর্জন করতে সক্ষম হয়েছেন।

জাতির মধ্যে দিন দিন আলিম সমাজের প্রভাব হ্রাস এবং তার ফলশ্রুতি

আফগানিস্তান কিছু দিন পূর্বেও ছিল উলামা ও মাশায়েথের দেশ। সেখানে আলিমদের প্রভাব এত বেশী ছিল, যা অন্য কোন দেশেই ছিল না। যে কোন ব্যক্তি বা সরকারের কাছে আলিমদের সাহায্য সহযোগিতা এবং তাদের সন্তুষ্টি-অসন্তুষ্টির একটি বিরাট মূল্য ছিল। কেননা এগুলোর প্রতিক্রিয়া ছিল সুদূর প্রসারী। তাই সরকার, জাতি-উভয়ের কাছেই আলিম সমাজের বিশেষ শুরুত্ব ছিল। উলামাদের জিহাদ-ধ্বনি (না'রাই জিহাদ) যাকে তারা সাধারণ ভাষায় 'গাযা' বলে থাকেন- যখন শহরে পল্লীতে গুঞ্জরিত হত তখন সাধারণ-অসাধারণ নির্বিশেষে সকলের হৃদয় ও মন-মস্তিষ্ক নেশাগ্রস্ত হয়ে পড়ত। ইংরেজদের সাথে যুদ্ধ, দেশের স্বাধীনতা ও সার্বভৌমতৃ রক্ষা, ধর্মীয় প্রভাব সংরক্ষণ, ইসলামী চরিত্র ও চালচলনের উপর বহাল থাকা এবং ইসলাম বিরোধী আন্দোলনের স্বার্থক মুকাবিলা এই আলিমদেরই প্রভাব প্রতিপত্তি ও সক্রিয় সহযোগিতার দ্বারাই সম্ভব হয়েছে। যখন বেশীর ভাগ মুসলিম রাষ্ট্রেইসলামী শাসন ব্যবস্থার বিলুপ্তি ঘটেছে তখন আফগানিস্তানে এখনো শরয়ী আদোলত ও ইসলামী কান্ন বহাল থাকার কারণ সম্ভবত এই উলামাই। এই প্রেক্ষিতে আফগান সরকার নিঃসন্দেহে মুবারকবাদ পাওয়ার যোগ্য।

এই কিছুদিন পূর্বেও হাজার হাজার আফগান ছাত্র পাক-ভারতের বড় বড় ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে-বিশেষ করে দারুল উলুম দেওবলে বিদ্যা শিক্ষার জন্য আসত। কেননা আফগানরাও তুকীদের মত শতকরা একশ জনই সুনী, হানাফী। কিন্তু এবারকার সফরে বুঝতে পারলাম, সেই জাতিগত ঐতিহ্যের পরিসম্পাপ্তি ঘটেছে অথবা শীঘ্রই ঘটতে যাছে।

কালের আবর্তন বিবর্তনের সাথে সাথে আলিম সমাজ তাদের প্রভাব-প্রতিপত্তি অনেকখানি খুইয়ে বসেছেন। এতে অবশ্য সরকারের 'দ্রদর্শী' কর্মসূচীও কাজ করেছে। সে দেশের সরকার তাদের অতীত অভিজ্ঞতা থেকেই উক্ত কর্মসূচী গ্রহণ করেছে। তারা লক্ষ্য করেছে যে, উলামা সমাজ আমীর আমানুল্লাহ্ খানের বিরুদ্ধে দাঁড়াতেই সমগ্র দেশ ব্যাপী তাঁর বিরুদ্ধে বিদ্রোহের আগুন দাউ দাউ করে এমনভাবে জ্বলে উঠেছিল যে, তিনি দেশ ছাড়া না হয়ে নিস্তার পান নি। সম্ভবতঃ আল্লামা ইকবাল বর্ণিত ইবলীসের ঐ কৌশলপূর্ণ উপদেশের কথাও কাবুলের বিজ্ঞ রাষ্ট্র নায়কদের দৃষ্টি এড়ায় নি, যাতে ইবলীস তার ভক্ত অনুরক্ত নেতাদেরকে সম্বোধন করে বলছে—

افغانیون کی غیرت دین کا هے یه علاج ملاکو اس کے کوہ و دمن سے نکال دو!

আসল ওমুধ আফগানীদের সাচ্চা দীনী গায়রাতে
দাও হাকিয়ে সব ক্ষমতার আসন হতে মোল্লাদের।

সূতরাং আজ আফগানীদের ধর্মীয় সম্ভ্রম ও আত্মসন্মানবোধ লক্ষণীয়তাবে হাস পেয়েছে। আফগানী সমাজ—ব্যবস্থায় অনেক পরিবর্তন এসেছে এবং জ্বাতি তা এমনতাবে হজম করে নিয়েছে যে, তাদের মধ্যে কোন হৈটে পরিলক্ষিত হয় নি। সেখানে বেপর্দার সয়লাব আছে, পাশ্চাত্য সভ্যতার অনুকরণ ও ফিরিঙ্গি জ্বাচরণের স্রোত বয়ে গেছে, কিন্তু কেউ এগুলার বিরুদ্ধে টু শব্দটি করে নি। আর এখন তো আফগানিন্তান হিন্দীদের একটি বড় কেব্রেপরিণত হয়েছে। হাশীম এবং অন্যান্য মাদক দ্রব্য সেখানে প্রচুর পরিমাণে বেচাকেনা হয়। আমি ভালভাবে উপলব্ধি করেছি যে, মাদক দ্রব্য ব্যবসায়ীদের একটি বিরাট দল আমাদের সাথে একই বিমানে ছিল। বিমান কাবুলে অবতরণ করার সাথে সাথে তারা মুহুর্তের মধ্যে এদিক গুদিক ছিটকে পড়ে। নারী পুরুষের অবাধ মেলামেশার কুফল ইতিমধ্যে

আফগানীদের জাতীয় চরিত্রে প্রকাশিত হয়ে পড়েছে। কিন্তু এই সমস্ত ব্যাপার সেখানে কোন প্রতিক্রিয়ারই সৃষ্টি করতে পারছে না। আর এটাই হচ্ছে আফগানীদের 'দীনীগায়রাত' ও ইসলামী আত্মাসন্মানবোধ হারিয়ে যাবার বড় প্রমাণ। এর সবচেয়ে বড় কারণ হলো, সামাজিক নেতৃত্ব উলামাদের হাত থেকে রাজনীতিকদের হাতে চলে গেছে। আর রাজনীতিকরা প্রত্যেকটি সামাজিক বিষয়কে অর্থনৈতিক ও রাজনৈতিক দৃষ্টিতে দেখেন বলে উপস্থিত যে কোন পরিস্থিতির সামনে মাথা ঝুকিয়ে দেওয়াকেই তারা বুদ্ধিমন্তার কাজ বলে মনে করেন।

আমি শুনেছি, হিরাত এখনো ইলম, উলামা, মাদ্রাসা ও মসজিদের শহরই রয়ে গেছে। সেথানে এখনো দ্বীনী ইলম্ ও উলামাকে অত্যন্ত সম্মানের চোখে দেখা হয় এবং সর্বত্রই পূণ্য ও তাক্ওয়ার চিহ্ন পরিলক্ষিত হয়। প্রবল ইছা থাকা সম্বেও আমি এই ঐতিহাসিক শহর এবং দ্বীনী ও ইলমী কেন্দ্র দেখে আসতে পারি নি। সেখান থেকে অনেক উলামা ও সমাজ সংস্কারকের আবির্ভাব হয়েছে। এক্ষেত্রে বিখ্যাত আরিফ (তত্ত্ব—জানী) ও মুহাক্কিক (গভীর জানী) ইমাম আবদুল্লাহ্ আনসারী (যার প্রণীত গ্রন্থ 'মানাযিলুস্ সাইরীন' এর ব্যাখ্যা লিখতে গিয়ে আল্লামা ইবনে কাইয়িয়ম তার বিখ্যাত গ্রন্থ মাদারিজুস সালিকীন লিখেছেন) এবং বিখ্যাত মুহান্দিস (হাদীসবেত্তা) ফকীহ্ ও মুহাক্কিক আল্লামা নৃরুদ্দীন আলী বিন সুলতান মুহাম্মদ (যিনি মুল্লা আলী ক্বারী নামে সমধিক খ্যাত)—এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

कावूल प्रकामिनी वश्म

রাজধানী এবং তার আশেপাশে প্রাচীন উলামা ও মাশারেখের বংশ-ধরদের কিছু লোক এখনো ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। তারা পঠন-পাঠন, সংস্কার সংশোধন এবং 'দাওয়াত ইলাল্লাহ্' (ইসলাম প্রচার)-এর কাজে ব্যস্ত। কাবুলের সন্নিকটে অবস্থিত 'কিল্লাহ্ জাওয়াদ' নামে খ্যাত মুজাদ্দিদী বুযুর্গদের (মহান ব্যক্তিদের) একটি খানকাহ্ আছে। এর কোন কোন শায়খের খ্যাতি আফগানিস্তানের বাইরেও বিস্তার লাভ করেছে। এই পরিবারেই নূকল-মাশায়েখ শায়খ ফয়লে উমর মুজাদ্দিদী নামক একজন বুযুর্গ ছিলেন, যিনি শের আগা নামেই ছিলেন সমধিক প্রসিদ্ধ। তার মুরীদ ও শিষ্যের সংখ্যা ছিল হাজার হাজার এবং তাদের অনেকেই ছিলেন পাক ভারতীয়।১০ তাঁর ভাই শায়খ মুহাম্মদ সাদিক মুজাদ্দিদীকে, (মধ্যপ্রাচ্যে আফগানিস্তানের সাবেক রাষ্ট্রদৃত এবং রাবেতা–ই–আলমে ইসলামীর নির্বাহী কমিটির সদস্য) তাঁর যোগ্যতা, তাক্ওয়া এবং ইসলামী সমস্যাদির সমাধানে নিবেদিত প্রাণ হওয়ার কারণে আরব দেশসমূহ তাকে অত্যন্ত সন্মানের চোখে দেখে। ঐ গণ–বিপ্লবে তিনি এবং তাঁর ভাই নেতৃত্বের ভূমিকা পালন করেছিলেন, যার ফলশুতিতে আমীর আমানুল্লাহ্ খান সিংহাসন হারান এবং নাদির শাহ ক্ষমতা লাভ করেন। আমরা 'কিল্লাহ্ জাওয়াদে' ও গিয়েছিলাম। এখনো খানকাহটি শিক্ষার্থী ও ভক্তে অনুরক্তে পরিপূর্ণ, মসজিদ মুস্ক্লীতে ভর্তি এবং মাদ্রাসায় বিরাট সংখ্যক শিক্ষার্থী জ্ঞান চর্চায় নিয়োজিত। হ্যরত নূরুল মাশায়েখের খলীফা ও পুত্র শায়থ মুহামদ ইবরাহীম মুজাদিদী বেশ কয়েকবারই আমাদের হোটেলে আসেন এবং আমাদের সাথে জালাপ জালোচনা করেন। এই খান্দানের শায়খ আবদুস সালাম মুজাদ্দিদী প্রমুখ বুযুর্গদের সাথেও আমাদের দেখা হয়। ভ্রাতৃপ্রতিম সিব্গাতুল্লাহ মুজাদিদীকে তো আমি কখনো ভূলতে পারব না। তাঁর কচি বয়সেই, ১৯৫১ সালে কায়রোতে তাঁর সাথে আমার আলাপ-পরিচয় হয়। তিনি 'মসজিদে আকসায়' অবস্থিত তার দাদা শায়খ মুহামদ সাদিক মুজাদ্দিদী-এর হজ-রায় কিছুদিন অবস্থান করেছিলেন। কাবুলে তাঁর আমার সাক্ষাৎ হয় বেশ কয়েকবারই। দীর্ঘস্থায়ী বৈঠকও হয়। কথাবার্তাও হয় অনেক। তিনি অতীতের ঐ সমস্ত ঘটনার পুনরুল্লেখ করেন যখন মুসলমানরা ছিল অত্যন্ত সমানিত এবং আমাদের আমলনামাও ছিল অধিকতর পবিত্র ও আলোকিত। শেখ সিব্গাতুল্লাহ্ মুজাদ্দিদী আফগানিস্তান জমীয়তে উলামার প্রতিষ্ঠাতা এবং নির্বাহী কমিটির সদস্য। কোন কোন কারণে তাঁকে শক্ত পরীক্ষার সমুখীন হতে হয়েছে। এডাবে মুহ্তারাম বুযুর্গ শায়থ মুহাম্মদ সাদিক মুজাদ্দিদীর পুত্র শায়থ মুহামদ হাশিমও আমাদের বেশ অন্তরঙ্গ হয়ে পড়েছিলেন। তাঁর কাছ থেকে আমরা অনেক মূল্যবান তথ্য সপ্তাহ করি। এঁরা উভয়ই গিক্ষা মন্ত্রণালয়ের সাথে জড়িত।

আরো কয়েক জন ইল্মী ও দ্বীনী ব্যক্তিত্ব

মুজাহিদে কাবীর মাওলানা সাইফুর রহমান টুংকী^{১১} মুহাজিরে কাবুল-এর

পুত্র মওলভী আবদুল আয়ীয় এবং তার ভাতিজ্ঞা মওলভী আয়ীযুর রহমানের সাথে সাক্ষাৎ করেও আমরা খুব খুশী হই 'মসজিদের পুলখাশ্তী' এর ইমাম মওলভী গুলাম রাশ্বানী—এর সাথেও আমাদের সাক্ষাৎকারের সুযোগ ঘটে। এটা হচ্ছে রাজধানীর সর্ববৃহৎ জামি মাসজিদের ইমাম অত্যন্ত আকর্ষণীয় ও অনুপম চরিত্রের লোক। আমরা দারুল্ উলুম—এর শায়খুল হাদীস মওলভী মুহাশ্বদ গুল—এর সাথেও দেখা করি। আরো অনেক বুযুর্গের সাথে দেখা হয়, কিন্তু তাঁদের নাম এখন আর মনে নেই। আমাদের কর্মসূচী অত্যন্ত ঠাসা থাকায় এবং অনবরত বিভিন্ন ব্যক্তির সাথে সাক্ষাৎ হওয়ায় সকলের নাম সংগে টুকে রাখি নি কিংবা শৃতির উপর নির্ভর করে পরবর্তী সময়ে নোট করে রাখাও সম্ভব হয়নি।

কাবুলের জামি মাসজিদে

কাবৃল আমরা একটি জুমাজাই পাই এবং পুল-খাশ্তীর জামি মাসজিদে নামায আদায় করি। সাউদী রাষ্ট্রদৃত ও সেখানে নামায আদায় করেন। মাসজিদ মুসল্লীতে ছিল ভরপুর। সেখানকার প্রচলিত রীতি অনুযায়ী আমি এবং শায়খ আহমদ জামাল জুমাজার নামাযের পূর্বে বক্তৃতা দেই। আমি আমার বক্তৃতায় নিম্নোক্ত বিখ্যাত হাদীসটির ব্যাখ্যা প্রদান করি।

بدأ الاسلام غريبا و سيعود غريبا كما بدأ فطوبي للفرباء

অর্থঃ ''ই সলামের সূচনা হয়েছে অসহায় অবস্থা থেকে এবং পুনরায় তা অসহায় অবস্থায়ই গিয়ে পৌছবে। অতএব অসহায়দের জন্য সুসংবাদ।"

হাদীদের ব্যাখ্যা প্রদানকালে, প্রাচীনতম ইসলামী দেশদমূহও যে আন্ধর্মবিরোধী নানা বিপদ–বাধায় পতিত হয়েছে, সেদিকে আমি সৃক্ষভাবে ইর্থাত প্রদান করি। আমার বক্তব্য ছিল, দ্বীন ও মায্হাব একদা যাদের রক্তমচ্চায় মিশে গিয়েছিল তারাও আদ্ধ ঈমান ও আকীদার অগ্নি পরীক্ষায় পতিত। প্রাণ তাদের ওপ্ঠাগত। কেননা বিজ্ঞাতীয় অনুকরণ এবং ইসলাম বিমুখতা আদ্ধ তাদের উপর বেপরোয়া আক্রমণ চালিয়েছে। আমার বক্তৃতাকালে হঠাৎ একব্যক্তি মসজিদের একটি কোণা থেকে আবেগপূর্ণ শ্লোগান (নারা) তুলেন। তারপর অত্যধিক আবেগ–উদ্ধাসে তিনি অনুভৃতিই হারিয়ে ফেলেন। সত্যিকার মুসলমানরা মুসলিম বিশ্বের বর্তমান পরিস্থিতির উপর কী পরিমাণ উদ্বিগ্ন –এ থেকে তা কিছুটা অনুমান করা যেতে পারে।

উন্তাদ আহমদ, মুহামদ জামাল الدنيا سوق এবং اتدرون من المفلس এর ব্যাখ্যা প্রদান করেন।

প্রাচীন নিদর্শনাদি এবং উদ্যানসমূহ

প্রাচীন নিদর্শনাদির মধ্যে আমরা ভারতের মুঘল সামাজ্যের বিদ্যোৎসাহী প্রতিষ্ঠাতা জহীরন্দীন বাবরের সমাধি দেখতে পাই। সমাধিটি কাবুলের সন্নিকটে, একটি সুদৃশ্য মনসবুজ উদ্যানে অবস্থিত। বাবরের কাছে কাবুল ছিল খুবই প্রিয়। তাই বুঝি আল্লাহ্ তা আলা ও তাঁর শেষ বিশ্রামস্থল হিসাবে কাবুলকেই নির্ধারণ করেছেন। আমরা পাগমানের বিখ্যাত উদ্যানটিও দেখতে পাই। প্রকৃত অর্থে এটা বিশ্বের বিখ্যাত এবং বিরাট উদ্যানসমূহের মধ্যে পরিগণিত হওয়ার যোগ্য। মাওলানা সাইয়িদ সুলায়মান নদভীর ধারণা এই যে, পাগমান উদ্যানের অনুকরণে কাশ্মীর এবং লাহোরে 'শালিমার বাগ' তৈরী করা হয়েছে। আমরা 'কারীয মীর' বাগও দেখেছি। এটা একটা সুদীর্ঘ ও ঘন গাছপালা পূর্ণ উদ্যান। পানির প্রাচুর্য রয়েছে, তাই গাছপালার এই সমারোহ। মাঝে পাকা রাজাও রয়েছে।

সুলতান মাহমূদ গ্যনভীর রাজধানীতে

আমাদের এই সফর কাবুল এবং তার আশেপাশের বিভিন্ন প্রতিষ্ঠান, বিভিন্ন ব্যক্তি এবং শিক্ষা ও সাংস্কৃতিক কেন্দ্রসমূহের মধ্যে সীমাবদ্ধ ছিল। কেননা সময় ছিল কম এবং প্রোগাম ছিল অনেক ভারী। এতদ্সত্ত্বেও আমি শিক্ষা মন্ত্রী এবং তার সেকেটারীর কাছে নিবেদন করলাম, যেন আমাদেরকে পাক-ভারতের মাটিতে ইসলামের পতাকা উত্তোলনকারী, ইসলামী রাষ্ট্রের ভিত্তি স্থাপনকারী, ইসলামের 'আলেকজাভার, গায়ী সুলতান মাহমূদ গযনভীর রাজধানী গযনী দেখার অনুমতি প্রদান করা হয়। কেননা দেখানে হিজ্বরী চতুর্থ শতান্দীর শেষে ও পঞ্চম শতান্দীর প্রথমে সভ্যতা—সংস্কৃতি, জ্ঞান—বিজ্ঞান ও কাব্য সাহিত্যের এমন এক নতুন ইতিহাস সৃষ্টি হ্মেছিল যা মাহাত্ম্যে ও শান—শওকতে স্পেনের কর্ডোভা ও গ্রানাডাকেও ছাড়িয়ে গিয়েছিল এবং এখন সেখানে বিরাট বিরাট প্রাসাদ, হাটবাজার, প্রচুর জনবসতি এবং আধুনিক সভ্যতা—সংস্কৃতির চাইতেও অনেক গুরুত্বপূর্ণ যে সমস্ত জিনিষ রয়েছে তা হলো, অতীতের গৌরবময় ইতিহাস, উপকথা, পৌরাণিক নিদর্শনাদি এবং

ধ্বংসাবশেষ। অতএব আমি যদি মাহমূদ গযনতী এবং হাকীম সানায়ীর শহর গযনী না দেখে নিজের দেশে ফিরে যাই তাহলে আমার কাবুল সফরই অসম্পূর্ণ থেকে যাবে এবং একটি অতি পুরাতন মনোবাঞ্ছা অন্তরে গুমরে মরবে। শিক্ষামন্ত্রী অত্যন্ত সন্তুষ্টচিত্তে আমার আবেদন মঞ্জুর করেন এবং সহকারী মন্ত্রী প্রতিনিধি দলকে অত্যর্থনা জ্ঞাপনের ব্যাপারে গযনীর প্রশাসক এবং শিক্ষা পরিদফতরকে নির্দেশ প্রদান করেন। বিশেষভাবে নির্দেশ প্রদান করা হয়, যেন পৌরাণিক ইতিহাস ও নিদর্শনাদি সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তিদেরকে প্রতিনিধিদলের সাথে দেওয়া হয়, যাতে তারা প্রতিনিধিদলকে ঐতিহাসিক স্থানসমূহ এবং প্রাচীন নিদর্শনাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করতে পারেন।

শিক্ষা ও সংষ্কৃতির ইতিহাসে গ্যনীর অবদান

७३ जून गनिवात जकारन जामता गरानीत উদ্দেশ্যে तखराना इरे। गरानी কাবুল থেকে ১২০ কিলোমিটার দূরে অবস্থিত। সেখানকার প্রশাসক ও শিক্ষা পরিদফতরের কর্মকর্তারা আমাদেরকে অভ্যর্থনা জানান। একজন অভিজ্ঞ পথ প্রদর্শক ও পৌরাণিক নিদর্শন ও খনন কার্যের সাথে সংশ্লিষ্ট কয়েক ব্যক্তিকে আমাদের সাথে দেওয়া হয়। আমরা সাথে সাথেই পুরাতন শহরের দিকে রওয়ানা হই। পুরাতন শহর বর্তমানে শহর থেকে পূর্বদিকে কয়েক কিলোমিটার দূরতে অবস্থিত। এখন সেখানে শুধু ধ্বংসাবশেষ ও ভগু প্রাচীরসমূহই বিদ্যমান। কোন এক যুগে এখানেই গফনী সামাজ্যের রাজধানী ছিল এবং তা জনবসতির ঘনত্বে, শহরের বিরাটত্বে এবং সভ্যতা সংস্কৃতিতে ইসলামী বিশ্বের সর্বপ্রধান কেন্দ্র এবং আব্বাসীয়া সামাজ্যের রাজধানী দারুস সালাম বাগদাদের সাথে প্রতিদ্বন্দীতা করছিলো। সেদিন এই শহরের দিকে ছুটে আসছিলো গোটা বিশ্বের বাছা বাছা জ্ঞানীগুণী, কবি সাহিত্যিক, স্থপতি, শিল্পী, কথক, কবি, বক্তা, আলিম, পুণ্যবান, অলী, ধীমান, চিকিৎসক, তার্কিক, এবং দুঃসাহসী বীরযোদ্ধা, যেমন অবাধে ছুটে আসে ছোটবড় লৌহখন্ড, চুম্বকের দিকে। তখন এখানকার বাজার ছিল বিভিন্ন শিল্প সামগ্রীতে ভর্তি। বিজিত দেশসমূহ থেকে মালে গনীমত, সেখানকার মূল্যবান ও দুষ্পাপ্য বস্তুরাজি, উৎকৃষ্টতম মাল–সামগ্রী এই শহরের দিকে এমনভাবে ধাওয়া করেছিল যেমনভাবে ধাওয়া করে নদী নালার পানি সমুদ্রের দিকে।

সুলতান মাহম্দের উৎসাহ অনুপ্রেরণায় সেদিন গযনীতে যে সব জ্ঞানী—
শুণী এসে জড়ো হয়েছিলেন তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন সুসাহিত্যিক ও
সুকবি বাদীউয্থামান হামদানী, গণিত ও জ্যোতিষশাল্লের ইমাম আবৃ রায়হান
আল বিরুনী এবং চিরম্মরণীয় কবি ফেরদাওসী। এছাড়া সেখানে ছিলেন আস্জ
দিী উনসুরী, আসাদী, গাযারী, ফাররুখী, মানুচেহরী প্রমুখ স্বনামখ্যাত ফারসী
কবিগণ। সুলতান মাহমূদ যে সমস্ত কবিদের পৃষ্ঠপোষকতা করতেন তাদের
সংখ্যা চারশ পর্যন্ত পৌছেছিল।

গ্যনীর পতন

গযনী পুরো এক শতানী পর্যন্ত ছিল জাঁকজমক ও সভ্যতা—সংস্কৃতির শীর্ষে, ছিল শৌর্যবীর্যে ও শক্তিপরাক্রমের মূল কেন্দ্রভূমি। শেষ পর্যন্ত তা বিদ্যোৎসাহী ঘোরী বংশের (যে বংশে পরবর্তীকালে শাহাবুদ্দীন ঘোরীর মত বীর মূজাহিদের আবির্ভাব হয়) ক্রমাগত হামলার শিকারে পরিণত হয়। এই বংশেরই আলাউদ্দীন হুসায়ন বিন হাসান তার সমকালীন গযনীর বাদশাহ্ বাহরান শাহ্—এর উপর অত্যন্ত রাগান্থিত হল এ কারণে যে, বাহরাম তার ভাই সায়ফুদ্দীনকে ফাঁসি কাষ্ঠে ঝুলিয়ে দিয়েছিলেন। সূতরাং তিনি গযনীর উপর চড়াও হয়ে প্রতিপক্ষকে পরাজিত করেন। শুধু এখানেই শেষ নয়, তিন দিন পর্যন্ত গযনীতে অবাধে লুটপাট চলতে থাকে, ঘরে ঘরে আগুন লাগিয়ে দেওয়া হয়, যা সমগ্র শহরে ছড়িয়ে পড়ে এবং আর্দ্রন্ত সব কিছুকে জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দেয়। ফলে উদ্যানসম অনুপম শহরটি ধ্বংসন্ত্পে পরিণত হয় এবং আলাউদ্দীন দিগ্রিজয়ী উপাধিতে ভূষিত হল। এটা হচ্ছে ৫৪৭ হিজরীর ঘটনা। আল্লাহ ঠিকই বলেছেন—

إِنَّ ٱلْأَرْضَ لِلَّهِ يُوْرِثُّهَا مَنْ يُشَاءُ

অর্থঃ "জমি তো আল্লাহ্রই; তিনি তার দাসদের মধ্যে যাকে ইচ্ছা-এর উত্তরাধিকারী করেন।"-(৭ঃ১২৮)

ঐ সমস্ত ধ্বংসাবশেষ অতিক্রম করার সময় আমরা আবৃল আলা মাআররীর কবিতার নিম্নোক্ত পথক্তিগুলো আবৃত্তি করছিলাম।

> حفف الوطأ ما أظن اديم الآ + رض الا من هذه الاجساد و قبيح بنا و ان قدم العهد + هوان الآباء و الاجداد

مر أن استطعت في الهواء و يدا + الاختيالا على رفات العباد ..

অর্থঃ "পথিক, একটু ধীরে চল; আমার কল্পনায়, এই ভৃখন্ড মাটির নীচে লুক্কায়িত ঐ সমস্ত দেহ ছাড়া কিছু নয়। সে অনেক দিন আগেই বাপ দাদারা মাটির নীচে গেছেন, এমতাবস্থায় তাদেরকে অপমান ও তিরস্কার করা কোন ভাল কথা নয়। যদি পার তাহলে এসমস্ত স্থান দিয়ে ধীর পদে চল, আল্লাহ্র বালাদের বিদীর্ণ কংকালের উপর দিয়ে অন্ততঃ ক্লোরে পা ফেলে চলো না।"

খনন কাজ চালানোর পর সেথানে এমন এমন সব দালানের ধ্ব ংসাবশেষ পাওয়া গেছে থেওলো সুলতান মাসউদ বিন মাহমূদ এবং তার নিকট পরবর্তী লোকদের আমলের বলে মনে হয়। খনন কাজ এখনো অব্যাহত রয়েছে। কোন কোন বিশেষজ্ঞ বলেছেন, আনুমানিক দশ বছরের মধ্যে এই মাটিচাপা শহরের নিদর্শনাদি চোখের সামনে ভেসে উঠবে।

পত্তিত, শাসক, সাধক ও বাদশাহের সমাধি ভূমিতে

হাকীম সানায়ীর সমাধিতে আমি সামান্য কিছুক্ষণ দাঁড়িয়ে ফাতিহা পাঠ করে তার জন্য দু'আ করি।১২ মনে পড়লো আল্লামা ইকবাল ১৯৩৩ সনের নভেম্বর মাসে এই সমাধির পাশে দাঁড়িয়ে উচ্চস্বরে ক্রন্দন করেছিলেন এবং তা থেকে প্রভাবিত হয়েই উচ্চ ভাব—সমৃদ্ধ একটি দীর্ঘ কবিতা রচনা করেছিলেন।১৩ কবিতার প্রথম পর্যক্ত হচ্ছে—

سما سکتا نهیں پهنائے فطرت میں مرا سودا غلاتها اے جنون شاید ترا اندازء صحرا আর শেষ পংক্তি হচ্ছে—

سنائی کے ادب سے میں نے غواصی مه کی ورنه ابهی اس بحر میں باقی هیں لاکھوں لولوئے لا لا

আমরা বিভিন্ন আউলিয়া ও সাধক, যেমন সাইয়িদ বাহ্লুল দানা, সাইয়িদ আলী লালা, খাজা বালগার, শামসূল আরিফীন প্রমুখের মাযারসমূহও ঘুরে ঘুরে দেখি।

এরপর আমি মুজাহিদে ইসলাম, ভারত বিজয়ী সুলতান মাইমূদ গযনতীর সমাধির কাছে গিয়ে উপস্থিত হই যার জন্য বিরাট বিরাট সেনাবাহিনীর নেতৃত্ব দান, জন্য দেশের দ্র-জভান্তরে নির্বিয়ে ঢুকে পড়া এবং আক্রমণের পর আক্রমণ ও যুদ্ধের পর যুদ্ধ পরিচালনা এত সহজ্ব ও সাধারণ ব্যাপার ছিল যেমন আজকালকার যুবকদের জন্য পিক্নিক কিংবা সকাল সন্ধ্যায় খালি মাঠে পারচারি। তিনিই পাক-ভারতে মুসলমানদের অসীম শৌর্যবীর্য প্রদর্শন করেন এবং এমন মুসলিম সামাজ্যের ভিত্তি স্থাপন করেন যে, বিভিন্ন বংশের মুসলমানদের মাধ্যমে তা প্রায় আটশ' বছর পর্যন্ত স্থায়ী থাকে। আমি তাঁর সমাধি পাশে নিশ্চল মূর্তিসদৃশ দাঁড়িয়ে ছিলাম। এখানেই সেই সিংহ শায়িত যার তয়ে আফগানিস্তান ও হিন্দুস্তানের রাজা-বাদশাহ ও সেনানায়কদের নিদ্রা টুটে যেত। আজ স্বয়ং সেই চির নিদ্রায় মগু। সুলতান মাহমূদের সভাকবি ফারক্রথী তাঁর মৃত্যুকালে যে হৃদয় বিদারক মার্সিয়া (জারী) রচনা করেছিলেন তার কয়েক পংক্তি ছিল নিম্নরূপ—

خیز شاها ؛ رسولان شان آمده اند هدیها دارند آورده مرا و ان و نشار که تواند ـ که برانگیز دازین خواب ترا خفتی خفتی ، کز خواب نگردی بیدار خفتن بسیار اے خواجه خوے تو بنود پیچ کس ندیداست ترازین کردار

জেনে উঠো হে রাজন দৃতগণ রাজন্যবর্গের উপস্থিত তব দ্বারে ডালি বয়ে উপটৌকনের। ডাঙায় তোমার ঘুম মহিতলে এই সাধ্যকার বিভোর এমন ঘুমে যা কখনো ভাঙিবেনা আর। দীর্ঘক্ষণ শুয়ে থাকা ছিলনা তো অভ্যাস তোমার প্রভু হে এখন এরূপ ঘুম কেউ তব দেখেনি তো আর।১৪

উপদেশ গ্রহণের স্থান

আমি এই সফর থেকে চিন্তিত মন, তগ্ন হ্বদয় ও বিপর্যস্ত অন্তর নিয়ে ফিরে এসেছি। আল্লাহ্র অসীম মাহাত্ম্য এবং তার চির বিদ্যমানতার উপর আমার বিশ্বাস আরো সৃদৃঢ় হয়েছে আর মানুষের দুর্বলতা ও অপরিণামদর্শিতা সম্পর্কে ধারণা হয়েছে আরো পাকাপোক্ত। বড় বড় সামাজ্যের উপর থেকে আমার বিশ্বাস উঠে গেছে। যারা আজ জনসংখ্যার আধিক্য, দালান—কোঠার দৃঢ়তা এবং রাজনৈতিক ভিত্তির উপর গর্ব করেন, যে সমস্ত রাজনৈতিক নেতা তাদের অনুসারীদের উপর দৃঢ় আস্থা রেখে নিজেদের উজ্জ্বল ভবিষ্যৎ সম্পর্কে যারপরনাই আশাবাদী তাদের বিশ্বাস ও মন—মানসিকতার উপর আমার করুণা হয়। এমনিভাবে বিরাট জাঁকজমক, শান—শওকত, লোকলঙ্কর, বিদ্যাবৃদ্ধি, প্রভাব-প্রতিপত্তি, সৃদৃঢ় কেল্পা, সুরক্ষিত চূড়া, সুউচ্চ ইমারত ও বিরাট বিরাট কারখানার অধিকারী শক্তিশালী ও সুবৃহৎ রাষ্ট্রসমূহের উপর থেকে আমার বিশ্বাস উঠে গেছে। আমি গভীরভাবে ভেবে দেখেছি বাগদাদ, গযনী, কর্চোভা, গ্রানাডা, সমরখন্দ বুখারা যখন ধ্বংস হয়ে গেছে তখন বর্তমান রাজ—ধানীসমূহ, শহরসমূহ, সভ্যতা সংস্কৃতির কেন্দ্রসমূহ এবং রাষ্ট্রসমূহের স্থায়িত্ব সম্পর্কে কী নিশ্চয়তাই বা থাকতে পারেং ঐ ধ্বংসপ্রাপ্ত দেশসমূহের রাজা—বাদশাহদের বিক্রম ও প্রভাব প্রতিপত্তির পরিণাম দেখে এমন মনে হয়, যেন সেগুলো বাচ্চাদের খেলাধূলা অথবা ষ্টেজ্বের অভিনয় ছাড়া কিছু ছিল না।

سروری زیبا فقط ذات ہے ہتا کو ہے
حکمران ہے بس وہی باقی بتان آذری
প্রভূত্ব তারই, কেউ জুড়িয়ার নেই এ বিশ্বের
সমাট তিনিই শুধু আর সব মূর্তি আযরের।

আল্লাহ্ তা'আলা কী সৃন্দরই না বলেছেন,

وَ تِلْكَ الْأَبْسَامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ وَ لِيَعْلَمَ اللَّهُ الَّذِيْنَ أُمَنُوا وَ يَتَّخِبُ وَم مِنْكُم شُهَدَاءَ - وَ اللَّهُ لَا يُحِبُّ الطَّلِمِيْنَ -

অর্থঃ "মানুষের মধ্যে আমি পর্যায়ক্রমে এই দিনগুলোর আবর্তন ঘটাই, যাতে আল্লাহ্ বিশ্বাসীদের জানতে পারেন এবং তোমাদের মধ্য হতে কিছু লোককে সাক্ষী করে রাখতে পারেন এবং আল্লাহ্ সীমালংঘনকারীদের ভালবাসে না।"-(৩ ঃ ১৪০)

মূল্যবান জ্ঞান, অভিজ্ঞতা ও অনুভূতি নিয়ে আমরা ফিরে এলাম। অতিথি ভবনে দুপুরের খাবার খেয়ে কিছুক্ষণ বিগ্রাম নিয়ে জুহরের নামায আদায় করলাম। জিজ্ঞাসাবাদের পর জানতে পারলাম, বর্তমান শহরের জনসংখ্যা মাত্র দশ খেকে পনের হাজার। কোথায় বিশ্ব বিখ্যাত বিরাট নগরী, আর কোথায় দশ পনর হাজার জনসংখ্যা অধ্যুষিত একটি ছোট পল্লী। এর চাইতে বিশ্বয়ের ব্যাপার আর কী হতে পারে ? আল্লাহর নাম সবার উপরে, রাতদিনের আবর্তন–বিবর্তন তারই হাতে, কালচক্রের গতিপ্রকৃতি তারই অধীন।

মালিক মুহাম্বদ জাহির শাহ ও সরদার দাউদ খান

দৃঢ় আশা ছিল যে, প্রতিনিধিদলকে শাহের সাথে সাক্ষাৎ করার সুযোগ দেওয়া হবে। রাবেতা—ই—আলমে ইসলামী—এর প্রতিনিধি দল যে সমস্ত দেশ সফর করেছে সেখানকার বাদশাহ অথবা রাষ্ট্রপ্রধানের সাথে তারা সাক্ষাৎ করেছেন। কিন্তু তাবেসাবে মনে হলো, সংশ্লিষ্ট দায়িতৃশীল ব্যক্তিরা এটা পসন্দ করেনি। আমরা শুনেছি, শাহকে একেবারে অন্তিম সময়ে যখন প্রতিনিধিদল সম্পর্কে অবহিত করা হয় তখন তিনি বলেন, 'কেন আমাকে প্রথম থেকে অবহিত করা হলো না—যখন হাতে সময় ছিল । শাহ্ তাঁর জাতি থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে আপন মহলেই সময় অতিবাহিত করেন, বাইরে আসেন খুব কম। অন্যান্য দেশের কোন কোন মুসলমান বাদশাহ্র মত তাঁর দৈনন্দিন জীবন খেলামেলা বা সাধারণ্য নয়। সাউদী রাষ্ট্রদৃত শায়খ মুহাম্মদ হাম্দ শাবীলী বলেছেন য়ে, তিনি শাহ্কে শুমাত্র একবারই দেখেছেন তাও তখন, যখন তিনি তাঁর কাছে আপন পরিচয়পত্র পেশ করতে গিয়েছিলেন।

আমি আমার বন্ধুদের জিজ্ঞাসা করেছিলাম, পাশ্চাত্য সন্তাতার বাহ্যিক জাঁকজমকের প্রতি দেশের উন্মাদবেগে ছুটে চলার, আফগানী মহিলাদের বেপর্দা হওয়ার এবং সম্পূর্ণরূপে কম্যুনিষ্ট ব্লকের সাথে দেশের অন্তর্ভুক্তির পিছনে কার প্রভাব বা মন—মানসিকতা কাজ করছে ? তাদের উত্তর ছিল, 'এ জন্য শাহের চাচাত ভাই এবং ভগ্নিপতি সরদার মুহামদ খানই দায়ী। আমরা যখন পাগমান যাই তখন লোকেরা তার প্রাসাদের দিকে ইংগিত করে বলেছিল, 'এখানে পূর্বে একটি মাদ্রাসা ছিল। দাউদ খান মাদ্রাসাটিকে অন্যত্র

স্থানান্তরিত করে এই স্থানটিকেই নিচ্ছের গ্রাসাদের জন্য নির্বাচিত করেছেন। আমি উপলব্ধি করেছি যে, ধর্মপ্রাণ ও ধর্মপ্রিয় লোকেরা দাউদ খানের এই সব কর্মকাণ্ড আন্তরিকভাবে পসন্দ করে না। আমি এও জানতে পেরেছি যে, এই ব্যক্তিই পাথতুনিস্তান আন্দোলনের একনিষ্ঠ সমর্থক এবং মূল হোতা বটে।১৫

মুসলিম দেশের দায়িত্ব

কম্যুনিজম বা ধর্মহীনতার কোলে আশ্রয় গ্রহণ, পাশ্চতা সভ্যতা ও তার বাহ্যিত জাঁকজমকের দিকে দ্রুত ছুটে চলা এবং পাশ্চাত্য জাতি- সমূহের আচার-আচরণ গ্রহণ করার মূলে শুধু আফগানিস্তান দায়ী না বরং এই দায়-দায়িত্ব গোটা ইসলামী বিশ্বের উপর বর্তায়। এটা সকলেরই জানা যে, আফগানিস্তানের আমদানীর মাধ্যমে একেবারেই সীমিত। এখানে পণ্য-সামগ্রীর কোন প্রাচুর্য নেই। খনিজ সম্পদ কিংবা তর্রল সোনারও অস্তিত্ব নেই। নিজের অধিকারে কোন সমুদ্র বন্দর নেই বলে আমদানী রফতানীর স্বাধীনতা থেকেও দেশটি বঞ্চিত। দেশের অর্থনৈতিক ভিত্তি শুষ্ক ফল, ভেড়ার পশম ও চামডा রফতানীর উপরই নির্ভরশীল। কাজে কাজেই সে তার অর্থনৈতিক সমস্যার সমাধান, উনুয়নমূলক শিক্ষামূলক ও প্রতিরক্ষামূলক পরিকল্পনা কার্যকরী করার জন্য এমন সব উনুত ও প্রাচুর্যময় দেশের সাহায্যের প্রত্যাশী याप्तत काष्ट्र मानञल्लम ७ जाममानीरयां भन्न मामशीत शाहूर्य तरस्र । यि আল্লাহ তা আলা সম্পদশালী মুসলিম দেশেগুলোকে এই তাওফীক দিতেন যে. তারা আফগানিস্তানের দিকে সাহায্যের হাত বাড়াত, তার উনুয়ন পরিকল্পনাগুলো বাস্তবায়িত করার ব্যাপারে সহায়তা করত তাহলে সাহায্যের জন্য ঐ সমস্ত ইসলাম বিরোধী শক্তিগুলোর দিকে হাত বাড়াবার কোন প্রয়োজনই তার দেখা দিত না, সে ইসলাম বিমুখ হওয়ার পরিবর্তে বরং ইসলামী আদর্শ সংরক্ষণের কাজেই আত্মনিয়োগ করত, এর বাস্তবায়ন এবং প্রচার ও প্রসারের কাজে নিজেকে উৎসর্গ করত, গোটা ইসলামী বিশ্বকে সাহায্য করত, তাদের শক্তি পরাক্রম, সম্মান ও সমৃদ্ধির উৎসে পরিণত হত-সর্বোপরি ইসলামী আত্মসন্মানবোধ ও ধর্মীয় প্রেরণা সমৃদ্ধ একটি সুপ্রাচীন মুসলিম জাতি, বিজাতীয় চিন্তা ও বিজাতীয় সভ্যতা–সংস্কৃতির নির্দয় হামলা থেকে পরিত্রাণ পেত।

কিন্তু আক্ষেপের বিষয় যে, সম্পদশালী মুসলিম দেশগুলো উন্নয়নশীল মুসলিম দেশগুলোর প্রতি এখনো সাহায্য সহায়তার হাত আশানুরূপ বাড়ায়নি। আর এই অবস্থারই সুযোগ নিয়ে সোভিয়েত ইউনিয়ন সাহায্য সামগ্রী নিয়ে আফগানিস্তানে এসে হাযির হয়। ১৬ তারা বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন এবং দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য বিরাট সাহায্যের প্রস্তাব দেয়। আর এটা স্বাভাবিক যে, চিন্তাগত, সাংস্কৃতিক, রাজনৈতিক তথা সর্বক্ষেত্রে এরূপ সাহায্য সহায়তার অনুকূল প্রভাব না পড়ে পারে না। এ ক্ষেত্রেও হলো তাই। আফোনিস্তান দৈন ন্দিন জীবনের প্রতিটি ক্ষেত্রে যেমন রাশিয়ার সাহায্য কোন না কোনভাবে ব্যবহার করেছে তেমনি প্রতিটি ক্ষেত্রে তাদের উপর পড়েছে ইসলাম বিরোধী কম্যুনিষ্টনীতির প্রভাব।

আফগানিস্তান শিক্ষাগত ও সাংস্কৃতিক দিক থেকে ইসলামী বিশ্বের বাইরে পড়ে থাকে। বিদিত রাজনৈতিক কারণে প্রতিবেশী মুসলিম দেশ পাকিস্তানের সাথে তার সম্পর্ক থাকে তিক্ত। মাঝপথে পাকিস্তান থাকায় বিরাট সভ্যতার কেন্দ্র ভারত থেকেও তারা বিচ্ছিনু থাকে। বাধ্য হয়ে তারা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত তাদের প্রাচীন জ্ঞান–বিজ্ঞান নিয়েই থাকে তুষ্ট। ফলে আধুনিক জ্ঞান– বিজ্ঞান, ধর্মীয় তৎপরতা ও অন্যান্য আন্দোলনের সাথে তাদের প্রত্যক্ষ যোগাযোগ গড়ে উঠেনি। যদি মিসর এবং মিসরের 'জামে আযহার না থাকত (যেখানে আজো আফগানী ছাত্ররা যায় এবং যথেষ্ট উপকৃত হয়। মিসরে অবস্থানকালেই তারা ইসলামী সাহিত্য এবং ইসলামী ধ্যান–ধারণার আধুনিক গতি প্রকৃতি সম্পর্কে অবহিত হয়) তা হলে ইসলামী সভ্যতা–সংস্কৃতি এবং বিভিন্নমুখী ইসলামী আন্দোলন থেকে আফগানিস্তান একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়ত এবং আফগানরা লৌহ প্রাচীরের আড়ালে অত্যন্ত অপ্রশস্ত ও সীমিতগম্ভীতে তাদের জীবন অতিবাহিত করত। এখনো সেখানে দৃঢ় চিন্তা ও দৃঢ় বিশ্বাসের অধিকারী লোকের সংখ্যা অঙ্গ হলেও যে শিক্ষিত যুবকরা রয়েছে তারা আল–আযহার থেকেই শিক্ষাপ্রাপ্ত এবং মিসরে বেশ কিছুকাল কাটিয়ে এসেছে।

প্রতিনিধিদলের সম্মানে সউদী দূতাবাস আয়োজিত ভোজসভা

আফগানিস্তানে নিযুক্ত সাউদী আরবের রাষ্ট্রদূত শায়খ মুহামদ আহমদ আশ-শাবীলী হোটেল কাবুলে, যেখানে আমরা অবস্থান করছিলাম,

প্রতিনিধিদলের সম্মানে ৯ই জুন রোববার রাতে এক জাঁকজমকপূর্ণ নৈ শভোজে র আয়োজন করেন। উদ্দেশ্য ছিল যাতে শহরের সম্মানিত ও গণ্যমান্য ব্যক্তিদের সাথে আমাদের আলাপ-পরিচয় হয়। সেথানে সমগ্র আরব রাষ্ট্রের প্রায় সকল রাষ্ট্রদৃত, আফগানী-ক্যাবিনেটের কিছু সংখ্যক মন্ত্রী। কাবুলের গভর্নর, শাহী পরিবারের কিছু সংখ্যক সদস্য, কাবুল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ, অন্যান্য উলামা ও মাশায়েখ, দৃতাবাসসমূহের সাথে সংশ্লিষ্ট কিছু সংখ্যক আরব দেশীয় খ্রীস্টান জ্ঞানীগুণী এবং উচ্চ শিক্ষিত ব্যক্তিবর্গ আমন্ত্রিত হন। মাননীয় রাষ্ট্রদূত অনুরোধ করেন, যেন আমি মেহ্মানদের অভ্যর্থনা জানাই, তাদের সামনে বক্তৃতা দিই এবং সুযোগ–সুবিধা মত প্রতিনিধিদলের পর্যবেক্ষণ এবং লক্ষ্য ও উদ্দেশ্যের ব্যাখ্যা দান করি। আমি এজন্য তাঁকে গতানুগতিক ধন্যবাদ জানিয়েই ক্ষান্ত হই নি, বরং এই মূল্যবান সময় ও সুযোগকে যথাসাধ্য কাজে লাগাবার চেষ্টা করি। আমি সমানিত মেহমানদেরকে ওধু অভ্যর্থনা জ্ঞাপন করি নি, এই সুযোগে তাদের সাথে মুসলিম জাতি ও মুসলিম বিশ্বের জন্য উপকারী ও গুরুত্বপূর্ণ কিছু কথাবার্তা বলি এবং আনুষ্ঠানিকভাবে একটি ভাষণও পেশ করি। শুধু স্মরণ শক্তির উপর ভরসা করে পরবর্তী সময়ে আমি ঐ ভাষণটি লিপিবদ্ধ করে নিয়েছি, যা খানিক পরেই পেশ করা হচ্ছে।

আমার পর উস্তাদ মুহামদ জামাল দণ্ডায়মান হন এবং অত্যন্ত আকর্ষণীয় ও স্বয়ঃসম্পূর্ণ একটি বজ্ঞা প্রদান করেন। তিনি আফগানী জাতি ও আফগান সরকারের পক্ষ থেকে প্রতিনিধিদলের প্রতি যে সম্মান, সমাদর, আতিথেয়তা ও আন্তরিকতা দেখানো হয়েছে সেজন্য শুকরিয়া আদায় করেন, আমন্ত্রণে সাড়া দিয়ে যাঁরা এখানে হাযির হয়েছেন তাঁদেরকে ধন্যবাদ জানান, রাবেতা—ই আলমে ইসলামী—এর লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করেন, মুসলিম ঐক্যের জন্য শাহ ফায়সাল যে আন্তরিক প্রচেষ্টা চালাচ্ছেন তার উল্লেখ করেন এবং ইসলাম প্রচার ও 'শাহাদতে হক্ (সত্যের সাক্ষ্য)—এর ক্ষেত্রে উলামায়ে কিরামের দায়িত্ব ও কর্তব্যের পুনরুল্লেখ করেন।

তারপর নৈ শ্যভোজ্ধ শেষে মেহমানরা হাসিখুশী মনে নিজেদের ঘরে ফিরে যান। কাবুলে এটাই ছিল আমাদের শেষ সাক্ষাৎকার। পরদিন অর্থাৎ ১১ই জুন ১৯৭৩ সন সকালে ইরানের উদ্দেশ্য আমাদের রওয়ানা হওয়ার কথা। উপরে উল্লেখিত দু'টি বক্তৃতার বিবরণী নিম্নে পেশ করা হচ্ছে।

আফগানী জাতির বিপ্লব ও তাদের শক্তির উৎস

ি এই বক্তৃতা প্রদান করা হয় কাবুল 'বিশ্ববিদ্যালয় হলে' অনুষ্ঠিত একটি সভায়। তাতে বিশ্ববিদ্যালয়ের বিরাট সংখ্যক ছাত্র ও শিক্ষক এবং সাউদী আরবের মহামান্য রাষ্ট্রদূত উপস্থিত ছিলেন। হলটি ছিল শ্রোতায় পরিপূর্ণ]

সব প্রশংসা আল্লাহ্র; দর্মদ ও সালাম তার নবীর উপর ঃ

সাউদী আরবের মাননীয় রাষ্ট্রদৃত, মাননীয় চ্যান্সেলর, বিভিন্ন বিভাগের প্রধানগণ, অধ্যাপকবৃন্দ এবং আমার প্রিয় ছাত্র বন্ধুগণ,

এই উচ্চ্বল ও সম্ভাবনাময় চেহারাসমূহ এবং সম্মানিত ও সর্বজনমান্য মহান ব্যক্তিদের সামনে দাঁড়াবার সুবর্ণ সুযোগ পেয়ে আমার অন্তর খুশীতে ভরে উঠেছে। এই প্রিয় দেশটি নিকট থেকে দেখার প্রবল বাসনা দীর্ঘদিন থেকে অন্তরে পোষণ করে আসছিলাম। এই দেশ সম্পর্কে অনেক ওনেছি অনেক পড়েছি এবং আমি বলতে পারি, সুযোগ মত কোথাও ব্যক্ত ও করেছি যে, এই দেশের গৌরবময় ইতিহাস রয়েছে, রয়েছে ঐতিহ্য ও বৈশিষ্ট্য। এর যুদ্ধ-বিগ্রহ ও বিজয় কাহিনী অধ্যয়নে আমি দীর্ঘ সময় ব্যয় করেছি, এর ধীমান ও অতুলনীয় মহান ব্যক্তিবৃন্দ এবং বিশ্ব– বিখ্যাত বীর বিজেতাদের জীবন-বৃত্তান্ত আলোচনা-পর্যালোচনায় কাটিয়েছি জীবনের একটি বিরাট অংশ। এরাই এই আকাশচুম্বী পর্বত-রাজির অপরপারের দেশ ভারতকে এবং অন্যান্য প্রতিবেশী দেশকেও জ্ঞান-বিজ্ঞান ও ইসলামের আলোয় আলোকিত করেছেন। তাই এদেশে আসাকে সৌভাগ্যের চিহ্ন মনে করা বা এখানে আসার সুযোগ পেয়ে জীবনকে ধন্য মনে করা আমার জন্য কোন অসাভাবিক বা বিষয়কর ব্যাপার নয়। এটা হলো একজন মুসলমানের আনন্দাচ্ছাস যা এই পর্বতরাজির আঁচল ঘিরে বসবাসকারী তার প্রিয় মুসলমান ভাইদের দেখে উথলে উঠেছে, অন্তরাকাশে আকুলি-বিকুলি করছে। আমি আরো বেশী খুশী হয়েছি এজন্য যে, আপনারা আমাকে এই সমাবেশে অংশগ্রহণ এবং এখানে কিছু বলার 'সুযোগ দিয়েছেন। আফগানিস্তান সফরকালীন এই সাক্ষাৎকার এবং এই মজলিসে অংশগ্রহণ করার স্মৃতি আমার অন্তরে চির জাগরুক থাকবে। এজন্য আমি আপনাদের সকলকে অন্তরের অন্তরস্থল থেকে ধন্যবাদ জানাই।

উপস্থিত ভদ্রমণ্ডলী, আপনারা এবং বিশেষ করে ইতিহাস ও সংস্কৃতির প্রতি আগ্রহ পোষণকারীরা একথা ভালভাবেই জানেন যে, আফগানী জাতি সেই সুপ্রাচীন জাতিসমূহের অন্যতম, যারা হাজার হাজার বছর ধরে স্বাধীনতা, সন্মান ও উচ্চ মর্যাদার জীবন অতিবাহিত করে আসছে। আল্লাহ্ তা আলা প্রাচীনকাল থেকেই এদেরকে অকল্পনীয় মানবিক শক্তি ও দক্ষতার অধিকারী করেছেন। বন্ধুগণ, ইতিহাসের প্রতি আমার একটি বিশেষ আকর্ষণ রয়েছে এবং কোনরূপ দ্বিধা-দ্বন্ধু ছাড়াই বলতে পারি যে, ইতিহাস অধ্যয়ন এবং এর আলোচনা পর্যালোচনায় আমি আমার গোটা জীবনটাই কাটিয়ে দিয়েছি। এটাই আমার কাছ সবচেয়ে প্রিয় বিষয়। আজ এই ঐতিহাসিক প্রেক্ষাপটেই আপনাদের কাছে আমার জিজ্ঞাসা, এর পিছনে এমন কী কারণ রয়েছে যে, শতাব্দীর পর শাতব্দী ধরে আফগানী জাতি বিশ্বের জন্যান্য দেশ থেকে নিরাপদ দূরত্বে অবস্থান করছে ? বিশ্বে সংঘটিত মঙ্গল-অমঙ্গল, পাপপুণ্য, জয়-পরাজয় এবং অনাচার-অবিচারের প্রতি কেন তারা নির্বিকার ? বীরত্ব, আত্মসন্মানবোধ ও নেতৃত্বের অধিকারী প্রাণ চাঞ্চল্যে ভরপুর, সুঠামদেহী, বিদ্যোৎসাহী সুযোগ্য ও সম্মানিত এই জাতির দীর্ঘকাল থেকে বিশ্ব থেকে দূরে সরে থাকা, নিজেদের আবর্তে ঘুরপাক খাওয়া এবং এক কোণে জমে থাকার কারণ কি ? তাদের বন্ধ ঘরে আবন্ধ থাকার কারণ কি এই যে, আফগানিস্তান এবং বিশ্বের অন্যান্য দেশের মধ্যে সুউচ্চ, অনতিক্রম্য ও বন্ধুর গিরিশ্রেণী দাঁড়িয়ে রয়েছে ? না, বন্ধুগণ, না ! ইতিহাস তো এই সাক্ষ্যই দেয় যে, বরফাবৃত, দুর্লংঘ্য ও আকাশচুদ্বী পর্বতরাজ্ঞি কথনো বীর মুজাহিদ ও দৃঢ়প্রতিজ্ঞ বিজয়ীদের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে নি। আপনারা ভালভাবেই অবগত আছেন যে, এই দুর্গম বন্ধুর আঁকা বাঁকা গিরিপথ, যা যে কোন মানুষের মনে আতংক সৃষ্টি করে এবং যা আফগানিস্তানকে ভারত ও পাকিস্তান থেকে পৃথক করে রেখেছে এই দেশের কৃতি সন্তান সুলতান মাহমূদ গযনভী, শাহাবুদ্দীন মুহাম্মদ ঘোরী এবং আহমদ শাহ্ আবদালীর মত বিদ্যোৎসাহী ও দৃঢ়প্রতিজ্ঞ দিগ্রিজয়ী কর্তৃক পরিচালিত অভিযানকালে ইসলামের প্রবল বন্যা স্রোতে ভেসে একাকার হয়ে গিয়েছিল। এরপরও কি এই জাতি বন্দী জীবন কাটাতে পারে ? তাদের হাত পায়ের

বাঁধন অটুট থাকতে পারে ? না, তা কখনো হতে পারে না। বার বার এরা তাদের বীরত্বের প্রমাণ দেখিয়েছে, নিজেদের যোগ্যতার স্বাক্ষর রেখেছে। এরপরও কেন এরা সীমিত চারণভূমি এবং সীমিত জীবনোপকরণ নিয়ে সন্তুষ্ট থাকবে ? এই সব প্রশ্নের উত্তর আজ আপনাদেরকে দিতে হবে।

আমরা ইতিহাসে পড়েছি, যখন এই অঞ্চলে ইসলামের আগমন ঘটল তখন অকস্থাৎ এই জাতি হাজার হাজার বছরের ঘুম গা থেকে ঝেড়ে ফেলে জেগে উঠলো এবং এমনভাবে লাফিয়ে উঠল যার তুলনা বিরল। ইসলামের ছত্রচ্ছায়ায়, আশ্রয় নেওয়ার সাথে সাথে এই জাতি সবচেয়ে বেশী শক্তিশালী, সবচেয়ে বেশী বাহাদুর, সবচেয়ে বেশী সাহসী, দূরদৃষ্টিসম্পন্ন ও দৃগুপ্রতিজ্ঞ হয়ে উঠলো। এই জাতি যখন বিশ্বের অন্যান্য জাতির কাতারে শামিল হল তখন মনে হলো, যেন এরা ছিল ভূগর্ভে রক্ষিত কোন রত্নভাগ্রার কিংবা আগাগোড়া রহস্যাধার, যা অকস্থাৎ ঝল—মলিয়ে উঠেছে। এদের দেহে এমন বিদ্যুৎ সংযোগ ঘটেছিল অথবা যাদুকাঠির পরশ লেগেছিল যে, দেখতে দেখতে শান্ত সমাহিত, বিশ্বসমাজ থেকে বিচ্ছিন্ন এই জাতি একটি তীক্ষ্ণ আত্মসম্বানবোধসম্পন্ন, কর্মচঞ্চল, বিজয়ী বীর বিক্রম জাতিতে পরিণত হল। এখন কি তাহলে এই খরস্রোতা নদীর মোহনায় এমন কোন বিরাট পাহাড় প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে যার ফলে এর গতিবেগ হাস পেয়েছে?

আফগানীদের বিপ্লবী জীবনের মূল কারণ ও আসল রহস্য হলো, আল্লাহ্ তা আলা ইসলামের কল্যাণ ও বরকতে এদেরকে তিনটি মৌলিক ও শুরুত্বপূর্ণ গুণে গুণারিত করেছেন। যথা ঃ

- ১. শক্তিশালী পরীগাম এবং তার জোরদার লক্ষ্য ও উদ্দেশ্য।
- ২. মানবজাতি, বহির্বিশ্ব ও বস্তুরাজি সম্পর্কে প্রশস্ত ধ্যান-ধারণা।
- ৩. আল্লাহ্র সাহায্য সহায়তার উপর পরিপূর্ণ আস্থা ও চেষ্টা সাধনার ফলাফলের উপর দৃঢ় বিশ্বাস।
- এ হলো সেই তিনটি উপাদান যার দ্বারা জাতির কর্মকাণ্ডে ন তুন জোয়ার আসে, তারা নতুন জীবন লাভ করে, নতুন ইতিহাস সৃষ্টি করে এবং নিজেদের অপ্রকাশিত শক্তি ও গোপন দক্ষতা কাজে লাগিয়ে দুনিয়াকে বিশ্বিত ও স্তম্ভিত করে দেয়।

পূর্বে এই জাতির কাছে কোন পয়গাম ছিল না, ছিল না কোন মহৎ লক্ষ্য ও উদ্দেশ্য। একটি ক্ষুদ্র অঞ্চলের মধ্যেই তাদের আনাগোনা সীমাবদ্ধ ছিল। তারা নিজেদের গৃহপালিত পশু নিয়েই রাতদিন মগ্ন থাকত। প্রায়ই আপোসে মারামারি ও লড়াই যুদ্ধ করত। যেমন একজন আরব কবি বলেছেন–

و احيانا على بكر اخينا اذا ما لم نجد الا اخانا

অর্থঃ "যখন যুদ্ধংদেহী মনোবৃত্তি চরিতার্থ করার উপযোগী কোন শক্রের সাক্ষাৎ পাওয়া না যায় তখন আমরা আমাদের ভাই-কেরাদরকেই (যুদ্ধের) বিষয়বস্তুতে পরিণত করি।

প্রকৃতপক্ষে চারিত্রিক ও আধ্যাত্মিক দৈন্যই হচ্ছে আপোসে মারামারি ও লড়াই ঝগড়ার মূল কারণ। বর্বর যুগে আরবরাও গৃহযুদ্ধে লিগু থাকত, এক গোত্রে জপর হামলা করত, এক বংশ অন্য বংশকে নির্বংশ করার তালে থাকত। এভাবে আফগানীদের সামনেও আশেপাশে লড়াই যুদ্ধ ও রক্তারক্তি করা ছাড়া নিজেদের আত্মসমানবোধ ও বংশগৌরব বহাল রাখার (?) অন্য কোন পস্থা ছিল না। একজন আরব কবি এই তাৎপর্যেরই ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন।

النار تأكل نفسها ان لم تجد ما تأكله

অর্থঃ "আঞ্চন যদি জ্বালাবার মত কিছু না পায় তাহলে নিজেই নিজেকে জ্বালাতে থাকে।

কিন্তু যখন ইসলামের আবির্ভাব হল তখন আরবদের চোখের সামনে ভেসে উঠলো একটি উনুত লক্ষ্য, মানবতার এক শক্তিশালী প্রগাম। অনুরপ অবস্থা ছিল আফগানীদেরও। ইসলাম পৌছার আগে তাদের জীবন ছিল তথু তাদের নিজেদের জন্যই, কিন্তু যখন তাদের কাছে ইসলামরূপী আল্লাহ্র প্রগাম পৌছল তখন তাদের কান দিয়ে যেন মর্মে প্রবেশ করলো।—

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأَمُّرُونَ بِالْمَعْرُوكِ وَ تَنْهَوْنَ عَنِ الْمُنْكُرِ وَ تُؤْمِنُونَ بِاللّٰهِ .

অর্থ ৪ *তোমরাই শ্রেষ্ঠ দল, মানব জাতির জন্য তোমাদের অভ্যুথান হয়েছে; তোমরা সংকাজের নির্দেশ দান কর, অসংকার্য নিষেধ কর এবং আল্লাহ্ডে বিশ্বাস কর।(৩ঃ ১১০)

তাদের মন-মন্তিক্কে একথা গেঁথে গেল যে, তারা উদ্যানে বা শস্যক্ষেত্রে আপনা আপনি অংকুরিত কোন আজেবাজে লতাগুলা নয়, বরং তাদের জীবনে ও রয়েছে একটা মহৎ উদ্দেশ্য। তাদেরও রয়েছে বিরাট দায়–দায়িত্ব। তাদের চেষ্টা প্রচেষ্টা ও কর্মতৎপরতায় রয়েছে সুমহান লক্ষ্য। তাদের অন্তরে একথা বদ্ধমূল হয়ে গেল যে, তারা এমন একটি জাতি, যাদেরকে মানুষের মঙ্গলের জন্য বিশেষভাবে তৈরী করা হয়েছে। তারা তথু লুটপাট ও খুনাখুনি মনোবৃত্তি চরিতার্থ করার জন্য আপনা আপনি সৃষ্টি হয় নি, বরং তাদের সৃষ্টির মূলে রয়েছে এক অনুপম লক্ষ্য। এইসব চিন্তাধারা তাদের অন্তরকে গভীরভাবে নাড়া দিল। তারা উপলব্ধি করল যে, দুনিয়াকে ফিত্না-ফাসাদ থেকে পবিত্র করার জন্য ততক্ষণ সংগ্রাম চালিয়ে যেতে হবে, ত্যাগ স্বীকার করতে হবে-যতক্ষণ না ইবাদত উপাসনা স্রেফ আল্লাহ্র জন্য নিদিষ্ট হয়ে যায়, মানব জাতি অন্ধকার থেকে আলোয় বেরিয়ে আসে। আল্লাহ্র বান্দারা মুক্তিলাভ করতঃ আল্লাহ্র নৈকট্য লাভে সক্ষম হয়, দুনিয়া ও আথিরাতে প্রকৃত শান্তির সন্ধান পায় এবং অন্যান্য ধর্মের বাড়াবাড়ি থেকে পরিত্রাণ পেয়ে ইসলামী সামা ও সুবিচারের ছত্রচ্ছায়ায় আশ্রয় গ্রহণ করতে পারে। বন্ধুগণ, এই জাতির কাছে কোন পায়গাম ছিল না। ইসলাম অসার সাথে সাথে এদের সামনে এসে হাযির হলো এক মহান পয়গাম, এক মহান জীবন ব্যবস্থা। তারা ইসলামের এই চিরন্তন প্রগামকে বুকে জড়িয়ে ধরলো, আর এই পরগাম ফুঁকে দিল তাদের মধ্যে এক নতুন প্রাণচাঞ্চল্য। তারা চরম বর্বরতা ও মূর্থতার অন্ধকারে কাল কাটাচ্ছিলো, অকর্মণ্যতা ও অসারতার মধ্যে কুটে मतिছिला, এक मानुष জना जना मानुरसत উপत চाপিয়ে দिছিলো जुनुम নির্যাতনের পাহাড়, সবল দুর্বলকে গিলে ফেলার চেষ্টা করছিলো, মানবাধিকার পদদলিত হচ্ছিলো, আঘাতের পর আঘাত আসছিলো ইচ্ছত-সম্মানের উপর, কামনা-বাসনা ও রিপুর তাড়নার পিছনে পাগুলপারা হয়ে সবাই ছুটছিলো-এমতাবস্থায় তাদের দেহে সঞ্চারিত হলো এক নতুন প্রাণ-যার প্রভাবে সঞ্জীবিত ও ঝল্মলিয়ে উঠলো ডাদের মনজগত। এবার তারা নতুন মানুষ, নতুন এক জাতি। তাদের ভূখন্ড সেই আগের ভূখণ্ডই থাকল, আবহাওয়া ও ফোনটি ছিল তেমনটিই রইলো। তাদের দৈহিক আকার–আকৃতি ও পূর্বের মতই থাকলো, অথচ তারা হয়ে গেল নতুন জাতি, এক নতুন মানবগোষ্ঠী।

ছিতীয় কথা হলো, আফগানী জাতি তাদের জীবন অতিবাহিত করছিল অত্যন্ত সীমিত ও বদ্ধ পরিসরে। সৃষ্টিজগত এবং মানবজগত সম্পর্কে তাদের ধ্যান-ধারণা ছিল অত্যন্ত ক্ষীণ। মানুষ কারা ? তাদের কাছে এর উত্তর ছিল, আফগানিরাই মানুষ-যারা এই অঞ্চলে বসবাস করে এখানকার ভাষায় কথা বলে, এই দেশের পোশাক পরে এবং এখানকারই গুণগান গায়। -এই সংকীর্ণ দৃষ্টিভেলী ও মনমানসিকতাই তাদেরকে বন্দী করে রেখেছিল এক সীমিত পরিবেশে ও সংকীর্ণ অংগনে।

জীবন কি ? তাদের কাছে এর উত্তর ছিল, 'পানাহার, আয়েশ–আরাম, আমোদ–ফূর্তি এবং নেতৃত্ব–কর্তৃত্ব। তারা ঠিক সেভাবেই জীবন কাটাত যেভাবে মাছেরা বা ভেকেরা জীবন কাটায় পুকুরে জলাশয়ে। ইসলামপূর্ব যুগে আরব, তুর্কী, ইরানী সবারই ছিল এই একই অবস্থা। ইসলামই তাদের সবাইকে এই সংকীর্ণ অন্ধকার বন্দীখানা থেকে টেনে বের করেছে। যেমন একজন আরব দৃত ইরানের শাহানশাহুকে বলেছিল—

لنخرج من شاء الله من ضيق الدنيا الى سعة الدنيا و الاخرة

" যাকে আল্লাহ্ তাওফীক দেন, আমরা তাকে দুনিয়ার সংকীর্ণতা থেকে বের করে দুনিয়া–আথিরাতের প্রশস্ত আঙ্গিনায় পৌছিয়ে দিই।"

ভদ্রমঞ্জী, আপনাদের পূর্বপুরুষেরা 'মানুষ সম্পর্কে অত্যন্ত সংকীর্ণ দৃষ্টিভঙ্গী পোষণ করতেন। তাদের মধ্যে ঔদার্য ছিল না, উচ্চ দৃষ্টিভঙ্গি ছিল না, চিন্তার গভীরতা ছিল না। ইসলামই তাদেরকে উদার মনোবৃত্তির অধিকারী করেছে। ফলে তাদের দৃষ্টিতে সমগ্র মানুষ একটি মাত্র পরিবারে এবং সারা বিশ্ব একটি মাত্র কৃটিরে পরিণত হয়েছে। আর রাসূলুল্লাহ্ (সা.)—এর এই নির্দেশ তাদের আকীদা—বিশ্বাসের মূল বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে।

کلکم من ادم و ادم من تراب لا افضل لعربی علی عجمی و لا لعجمی علی عربی الا بالتقوی ـ

" তোমরা প্রত্যেকেই আদমের সস্তান এবং আদম মাটি থেকে তৈরী। 'তাক্ওয়া (আল্লাহ্ সম্পর্কে সতর্কতা) এর মাপকাঠি ভিন্ন না কোন অনারবের উপর কোন আরবের প্রকৃষ্টতা রয়েছে, আর না কোন আরবের উপর কোন অনারবের। এরপর তাদের দৃষ্টিভঙ্গির এতই প্রশস্ত হয়ে গেল যে না তারা সমর্থন করত কোন ভৌগোলিক সীমারেখা, জার না মনগড়া ভাগবন্টন। যদি তারা এই উদার দৃষ্টিভঙ্গির অধিকারী না হতেন তাহলে তারাও তাদের বাপদাদার মত শতাব্দীর পর শতাব্দী অন্ধকারের মধ্যেই ঘুরপাক খেতেন।

তৃতীয় উপাদান হলো মজবৃত ও সৃদৃঢ় আস্থা। যখন তারা এক আল্লাহর উপর ঈমান আনলেন, তার রাসূল এবং আখিরাতকে বিশ্বাস করলেন, ভাগ্যকে বিশ্বাস করলেন, উপলব্ধি করলেন যে, মৃত্যুর জন্য একটি সময়ই নির্ধারিত— এ থেকে তা এক মুহুর্তও এগোতে পারবে না, আবার পিছাতেও পারবে না, যখন আল্লাহ্র এই নির্দেশ শুনলেন এবং মনেপ্রাণে তা বিশ্বাস করলেন—

أَيْنَمَا تَكُونُوا يَدُرِكُكُمُ الْمَوْتُ وَ لَوْ كُنْتُمْ فِي بُرُوجٍ مُشَيِّدَةٍ -

অর্থ ঃ "তোমরা ফোনেই থাক না কেন, মৃত্যু তোমাদের নাগাল পাবেই, এমন কি সুউচ্চ সুদৃঢ় দুর্গে অবস্থান করলেও। (৪ ঃ ৭৮)

إذا جَاءَ أَجَلُّهُمْ فَلا يَشْتَأْخِرُونَ سَاعَةً وُّ لا يَسْتَقْدِمُونَ .

অর্থ ঃ "যখন তাদের সময় আসবে তর্খন তারা মুহূর্তকালও বিলম্ব বা ত্বরা করতে পারবে না। (১০ঃ৪৯)

তখন তারা এক নব বলে বলীয়ান হয়ে উঠল। এই বিশ্বাস তাদেরকে আত্মবিশ্বাসী ও আত্মনির্ভরশীল করে তুললো। তারা ভালভাবে বুঝে নিলেন যে মানুষের মৃত্যু একমাত্র তার নির্ধারিত সময়েই আসতে পারে—এক মুহুর্তে আগেও নয়, আবার এক মুহুর্ত পরেও নয়। তারা এও উপলব্ধি করলো যে, সব কিছুই আল্লাহ্র এখতিয়ারাধীন।

তারা কুরআনের সেই আসমানী বাণীও লাভ করলো, যাতে মানুষকে 'আল্লাহ্র বাহিনী এবং 'আল্লাহ্র দ্বীনের সাহায্যকারী আখ্যা দেওয়া হয়েছে।

إِنَّهُمْ لَهُمُّ الْمَنْصُورُونَ ﴿ وَ إِنَّ جُنْدُنَا لَهُمُّ الْغَالِبُونَ ﴿

অর্থ ঃ "জবশ্যই তারা সাহায্যপ্রাপ্ত হবে এবং আমার বাহিনীই হবে বিজয়ী। (৩৭ ঃ ১৭২-৭৩)

اً لاَ إِنَّ حِزْبَ اللَّهِ مُمُّ الْمُقْلِحُونَ -

অর্থ ৪ "জেনে রেথ, আল্লাহ্র বাহিনী হবে সফলকাম ৮ (৫৮ ৪ ২২)
اذًا لَنَتْصُرُ رُسُلَنَا وَ الَّذِيْنَ امْنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَ يَوْمَ يَقُومُ الْأَشْهَادُ –

অর্থ ঃ 'নিশ্চয়ই আমি আমার রাস্লদেরকে ও মু'মিনদেরকে সাহায্য করবো পার্থিব জীবনে ও যে দিন সাক্ষিগপ দণ্ডায়মান হবে। (৪০ ঃ ৫১)

وَ اللَّهِ الْعَرَّةُ فَ لِرَسُّولِهِ وَ الْمُؤْمِنِينَ -

অর্থ ঃ "সমান তো আল্লাহ্,তার রাসূল ও বিশ্বাসীদেরই। – (৬৩ ঃ৮)

وَ لاَ تَهِنُواْ وَ لاَ تَحْزَنُواْ وَ انْتُمُ الْآعُلُونَ انْ كُنْتُمُ مُؤْمِنِينَ -

অর্থ ঃ "তোমরা হীনবল হয়ো না এবং দুঃখিতও হয়ো না ; তোমরাই বিজয়ী যদি তোমরা মু'মিন হও। – (৩ ঃ ১৩৯)

 কুরআনের এ ধরনের অন্যান্য আয়াতও যখন তারা শুনতে পান তখন তাদের ইয়াকীন ও বিশ্বাসের মধ্যে আরো দৃঢ়তা আসে।

এই সুযোগে আমি আপনাদেরকে একটি ঐতিহাসিক কাহিনী শ্বরণ করিয়ে দিতে চাই। মুসলিম সেনাপতি হ্যরত সাদ বিন আবী ওয়াক্কাস (রা.) যখন তার বাহিনী নিয়ে তরঙ্গ—মুখর দজলা নদীর জীরে পৌছলেন তখন এক মুহুর্তের জন্য থমকে দাঁড়ালেন। দজ্লার তরঙ্গরাজি একটির পর অন্যটি আছড়ে পড়ছিল, প্রবাহিত হচ্ছিল প্রবল ঝড়বাত্যা। হ্যরত সাদ পরিস্থিতি পর্যবেক্ষণ করতে গিয়ে ডানে বায়ে দৃষ্টি ফিরালেন। এরপর হ্যরত সালমান ফারসীর দিকে মুখ করে তার পরামর্শ চাইলেন—অর্থাৎ তরঙ্গ সংকুল নদীতে ঝাপিয়ে পড়বো, না ফিরে গিয়ে এটা অতিক্রম করার জন্য পুল তৈরীর ব্যবস্থা করবো ? হ্যরত সালমান ফারসী সে জিজ্ঞাসার উত্তরে যে চিরশ্বরণীয় বাক্যটি উচ্চারণ করেছিলেন ইতিহাস তা সংরক্ষণ করেছে। তিনি বলেছিলেন,

"এই ধর্ম সতেজ এবং নতুন। আমার পরিপূর্ণ বিশ্বাস, আল্লাহ্ এই ধর্মকে জয়ী করবেনই। আর এটা পরিষার কথা যে, এটা যে পর্যন্ত পৌছার কথা, সেখানে এখনো পৌছেনি এমতাবস্থায় আমি কি মনে করতে পারি যে, এই ধর্মের পর্যাম বহনকারীরা নদীতে ডুবে মারা যাবে?"

হ্যরত সাশমান ফারসীর এই বাক্য ছিল গভীর অর্থবহ। যখন এই ধর্ম সতেছ এবং নতুন এটা নিশ্চয়ই নতুন বিশ্ব গঠন, বিশ্ববাসীর নেতৃত্বদান এবং মানবতার দিকে পথ প্রদর্শনের ক্ষেত্রে তার যথাযোগ্য অবদান রাখবে। স্তরাং সেনাপতি হ্যরত সাদ বিন আবী ওয়াক্কাস (রা.) তাঁর বাহিনীকে নির্দেশ দিলেন, 'নিজ্ঞ নিজ্ঞ ঘোড়া নিয়ে ঝাপিয়ে পড় এবং নদী পাড়ি দাও। ঐতিহাসিক তাবারীর বর্ণনা অনুযায়ী ইরানীরা যখন এই ঘটনা প্রত্যক্ষ করলো তখন সমস্বরে চীৎকার দিয়ে উঠলো, 'মানুষ নয়, মানুষ নয়, এরা ছিল্লন, এরা ভূত। এটাই ছিল ইয়াকীন, এটাই ছিল বিশ্বাস, যা তাদের অন্তরের গভীরে বাসা বেধৈছিল এবং তাদেরকে রূপান্তরিত করেছিল নতুন মানুষে।

আফগানী যুবকবৃদ্দ, বন্ধুরা আমার, এসো, নিজেদের ইতিহাসের প্রতি একবার তাকাও, লক্ষ্য করো, সুলতান মাহমূদ গযনতী কিতাবে বিরাট বিরাট দেশ জয় করে চলেছিলেন। ইতিহাস বলে, তিনি সতের বার তারত আক্রমণ করেছিলেন। দুর্বার বেগে ঢুকে পড়েছিলেন এর অভ্যন্তরে, পৌছে গিয়েছিলেন সুদূর দক্ষিণ ও পূর্ব সীমান্তে। এমতাবস্থায় য়ে, না তার কাছে ছিল কোন রসদ সামগ্রী আর না আশা ছিল পিছন থেকে কোন সাহায্য সামগ্রী পৌছার। তার রাজধানী পড়ে রয়েছিল অনেক দূরে, মধ্যখানে আকাশচুমী পাহাড়, দুর্গম বন্ধুর রাস্তা, সংকীর্ণ সর্পিল গিরিপথ। এর প্রধান কারণ হলো, তাঁরা এই সমস্ত অভিযান এবং যুদ্ধ বিগ্রহকে ঠিক ততটুকুই গুরুত্ব দিতেন যতটুকু গুরুত্ব দিয়ে থাকেএকজন অভিজ্ঞ খেলোয়াড় কোন প্রতিযোগিতামূলক খেলাকে। আল্লাহ্র উপর তাদের পরিপূর্ণ আস্থা ছিল। উপরস্থু তাঁরা মনে করতেন, জিহাদ একটি ইবাদত এবং এ পথে শাহাদত বরণ করার মৃত্যু নেই, সে অমর। এর উপর তাঁদের বিশ্বাস ছিল অত্যন্ত সুদৃঢ়। তাঁরা নিজেদেরকে ইসলামের বার্তাবাহী বলে মনে করতেন এবং স্বেছাসেবী মনোবৃন্তি নিয়েই ভারতের প্রান্তে প্রান্তের দায়ের দান্তর্যাত পৌছানোর দায়িত্ব নিজেদের ঘাড়ে তলে নিয়েছিলেন।

বন্ধুগণ, আমি উপরে যে সমস্ত গুণাবলীর উল্লেখ করেছি তা শুধু ব্যক্তিগঠনের ক্ষেত্রে নয়, জাতি গঠনের ক্ষেত্রেও বিরাট ভূমিকা পালন করে থাকে। ব্যক্তিগঠনের বিষয়টিও খুবই গুরুত্বপূর্ণ, তাই মনোবিজ্ঞান এবং শিক্ষা ও প্রশিক্ষণ বিশেষজ্ঞরা এ বিষয়টিকে তাদের মূল আলোচ্য বিষয়সমূহের অন্তর্ভুক্ত করেছেন। কিন্তু আমি এখানে জাতিসমূহের কর্মকান্ড সম্পর্কেই আলোচনা করছি। যা হোক ঐ গুণাবলী আফগান জাতিকে এমন উচ্চ সন্মান ও উচ্চ মর্যাদায় প্রতিষ্ঠিত করেছিল যে, অন্যের পক্ষে তাদেরকে পরাজিত করা তো দূরের কথা, তাদের মুকাবিলা করাই ছিল অসম্ভব, এমন কি অকল্পনীয়। যখন কোন জাতির সংগঠকরা এই সমস্ভ গুণ থেকে বঞ্চিত হয়ে পড়ে তখন সে জাতি পরাজয় ও বিফলতার সন্মুখীন হয়। আর আমার ভয় হচ্ছে, ইতিহাসের এই নাজুক মুহূর্তে আফগানী জাতি নিজেদের এই শক্তিশালী ও নেতৃত্বসূলত বৈশিষ্ট্যাবলী থেকে না জানি বঞ্চিত হয়ে পড়ে এবং আল্লাহ্ না করুন, সে যুগ যেন আবার চলে না আসে যখন তারা ইসলাম সম্পর্কে অজ্ঞ এবং ইসলামী আহ্বান থেকে বঞ্চিত ছিলেন।

আমার যুবক বন্ধুদের বিশেষভাবে বলতে চাই, আপনারা জাতির মন-মস্তিকে ঐ সমন্ত ধ্যান-ধারণা পুনরায় ঢুকিয়ে দিন, ঐ গুণাবলীকে প্রতিপালন করুন, সংরক্ষণ করুন, জাতিকে ঐ বৈশিষ্ট্যাবনীতে ভৃষিত করে তুলুন। কেননা আপনাদের জাতি এখনো সেই প্রাচীনতম জাতি, সেই পর্বতশ্রেণী, বনরাজি, নীল আকাশ, সবুজ উপত্যকা পূর্বে যেমনটি ছিল তেমনটিই রয়ে গেছে, হাজার হাজার বছর পূর্বে কাবুল নদী যেমন বয়ে চলত এখনো তেমনি বয়ে চলেছে। এই ভূখণ্ডে আল্লাহ্র যে নিয়মাতরাজি পূর্বে ছিল এখনো তাই আছে, সেই মজাদার ফল, সেই মিঠা পানি, সেই অমূল্য অবদানরাজি এখনো হবহ রয়ে গেছে। কিন্তু এক্ষেত্রে আসল বিষয় হলো, জাতিগঠনের উপাদানরাজি, জীবনের লক্ষ্য ও উদ্দেশ্যাবলী এবং আত্মবিশ্বাস ও কর্মচাঞ্চল্য সৃষ্টির নিদর্শনাবলী। এগুলোর মাধ্যমেই নির্ধারিত হবে জাতির ভাগ্য, খুঁজে পাওয়া যাবে যোগ্যতা ও দক্ষতা প্রকাশের অনুকৃষ স্থান ও পরিবেশ, সন্ধান মিলবে অনুকরণীয় ও অনুসরণীয় আদর্শ নেতার। আল্লামা ইকবাল এই গৃঢ় রহস্যেরই সন্ধানে ছিলেন। আল্লাহ্র দরবারে তিনি মুসলমানদের দৈন্য বিপর্যন্ত অবস্থা ও বিপদ–বাধার অভিযোগ উথাপন করলে জবাব আসে, 'এই সমস্ত লোক লক্ষ্যহীন জীবন অতিবাহিত করছে, তাদের সামনে এমন কোন প্রকৃষ্ট নমুনা বা আদর্শ-ব্যক্তিত্ব নেই যার প্রেমে নিজেদের অন্তর সিক্ত করবে, যার প্রশংসার গীত গাইবে এবং যার পদাংক অনুসরণ করে সার্থক করবে নিজেদের ব্যক্তিগত ও জাতীয় জীবন।

আফগান যুবকবৃন্দ, আপনাদের উপর আল্লাহ্র বিশেষ অবদান রয়েছে। তিনি কোন জিনিষেরই ঘাটতি রাখেননি আপনাদের মধ্যে। মনে রাখবেন–

إِنَّ اللَّهُ لاَ يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ •

অর্থ ঃ "আল্লাহ্র কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না ওরা নিজ অবস্থা নিজে পরিবর্তন করে।'' –(১৩ ঃ ১১)

.আল্লাহ্ তা'আলা এত মহান যে, তিনি কোন জাতিকে কিছু দান করার পর তা কখনো কেড়ে নেন না, যতক্ষণ না ঐ জাতি কৃতমু হয়ে পড়ে।

لَهُمْ تَنَ إِلَى الَّذِيْنَ بَدَّلُوا نِعْمَةَ اللَّهِ كُفْرًا قُ اَحَلُّوا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ •

অর্থ ঃ "তুমি কি ওদেরকে লক্ষ্য কর না যারা আল্লাহ্র অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশের বদলে তা অস্বীকার করে এবং ওরা ওদের সম্প্রদায়কে নামিয়ে আনে ধ্বংসের ক্ষেত্রে।''-(১৪ ঃ ২৮)

এটা একেবারে ঐতিহাসিক সত্য কথা। এতে সন্দেহের কোন অবকাশ নেই। আসল বিষয় হলো, আত্মজ্ঞান ও আত্মজিজ্ঞাসা। নিজে– দের মূল্য, নিজেদের সম্মান ও মর্যাদা সম্পর্কে সচেতন হোন, নিজেকে জানার ও বুঝার চেষ্টা করুন।

আল্লামা ইকবাল কী সুন্দরই না বলেছেন

اپنے من میں ژوب کر پاجا سراع زندگی تو اگر میرا سین بنا نه بن اپنا تو بن

"নিজের মধ্যে ডুব মেরে বের করে নাও জীবনের সন্ধান। তুমি আমার জন্য না হতে চাও নাই বা হলে, অস্ততঃ নিজের জন্য তো হও।

যে কোন জাতির জীবন 'ব্যক্তিত্ব ও 'পয়গাম লক্ষ্যবস্তু)—এর কাছে দায়বদ্ধ

এই বন্ধৃতা ৯ই জুন, ইং ১৯৭৩ সনে সউদী দৃতাবাস আয়োজিত ও হোটেল কাবুলে অনুষ্ঠিত অভ্যৰ্থনা ও নৈশভোক্ত অনুষ্ঠানে প্ৰদন্ত]

সমস্ত প্রশংসা আল্লাহ্র এবং দর্মদ ও সালাম তার রাস্লের উপর।

উপস্থিত ভদ্রমণ্ডলী,

আজকের এই সন্মিলনের সুযোগ গ্রহণ করে আমি কয়েকটি গুরুত্বপূর্ণ কথা বলতে চাই। সর্বপ্রথমে আমি রাবিতা—ই—আলমে ইসলামীর পক্ষ থেকে এবং এই প্রিয় দেশ সফরকারী প্রতিনিধিদলের পক্ষ থেকে, বিশিষ্ট ব্যক্তিদের এই পবিত্র সমাবেশকে খোশ আমদেদ জ্ঞানাই। আফ্যানিস্তান সরকার এবং আফগ্রন জনসাধারণা আমাদেরকে যে আন্তরিক ও জ্রাক—জমকপূর্ণ অভ্যর্থনা জ্ঞাপন করেছেন, আমাদের প্রতি যে সন্মান দেখিয়েছেন সেজন্য আমরা তাদের কাছে কৃতজ্ঞ। অবশ্য এতে অবাক হওয়ারও কিছু নেই; কেননা ভদ্রতা, শিষ্টাচার এবং অতিথিপরায়ণতা এই জ্ঞাতির এক একটি আদি ও অকৃত্রিম বৈশিষ্ট্য। একটি বিখ্যাত আরবী প্রবাদ হলো—

الشئي من معدنه لا يستغرب

*কোন বস্তুকে তার উৎসস্থলে বিশায়কর মনে হয় না।

সত্যি বলতে কি এই আদি গুণাবলী উদ্ধাসিত ছিল এই জাতির প্রতিটি গৌরবময় কর্মকাণ্ডে, বীরত্বে ও ত্যাগ স্বীকার, সামাজিক তথা প্রতিটি ক্ষেত্রে—একেবারে পরিপূর্ণ অর্থে। এই গুণাবলীই এদেরকে দেশের সীমিত গণ্ডী থেকে টেনে বের করেছিল এবং আকাশ চুম্বী পর্বতমালা ডিগাতে বাধ্য করেছিল। তারাণ ইসলামের মশাল, নতুন সভ্যতা—সংস্কৃতি এবং সুশাসন ও সুব্যবস্থাপনার বিশায়কর দক্ষতা নিয়ে পাক—ভারতের সুদূর প্রান্ত পর্যন্ত গিয়েছিল। আমি এই জাতি এবং তাদের কৃতিত্বপূর্ণ অতীত কাহিনী অধ্যয়নে আমার জীবনের একটি উল্লেখযোগ্য অংশ ব্যয় করেছি, আফগানিস্তানের নিকট প্রতিবেশী ভারতের নাগরিক হিসাবে অনেক আগেই আমার এদেশ সফর করার কথা, কিন্তু আল্লাহ্র ইচ্ছায়ই এতদিন তা হয়ে উঠে নি। হয়ত এর মধ্যেও আল্লাহ্র কোন হিকমত ও রহস্য নিহিত রয়েছে।

সম্মানিত ভদ্রমণ্ডলী, প্রাচীন যুগে আরবরা এই দেশকে একটি দূর দূরান্তের দেশ বলেই মনে করত। তখন সফরের দূরত্ব এবং রাস্তার বন্ধুরতা বুঝবার জ্বন্য দৃষ্টান্ত হিসাবে এই দেশেরই উল্লেখ করা হত। তখন এই গোটা এলাকাকে খুরাসান বলা হত। একজন আরবী কবির ভাষায়–

قالوا خراسان اقصى ما يراد بنا ثم القفول فقد جئنا خراسان

''লোকেরা বললো, খুরাসানই আমাদের শেষ গন্তব্যস্থল, এরপর প্রত্যাবর্তন। তাহলে ধরে নাও আমরা খুরাসানে পৌছে গেছি।

হাঁ, আমরাও খুরাসানে পৌছে গেছি, প্রবেশ করেছি আফগানিস্তনে, চোখ ভরে দেখেছি এর সবুজ শ্যামল ভূখও, আল্লাহ্ প্রদন্ত সৌলর্য, আস্থাদন করেছি এর সাস্থ্যকর আবহাওয়া। কী সৃন্দর করেই না গড়েছেন আল্লাহ্ তা'আলা আফগানিস্তানকে! একজন আরবী কবি বলেন,

و لما نزلنا منزلا طله الندى + أينقا و بستانا من النور خاليا اجد لنا طيب المكان و حسنه + منى فتمنينا فكنت الامانيا

"ফানই আমরা এমন কোন সুন্দর শোভনীয় স্থানে পৌছি, যে স্থানটিকে আর্দ্র করে রেখেছে কুচ্ছ্রটিকা, সুশোভিত করে রেখেছে ফুলের কলিসমূহ এবং স্থানটি জাগিয়ে দেয় আমার ঘুমন্ত বাসনাসমূহ তখন তুমিই পরিণত হও আমার বাসনার লক্ষ্যবস্তু।

এই দেশে প্রবেশ করার সময় আমাদের অবস্থাও হয়েছিল তাই।
আমাদেরকে ধরেছিল ঐ একই নেশায়। কথায় কথা বাড়ে, এক জিনিধের
পিছন ধরে জন্য জিনিষ এসে পড়ে। এই ভূখণ্ড এবং এতে প্রদন্ত আল্লাহ্
তা আলার অপরিসীম সৌন্দর্যাবলী—আমার অন্তরে জীবন্ত করে তুলেছে সেই
সন্তারই পূণ্যস্তি, যিনি আমাদের জীবনের কায়া পান্টে দিয়েছেন, পুরাতন
জগত থেকে পৌছে দিয়েছেন এক নতুন জগতে এবং দিয়েছেন আমাদের
জীবনালেখ্য।

মনে রাখবেন, সেই সন্তা হচ্ছেন আমাদের প্রিয় নবী হ্যরত মুহামদ (সা.)। তাঁর আবির্তাবের পূর্বে আমাদের দেহ ছিল, কিন্তু প্রাণ ছিল না, আমাদের নাম ছিল কিন্তু নামের কোন সার্থকতা ছিল না, আমাদের কায়া ছিল কিন্তু তাতে মায়া ছিল না। জাতি গোষ্ঠী ছিল কিন্তু তাদের জীবনের কোন লক্ষ্য ছিল না। তাদের কাছে মানব জাতির জন্য কোন প্রগাম ছিল না। এই সন্তাই ঐ সমস্ত জাতি গোষ্ঠীর নতুন গুণে গুণান্থিত করেছেন, সুসজ্জিত করেছেন নতুন বৈশিষ্ট্যাবলীতে পৌছিয়ে দিয়েছেন তাদের কাছে নতুন প্রগাম। জনৈক আরব মুসলমান এই প্রগাম নিয়ে শাহান–শাহ–ই–ইরানের দরবারে পৌছলে শাহানশাহ জিজ্ঞাসা করেছিলেন, তুমি কি উদ্দেশ্যে এখানে এসেছ ? সে উত্তরে বলেছিল–

" আল্লাহ্ তা আলা আমাদেরকে এ জন্য পাঠিয়েছেন, যাতে আমরা তারই মর্যী মত মানুষকে মানুষের দাসত্ব থেকে মুক্ত করি, এক আল্লাহ্র দরবারে তাদেরকে সিজ্ঞদাবনত করিয়ে দিই, অন্যান্য ধর্মের জুলুম অত্যাচার থেকে তাদেরকে রক্ষা করি এবং আসলামের ন্যায় বিচারের ছায়াতলে তাদের স্থান করে দিই।

আপনারা যে জাতি ও যে দেশের প্রতিনিধিত্ব করছেন তা অত্যন্ত আন্তরিকতার সাথেই করছেন বলে আমি মনে করি। তবে আমার একান্ত কামনা, আপনারা যেন আমার ধারণার চাইতেও উৎকৃষ্টতর প্রমাণিত হন। সাথে সাথে আমি এটাও মনে করি যে, আপনাদের দায়িত্ব ও কর্তব্যের একটি বাড়তি চাহিদা হচ্ছে, আপনারা যেন আপনাদের কর্মতৎপরতা গতানুগতিক ক্লটিনের গণ্ডীর মধ্যে সীমিত না রাখেন।

প্রাচ্য আপনাদের কাছে এই নাজুক মুহুর্তে অনেক কিছু দাবী করে। প্রাচ্য আজ উনুত বিশ্বের অনেক পিছনে। পাশ্চাত্য আজ যে হুকুম জারী করে প্রাচ্য তা মেনে নিতে বাধ্য হয়, পাশ্চাত্য বলে আর প্রাচ্য স্তনে, পাশ্চাত্য নেতৃত্ব দেয় আর প্রাচ্য তা অনুসরণ করে, পাশ্চাত্য উস্তাদ আর প্রাচ্য শাগরিদ, পাশ্চাত্য ভোজনবিলাসী আর প্রাচ্য তার উচ্ছিষ্টভোজী, প্রাচ্যবাসীদের আজ না আছে কোন ব্যক্তিত্ব, আর না আছে সস্তাতা এবং সংস্কৃতি ব্যক্তিত্ব এবং পর্য়গামকে আশ্রয় করেই জীবিত থাকে। অতএব আজ প্রাচ্যের জন্য ব্যক্তিত্ব ও পর্য়গামের প্রয়োজন—এমন ব্যক্তিত্ব যার মধ্যে ক্ষমতা থাকবে, আস্থা থাকবে—থাকবে দৃঢ়তা। আত্মবিশ্বাস, আত্মজ্ঞান, উদ্ভাবনী শক্তি ও নব নব আবিষ্ণারের দক্ষতা, আর এমন প্রগাম, যার মধ্যে আন্তরিকতা, পবিত্রতা, দয়া, সহদরতা, সাম্য, ন্যায় বিচার, শান্তি প্রিয়তা এবং দ্রাতৃত্ববাধ। একালে এবং সেকালের নিকুচি করার কোন প্রয়োজন আপনাদের নেই— প্রগাম

আপনাদের সামনেই রয়ে গেছে, আর তা হচ্ছে ইসলামের প্রগাম, যা দারা আলা হ তা' আলা ধন্য করেছেন আপনাদেরকে। আমরা ইসলামেরই বার্তাবাহী। আমাদের আর কোন ধর্মের প্রয়োজন নেই, প্রয়োজন শুধু এই প্রগামের জন্য আবেগ ও অনুপ্রেরণার। মুসলমাদেরকে আত্মপরিচিতি লাভ করতে হবে এবং কর্মনিষ্ঠা ও কর্মতৎপরতার মাধ্যমে তার প্রকাশও ঘটাতে হবে, যাতে দুর্দেব ও দূরদৃষ্ট কেটে গিয়ে সেই অতীতের সোনালী ইতিহাসের পুনরাবৃত্তি ঘটে।

णिका :

- ১. হায়িব্রুল আলিমূল্ ইসলামী ৪ ২য় খন্ড ৪ পৃষ্ঠা-১৯৭
- ২. হিজরী পঞ্চম শতাদীর শুরুতেই সুলতান মাহমূদ গন্ধনতী পাক-ভারতের উপর আক্রমণ পরিচালনা করেন এবং এখানে ভিত্তি স্থাপন করেন ইসলামী রাষ্ট্রের।
- ৩. হিন্দ-আফগান বলতে পাক-ভারত বাংলাদেশ তথা গোটা মহাদেশকে বুঝায়। -অনুবাদক
- ৪. আল্লামা মুহাম্মদ আসলামে হিরাভী (মৃত্যু হিঃ ১০৬১ সন), তাঁর স্থনামধন্য পুত্র এবং 'মান তিক' (তর্কশাস্ত্র)—এর বিখ্যাত গ্রন্থ রিসালা—ই—মীর যাহিদ'এর গ্রন্থকার মীর যাহিদ (মৃত্যু হিঃ ১১০১) এবং পাক-ভারতে আগত জন্যান্য আফগানী আলিমদের জীবনালেখ্য সম্পর্কে অবহিত হওয়ার জন্য মাওলানা আবদ্দ হাই হাসনী (রহ.) লিখিত গ্রন্থ 'নায্ হাতুদ খাওয়াতির' –বিশেষভাবে এর পঞ্চম ও ষষ্ঠাবও দ্রন্থীর;
- ৫. এদের মধ্যে শাহ ওয়ালীউল্লাহ্ মুহাদ্দিসে দেহলজী (মৃত্যু হিঃ ১১৭৬) এর নাম সর্বাধিক উল্লেখযোগ্য। তিনি আফগান সরদার আহমদশাহ আবদালীকে বেশ কয়েকটি পত্র দিখেন, যার দ্বারা তার সৃক্ষবুদ্ধি ও দ্রদর্শিতার পরিচয় পাওয়া য়য়। বিস্তারিত বিবরণের জন্য ক্রইব্য-শাহ্ ওয়ালীউল্লাহ কে সিয়াসী খুতৃতঃ প্রফেসর খালীক আহমদ নিয়ামী।
- ৬. আফশানিস্তানে এখনো (১৯৭৮ইং) সেই পরিবারই ক্ষমতাসীন রয়েছে। সাইয়িদ আহমদ শহীদের আহবান ও আন্দোলন সম্পর্কে জানতে হলে এই লেখকের 'সীরাতে সাইয়িদ আহমদ শহীদ দ্রষ্টব্য।
- ৭. 'সীরাতে সাইয়িদ আহমদ শহীদ', যার প্রথম সংক্ষারণ ১৯৩৯ সালে প্রকাশিত হয়। লেখক এতে পরিবর্ধন–প্রক্রিয়া বরাবর জারী রাখেন। সম্প্রতি দু'খতে এর বর্ধিত সংক্ষরণ লাহোর থেকে প্রকাশিত হয়েছে, যার প্রতিটি খণ্ড ৫০০ পৃষ্ঠা সম্বলিত।
- ৮. আমীর শাকীর আরসাঁলা তাঁর 'হাফিরল আলমিল ইসলামী' গ্রন্থের মূল্যবান টীকায় আমীর আবদুর রহমানের রাজনৈতিক ও প্রশাসনিক বৈশিষ্ট্যবিলীর উল্লেখ করার পর দিখেছেন, "তিনি পূর্বদিকে রাষ্ট্রের সীমা বৃদ্ধি করেন, ওয়াদীয়ে কৃষ্ণবিস্তানকে পদানত করেন এবং তারই মাধ্যমে আল্লাই তা'আলা দেখানকার অধিবাসীদেরকে ইসলামের দিকে আকৃষ্ট করেন। তিনি সে স্থানের নাম রাখেন নূরিস্তান। সংক্ষেপে বলতে গেলে, তাঁরই যুগে

আফগানী জাতি সুখ-সমৃদ্ধির সন্ধান পায় এবং ঐক্যের তাৎপর্যও অনুধাবন করে। তিনি দেশ পুনর্গঠনেও আঅনিয়োগ করেছিলেন। ১৩১৯ হিঃ, মৃতাবিক ১৯০১ সন তিনি ইন্ তিকাল করেন। সুষ্ঠু রাষ্ট্রীয় ব্যবস্থাপনা এবং সংকল্পের দৃঢ়তার ক্ষেত্রে তিনি ছিলেন তাঁর যুগের প্রেষ্ঠতম রাষ্ট্রনায়কদের অন্যতম। (হাযিরুল আলমিল ইসলামীঃ দিতীয় খণ্ডঃ পুঠা-২৭৯)।

- ১. কাব্যানুবাদ ঃ মাও. কবি রহণ আমীন খান
- ১০. তিনি ২৫ মুখ্যররামুল হারাম ১৩৭৬ হিঃ ইনতিকাল করেন। এই লেখক সৌভাগ্যক্রমে লাহোর এবং মকা মুয়ায্যামায় তাঁর সাক্ষাৎ পেয়েছিলেন।
- ১১. মাওলানা সাই ফুর রহমান সীমান্ত প্রদেশে জ্বনাহাহণ করেন এবং এখানেই প্রাথমিক শিক্ষা লাভ করেন। ভারপর হিন্দুস্তানের দিকে রওয়ানা হন। সেথানে মাওলানা লৃত্যুক্মাহ্ আলীগড়ীর কাছে বিজ্ঞান ও অংকশান্ত এবং মাওলানা রাশীদ আহমদ গান্ত্রীর কাছে হাদীস শান্ত্র অধ্যয়ন করেন। বেশ কয়েক বছর টুংক রাজ্যের মান্তাসাই—নাসিরিয়ায় শিক্ষকতা করেন এবং সেখানে বসভিও স্থাপন করেন। কিছুদিন ফভেহপুরীতেও শিক্ষকতা করেন। শায়খুল হিন্দ মাওলানা মাহমূদ হাসান সাহেবের সাথে তার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং তিনি তাঁর জিহাদী আন্দোলনের বিশেষ সদস্যও ছিলেন। মাওলানা এই লক্ষ্য সামনে রেখেই হিন্দুস্তান থেকে হিল্প-রত করেন এবং সীমান্ত প্রদেশের বিখ্যাত মুক্সাহিদ হাজী তুরংগ্যায়ীর নেতৃত্বে ইংরেজনের বিরুদ্ধে যুদ্ধ করেন। এই প্রচেষ্টায় বিফল হওয়ার পর তিনি হিল্পরত করে কাবুলে চলে যান এবং সেখানে কিছু কিছু গুরুদ্বপূর্ণ পদেও অধিষ্ঠিত হন। পাক্সিন্তান প্রতিষ্ঠিত হওয়ার পর তিনি পেশাওয়ারে প্রত্যাবর্তন করেন এবং ৭ জ্বমাদি—উল ভলা ১৩৬৯ হিল্প আনন হাম মিপুরান্তে ইন্তিকাল করেন। মিধারান্ পেশাওয়ারের উত্তরে অবস্থিত। মাওলানা অত্যন্ত সাহসী, উচ্চাকাংক্ষী, প্রতিভাধর ও ধী—সম্পন্ন আলিম ছিলেন। তিনি ছিলেন ইংরেজনের কট্টর শানু। পাক-ভারতে তার অনেক ছাত্র রয়েছে।
- ১২. হাকীম সানাযীর নাম ছিল মাজদৃদ এবং উপাধি ছিল আবুল মাজদ। তিনি বাহরাম শাহ গফাতীর যুগের লোক। মতান্তরে তিনি ৫২৫, ৫৪৬ হিঃ অথবা ৫৭৬ সলে ইনতিকাল করেন। তিনি একজন প্রথম সারির সৃষ্টী কবি ছিলেন। সর্ব প্রথম তিনিই সংচরিত্র, শিষ্টাচার এবং মানবতার মাহাত্ম্যকে কাব্যের প্রতিপাদ্য বিষয়ে পরিণত করেন এবং এর উপারই সর্বাধিক শুরুত্ব আরোপ করেন। আবেল সৃষ্টি এবং প্রভাব বিস্তার ছিল তার ভাষার বৈশিষ্ট্য।
- ১৩. এই কবিতাটি ইকবালের কাব্যগ্রন্থ 'বালে জিবরীল' –এর প্রাথমিক কবিতাওলোর জন্যতম। এর সংক্ষিপ্ত ব্যাধ্যা ও সাধারণ ভাবার্থ 'ইকবাল গ্যনী মে' শিরোনামে 'নুকূশে ইকবাল' গ্রন্থেছে।
- ১৪. উর্দৃ অনবাদ 'শে' বল্ল আজম' থেকে গৃহীত। বাংলা কাব্যানুবাদ ঃ মাও. কবি রহল আমীন খান।

- ১৫. কাবৃদ থেকে চলে যাবার মাত্র পাঁচ সপ্তাহ পর যখন আমরা মক্কায় ছিলাম তখন কাবৃলের আকস্মিক বিপুবের কথা জানতে পারি। শাহ এক সরকারী সফরে ইতালী গিয়েছিলেন। তার অনুপস্থিতিতেই সামরিক বাহিনী তাকে সিংহাসন চ্যুত করে। আমরা জানতে শেরেছি যে, এই বিপ্লবের মূল হোতা সরদার মুহাম্মদ দাউদ খানই জিলেন এবং তিনিই সর্বপ্রথম আফগানিস্তান সাধারণতন্ত্রের সদর বা সভাপতি নির্বাচিত হন।
- ১৬. অভিজ্ঞ মহল থেকে জানা গেছে, আফগানিস্তান প্রথম প্রথম সাহায্যের জন্য আমেরিকার কাছে আবেদন জানায়। কিন্তু 'আফগানিস্তান সীমাতিরিক্ত অনগ্রসর' –এই অজুহাতে আমেরিকা তাকে সাহায্য প্রদানে অধীকার করে। রাশিয়া এই সুযোগে আফগানিস্তানের দিকে সাহায্যের হাত বাড়ায়। এভাবে আমেরিকা আর একটি প্রাচ্য দেশকে রাশিয়ান ব্রকের অন্তর্ভুক্ত হতে বাধ্য করে।

সুন্দরের দেশ স্বপ্নের দেশ ইরান ২

ইরান সফরের বাসনা

বিজ্ঞান ও প্রজ্ঞার লালনক্ষেত্র, আরবী ভাষা ও সাহিত্যের স্থানমখ্যাত গ্রন্থকারদের জন্মস্থান, সৃশীল চিন্তা, সৃন্দর কল্পনা ও মিটি মেজাজের দেশ এবং 'হাচ্যের গ্রীস' ইরান সফরের বাসনা আমার আজন্মকালের। এই স্থপ, এই আশা বুকে নিয়ে জীবন কাটাচ্ছিলাম। ইরানের বাসন্তিক রূপশোভা আমার কল্পনা—চোখে ভেসে বেড়াচ্ছিলো। অন্তরচোখে নিরীক্ষণ করছিলাম ইরানের প্রাণোচ্ছুল জীবন ধারা, সুরেলা প্রান্তর, রমনীয় পরিবেশ, প্রাণহরা মাতালকরা আচার ভংগিমা – যা যুগে যুগে থেমে থেমে জীবন্ত হয়ে উঠেছে নিত্য নতৃন চিন্তাধারণা, চিরন্তন ধর্ম ও দর্শন রূপে, যেখানে চর্চা হয়েছে এমন তাসাউফ ও আধ্যাত্মবাদের যা ছিল মর্মবাদী ও প্রেমাশক্তিতে ভরপুর, নিত্যনতৃন চিন্তাভাবনা ও অভিজ্ঞতায় পরিপূর্ণ।

শেষ পর্যন্ত আমার আশা পূরণ হলো তখন, যখন জীবনের অনেকগুলো স্তর অতিক্রম করে ফেলেছি, সুন্দর সুন্দর ভাবনা কল্পনায় অন্তরকে সিক্ত করার ফলে তাতে প্রকৃত সত্যের সন্ধান স্পৃহা প্রাধান্য লাভ করেছে। সম্ভবতঃ এটা ভালই হয়েছে।

সফরের উপলক্ষ

মুসলিম বিশ্বের বিভিন্ন অঞ্চলে বসবাসকারী মুসলমানদের অবস্থা পর্যবেক্ষণের জন্য রাবিতায়ে আলমে ইসলামী একটি ব্যাপক কর্মসূচী তৈরী করেছিল। এই কর্মসূচীর মাধ্যমেই আফগানিস্তান ও ইরান স্বচক্ষে দেখার আমার বহু দিনের বাসনা পূরণ হলো। আর সভিত্য কথা বলতে গেলে, রাবিতায়ে আলমে–ইসলামীর প্রতিনিধিদল ইরানের সাহিত্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্বের সাথে সাক্ষাৎ; বিভিন্ন সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান ও ঐতিহাসিক নিদর্শনাবলী পরিদর্শন তথা ইরান সফরের মূল লক্ষ্য ও উদ্দেশ্যকে সার্থক, চরিতার্থ এবং অধিকতর উপকারী ও কল্যাণমুখী করে তোলার ব্যাপারে চেষ্টার কোনই একটি করেনি।

ইরানী আওকাফ মন্ত্রণালয়ের প্রেসিডেন্ট ও সহকারী প্রধানমন্ত্রী ডঃ মন্চেহের আযমূন অত্যন্ত আন্তরিকতার সাথে প্রতিনিধিদলের পৃষ্ঠপোষকতা করেন এবং ইরান সফরকালীন তাদের যাবতীয় দায়দায়িত্ব আওকাফ মন্ত্রণালয়ের হাতে অর্পণ করেন। রাবেতার প্রতিনিধিদল ডঃ আযমূনের কাছে,

তার এই অনুগ্রহ ও আন্তরিকতার জন্য বিশেষভাবে ঋণী এবং ইরানীদের কাছে তাদের ঐতিহ্যগত বদান্যতা ও অতিথি পরায়ণতার জন্য চিরকৃতজ্ঞ।

ইরানে অবস্থানকাল

আমাদের প্রতিনিধিদলকে আট দিনের মধ্যেই ইরানের ঐতিহাসিক নিদর্শনাদি পরিদর্শন এবং শেখানকার ইসলামী আন্দোলনসমূহের কর্মতৎপরতা পর্যবেক্ষণের কাজ সমাপ্ত করতে হবে। কিন্তু আমরা যাদের অস্থ্রিমজ্জায় ফারসী ভাষা ও সাহিত্য বাসা বেঁধে আছে তাদের কাছে, ইরানে এসে শায়থ সাদী ও খাজা হাফিজের শহর শিরাজ স্ক্রাক্ষে না দেখে ফিরে যাওয়াটা একটা বড় বঞ্চনা ও বেরসিকতা ছাড়া কিছু নয়। কেননা শায়থ সাদী, খাজা হাফিজ এবং তাদের চিরম্মরণীয় গ্রন্থাদি পাক–ভারতের যে কোন অভিজাত পরিবারের সদস্যরা গত অর্ধশতাদী পূর্ব পর্যন্তও পুরোপুরি ওয়াকিফহাল এবং তাদের যাদুকরী কথাবার্তা দ্বারা যারপরনেই অনুপ্রাণিত ও প্রভাবিত ছিল। বিষয়টির দিকে ডঃ আযমূনের দৃষ্টি আকর্ষণ না করে পারলাম না। তিনিও অত্যন্ত সন্তুষ্টচিত্তে আমাদের আবেদনে সাড়া দিলেন এবং তথু শিরাজ শহর নয়, বরং সেই সাথে সাফাভিয়া বাদশাহ্দের রাজধানী এবং ইরানী ভাস্কর্য ও ঐতিহাসিক নিদর্শনাদি-সমৃদ্ধ ইসপাহানকে আমাদের দর্শনীয় স্থানসমূহের অন্তর্ভুক্ত করে দিলেন। এভাবে ইরানের দশ দিনব্যাপী এই স্বরণীয় সফর (যার সূচনা ১৩৯৩ সনের ৯ই জমাদিউল উলা সোমবার-মৃতাবিক ১৯৭৩ সনের ১১ই জুন ভালোয় ভালোয় ১৩৯৩ সালের ১৮ই জমাদিউল উলা বুধবার মুতাবিক ১৯৭৩ সনের ২০শে জুন শেষ হয়। যেহেতু এই সফরের শেষ মনযিল ছিল মক্কা মুকাররমা, তাই আমরা তেহরান থেকে ২১শে জুন বৈক্লতে গিয়ে পৌছি। তেহরানের প্রসিদ্ধ পার্ক হোটেলে (Hotel Park) আমাদের থাকার ব্যবস্থা করা হয়। আমরা ঐতিহাসিক নিদর্শনাদি দেখা, বিশিষ্ট জ্ঞানী ও ধর্মীয় নেতাদের সাথে সাক্ষাৎকার, শিক্ষা প্রতিষ্ঠান ও প্রচার কেন্দ্রসমূহ পরিদর্শন, তাদের কর্ম-তৎপরতা সম্পর্কে অবহিত হওয়া এবং বিভিন্ন অভ্যর্থনা সম্বর্ধনা ও অনুষ্ঠানে যোগদানের মাধ্যমে আমাদের দশ দিনের এই স্বরণীয় সফর শেষ করি।

মন্ত্রীবর্গ ও আলিমদের সাথে সাক্ষাৎকার

আমরা ইরানের যে সমস্ত রাজনৈতিক ব্যক্তিত্বের সাথে সাক্ষাৎ করেছি তাদের মধ্যে ইরানী প্রধানমন্ত্রী আমীর আব্বাস হুভায়দা, ইরানী উচ্চতর শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী উস্তাদ কাথিম থাদাহ্ এবং সহকারী প্রধানমন্ত্রী ডঃ মন্চেহের আথমুনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। শেষোক্ত ব্যক্তির সাথে তেহরান অবস্থানকালে আমরা অনেকবার সাক্ষাৎ করি। প্রথম সাক্ষাৎকার খুব দীর্ঘ হয়েছিল। তাতে আমরা অবাধে ও উন্মুক্ত মনে বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করি। শিক্ষাগত এবং ধর্মীয় বিষয়াবলী ও আমাদের আলোচনার অন্তর্ভুক্ত ছিল। আমাদের শেষ সাক্ষাৎকারও হয়েছিল অত্যন্ত অবাধ ও উদার। তাতেও শিক্ষার বিভিন্ন দিক সম্পর্কে দীর্ঘ আলোচনা চলে। সফর শেষে ডঃ মন্চেহের আযম্ন হিন্টন হোটেলে প্রতিনিধিদলের সন্মানে একটি জ্বাকজমকপূর্ণ নৈশভোজের আয়োজন করেছিলেন।তাতে বেশ কয়েকজন মন্ত্রী ছাড়াও শহরের বিরাট সংখ্যক অভিজাত ও সন্মানিত ব্যক্তির্বগ উপস্থিত ছিলেন।

আমরা ইরানের বেশ কয়েকজন বিশিষ্ট আলিম এবং ধর্মীয় নেতার সাথে সাক্ষাৎ করি। তাঁদের সাথে শিক্ষাগত বিষয়াবলী সম্পর্কে মত-বিনিময় হয়। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন, আয়াতুল্লাহ্ আল্ উযমাত সাইয়িদ মুহামদ কাযিম শারীআত মাদারী, আয়াতুল্লাহ্ মির্যা মুহামদ খলীল কামরাহ্য়ী, তেহরানের শাহী মসজিদের ইমাম আয়াতুল্লাহ্ সাইয়িদ হাসান ইমামী এবং বিখ্যাত ইরানী আলিম আয়াতুল্লাহ্ মুহামদ তাকী-প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ইরানী পণ্ডিত ও সাহিত্যিকদের মধ্যে আল্লামা ওয়াহীদ্য এবং 'কুল্লিয়াতুল ইলাহিয়াত' এর প্রিন্সিপাল ডঃ মুহামদ মুহামদীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

কুল্লিয়াত্ল ইলাহিয়াত—এর ফিকহে শাফীর উস্তাদ অধ্যাপক শায়খুল ইসলাম, তেহরানের আরবী মাসিক 'আল ফিকর আল— ইসলামী'—এর অধ্যাপক ডঃ অম্বাস মুহাজিরানী, তেহরানের আর্যমেহের বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার এবং বিশ্ববিখ্যাত ইরানী পণ্ডিত ও শিক্ষাবিদ ডঃ সাইয়িদ হুসায়ন নাস্র এবং 'কুম'—এর দারুত তাবলীগ আল—ইসলামী—এর কর্মচঞ্চল সদস্য ও 'আলহাদী' পত্রিকার সম্পাদক সাইয়িদ হাদী খসরুশাহীর সাথেও আমাদের সাক্ষ্য হয়। সময়ের স্বন্ধতা, উপরস্তু গ্রীম্মের ছুটি থাকায় ইরানী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃদ্দ এবং আধুনিক শিক্ষাপ্রাপ্ত পণ্ডিতদের সাথে আমরা ব্যাপকভাবে দেখা সাক্ষাৎ করতে পারিনি।

ইরানের ধর্মীয় ঐতিহাসিক স্থানসমূহ

আমরা ইরানের যে সব বিখ্যাত ঐতিহাসিক শহর দেখার সুযোগ পেয়েছি তার মধ্যে উল্লেখযোগ্য হলো, তেহরান, কুম, ইসপাহান, মাশহাদী এবং শিরাজ। তেহরান হচ্ছে ইরানের রাজধানী এবং সবচেয়ে সুন্দর শহর। শিক্ষাগত ও ধর্মীয় কর্মচাঞ্চল্যের জন্য কুম বিখ্যাত। মাশহাদ হচ্ছে একটি আধ্যাত্মিক কেন্দ্র। ইসপাহান দীর্ঘকাল পর্যন্ত সাফাতিয়া রাজবংশের রাজধানী এবং সভ্যতা সংস্কৃতির কেন্দ্র ছিল। আর শিরাজ হচ্ছে ফারসী কাব্য ও সাহিত্যের ফেন একটি জীবন্ত প্রতিমূর্তি।

ইতিহাসের একজন মুসলমান ছাত্র, প্রাচীন নিদর্শনাদির প্রতি আগ্রহ প্রদর্শনকারী একজন ঐতিহাসিক এবং বিভিন্ন দেশ ও বিভিন্ন শহর সফরকারী এবং সেখানকার যাবতীয় অবস্থা পর্যবেক্ষণকারী এক—জন পর্যটকের জন্য গভীর অধ্যয়ন ও চিন্তা—ভাবনার যাবতীয় উপাদান মওজুদ রয়েছে ইরানের ঐতিহাসিক স্থানসমূহে। আমরা সেখানে ঐ সমস্ত ঐতিহাসিক নিদর্শন প্রত্যক্ষ করেছি। সেগুলো স্থাপত্য শিল্প, হস্ত শিল্প ও কারিগরী শিল্পের এক একটি শ্রেষ্ঠ নমুনা ও সাফাভিয়া রাজবংশের উন্নত সভ্যতা—সংস্কৃতির এক একটি অতুলনীয় কীর্তি। আমরা ইরানের আধুনিক শিল্পজাত সাম্যী এবং ঐ সমস্ত জিনিষও দেখেছি যেগুলো উপটোকনস্বরূপ বাইরে পাঠানো হয়। এগুলোর মাধ্যমেই ইরানের খ্যাতি আজ বিশ্বজোড়া।

ইরান যুগ যুগ ধরে ইসলামী সভ্যতা—সংস্কৃতির একটি বিরাট কেন্দ্র। সেখানে অসংখ্য মসজিদ রয়েছে। কোন কোন মসজিদ যেন স্থাপত্য শিল্পের এক একটি অতুলনীয় নমুনা। ইমাম আলী রেয়া ইবনে মুসা কাযিমের বোন সাইয়িদা মাসুমার নামে একটি মসজিদ রয়েছে। সেখানে রাতদিন ইরানী দর্শক ও পর্যটকদের ভিড় লেগেই থাকে। মসজিদের সন্নিকটে সাইয়িদার সমাধিও রয়েছে। সেখানকার মসজিদে সিপাহ্সালারের নামও সবিশেষ উল্লেখযোগ্য। এই মসজিদকে স্থাপত্য, কারিগরী ও হস্তশিল্পের শ্রেষ্ঠতম নমুনা বলে মনে করা হয়। এ দু'টি মসজিদ ছাড়াও আরো অনেক নামকরা মসজিদ রয়েছে। এর মধ্যে শাহী মসজিদ (তেহরান), জামি মসজিদ, মসজিদে গাওহার (মাশহাদ), মসজিদে শাহ আব্বাস সাফাভী, মসজিদে শেখ শৃত্ফুল্লাহ, জামি' মসজিদ, চাহারবাগ (ইসপাহান) এবং মসজিদে ওয়াকীল (শিরাজ) বিশেষভাবে উল্লেখযোগ্যের দাবী রাখে। ইমাম আল—রেজার মাযার

ইরানের সর্বাধিক গুরুত্বপূর্ণ সমাধিসমূহের অন্যতম। এই সমাধি দেখার জন্য দর্শনার্থীরা রাতদিন মিছিল সহকারে আসতে থাকে।

আমরা ইরানের কয়েকটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় কেন্দ্র দেখার সুযোগ লাভ করি। এগুলোর মধ্যে তেহরান বিশ্ববিদ্যালয়ের কুল্লিয়াতুল ইলাহিয়াত ও উল্মে ইসলামিয়া, মারাকাবুত্ তাকরীব বায়নাল মাযাহিবিল ইসলামিয়া এবং কুম শহরের শিক্ষাকেন্দ্র দারুত তাবলীগিল ইসলামী—এর সবিশেষ উল্লেখযোগ্য।

আলোচনা সভা ও অভ্যর্থনা অনুষ্ঠান

এই দশ দিনের সফরে আমরা অনেক অভ্যর্থনা অনুষ্ঠান ও সভা সমিতিতে যোগদান করার সুযোগ পাই। সেগুলোতে রাবিতার প্রতিনিধিদলের প্রতি সবিশেষ সমান প্রদর্শন করা হয়। ঐ সমস্ত সভায় স্বাগত ভাষণও প্রদান করা হয় এবং প্রতিনিধিদলের সদস্যরাও সুযোগমত তাদের বক্তব্য পেশ করেন। এ প্রসঙ্গে চারটি অভ্যর্থনা অনুষ্ঠানের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রথম অভ্যর্থনা সভাটি অনুষ্ঠিত হয় আল্লামা শারীআত মাদারীর বাস ভবনে, দ্বিতীয়টি কুম-এর দারুত তাবলীগিল ইসলামিয়ায়। এ সভায় বেশ কয়েকটি বক্তৃতা পেশ করা হয় এবং কাসীদা (কবিতা)ও পড়া হয়। তৃতীয় অন্তর্থনা সভার আয়োজন করেন। মির্যা মুহামদ খলীল কামরাহ্যী তার নিজস্ব বাসভবনে। প্রতিনিধিদলের সম্মানে আল্লামা হাবীবুল্লাহ্ মায়জ্ঞদানীও তাঁর বাসভবনে একটি সংক্ষিপ্ত অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করেন। দারুত্ তাবলীগিল ইসলামী এবং আল্লামা হাবীবুল্লাহ্ মায়লানীর বাসভবনে অনুষ্ঠিত অভ্যর্থনা সভায় স্বাগত ভাষণ পেশ করা হয় এবং প্রতিনিধিদলের পক্ষ থেকে তার জবাবও প্রদান করা হয়। মীর্যা মহামদ খলীলের বাসভবনে অনুষ্ঠিত অভ্যর্থনা সভাটি বিশেষভাবে আকর্ষণীয় ছিল এজন্য যে, তাতে আল্লামা ইকবালের বিশ্ববিখ্যাত তারানা (গীতি কবিতা) পঠিত হয়।

چین و عرب همارا، هندوستان همارا مسلم ہیں هم وطن هے سارا جهان همارا مسلم ہیں هم وطن هے سارا جهان همارا مسلم ہیں هم وطن هے سارا جهان همارا مسلم هارہ اللہ علاقہ عل

আরবী ভাষা বিশারদ কবি সাভী শা'লান আরবীতে তারানাটির সুন্দর কাব্যানুবাদ করেছেন। যখন আরবী ভাষায় তারানাটি পঠিত হয় তখন ফারসী ভাষায় অনুদিত কাব্যানুবাদটিও পড়ে শুনানো হয়। স্বাগত ভাষণের জবাবে প্রতিনিধিদলের সদস্য উস্তাদ মুহাম্মদ জামাল এবং এই লেখক তাদের বক্তব্য পেশ করেন।

তেহরানে একটি সংস্থা আছে যার লক্ষ্য হলো, বিভিন্ন ইসলামী মত ও পথের লোককে একই কেন্দ্রে জড় করা। আমরা ঐ সংস্থাটিও দেখতে গিয়ে ছিলাম। সেখানে শহরের কয়েকজন বিশিষ্ট আলিম ও নেতৃস্থানীয় ব্যক্তির সাথে সাক্ষাৎ হয়। এই সংস্থায় আয়োজিত অভ্যর্থনা সভায় আয়াতুল্লাহ্ মুহামদ তাকী আল কুমী বক্তৃতা দেন এবং তার উত্তরে আমিও আমার বক্তব্য পেশ করি।

কৃতি সন্তানদের লালনকেন্দ্র তৃস

ইরানের মাহাত্ম্যকে চিরত্মরণীয় করা, ফারসী ভাষা ও সাহিত্যকে নবজন্ম দান এবং জাতীয় আত্মসন্মানবোধ পুনর্জাগরিত করার ক্ষেত্রে কবি ফিরদাউসীর 'শাহনামা' –এর বিরাট অবদান রয়েছে। কোন যুগেই ইরানী শাহনামার প্রতি আসক্ত লোকের অভাব হয়নি। ইরান সরকার ফিরদাউসীর একটি বিরাট স্কৃতি সৌধ নির্মাণ করে ইরানী জাতি ও ফারসী ভাষার প্রতি তার বিরাট শ্বণের যথার্থ স্বীকৃতি দিয়েছেন।

ইরানের বিখ্যাত শহর তৃস্প অনেক মহান ব্যক্তির জন্মস্থান এবং অনেক অবিশ্বরণীয় পুরাকীর্তির সৃতিকাগার হওয়ার কারণে ইসলামী ইতিহাসে এর একটি বিশিষ্ট স্থান রয়েছে। এই শহরই হিঃ পঞ্চম শতান্দীর বিখ্যাত মুজাদ্দিদ হুজাতুল ইসলাম ইমাম গাযালী, সেলজুকী রাজ্যের সুযোগ্য উযীর নিযামূল মূলক তৃসী, বিশ্ববিখ্যাত কবি ফিরদাউসী এবং স্বনামধন্য পণ্ডিত নাসিক্রন্দীন তৃসীর মত শ্বরণীয় বরণীয় ব্যক্তিদের জন্ম দিয়েছে।

ইমাম গাযালীর সমাধিস্থলে

তূসে অবতরণ করতেই মনের পর্দায় ভেসে উঠল ইতিহাসের শ্বরণীয় ঘটনাগুলো। একদিন এই তূসে ছিল জ্ঞান-বিজ্ঞানের উৎসত্মি। এখান থেকেই শিক্ষা-দীক্ষা লাভ করে মুসলমানরা ছড়িয়ে পড়ত বিশ্বের প্রান্তে

প্রান্তে। তৃসের ঐতিহাসিক নিদর্শনাদি দেখার সাথে সাথে আমাদের মন চলে গেল বহু শতান্দী ও বহুপুরুষের উপর যাদুকরী প্রভাব বিস্তারকারী ইমাম গাযালী এবং তার কৃতিত্বপূর্ণ কার্যাবলীর দিকে। তিনি তাঁর গ্রন্থাদির মাধ্যমে যে খ্যাতি ও জনপ্রিয়তা লাভ করেছেন তা মুসলিম বিশ্বের বিখ্যাত চার মাযহাবের প্রতিষ্ঠাতাগণ ছাড়া জন্য কোন ব্যক্তির ভাগ্যে বহু কমই জুটেছে। আমরা যখন আমাদের গাইড (পথ প্রদর্শনকারী)—কে ইমাম গাযালীর বাসস্থান, তার জ্ঞানগত নিদর্শনাদি এবং শেষ বিশ্রামন্থল সম্পর্কে জিজ্ঞাসা করলাম তখন তার পক্ষ প্রেকে খুব একটা উৎসাহব্যঞ্জক সাড়া পাওয়া গেল না। গাইড প্রাচীন জরাজীর্ণ ঘরবাড়ী অতিক্রম করে এগিয়ে চললো এবং শেষ পর্যন্ত আমাদেরকে একটি প্রাচীন দালানের সামনে নিয়ে দাঁড় করালো। দালানটি ফেন উপেক্ষা ও চক্ষুলজ্জাহীনতার এক জীবন্ত স্বাক্ষর। আমরা যে দালানের সামনে দাঁড়িয়ে ছিলাম সে দালান সম্পর্কে আমাদেরকে বলা হল যে, এখানেই হারন—জর—রশীদ তার বিরুদ্ধাচারীদেরকে বন্দী করে রাখতেন। এর মধ্যে প্রবেশ করার পর বন্দীরা আর কোন দিন সূর্যের আলো দেখতো না। দালানটির নাম 'হার্মনিয়াহ'।

ইমাম গাযালীর সমাধি সম্পর্কে অনেক অমূলক কাহিনী প্রচলিত আছে। তেহরান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ ঈসা সিদ্দীক লিখিত 'আরাম–গাহ–ই–গাযালী' (গাযালীর বিশ্রামস্থল) শীর্ষক গ্রন্থটি আমার হস্তগত হয়েছে। তিনি ঐ সমস্ত কাহিনী নিয়ে ব্যঙ্গ বিদূপ করেছেন এবং ইউরোপীয় পর্যবেক্ষক ডঃ যুয়েমার (DR. ZWEMER) ও মার্কিন প্রাচ্যবিদ প্রফেসর পোপ (PROF. POPE)-এর বরাতে এবং পূর্ববর্তীকালের প্রাচীন গ্রন্থকার তাজুদ্দীন সূব্কী ও পরবর্তীকালের আকায়ে আলী আসগর হিক্মত–এর গবেষণা সূত্রে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, ইমাম গায়ালীর সমাধি এই পুরাতন দালান হান্ধনিয়ার পাশেই রয়েছে।

ঐতিহাসিক কৌতৃহল এবং ইমাম গাযালী ও তার গ্রন্থদির প্রতি আগ্রহ আসন্তি আমাদেরকে যেন টেনে ক্রেড়ে তার সমাধিস্থল পর্যন্ত নিয়ে গোল। অনুমিত হলো, যেন অতি সম্প্রতি একটি সমাধি ঠিকঠাক করা হয়েছে। আমরা যে দালানে গিয়ে উঠলাম তার পাশেই ইমাম গাযালীর সমাধি। কিন্তু তাতে এরূপ কোন নামফলক নেই যার দারা কিছু বুঝা যেতে পারে। গার্ড আমাদেরকে বললো যে, দালানের ভিতরে একটি লিখিত ফলক রয়েছে। বেল কট্টেস্টে কিছু শব্দ পড়া গেল। আল্লাহ্র মাহাত্ম্য, তার অভাবশূন্যতা ও পরম্খাপেক্ষীহীনতার শান গরিমা ফেন চোখের সামনে ভেসে উঠলো। আল্লাহই অবিনশ্বর, চির বিদ্যমান আর বাকি সবকিছু নশ্বর, ধ্বংসশীল।

كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ و يَبْقَى وَجْهُ رَبِّكَ نُو الْجَلالِ وَ الْإِكْرَامِ

অর্থ "ভূ-পৃষ্ঠে যা কিছু আছে সমস্তই নশ্বর; অবিনশ্বর কেবল তোমার প্রতিপালকের সত্তা, যিনি মহিময়, মহানুভব।"-(৫৫ ঃ ২৬-২৭)

নাদির শাহ

নাদির শাহের সমাধি হচ্ছে তৃসের অন্যতম গুরুত্বপূর্ণ ঐতিহাসিক নিদর্শন। নাদির শাহের কথা কে না জানে ? তিনি ১১৫১হিঃ সনে মৃতাবিক ১৭৩৯ইং সনে ভারত আক্রমণ করেন এবং রাজধানী দিল্লীকে তীক্ষ্ণধার তরবারির শিকারে পরিণত করেন। সেই তরবারি কেবল তথনি কোষবদ্ধ করা হয় যখন দিল্লীর রাজপথ দিয়ে রক্তের বন্যা বয়ে গেছে। দাদির শাহ মৃঘল বাদশাহু মৃহাম্মদ শাহকে পরাজিত করে ভারত থেকে সেই জগদ্বিখ্যাত ময়ূর সিংহাসন উঠিয়ে নিয়ে যান যেটাকে শাহজাহান অমূল্য হিরামোতি দিয়ে সুসজ্জিত করেছিলেন।

নাদির শাহ ছিলেন ঐ যুগে ইরানের সর্বশ্রেষ্ঠ জননায়ক ও সমরনায়ক। তিনি মাশহাদকে তার রাজধানী এবং ভারত আক্রমণের সামরিক ঘাঁটি করেছিলেন। ইরান সরকার 'কাথে গুলিস্তানে' নাদির শাহের শ্বরণীয় নিদর্শনাদি অত্যন্ত যত্নের সাথে একটি যাদুঘরে সংরক্ষণ করেছেন। ছবি ও চিত্রকর্মের সাহায্যে তার সামরিক কীর্তিসমূহ এবং বীরত্ব ও দৃঢ় সংকল্পের ঘটনাবলী তুলে ধরার চেষ্টা করা হস্কেছে। নাদির শাহের আনীত ময়ূর সিংহাসন এখন আর সেই প্রকৃত অবয়বে নেই। অবশ্য তেহরান যাদুঘরে ইরান সরকার মোটামুটি সেই অবয়বেরই একটি সিংহাসন তৈরী করে রেখেছেন। আসল হিরা জাওয়াহিরাত ব্যাংকের লকারসমূহে এবং যাদুঘরে সংরক্ষণ করা হয়েছে।

খলীফা হারন-অর রশীদের স্বৃতি

আব্বাসী খলীফা হারূন-অর রশীদের মত এত বিরাট ও খ্যাতি সম্পন্ন একটি সামাজ্যের কর্ণধার হওয়ার গৌরব কোন মুসলিম শাসক, এমন কি প্রাচ্যের কোন বাদশাহের ভাগ্যেও জুটে নি। হার্মনের সামাজ্যের বিরাট, তাঁর একটি ঐতিহাসিক বাক্য থেকে অনায়াসে অনুমান 'করা যায়। তিনি একবার এক খণ্ড মেঘকে সম্বোধন করে বলেছিলেন-

امطرى حيث شئت فسيأتيني خراجك

অর্থ ৪ ° হে মেঘখণ্ড, ভূমি যেধানে ইচ্ছা বারিপাত করো, ভোমার খাজনা অবশ্যই আমার কাছে আসবে।"

ঐতিহাসিক দিক দিয়ে প্রমাণিত হয়েছে যে, হারান-অর রশীদের সমাধি তৃসে অবস্থিত। কিন্তু অত্যন্ত বিশায়কর বরং শিক্ষণীয় ব্যাপার এই যে, হারানঅর রশীদের কবরের চিহ্ন কোথাও পাওয়া যায় নি। সম্ভবতঃ তার সমাধি
ইমাম আলী রেযার সমাধিপার্শ্বে অবস্থিত, তবে শেষোক্ত জনের ধর্মীয় গুরুত্ব
ও মাহাজ্যের সামনে বাদশাহ হারানের বাদশাহী মর্যাদা স্লান হয়ে গেছে।

ইসপাহান

আমরা ঐ সফরকালে বিখ্যাত শহর ইসপাহানও ঘুরে আসি। বিখ্যাত গ্রন্থ 'হুলইয়াতুল আওলিয়া' –এর গ্রন্থকার আব্ নাঈম ইসপাহানী (মৃত্যু ৪৩০হিঃ সন), 'মুফরাদাতে গারীবিল কুরআন' –এর সংকলক ইমাম রাগিব ইসপাহানী (মৃত্যু – ৫৭২হিঃ সন), আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গ্রন্থ 'রিওয়াতুল আগানী' – এর গ্রন্থকার আবুল ফারজ্ঞ ইসপাহানী (মৃত্যু ৪৬৮হিঃ) একটি পৃথক ফিক্হী মীযহাবের প্রবর্তক ইমাম আব্ দাউদ যাহিবী (মৃত্যু ২৭০হিঃ সন) বিখ্যাত তর্কশাস্ত্রবিদ ও উস্ল বিশেষজ্ঞ মুহামদ বিন ফ্রক (মৃত্যু ৪০৬হিঃ) প্রমুখের লালন ও বিচরণ ক্ষেত্র ছিল এই ইসপাহান।

ইসলামী ইতিহাসের সূচনাকালে বিশেষ করে আম্বাসী যুগে ইসপাহান ছিল জ্ঞান-বিজ্ঞান ও সভ্যতা সংস্কৃতির অন্যতম কেন্দ্র। সাফাভী যুগে এটা অবিশ্বাস্য রকমের উনুতি লাভ করে এবং ইরানের প্রথম সারির একটি শহরে পরিণত হয়। সাফাভী বংশের শাসক ও প্রতিষ্ঠাতা ইসমাঈল সাফাভী তাবরীযেই রাজমুকুট ধারণ এবং সিংহাসনে আরোহণ করেন। এই বাদশাহই সর্বপ্রথম শিয়া মাযহাবের ঘোষণা দেন এবং এটাই সরকারী মাযহাবে পরিণত হয়। তিনি কাযভীনকে তার রাজধানী বলেও ঘোষণা করেন। শাহ ইসমাঈল

সাফান্তীর উত্তরাধিকারী শাহ আব্বাস সাফান্তী (মৃত্যু ১৬০২ইং সন) সাফান্তী রাজবংশের সবচাইতে বিখ্যাত ও পরাক্রমশালী শাসক ছিলেন। তাঁর যুগেই রাজধানী, কাযন্তীন থেকে ইসপাহানে স্থানান্তরিত করা হয়। ইসপাহানের আধুনিক দালান—কোঠা, ঐশর্যমন্তিত সংস্কৃতি, অসাধারণ শোভা—সৌন্দর্য সবই শাহ আব্বাস সাফান্তীর অবদান। সেখানকার পরিকল্পিত পদ্ধতিতে নির্মিত ঘরবাড়ী, হাটবাজার শাহ আব্বাস সাফান্তীর উন্নত ও পরিছন্ন রুচির পরিচয় বহন করছে। ইসপাহানে আমরা 'মেহমান সারায়ে শাহ আব্বাস সাফান্তী' নামক এমন এক হোটেলে অবস্থান করি যাকে হোটেল বা গেষ্ট হাউসের পরিবর্তে শাহী প্রাসাদ বলেই মনে হয়। শহরের সর্বত্রই ঐতিহাসিক নিদর্শনাদি, উদ্যানরাজি ও সমাধিসৌধ রয়েছে। সময়ের অস্তবে আমরা সব কিছু দেখে আসার স্যোগ পাইনি।

সাফাভীরা আনুমানিক দু' শতাব্দী পর্যন্ত অত্যন্ত জাঁকজমকের সাথে রাজ্য শাসন করে। কিন্তু দুনিয়ার অন্যান্য রাজবংশের মত সাফাভী রাজবংশও শেষ পর্যন্ত পতন থেকে নিজেদের রক্ষা করতে পারে নি। বেশ কিছুদিন দেশব্যাপী অশান্তি ও বিশৃঞ্চালা চলার পর তুর্কী বংশোদ্ভূত কাচারীর – তাদের হাত থেকে শাসনক্ষমতা কেড়ে নেয়। আগা মুহাম্মদ শাহ (মৃত্যু ১৭৭৯ইং সন) – এর শাসনামলে রাজধানী, ইসপাহান থেকে তেহরানে স্থানান্তরিত করা হয়। ঐ যুগে তেহরান কোন উল্লেখযোগ্য স্থান ছিল না। উনবিংশ এবং বিংশ শতাব্দীর মধ্যবর্তী সময়েই তা সমৃদ্ধশালী ও জাঁকালো হয়ে উঠে।

لله الْأَمْرُ مِنْ قَبْلُ وَ مِنْ بَقْدُ

অর্থ ঃ "অগ্র ও পশ্চাতের সিদ্ধান্ত আল্লাহ্র হাতেই।" -(৩০ ৪ ৪)
শিরাজ

পাক—ভারতীয় সাহিত্য, কাব্য ও প্রবাদ বাক্যের সাথে শিরাজের নাম এমনভাবে মিশে গেছে যে, একটি থেকে অন্যটিকে পৃথক করা খুবই মুশকিল। সাদীর ছলবন্ধ মিষ্টিকথা এবং হাফিজের রসালো কাব্য গাঁথাই আমাকে শিরাজ আসার জন্য পাগলপারা করে তুলেছিল। জ্ঞান, প্রজ্ঞা, প্রেম ও তত্ত্তজ্ঞানের শীর্ষস্থানীয় মুখপাত্র শায়খ সাদী (মৃত্যু ৬৯১হিঃ সন) ও খাজা হাফিজ (মৃত্যু ৭৯৩ হিঃ সন) এই মাটির নীচেই চির শ্যায় শায়িত। শায়খ সাদী তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ 'গুলিন্তা ও বুসতা' –এর জ্বন্য চিরশ্বরণীয় হয়ে আছেন। শায়খের সমাধিস্থলকে 'সাদিয়াহ' বলা হয়। সেখানে দাঁড়িয়ে ফাতিহা পাঠ করার সময় তার কাব্যগাঁথার বেশ অনেকগুলো পর্যক্ত আমার হৃদয়—সায়রে ভাসতে থাকে।

দ্বিতীয় ব্যক্তিত্ব হচ্ছেন খাজা হাফিজ শিরাজী। ইশ্ক্, প্রেম ও তত্ত্বজ্ঞানে সমৃদ্ধ তার কবিতারাজি 'তরজুমানুল গায়ব' (অদৃশ্যবাণী) উপাধিতে ভূষিত হয়েছিল। তাঁর সমাধিস্থলকে 'হাফিযিয়া' বলা হয়।

আধুনিক শিরাজে জনবসতি গড়ে তোলা, এর সৌন্দর্যবর্ধন ও মসজিদ নির্মাণের মূলে 'যিন্দ' বংশের শাসক করীম খানের বিরাট অবদান রয়েছে। সাফান্ডীয়া বংশের পর যিন্দ বংশ ক্ষমতাসীন হয় এবং শিরাজে তাদের রাজধানী স্থাপন করে।

শিরাজ হচ্ছে অনেক বিখ্যাত পুরুষের জনাস্থান। এই মাটি থেকেই আবির্ভূত হয়েছেন জামিআহ্ নিয়ামিয়াহু, বাগদাদের প্রধান উন্তাদ আল্লামা আবৃ ইসহাক শিরাজী (মৃত্যু ৪৭৬হিঃ সন) নাহ্ভ্ (ব্যায়াকরণ) শাল্লের ইমাম জলী ইবনে ঈসা আবৃল হাসান আর রাবয়ী' (মৃত্যু ৪২০হিঃ সন) প্রমুখ বিখ্যাত মনীয়ীবৃদ। শেষ যুগের বিখ্যাত ব্যক্তিদের মধ্যে আল্লামা সাদরুদ্দীন শিরাজী (মৃত্যু ১০৫৯হিঃ সন)—এর নাম সবিশেষ উল্লেখযোগ্য। তাঁর দু'টি গ্রন্থ আল আসফারুল আরবাআহ ও 'শারহে হিদায়াতুল হিক্মাত' (সাদরা' নামে খ্যাত) আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন। আমীর গায়াস্দ্দীন মানস্রও হচ্ছেন শিরাজের অতি বিখ্যাত ব্যক্তিদের অন্যতম।

আমরা ইরানের সর্ব প্রাচীন ও ইতিহাস বিখ্যাত 'তাখ্তে জামশীদ';
দেখেছি। বাদশাহ প্রথম দারা এটাকে তার রাজধানী করেছিলেন। আজ হতে
আড়াই হাজার বছর পূর্বে এটা ছিল সভ্যতা—সংস্কৃতির একটি বিরাট কেন্দ্র। ঐ
যুগের বিশ্বয়কর স্থাগত্য—নৈপুণ্য দেখে এযুগে স্থপতিরাও'থ' হয়ে দাঁড়িয়ে
থাকেন। অসাধারণ উচ্চতা, বিরাট বিরাট শিলাখও উপরে উঠিয়ে অত্যন্ত
কৌশলের সাথে খাঁজ কেটে একটির সাথে অন্যটিকে জুড়ে দেওয়া স্থপতিদের
ইত্যাকার শিলা নৈপুণ্য মিসরের পিরামিডের কথা স্বরণ করিয়ে দেয়। এগুলা
দেখে যে কোন পর্যটক মুগ্ধ না হয়ে পারে না। ইরান সরকার ১৯৭১ইং
সনের অন্টোবর মাসে এখানেই 'রাজকীয় আড়াই হাযার বর্ষপৃতি উৎসব'
অত্যন্ত জাঁকজমকের সাথে পালন করেছিলেন। ঐ উৎসবে সমগ্র বিশের রাষ্ট্র

প্রধান, প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রদ্তেরা অংশগ্রহণ করেছিলেন। ঐ উৎসবে উপলক্ষে যে অপরিসীম অর্থ ব্যয় হয়েছিল তার বিবরণ ওনলে সেটাকে 'আলফে লায়লার (আরব্য উপন্যাসের সহস্র রজনী উপাখ্যান) বলে মনে হবে। 'আখ্তে জামশীদ' শিরাজ থেকে মাত্র ৬০ কিলোমিটর দূরে অবস্থিত।

এই সমস্ত দালান কোঠা ও ঐতিহাসিক নিদর্শন দেখে আমি অবাক বিশ্বয়ে ভাবতে লাগলাম, কী করে পশুপালক আরব বেদুঈনরা এরূপ উন্নত সভ্যতা সংস্কৃতি ও জ্ঞানেগুণে সমৃদ্ধ ভূখণ্ডের উপর তাদের অধিকার প্রতিষ্ঠা করতে সক্ষম হলো? কী করে তারা জয়ী হলো এমন একটি জাতির উপর, যারা হাজার হাজার বছর ধরে বংশ-পরম্পরায় জনগণকে নেতৃত্বদান এবং বিরাট সামাজ্য শাসন করে আসছিল? এই সমস্ত প্রশ্নের উত্তর আবার আমার অন্তরেই খুঁজে পেলাম। এটা ছিল তাদের ঈমানেরই ক্ষমতা এবং ইসলামী শিক্ষার প্রভাব। অন্য যে আর একটি কারণ এর পিছনে কাজ করছিলো তা হলো, ঐ উন্তর চালক আরবরা ছিল অপসংস্কৃতির কুপ্রভাব ও আলস্যভরা আয়েশ আরামের বেড়াজাল থেকে সম্পূর্ণ মুক্ত।

শিরাজে আমরা সাইরাস হোটেলে অবস্থান করি। সাইরাস ছিলেন ইরানের একজন প্রখ্যাত শাহানশাহ। তাকে ইরানের উনুতি সমৃদ্ধি এবং শান-শওকতের প্রতীক বলে মনে করা হয়। কুরআন মজীদের সূরা কাহ্ফে 'যুলকারনায়ন' নামে যে ব্যক্তির উল্লেখ করা হয়েছে, কোন কোন পর্যালোচকের মতে তিনিই হচ্ছেন ইরানের মহান সাইরাস। ইয়াছদীরা মহান সাইরাসকে তাদের মুক্তিদাতা বলে মনে করে। কেননা তিনি বুখতে নাস্র—এর পাঞ্জা থেকে ইয়াহদীদেরকে মুক্ত করে ফিলিন্তিন ভূখণ্ড তাদেরকে ফিরিয়ে দিয়েছিলেন। এই মহান সাইরাসের অরণেই ইরান সরকার আড়াই হাজার বর্ষপৃতি উৎসব অত্যন্ত জাঁজজমকের সাথে পালন করেছেন। সাইরাস হোটেল ইরানের ঐ সমন্ত বড় বড় হোটেলের অন্যতম যেগুলোর সাজসজ্জা, পানাহার সামগ্রী, কর্মচারীদের লেবাস—পোশাক, চালচলন প্রভৃতিতে ইরানের প্রাচীন র্যালির' মধ্যাহ্ন ভোজন সারি। এই হোটেলটি ফেন শিরাজের প্রাচীন সংস্কৃতির একটি জীকন্ত প্রতিছবি। এর কর্মচারীরা সেই লেবাস পরে আছে যা সাফাজীদের যুগে, কিংবা প্রাচীন ইরানে শাহী খাদিমরা পরত।

শিরাজের অধিবাসীরা স্বভাবতই হাসিখুশী ও সংগীত প্রিয়। রাতের বেলা

যখন সমগ্র শহর গীত-লহরী ও রং বেরংয়ের আলোয় ভাসছিল তখন আমি হোটেলের ব্যালকনীতে বসে ছিলাম। না, বসে ছিলাম না বরং ডুবে গিয়েছিলাম শৃতিকাহিনীর অতল সমুদ্রে এবং অতীতের ইতিহাস ও কালচক্রের আবর্তন বিবর্তনের গভীরে। আমাদের চোখের সামনে অভিনীত হচ্ছিলো এমন এক নাটক যার অভিনেতা অভিনেতীরা অনবরতঃ পট পরিবর্তন করছিলো-একজনের স্থান দখল করে নিচ্ছিল অন্যজন। তখন কুরআনের নিম্নোক্ত আয়াতগুলো বার বার আমার শৃতিতে ভাসছিলো-

وَ مَا هُدَهِ الْحَيْواةُ التَّنْيَا إِلاَّ لَهُو قُلْ لَعِبُ وَ إِنَّ الدَّارَ الْأَخِرَةَ لَهِي الْحَيْرَانُ لَوْ كَانُوا يَعْلَمُونَ . الْحَيْرَانُ لَوْ كَانُوا يَعْلَمُونَ .

षर्थ ३ "এই পার্থিব জীবন তো জীড়া কৌতুক ছাড়া কিছু নয়।
পারলৌকিক জীবনই তো প্রকৃত জীবন যদি তারা জানত।"-(২৯ ৪৬৪)।

اَوَ لَمْ يَسَيْرُوا فِي الْاَرْضِ فَيَنْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّدِيْنَ مِنْ قَبْلِهِمْ٠ كَانُوا

اَشَدُ مِنْهُمْ قُودٌ وَ اَتَّالُوا الْاَرْضَ وَ عَمَرُوهَا اَكْثَرَ مِمّا عَمَرُوهَا وَ جَاءَتُهُمْ

رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَ لُكِنْ كَانُوا انْفُسَهُمْ يَظْلِمُونَ .

অর্থ ঃ ওরা কি পৃথিবীতে দ্রমণ করে না? এবং দেখে না ওদের পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছে? শক্তিতে তারা ছিল ওদের অপেক্ষা প্রবল, তারা জমি চাম করত; তারা তা আবাদ করত ওদের অপেক্ষা অধিক। তাদের নিকট এসেছিল তাদের রাস্লগণ সুস্পষ্ট নিদর্শনসহ। বস্তুতঃ ওদের প্রতি ছুলুম করা আল্লাহ্র কাজ ছিল না, ওরা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করেছিল।" – (৩০ ঃ ৯)

ইরানের এই সফর প্রভাব, বৈশিষ্ট্য ও ফলাফলের দিক দিয়ে আমাদের জন্য ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইরানের সভা–সমিতি ও বৈঠক–মজলিসে এ নিয়ে খুব আলাপ–আলোচনা হয় এবং রেডিও– টেলিভিশনে এর বিবরণাদি ফলাও করে প্রচার করা হয়। আমার বিশাস, এই আলোচনা–পর্যালোচনা দ্বারা দর্শক ও পর্যবেক্ষকরা আামাদের সফরের উদ্দেশ্য সম্পর্কে অবহিত হতে পেরেছেন এবং এর শিক্ষাগত, সামাজিক ও ঐতিহাসিক গুরুত্বও মোটামুটি উপলব্ধি করতে পেরেছেন।

একটি পর্যালোচনা

এবার এ সফর সম্পর্কে আমি আমার ব্যক্তিগত মতামত অতি সংক্ষেপে পেশ করছি। এই সফরের গুরুত্ব ও মর্যাদা ওধু এই নয় যে, এটা ছিল কয়েকজন মুসলমানের, তাদের গ্রাম দেশীয় মুসলমান ভাইদের দেশে একটি ভভেচ্ছা সফর, বরং প্রভাব প্রতিপত্তি ও ফলাফলের দিক দিয়ে এই সফর ছিল প্রাচীন নিদর্শন প্রত্যক্ষকরণ কিংবা শুভেচ্ছা-প্রদর্শনমূলক যে কোন সফরের চাইতে অনেক বেশী গুরুত্বপূর্ণ ও ফলদায়ক, আমরা প্রথমে এই সফরের উপভোগ্য ও উল্লেখযোগ্য দিকগুলোর প্রতি ইণ্গত প্রদান করা জরুরী মনে করছি। কেননা এগুলোর মধ্যেই মুসলিম জাতির নতুন কর্মক্ষেত্র এবং তাদের আশার নতুন আলো পরিলক্ষিত হচ্ছে। আর এটাকেই মনে করা যেতে পারে তাদের উচ্ছুল ভবিষ্যতের পূর্ব লক্ষণ। আমি এসমস্ত দিকগুলোর প্রতিও ইংগিত করবো থেগুলো অবশ্যই বিশ্বয়ের কারণ হবে তবে এক্ষেত্রে কিছুটা উদার দৃষ্টি ও প্রশস্ত মনোবৃত্তির প্রয়োজন; সাথে সাথে প্রয়োজন কথকের উপর আস্থা স্থাপনেরও। আমাদের ইরানী ভাইরা অত্যন্ত মহানুত্ব এবং ডদ্র মানসিকতার অধিকারী। তাই আমারও দৃঢ় আশা, ইরান অবস্থানকালে আমরা যা অনুভব করেছি, যে সমস্ত অবস্থা দ্বারা প্রভাবিত হয়েছি তা সোজাসুজি প্রকাশ করার মধ্যে তারা আমাদের সৎমনোবৃত্তির দিকটি বিশেষভাবে বিবেচনা করে আমাদের এ বক্তব্যকে স্বাগত জানাবেন।

১. ইরান সফরে আমরা যে জিনিষটি বিশেষভাবে লক্ষ্য করেছি এবং যা আমাদেরকে যারপরনাই আনন্দিত ও উৎসাহিত করেছে তা হলো, ইরানীদের ঐকান্তিক ভাতৃত্ব প্রেরণা এবং বিশ্বজনীন ইসলামী ঐক্য ও পরস্পর সহযোগিতার প্রতি আন্তরিক আশ্রহ উদ্দীপনা। তারা ইসলামের মূলনীতির উপর ঐক্যমত প্রতিষ্ঠার মাধ্যমে এ আগ্রহ উদ্দীপনাকে বান্তব রূপ দিতে চান। আমি পরিষ্কার ভাষায় স্বীকার করিছি যে, এখানে আসার পূর্বে ইরানীদের ঐক্য ও সহযোগিতার এই আগ্রহ—উদ্দীপনা, বিশ্বের সমগ্র মুসলমানের সাথে বন্ধুতৃ, সহযোগিতা ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা এবং তাদেরকে আপন করে নেওয়ায় তাদের এই মনোবৃত্তির কথা আমার প্রায় অজানাই ছিল। আমি ভাবতে পারিনি যে, আমাদের ভাইরা বর্তমানে বিশ্বব্যাপৃত ধর্মহীনতার বিরুদ্ধে এভাবে সারিবদ্ধ হওয়ার ইচ্ছা পোষণ করেন। আজ এই ধর্মহীনতা বিশ্বের সমগ্র ধর্ম ও সমগ্র চারিঞিক নীতিমালার বিরুদ্ধে বিরাট চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে

শিয়া', সুন্নী, হানাফী, শাফী', মুকাল্লিদ, মুজতাহিদ-স্বাই একই সমতদে। ইরানে জামাদের প্রত্যেকটি বৈঠকের এই একটি মাত্র বিষয়বস্তু ছিল। এ দিয়ে যেমন আলোচনার সূচনা হত তেমন পরিসমান্তিও ঘটত। এটা নিঃসন্দেহে একটা উৎসাহ ব্যঞ্জক ও প্রসংশনীয় উদ্দীপনা। ইসলামী বিশ্ব— ভ্রাতৃত্ব সৃদৃঢ় করণে যারা আগ্রহী তারা আমাদের ইরানী ভাইদের এই উৎসাহ উদ্দীপনা থেকে জনুপ্রাণিত হতে পারেন এবং তাদের এই মহান মনোবৃত্তিকে ইসলামের সেবায় নিয়োজিত করতে পারেন। কেননা বিচ্ছিন্নতা ও বাড়াবাড়ি মুসলমান জাতিকে বারবার ক্ষতিগ্রন্থ করেছে, অন্যের কাছে পরান্ধিত ও পর্যুদ্ত করেছে। হিজরী সপ্তম শতাদ্দীতে এই অনৈক্য ও পরম্পার বিচ্ছিন্নতাই মুসলিম ইতিহাসের সবচেয়ে বড় দুর্ঘটনা 'বাগদাদ পতন' এর জন্ম দিয়েছে।৮ এই অনৈক্য ও বাড়াবাড়ি মুসলমানদের ইউরোপ জয় এবং শেষ সীমান্ত পর্যন্ত ইসলামী পতাকা উড্ডীন করার দুর্লংঘ্য বাধার সৃষ্টি করেছে। এ কারণেই ভারতের মুসলিম সামাজ্য চিরতরে বিলীন হয়ে গেছে।

- ২. ইরানের অপর যে জিনিষটি আমাদের মোহিত করেছে তা হলো, ইসলামী ঐতিহাসিক দিকদর্শনাদির প্রতি আগ্রহ প্রদর্শন, আরবী ভাষার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রক্ষা, ইসলামী গ্রন্থদি প্রকাশ, উলামাদের অতীত কীর্তিসমূহ পূর্নজীবিত করণ এবং কুরআনের উৎকৃষ্টতম লিখন ও মুদ্রণের প্রতি তাদের আগ্রহ—আসক্তি। আমরা ইরানে দুস্প্রাপ্য ধরনের কুরআনী হস্তাক্ষর সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপের নমুনা এবং কুরআন মুদ্রণের প্রতি ঐকান্তিকতা ও আগ্রহ দেখে, ইরানীরা কুরআনকে যে অত্যাধিক সম্মান ও মর্যাদা দেয় তা ভালভাবে উপলব্ধি করতে পেরেছি। সেখানে বিভিন্ন সভাসমিতি ও বৈঠকে কুরআন তিলাওয়াত করা হয় বিশেষভাবে মিসরী কারীদের তিলাওয়াতকৃত আয়াতসমূহ টেপ রেকর্ডারের মাধ্যমে শুনানো ব্যবস্থা করা হয়।
- ৩. আমরা ইরানীদের ধর্মীয় আত্মসম্মানবোধ ও আত্ম-সচেতনতা লক্ষ্য করেও আনন্দিত হয়েছি। তারা ইসলামের বিরুদ্ধে সংগঠিত ষড়যন্ত্রমূলক আন্দোলন সম্পর্কে বেশ সজাগ ও সতর্ক। বাহাই মত, মা ইরানেই আবিভূর্ত হয়েছে, সেখানে আইনতঃ নিষিদ্ধ। বাহাই মত এবং সেই সাথে কাদিয়ানিয়াতকেও সেখানে ইসলাম বহিত্ত মত বলে মনে করা হয়। ধর্মপরায়ণ ব্যক্তিরা এই দুই মতকে খুবই ঘৃণার চোখে দেখে। কমিউনিজম ও

নান্তিকতাবাদের বিরুদ্ধে ইরানে যে ইসলাম–প্রিয়তা ও ইসলামের প্রতি আন্তরিক অনুরাগ পরিলক্ষিত হয় তা মুসলিম দেশসমূহ–বিশেষ করে পাকিস্তানের জন্য শিক্ষণীয় ও অনুসরণযোগ্য। কেননা ইরানের সাথে পাকিস্তানের অত্যন্ত মধুর সম্পর্ক রয়েছে।

8. সুন্দর অনুপম আচরণ, মিষ্টি কথা, আতিথেয়তা, বিনয়, নমতাএগুলো হছে ইরানীদের এমন সব স্বভাবগুণ, যা ইরান সফরকারী যে কোন
মুসলিম পর্যটকের নজরে পড়বে। সে অনুভব করবে, যেন সে আপন
সহোদরদের সাথে আপন মাতৃভূমিতেই রয়েছে। আমরা যে শহরেই গিয়েছি
সেখানকার দয়িতৃশীল সরকারী কর্মকর্তা, অভিজ্ঞাত ও সম্মানিত নাগরিকবৃন্দকে আমাদের জন্য প্রতীক্ষারত দেখতে পেয়েছি। আমরা যদিও মটরগাড়ীর
মাধ্যমে 'কুম' যাছিলাম, কিন্তু সেখানে পৌছতে আমাদের বেশ বিলম্ব ঘটে,
অথচ আমরা দেখতে পাই যে, দায়িতৃশীল সরকারী কর্মকর্তাবৃন্দ উলামা ও
সম্মানিত ব্যক্তিবৃন্দ রাস্তার উভয় দিকে প্রখর রৌদ্রে দাঁড়িয়ে আমাদের জন্য
অপেক্ষা করছেন। এই সংক্ষিপ্ত সফরে আমরা বার বার এ ধরনের অভিজ্ঞাতা
লাভ করেছি।

শেষ পর্যন্ত আমি আমার ইরানী ত্রাতৃবৃন্দ ও উলামা সমাজ ও জাতীয় নেতৃবৃন্দের দৃষ্টি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি।

১. মানুষ এবং সমগ্র বিশ্ব সৃষ্টির মূল লক্ষ্য এবং আম্বিয়া (আ.)—এর আবির্ভাব এবং আসমানী গ্রন্থসমূহ নায়িলের আসল উদ্দেশ্য ছিল এই যে, এই দুনিয়ায় আল্লাহ্ তা'আলার ইবাদত উপাসনা করা হবে এবং একমাত্র তাকেই উপাস্য বলে মনে করা হবে। আনুগত্য, বিশ্বস্ততা, বিষয় এবং আল্লাহ্র উপর নির্ভরশীলতা এবং তার উপাসনার অনুভূতি হচ্ছে এমন সব গুণাবলী যা বান্দার মধ্যে তখনই সৃষ্টি হয় যখন সে আল্লাহ্কে এক এবং শরীক বিহীন মনে করে। আম্বিয়া (আ.)—এর আবির্ভাবের লক্ষ্যও এই ছিল যে, তারা সৃষ্টিকে দ্রষ্টার সাথে সম্পৃষ্ঠ করে দেবেন, মানব জাতিকে দৈহিক ও মানসিক দিক দিয়ে তাদের সৃষ্টিকর্তার প্রতি আকৃষ্ট করবেন—ঝুঁকিয়ে দেবেন তাদের মাধা তাদের প্রতিপালকের সামনে। এই ছিল আম্বিয়া (আ.)—এর জীবনের লক্ষ্য, মনের ঐকান্তিক বাসনা এবং যাবতীয় কর্ম প্রচেষ্টার প্রতিফ্লন। এর দ্বারাই তাদের আ্মার শান্তি ও হৃদয়ের তৃত্তি লাভ হত। তারা এজন্য দুনিয়ায় আসেননি যে, স্ক্রীও সৃষ্টির মধ্যে প্রতিবন্ধকতার সৃষ্টি করবেন, কিংবা মানুষকে কোন বিশেষ

পরিবারের সাথে সম্পর্কে কিংবা কোন বিশেষ বংশের বাধ্য-অনুগত বিংবা কোন বিশেষ খান্দানের সাথে চির দিনের জন্য সম্পর্কিত করে দিয়ে যাবেন।

রক্তের পবিত্রতা, বংশের গৌরব এবং পুত্র-পৌত্রদের জন্য মানব সমাজে জাগাম গদী (আসন) প্রতিষ্ঠা করে যাগুয়া, তাদের বড় বড় সামাজ্যের ভিন্তি স্থাপন, বংশ পরম্পরাগতভাবে যাতে তাদের নেতৃত্বে-কৃর্তৃত্ব বহাল থাকে সেজন্য আগেভাগে ব্যবস্থা অবলম্বন, এমনভাবে তাদের অর্থনৈতিক সুরাহার ব্যবস্থা করা, যাতে শতাব্দীর পর শতাব্দী ধরে তারা প্রাচুর্যের মধ্যে কাল কাটাতে পারে-সর্বোপরি তাদের সম্পর্কে এমন কিছু আধ্যাত্মিক বৈশিষ্ট্য প্রতিষ্ঠিত ও প্রচলিত করে যাগুয়া, যাতে তারা চিরকাল সর্ব ব্যাপারে সবার উপরে শ্রেষ্ঠত্ব দাবী করতে পারে-(এগুলা) এমন মনোবৃত্তি যা তথুমাত্র সামাজ্য প্রতিষ্ঠাকারী অতি উৎসাহী রাষ্ট্রনায়ক এবং পার্থিব সম্পদ লিগু জড়বাদীরাই পোষণ করতে পারে। এর ভুরি ভুরি দৃষ্টান্ত পাগুয়া যাবে বিভিন্ন সামাজ্য প্রতিষ্ঠাকারী প্রাচীন রাজ পরিবারসমূহের ইতিহাসে। আম্বিয়া (জা.) ছিলেন এসব বাতিল প্রবণতা থেকে একবারে মুক্ত, এসব ময়লা থেকে সম্পূর্ণ পবিত্র। আল্লাহ্ তা'জালা কুরজান শরীফে আম্বিয়া (জা.) এর এইসব বৈশিষ্ট্য জত্যন্ত সুন্দর ও আকর্ষণীয় ভাষায় সর্ব সমক্ষে তুলে ধরেছেন।

مَا كَانَ لِبَشَرِ أَنْ يُؤْتِيْهُ اللّٰهُ الْكَتَابَ وَ الْفَكُمَ وَ النَّبُوَةَ ثُمَّ يَقُولُ لِلنَّاسِ كُونُواْ عِبَاداً لِي مِسِنْ دُوُنِ اللّٰهِ وَ لُكِنْ كُونُسُوا رَبَّانِيِّنَ بِسَا كُنْتُسُمُ تُعَلِمُونَ الْكِتَابَ وَ بِسَا كُنْتُكُمْ تَدُرُسُونَ ﴿ وَ لاَ يَآمُرُكُمُ أَنْ تَتَّخِذُواْ الْمَلْاتِكَةَ وَ النَّبِيِّيْنَ ارْبَابًا ﴿ آيَا مُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ إِنْ انْتُمْ مُسْلِمُونَ ﴿

অর্থ ঃ "কোন ব্যক্তিকে আল্লাহ্ কিতাব, হিকমত ও নবৃয়াত দান করার পর সে মানুষকে বলবে যে, আল্লাহ্র পরিবর্তে তোমরা আমার দাস হয়ে যাও, এটা তার জন্য শোভন নয়, বরং সে বলতে 'তোমরা রাম্বানী (আল্লাহ্ওয়ালা) হয়ে যাও, যেহেতু তোমরা কিতাব শিক্ষা দান কর এবং যেহেতু তোমরা অধ্যয়ন কর। ফেরেশেতাদেরকে ও নবীদেরকে প্রতিপালকর্মপে গ্রহণ করতে সে তোমাদেরকে নিদের্শ দেবে না। তোমাদের মুসলমান হওয়ার পর সে কি তোমাদেরকে কাফির হতে বলবে? -(৩ ঃ ৭৯-৮০)

একারণেই রাস্ল্রাহ্ (সা.) এমন সব কান্ধকর্ম ও আচার-আচরণ থেকে সদাসতর্ক থাকতেন যার মধ্যে গায়রুল্লাহ্ ('আল্লাহ্ ছাড়া অন্য যে কোন বা কন্ত্)—এর জন্য কোন আল্লাহ্র পবিত্রতা ও সমান—সমীহ সৃষ্টির সন্দেহ—পর্যন্ত দেখা দিতে পারে কিংবা কেউ বালা ও তার উপাস্যের মধ্যে মাধ্যম হওয়ার স্যোগ খুঁজতে পারে। গায়রক্লাহ্র জন্য এই সমান ও পবিত্রতার রেশট্রু সৃষ্টি হোক— চাই তা সম্পর্কিত হোক তাদের নিজেদের সন্তার সাথে কিংবা কোন ঐতিহাসিক নিদর্শন, কোন উপাসনালয়, অথবা সমাধির সাথে—তারা তাও অনুমোদন করতেন না। রাস্লুল্লাহ্ (সা.) বলেছেন, "হে আল্লাহ্, তুমি আমার কবরকে এমন মূর্তি বানিয়ো না যার পূজা করা হয়। ঐ সব লোকের উপর আল্লাহ্র গযব যারা নিজেদের নবীদের কবরকে সিজদাস্থলে পরিণত করেছে। এরপর তিনি বলেছেন, ইয়াহদী ও খৃষ্টানদের উপর আল্লাহ্র অভিশাপ, কেননা তারা তাদের নবীদের কবরকে সিজদাস্থলে পরিণত করেছে। কর্পর এক হাদীসে আছে। এই মর্মের আরো অনেক হাদীস আছে।

অতীত জাতিসমূহের ইতিহাস ও আচার-আচরণ থেকে একথা দিবালোকের মত স্পষ্ট হয়ে গেছে যে, যে জাতি বা জনগোষ্ঠী তাদের দর্শনীয় স্থান ও সমাধিসমূহকে উৎসবস্থলে পরিণত করতে শুরু করেছে তারা শেষ পর্যন্ত হরমে মুকাদ্দাস এবং মসজিদ (উপাসনালয়) থেকে বিমুখ হয়ে পড়েছে, জামাআতবদ্ধ হয়ে নামায আদায় করার গুরুত্ব তুলে বসেছে এবং প্রত্যেকটি বিপদ-আপদের সময় আল্লাহ্র সামনে যে নত হয়, তার দিকে প্রত্যাবর্তন করতে হয় এবং তার ইবাদত—উপাসনায় মনপ্রাণ ঢেলে দিতে হয় সে বিশ্বাসও (তারা) হারিয়ে বসেছে।১২

ইরান অবস্থানকালে আমরা মসজিদসমূহের অনুপাতে সমাধি সমূহকেই অধিক সচ্ছিত, জাঁকজমকপূর্ণ ও জনাকীর্ণ দেখতে পেয়েছি। এতে অনুমিত হয়েছে যে, এই সমস্ত সমাধির সাথে জনসাধারণের বিশ্বয়কর ধরনের আন্তরিক সম্পর্ক সৃষ্টি হয়েছে। যখন একজন পর্যটক সাইয়িদিনা ইমাম আশীরেযার সমাধিতে হাযির হয় তখন মনে হয়, যেন সে কোন সমাধিপার্শ্বে নয় বরং হাজীতে পরিপূর্ণ হরম শরীফে দাঁড়িয়ে আছে। স্থোনে সব দিক থেকে কান্নার রোল ভেসে আস্ছে, স্ত্রী-পুক্ষ-আবাল-বৃদ্ধ-বণিতা নির্বিশেষে লোকে লোকারণ্য, নানা ধরনের সাজসজ্জা, ও জাঁকজমক, ধনাত্য,

প্রতিপত্তিশালী তথা সর্বশ্রেণীর দর্শনার্থীদের স্থৃপীকৃত নযর নিয়ায ও উপহার উপঢৌকন এবং আরো কত কিছু। হরমে মন্ধ্রী ও হরমে মাদানী এবং এই মাযারের মধ্যে কোন প্রভেদ নেই বললেই চলে। কিঞ্চিৎ পার্থক্যসহ কুমে অবস্থিত সাইয়িদা মাসুমার সমাধির অবস্থাও তাই।

ইরানে বিরাট বিরাট মসজিদ রয়েছে। স্থাপত্য শিল্পের দিক দিয়ে কোন মসজিদ একেবারে অত্লনীয়। কিন্তু সমাধি ও মাযারসমূহের অনুপাতে সমস্ত মসজিদের অবস্থা খুবই করুণ। এগুলোতে মানুষের কোন জীড় নেই। এগুলোর প্রতি জনসাধারণের কোন আবেগ-উচ্ছাস্ বা আন্তরিক সম্পর্কে আছে বলেও মনে হয় না। যাদৈরকে মাযারে দেখা যায় তাদেরকে মসজিদে দেখা যায় না বললেই চলে। আমরা ইস্না আশারী মাযহাবের ইবাদতের বিশেষ বিশেষ মাসায়েল, 'জামাআ' বায়নাস্ সালাতায়ন (দু' ওয়াক্ত নামায এক সাথে পড়া) এবং ইমামতের নাযুক শর্তাদি সম্পর্কে অনবহিত নই। আমরা অবশ্য জানি যে, ফিক্হে জাফরীর মধ্যে এমন অনেক সুযোগ রয়েছে যা আহলে সুনাতের মাযহাবসমূহে নেই। এতদসত্ত্বেও আমরা মনে করি, এটা পুরাপুরি সম্ভব ছিল যে, মসজিদসমূহে নামাযীদের, এর চাইতেও অধিক ভীড় হত এবং সমাধিস্থল ও মাধারসমূহের অনুপাতে মসজিদেই অধিক আহাজারি ও কানার রোল শোনা যেত। আশাকরি, ইরানের উলামা এবং যারা ধর্মীয় আত্মসমানবোধ রাখেন (এবং এদের সংখ্যা মোটেই কম নয়) তারা এই বিষয়টির প্রতি দৃষ্টি দেবেন। যাতে বাইরে থেকে আগত লোকেরা অন্ততঃ মসজিদ ও মাশহাদ (সমাধিস্থল)-এর মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারে।১৩

আহলে বাইতকে সন্মান ও ভালবাসার ক্ষেত্রে অত্যাধিক বাড়াবড়ির ফলেই হ্যরত আলী রো.) এবং আহলে বাইতের ইমামদের প্রতিকৃতিসমূহ ঘরে মসন্ধিদে সর্বত্রই ঝুলিয়ে রাখা হয়েছে। হুযুর আকরাম (সা.)—এর প্রতিকৃতি যেখানে সেখানে ঝুলন্ত অবস্থায় দেখা যায়। বিশেষ করে তেহরানস্থ মসন্ধিদে সিপাহ্সালারে ফেরপ আকর্ষণীয় ভংগিতে বিভিন্ন ছবি ঝুলিয়ে রাখা হয়েছে তাকে দর্শকমাত্রেই মূর্তিপূজা ও শিরকের দিকেই ঝুকে পড়ার অনুপ্রেরণা পাবে। অতীতের জাতিসমূহ তাদের পুণ্যবান পুরুষদের প্রতিকৃতি ও প্রতিমূর্তি নির্মাণের মাধ্যমে মূর্তিপূজার তিত্তি স্থাপন করেছিল। আল্লাহ্ তা'আলা মুসলিম জাতিকে এই বিপদ থেকে রক্ষা করুল, দূরে রাখুন তাদেরকে যাবতীয় মুশরিকানা রস্ম ও রিওয়াজ থেকে। ১৪

১. আহলে রাইতের ইমামগণ চিরকালই মূর্খতার অন্ধকারে আলো বিতরণ এবং পথ প্রদর্শনের ক্ষেত্রে নেতৃত্বদান করে আসছেন। কোন দৃঢ় বিশাসী মুসলমানেরই এ ব্যাপারে কোন সন্দেহ নেই। কিন্তু আমার অনুভূতি এই যে, ইমামদের প্রতি শিয়া বন্ধুদের প্রেমাসক্তি বাড়াবাড়ির পর্যায়ে পৌছে যাওয়ার দক্ষন তাদের ভাবোচ্ছাস তাদের সৃস্থ বৃদ্ধি—বিবেচনাকে পরাভূত করে ফেলেছে। আর আমার ধারণা, তাদের এই প্রেমাসক্তি ও একদেশদর্শিতা ঐ সম্পর্কে ও আকর্ষণকে বেশ খানিকটা দুর্বল ও বিক্ষত করে দিয়েছে যা নব্য়াতে মুহামদী ও যাতে মুহামদী —এর সাথে প্রতিটি মুসলমানের থাকা উচিত। এটা তো আমাদের ভূলে গেলে চলবে না যে, মুহামদ (সা.) আনীত নব্য়াত এবং মুহামদ (সা.)—এর পবিত্র সন্তার কারণেই আহলে বাইত এরূপে সম্মান ও মর্যাদার অধিকারী হয়েছেন। শুধুমাত্র ঐ কারণই আমারা তাদেরকে ভালবাসি, সম্মান করি, সমীহ করি।

সুতরাং লক্ষ্য করা যায় যে, ইরানে শেষ যুগে যে সমস্ত 'নাতীয়া (রাসুলুল্লাহ্–এর প্রসংশায় রচিত কাব্যগীতি) রচনা করা হয়েছে (এর পরিমান খুব বেশী নয়) সেগুলোর মধ্যে ঐ জোশ-উচ্ছাস ও মনের আকৃতি লক্ষ্য করা যায় না, যা শক্ষ্য করা যায় 'আহলে বাইত-এর প্রশংসায় রচিত গীতিকাব্যে কিংবা তাহাদের শাহাদতের উপর রচিত বিলাপ গাঁথায়-বিশেষ করে সাইয়িদিনা হ্যরত আলী মুরতাযা এবং হ্যরত হুসায়নের প্রশংসা, গুণাবলী অথবা আহলে বাইতের বিপদাপদের ফিরিন্তি বর্ণনামূলক ছন্দ কবিতায়। শিয়া বন্ধুদের এখানে সর্বত্রই নাতে রাসূল এবং আহলে বাইতের প্রশংসা গীতির মধ্যেই এই পার্থক্য পরিলক্ষিত হয়। উর্দৃভাষায় আনীস ও দবীরের মর্সীয়া (বিলাপ গাঁথা) পড়ুন এবং এর সাথে স্বয়ং তাঁদের এবং ঐসব কবিদের নাতিয়া কালামের তুলনা করুন যারা তাদের স্বপক্ষীয় বা স্বমাযহাবী, প্রত্যক্ষ ও পরোক্ষ জিনিষের মধ্যকার পার্থক্য অনায়াসে বুঝে নিতে পারবেন। কমবেশী এই পার্থক্য সীরাতে নববী এবং মানাকিবে (প্রশংসাগাঁথা) আহলে বাইত-এর মধ্যে পরিশক্ষিত হয়। এই জিনিষটি আমরা ইরানেও দেখেছি সেখানে মাশাহাদ ও কবরসমূহের প্রতি যে আসক্তি ও আকর্ষণ পরিলক্ষিত হয়, মসজি-দসমূহের প্রতি তা হয় না। সেধানে নাজাফ ও কারবালা এবং 'উতাবাতে षानी সফরের যে षाधर দেখা যায় হারমায়ন শারীফায়ন-এর যিয়ারত কিংবা হচ্ছের সফরের প্রতি তা দেখা যায় না। ১৫

আহলে বাইত—এর প্রতি ঐকান্তিক ভালবাসা, আসন্তি এবং সম্মান প্রদর্শনের যে চক্রেরেখা ঐ আধ্যাত্মিক কেন্দ্রের চারদিক ঘিরে আঁকা হয়েছে এবং তাদের প্রশংসা ও গুণ বর্ণনায় যেতাবে বাড়াবাড়ি করা হয়েছে তাতে আশংকা হয়, না জানি এটা আবার ইমামতকে নব্য়াতের প্রতিঘন্দ্রী করে না ছাড়ে। যদি এমনটিই হয় তাহলে এই পুরো জীবন ধারাটাই এমন খাতে প্রবাহিত হবে যা 'শ্রেষ্ঠ নবী ও শেষ নবী—এর অনুকরণ করে নয় বরং তার সাথে প্রতিঘন্দ্রীতা করতে করতে এগিয়ে যাবে।

এই ধ্যান–ধারণার প্রভাব ও ফলশ্রুতি কাব্যে, সাহিত্যে এবং চিন্তাধারায় প্রকাশিত হওয়া অত্যন্ত স্বাভাবিক। আমি এর বিস্তারিত বর্ণনায় যেতে চাই না. তবে আমার সুবিবেচক ইরানী ভাইরা যদি তাদের অন্তরের স্পন্দন অনুভব করার চেষ্টা করেন তাহলে বুঝতে পারবেন–চাই তাদের শতকরা শতজন এই সমস্ত কথার সাথে একমত হোন অথবা না হোন- এগুলো তাদের প্রতি, মূল বিষয়টিকে আপাদমন্তক ভেবে দেখার আহ্বান জানাচ্ছ। এতে কোন সন্দেহ নেই যে, আহুদে বাইতের ইমামগণ ধর্ম ও বিশুদ্ধ তাওহীদের আহ্বান জানানোর ক্ষেত্রে রাস্লুল্লাহ্ (সা.) – এর সঠিক উত্তরাধিকারী ছিলেন। তারা এমন সব জিনিষেরই শত্রু ছিলেন, যা সৃষ্টিকে স্তাভী থেকে দূরে ঠেলে দেয়। রাসূলুল্লাহ্ (সা.) যে ধর্ম নিয়ে দুনিয়ায় এসেছিলেন, আহলে বায়তের ইমামরা ছিলেন সে সম্পর্কে অত্যন্ত সংরক্ষণশীল। তারা এমন কোন জ্বিনিষকে কখনো সহ্য করতেন না যা স্রষ্টা ও সৃষ্টির সম্পর্ককে দুর্বল করে দেয় কিংবা এক সৃষ্টিকে অন্য সৃষ্টির মধ্যে মগ্ন করে ফেলে। তাদের আহবান ও প্রচেষ্টার লক্ষ্য ছিল সৃষ্টির পরিবর্তে স্রষ্টার সাথে সম্পর্ক স্থাপন, দুনিয়ার বাহ্যিক দিকের প্রতি পৃষ্ঠ প্রদর্শন, সাধনা ও তাওয়াকুলের জীবন অবলম্বন এবং উপকারী ও কল্যাণকর জ্ঞান প্রচারে আত্মনিয়োগ।

মুসলমাদের দল-উপদল ও ফিরকাসমূহকে একই প্লাটফরমে নির্মে আসতে হলে-বিশেষ করে শিয়া-সূনীদের মধ্যে ব্যবধানের যে দ্স্তর পারাবার সৃষ্টি হয়েছে তার বিস্তৃতি কমাতে হলে, সম্পর্কের এই বিদ্যুৎসংযোগ রাস্লুল্লাহ্ (সা.)-এর ব্যক্তিত্ব ও তার রিসালাতের সাথে স্থাপন করতে হবে। কেননা তার সন্তাই হচ্ছে মুসলমানদের ধ্যান-ধারণার কেন্দ্র এবং তার নব্য়াত হচ্ছে তাদের মঙ্গল ও শান্তির উৎস। তিনিই হচ্ছেন সেই উচ্ছ্বল প্রদীপ

যে সমগ্র বিশ্বকে আলোকিত করেছে। এটি হচ্ছে এমন একটি বিরাট সংস্কারমূলক কাজ যার জন্য অত্যন্ত দৃঢ় সংকল্প ও বিদ্যোৎসাহী সংস্কারক ও চিন্তাবিদের প্রয়োজন। যখনই এই কাজ সম্পন্ন হবে তখন ইসলামের চিন্তাধারা ও সংস্কৃতির ইতিহাসে এক অতুলনীয় ও বিপ্লাত্মক অধ্যায়ের সূচনা হবে। তথ্মাত্র এই নিখুঁত ও শব্দ ভিত্তির উপরই সত্যিকার ইসলামী ঐক্য প্রতিষ্ঠিত হতে পারে। এ ছাড়া যত পথ আছে সবই কৃত্রিমও মন গড়া।

২. যদি ইসনা আশারী বন্ধুগণ আন্তরিকভাবে চান যে, মুসলমানদের বিভিন্ন ফিরকা–একটি অন্যটির নিকটবর্তী হোক এবং তারা পরিষ্কার মন নিয়ে একটি মাত্র কেন্দ্রে একত্রিত হোক, তাহলে সাহাবায়ে কিরাম এবং রাসুলুল্লাহুর সহধর্মিণিগণ সম্পর্কিত তাদের চিন্তাধারার মধ্যে পরিবর্তন আনতে হবে। কেননা ব্যাষ্টি ও গোষ্ঠীর প্রিয়ও সম্মানিত ব্যক্তিত্বের প্রতি যতক্ষণ পর্যন্ত সমান দেখানো না হবে ততক্ষণ পর্যন্ত একদেশ দর্শিতামূলক কোন কামিয়াব হবে না, হতে পারে না। আমি বুঝতে পারি না, এটা কি করে সম্ভব যে, দু'জন লোক একই লক্ষ্যের জন্য উৎসাহ-উদ্দীপনা আন্তরিকতা ও পরস্পর সহযোগিতার ভিত্তিতে পরস্পরের সাথে মিলে মিশে প্রচেষ্টা চালিয়ে যাবে, অথচ এক সংগী অন্য সংগীর মাননীয়, বরণীয় এবং আস্থা ও বিশ্বাসের কেন্দ্রীয় ব্যক্তিত্ব সম্পর্কে অবাঞ্ছিত মন্তব্য করবে এবং তাকে বিভিন্ন ভিত্তিহীন অভিযোগে অভিযুক্ত করবে, এমন কি, ব্যঙ্গ-বিদ্রুপ করেও বিশ্বাস করবে যে, এটাই হচ্ছে আল্লাহর নৈকট্য লাভের পথ। আমাদের সকলেরই এ অভিজ্ঞতা আছে যে, আমাদের পিতা-পিতামহ, উস্তাদ শায়থ, এমন কি আত্মীয়-স্বজ-নের ক্ষেত্রে, এ ধরনের আচরণ কেউ করুক, তা আমরা সহ্য করতে পারি না. তাহলে এ সমস্ত ব্যক্তিদের ক্ষেত্রে আমি, আপনি বা সে এ ধরনের আচরণ কী করে সহ্য করবে যারা আমাদের পিতা-পিতামহ, উস্তাদ শায়খ কিংবা যে কোন আত্মীয়–সজনের চাইতে অধিক প্রিয় ও সম্মানিত, যাদের জন্য আমাদের প্রাণ উৎসর্গীকৃত, যাদেরকে আমরা ধর্মের সত্যিকার সেবক এবং আঁ হ্যরত (সা.)–এর জন্য উৎসর্গীকৃত প্রাণ বলে বিশ্বাস করি ?

উপরোক্ত প্রেক্ষাপট ছাড়া এই বিষয়ের প্রচারমূলক বিরাট শুরুত্বও রয়েছে এবং জ্ঞানগত মূল্য মর্যাদাও রয়েছে। কেননা মানুষ সাধারণভাবে যে কোন দাওয়াতের সভ্যতা ও যে কোন মাযহাবের কল্যাণকামিতার সিদ্ধান্ত নেয় এই

দেখে যে, এই দাওয়াতের চারিত্রিক নমুনা কিরূপ, বার্দ্ধর দৃষ্টান্ত কি, এই দাওয়াত তার প্রাথমিক যুগ থেকে কি ধরনের মানুষ তৈরী করে আসছে এবং এ ক্ষেত্রে কি কৃতিত্ব দেখিয়েছে সর্বোপরি এই দাওয়াত দমনকারীরা কি পরিমাণ সাফল্য লাভ করেছে? এটাই হচ্ছে শিক্ষক, সংস্কারক, নেতা, বিষয় বিশেষজ্ঞ, শিল্পী, বিজ্ঞানী সকলেরই সাফল্য ও প্রভাব বিস্তারের মাপকাঠি। যদি তারা তাদের প্রচেষ্টায় উল্লেখযোগ্য সংখ্যক এমন লোক তৈরী করেন যাদের মাধ্যমে সর্গন্নিষ্ট বিষয়ের কৃতিত্ব প্রকাশিত হয় তাহলে তাদের শ্রম যেমন সার্থক হয় তেমনি বিনা বাক্য ব্যয়ে তাদেরকে ঐ বিষয়ের ইমাম বা নেতা বলে শীকার করে নেওয়া হয়। আর যদি তাদের চেষ্টার ফলাফল সীমিত বা নামে মাত্র হয়, তাদের অনুগামীদের ক্ষত্রে তাদের শিক্ষা ও প্রশিক্ষণ বৃথা যায়, শিষ্যরা শুরুদের চোখ বন্ধ করার সাথে সাথে তাদের যাবতীয় চেষ্টা—প্রচেষ্টাকে বিফল প্রমাণিত করে তাহলে এই উন্তাদ ও শুরুজনদেরকে যথাক্রমে তাদের শিক্ষাদান ও শিক্ষগ্রহণের ক্ষেত্রে ব্যর্থ বলেই মনে করা হয়।

এ ক্ষেত্রে ঐ প্রশ্নকারীকে সত্যাশ্রয়ীই বলতে হবে, যে এই প্রশ্ন উষপান করে যে, যখন এই দাওয়াত (জাহবান) এর উন্নতি ও সৃফল তার সর্বশ্রেষ্ঠ উষপানকারীর হাতেই বেশী দিন টিকে থাকতে পারেনি, (অর্থাৎ তা মানব মনে কোন রেখাপাত করতে পারেনি), এই দাওয়াতের প্রতি বিশ্বাস স্থাপনকারীরা তাদের আন্দোলনের স্চনাকালেই ইসলামের প্রতি বিশ্বস্ত থাকতে পারেনি, আর যখন তাদের বহু কম লোকই সে পথে সৃদৃঢ় থাকতে পেরেছে, যার উপর রাস্পুলাই (সা.) সাহাবায়ে কিরামকে রেখে গিয়েছিলেন তখন আমরা কী করে মেনে নিতে পারি যে, এর মধ্যে মানুষের অন্তর পবিত্র করার যোগ্যতা রয়েছে এবং তা মানুষকে পশুত্বের বেড়াজাল থেকে মুক্ত করে মনুষ্যত্বের শীর্ষস্থানে নিয়ে যাবে ?

দাওয়াত ও তাবলীগের শুরুত্ব এবং সেই সাথে রাস্লুল্লাহ্ (সা.)—এর সন্তা, তাঁর চরিত্র ও জীবনোতিহাসের মাহাত্ম্য প্রমাণের জন্য এটা জরুরী যে, আমরা সাহাবায়ে কিরামের শুণাবলীকে শীকার করব, তাদের মাহাত্ম্য ও শুরুত্ব এবং তাদের বিশ্বস্ততা, প্রস্পর প্রেম—ভালবাসা, সত্যের জন্য পরস্পর সহযোগিতা—ইত্যকার শুণাবলীকে উপরে তুলে ধরব এবং তাদের কৃতিত্বপূর্ণ ইতিহাসের সোনালী অধ্যায় থেকে উপদেশ ও অনুপ্রেরণা গ্রহণ করব—উপরম্ভু আমরা এ রহস্যাটিও অনুধাবন করব যে, তাদের কৃতিত্বপূর্ণ উচ্জ্বল ইতিহাসের

মধ্যে তাদের মানবিক দুর্বলতাগুলোর যেন এক একটি ক্ষুদ্রাতিক্ষুদ্র কৃষ্ণবিন্দু ছাড়া আর কিছু নয়। সত্যিকার যুক্তি, প্রজ্ঞা ও বিবেকবৃদ্ধি ও এ কথাই বলে। ক্রআন মজীদ এবং বিশ্বস্ত ইতিহাস একথাকে সমর্থন করে। প্রথম যুগের মুসলমান এবং মুত্তাকী পুণ্যবানদের এই আচার—আচরণের প্রশংসা করে কুর্আন বলছে—

وَ الَّذِيْنَ جَأَوُّا مِنْ بَعْدِهِمْ يَقُولُونَ رَبِّنَا اغْفِرُلَنَا وَ لِإِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلاَ تَجُعَلْ فِي قُلُوبِنَا غِلَّا لِلَّذِيْنَ أَمَنْدُوا رَبُّنَا الِّكَ رَفُفُ رُحِيْمٌ .

অর্থ ঃ যাঁরা ওদের পরে এসেছে তারা বলে, হে আমাদের রব, আমাদের এবং বিশ্বাসে অর্থাী আমার ভাইদেরকে ক্ষমা কর এবং বিশ্বাসীদের বিরুদ্ধে আমাদের অন্তরে হিংসা–বিদ্বেষ রেখো না। হে আমার রব, তুমি তো দয়ার্দ্র, পরম দয়ালু। –(৫৯ ঃ ১০)

জতীত জাতিসমূহও ঐ বিশ্বাস পোষণ করত যে, তাদের নবীদের সহচর ও সাধীরা আল্লাহ্র সৃষ্টির মধ্যে সর্বশ্রেষ্ঠ লোক। তাঁরা সকলেই নিজেদের নবীদের বন্ধু ও সাহায্যকারীদের প্রতি অপরিসীম ভক্তি পোষণ করতেন। অতএব আমাদেরও কর্তব্য, সাহাবায়ে কিরামকে অন্তর দিয়ে ভালবাসা এবং ভক্তি করা। কেননা তারাই তো ছিলেন সেই নবীর সাধী ও সাহায্যকারী—যিনি বিশ্বের উপর সব চাইতে গভীর এবং চিরস্থায়ী প্রভাব বিস্তার করে গৈছেন। কুরআন মজীদে আল্লাহ্ তা আলা ঘোষণা করেছেন—

هُوَ الَّذِيُّ بَعَثَ فِي الْأُمَّيِّيُّ رَسُولًا مَنْهُمْ يَتُلُو عَلَيْهِمْ أَيَاتِمٍ وَ يُزَكِيْهِمْ وَ يُعَلِّمَهُ مَ الْكِتَابَ وَ الْحِكْمَةَ وَ ازَنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِيْ ضَلَالٍ مَّبِيْنٍ ٠

অর্থ ঃ 'তিনি নিরক্ষরদের একজনকৈ পাঠিয়েছেন রাস্লরূপে, যে তাদের নিকট আবৃত্তি করে তার আয়াত, তাদেরকে পবিত্র করে এবং শিক্ষা দেয় কিতাব ও হিকমত, ইতিপূর্বে তো এরা ছিল ঘোর বিদ্রান্তিতে। –(৬২ ঃ ২)

هُ وَالَّذِيُّ أَرْسَلَ رَسُولَتُهُ بِالْهُدِى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّيْنِ كُلِّهِ وَكَفْى بِاللهِ شُهْدِداً ٠

অর্থ ৪ ' 'তিনি তার রাস্লকে পথ নির্দেশ ও সত্য দীনসহ পাঠিয়েছেন,

অপর সমন্ত দীনের উপর একে জয়যুক্ত করার জন্য। সাক্ষী হিসাবে আল্লাহ্ই যথেষ্ট। --(৪৮ ঃ ২৮)

যদি আমরা বিভিন্ন মতাবলম্বী লোকদেরকে পরস্পর নিকটতর করতে চাই তাহলে আমাদেরকে আন্তরিক প্রচেষ্টা চালাতে হবে, আর সে প্রচেষ্টা হবে অবশ্যই বাস্তবভিত্তিক। এই মানসিকতা এবং এই স্বাভাবিক পথ ছাড়া যে পথই আমরা ধরবো তা হবে অস্বাভাবিক এবং লক্ষ্য পূরণে ব্যর্থ। আমি একবার আল্লামা তাকী আল্কুমী (যিনি এই লক্ষ্য হাসিলের জন্য ত্রিশ বছর যাবৎ কান্ধ করেছেন)-এর মন্ধলিসে নিবেদন করেছিলাম, 'আমাদের এখানে (পাক-ভারতে) একটি কথা প্রচলিত আছে যে, এক হাতে তালি বাব্দে না. আমি এর সাথে আরো একটি যোগ করে বলতে চাই, 'শুধু দু'টি হাতও যথেষ্ট নয়, এ জন্য আন্তরিকতা, সংকল্প এবং স্থিরতারও প্রয়োজন। কেননা, যদি এক হাতে শৈথিলা ও দুর্বলতা থাকে তাহলেও তালি বাজবে না। আমি এও বলেছিলাম, 'বিভিন্ন মাযহাবী লোককে পরস্পর নিকটতর করা কোন যান্ত্রিক কাচ্ছ নয়, মুখের চাইতে অন্তরের সাথে এবং বাহ্যিক বিষয়ের চাইতে আন্তারিক বিষয়ের সাথেই এর সম্পর্ক অধিক। এখনো এমন কোন গাঁদ আবিষ্ণুত হয়নি যার দারা কাগজের মত অন্তরকেও অন্য কিছুর সঙ্গে জড়িয়ে দেওয়া যেতে পারে। এই প্রচেষ্টার মধ্যে অবশ্যই এমন আকর্ষণ থাকতে হবে. যাতে অন্তরসমূহ–এর শক্তি ও উষ্ণতার প্রতি আকৃষ্ট না হয়ে পারে না। এজন্য পরস্পর বুঝাবুঝির প্রয়োজন। অবস্থাভেদে কিছু কিছু জিনিষের দাবী ছাড়তে হবে এবং কোন কোন ব্যাপারে ঔদার্যের পরিচয় দিতে হবে। একবার যখন দু'পক্ষের অন্তর এটাকে গ্রহণ করার জন্য তৈরী হয়ে যাবে তখন পরস্পর ভালবাসা ও আস্থার প্রবল দ্রোতে তুল বুঝাবুঝির সব জঞ্জাল আপনা আপনি ভেসে যাবে। কেননা পরস্পর শ্রদ্ধা ও ভালবাসা সব অসম্ভবকেই সম্ভব করতে পারে।

৩. অবশেষে আমি একটি বিষয়ের প্রতি আমার ইরানী ধর্মপরায়ণ ও জ্ঞানীগুণী ভাইদের সতর্ক দৃষ্টি আকর্ষণ করছি। এতে কোন সন্দেহ নেই যে, আমাদের ইরানী ভাইরা কুরআনকৈ অত্যন্ত সমান করেন, ভালবাসেন। কুরআনের সাথে তারা সম্পর্কহীন নন। কুরআনের ফর্ণালী হস্তাক্ষর ও চিত্রিলিপির ক্ষেত্রে ভারা প্রাচীন যুগ থেকেই সকলের অথগামী। তারা কুরআনকে তাদের পাঠাগার এবং যাদুঘরসমূহে বিশেষ যত্নের সাথে রাখেন

এবং এর উপর গর্ববোধও করেন। শ্রেষ্ঠ থেকে শ্রেষ্ঠতর পদ্ধতিতে ও স্নিপুণভাবে মৃদ্রণের ক্ষেত্রে এখনো তারা কোন দেশের পিছনে নন। ইরানের প্রাচীন ও নবীন উলামা কুরআন মন্ধ্রীদের উচ্চমানের অনেক তাফসীর লিখেছেন, যার কয়েকটি পাক–ভারতেও বিখ্যাত ও বহুলভাবে পঠিত।

কিন্তু আমি মনে করি কুরআনের সাথে ইরানীদের সম্পর্ক আরো গভীর হওয়া উচিত। কুরআনের স্বাদ তাদের সর্বপ্রকার স্বাদের উপর জয়ী হোক, কুরআনের সজীবতা ভাদের দেহমনে ছড়িয়ে পড়ুক, কুরআন তাদের দারা বহুলভাবে পঠিত হোক, তাদের দেশে হাফিজে—কুরআনের সংখ্যা বৃদ্ধি পাক, তারা সব কিছুর উপর কুরআনকে স্থান দিক, যে কোন বিষয় গ্রহণ অথবা বর্জনে, যে কোন জিনিষ্কে খারাপ অথবা ভাল বলার ক্ষেত্রে কুরআনকেই তারা একমাত্র মাপকাঠি হিসাবে গ্রহণ করুক—আমি মনেপ্রাণে এ কামনাই করি। প্রকৃতপক্ষে এটাই আমাদের জ্ঞান, সাহিত্য, আকীদা, আমল, চরিত্র, আচার—আচরণ সব কিছুই একান্ত লক্ষ্য হওয়া উচিত।

এতে কোন সন্দেহ নেই যে, আমাদের ইরানী চিন্তাবিদ ও গুণীজনেরা উপরে বর্ণিত কিছু কিছু অবস্থাকে অন্তর দিয়ে অনুভব করেন এবং এগুলোর প্রচার প্রচলনের আবশ্যকতাও স্বীকার করেন। প্রকৃতপক্ষে এটা হচ্ছে একটি বিরাট সংস্কারমূলক কাজ এবং এ দায়িত্ব সেই ব্যক্তিরাই করতে পারেন যারা তাদের জ্ঞান, প্রজ্ঞা, সম্মান ও খ্যাতিকে চ্যালেঞ্জের মুখে, এমন কি নিজেদের জীবনকেও বিপদের মুখে ঢেলে দিতে দিধাবোধ করেন না। এটা ভুলে গেলে চলবে না যে, এই প্রচেষ্টার সাফল্য যে আনন্দ বয়ে নিয়ে আসবে তার চাইতে বড় আনন্দ আর কিছুই হতে পারে না। এই সাফল্যের কারণেই ইতিহাস তাদেরকে এমন সম্মান দান করবে যে সম্মানের চাইতে বড় সম্মান আর किइरे रूट भारत ना। रेजनारमत डेब्ड्रम ननार्हे এवः जात व्यवस्त ধুলোবাদির যে আন্তর্ণ পড়েছে, তারা প্রচ্ছোলে মুখলীতে যে ঘনঘটা ছেয়ে গৈছে ভা দূর করা এবং প্রাথমিক যুগে ইসলামের যে অবস্থা ছিল সে অবস্থা পুনরায় সৃষ্টি করা কোন সহজ বা মামুলী ব্যাপার নয়, বরং এটা হচ্ছে একটা বিরাট সংগ্রাম, একটা ছব্লস্থপূর্ণ সাংস্কৃতিক আন্দোলন। বিশুদ্ধ তাওহীদ এবং হাকীকতে শ্বীনকে আপন করে নেওয়ার জন্য কুরআনের দাওয়াত তথু অন্যান্য ধর্মাবলম্বীদের কাছে নম বরং এই উন্মতের প্রত্যেকটি দল–উপদলের কাছেও পৌছতে হবে-এই কাজ কোন যুগ, কোন স্থান বা কোন কালের সাথে সম্পর্কিত নয় i

تَعَالُوا الْي كَلَمَة سَوَّاً بِبَيْنَنَا وَ بَيْنَكُمْ اَلاً نَقْبُدُ الاَّ اللهَ وَ لاَ نُشَرِكَ بِهِ شَيْئًا وَ لاَ يَتَّخِذَ بَعُضَنًا بَعُضًا اَرْبَابًا مَنْ نُوْنِ اللهِ ٠

অর্থঃ "এ সো, সে কথায় যা আমাদের ও তোমাদের মধ্যে একই আমরা আল্লাহ্ ব্যতীত কারো ইবাদত করি না, কোন কিছুকেই তার শরীক করি না এবং আমাদের কেউ আল্লাহ্ ব্যতীত কাউকে প্রতিপালকর্মপে গ্রহণ করে না।"—(৩ ঃ ৬৪)।

আমার ইরানী ভাইদের কাছে পুনরায় বিনীত নিবেদন, আমার উপরোক্ত কথাগুলো শুধুমাত্র আন্তরিকতা, শুভেচ্ছা এবং ইসলামী ঐক্যের প্রবল বাসনা এবং এক্ষেত্রে কিছুটা দায়িত্ব পালনের অনুভূতি থেকেই উৎসারিত হয়েছে। যদি আপনারা এগুলোর মধ্যে এমন কোন জিনিষ পান যার সাথে আপনারা একমত নন, কিংবা সত্যপ্রকাশে, ঘটনা বর্ণনায় অথবা নিছক শব্দ প্রয়োগ আমার পক্ষ থেকে কোন বাড়াবাড়ি হয়ে গিয়ে থাকে তাহলে আমি সেজন্য ক্ষমাপ্রার্থী। মানুষ মূলতঃ ভুলের প্রতিমূর্তি। একমাত্র আল্লাহ্ তাভালাই যাবতীয় ভূলদ্রান্তি ও দোষক্রেটি থেকে সম্পূর্ণ মুক্ত।

একটি জিজাসা

ইরানী ভাইদের কাছ থেকে বিদায় নেওয়ার পূর্বে তাদের প্রতি আমার—
আর শুধু আমার কেন, আরো অনেকেরই এই জিজ্ঞাসা যে, ইরানের মৃত
একটি উর্বর দেশ এবং অনেক বিখ্যাত ব্যক্তিত্বের লালনভূমি, যা এই সেদিনও
জ্ঞান বিজ্ঞান তথা জীবনের সর্বক্ষেত্রে এমন সব প্রতিভার জন্ম দিয়েছে যারা
তাদের জনসাধারণ মেধা ও যোগ্যতার কারণে বিশ্বব্যাপী খ্যাতি অর্জন
করেছিলেন, এমন কি ইরানের ইতিহাসেও ইরান চরিত অধ্যয়নকারীদের
কাছে অনুভূত হয়, যেন ইরান প্রতিভাশালী ছাড়া কোন মানুষের জনাই দেয়
নি। কিন্তু ইরানের শেষ অধ্যায়ের উপর দৃষ্টি নিক্ষেপকারী যে কোন ব্যক্তি
বিশ্বরবিমূঢ় হয়ে প্রশ্ন করতে বাধ্য হবে, এই মহান দেশ মহান ব্যক্তিদের
জন্মদান কেন বন্ধ করে দিল, ইসলামী জ্ঞান শিক্ষার সেই প্রতিভা , যোগ্যতা,
বীশক্তি, পর্যালোচনা শক্তি, এমন কি কাব্য ও সাহিত্যের ক্ষেত্রে ইরান আজ্ব
কেন এরূপ পশ্চাৎমুখিতা ও পতনের শিকারে পরিণত হলো ? শতানীর পর
শতানী অতিবাহিত হল, বংশের পর বংশ চলে গেল, কিন্তু কেন এখানে এমন

একজন পণ্ডিত, সাহিত্যিক, কবি, প্রস্থার, পর্যলোচক, ভূগোলবিদ, চিকিৎসক বা বিজ্ঞানীরও আবির্ভাব হলো না, যিনি তার কৃতিত্বপূর্ণ কাজের জন্য সমগ্র বিশ্ববাসীর দৃষ্টি নিজের দিকে আকৃষ্ট করতে সক্ষম হয়েছেন? সত্যি বলতে কি, সেই হিজরী দশম শতাব্দীর পর থেকেই শূন্যতা বিকট আকারে ধারণ করেছে। তাই আলোমা ইকবালের মত ইরানী কাব্য সাহিত্যের একান্ড ভক্ত ও ইরানী ইতিহাসের সত্যিকার ছাত্রও অভিযোগ করতে বাধ্য হয়েছেন–

نه اٹھا پھر کوئی رومی عجم کے لاله زارون سے و می آب و گل ایران، و می تبریز مے ساتھی

'ইরানী গুলবাগে রুমী এলনা আর কেন সাকী! হোপা তো সেই ফুল পাথি নীর সেই তাবরীয় আজো বাকী।

আমি ইরানী উলামা ও বিজ্ঞজনের কাছেও এই প্রশ্ন রেখেছি এবং এ সম্পর্কে ত্রাদের মাথে মত-বিনিময় করেছি কিন্তু কোন সদৃত্তর আমি পাই নি। এই প্রশ্ন আমাদের অন্তরে বার বার উঠানামা করছে, তাহলে কি সে তাসাউফ (আধ্যাত্ম্য রাছ) যা চিন্তাধারাকে উন্নীতকরণ, উৎসাহ-অনুপ্রেরণাকে বৃদ্ধিকরণ, জতুবাদের বিরোধিতা, সভ্যের সন্ধান ও আত্মার উৎস উদ্গীরনের ক্ষেত্রে কেন্দ্রীয় ও মৌলিক ভূমিকা পালন করত তার পরিসমাপ্তিই ইরানীদের এই অধঃপতনের মূল কারণ? না কি এর কারণ হচ্ছে ধনসম্পদের প্রাচুর্য, कीविकाद मञ्ज थाछि ও সাধারণ चष्ट्रणा, यात মধ্যে ইরানীদের দীর্ঘদিন যাবৎ তাদের দ্ধীবন অভিবাহিত করছে ? এই প্রাচুর্যের কারণেই কি তাদের মধ্যে ক্ষমঃপতনের চিছ্লাদি ফেমন, আরাম প্রিয়তা, সংকল্পে শিথিলতা ইত্যাদি ফুটে উঠেছে ? কিংবা এই অধঃপতন ও পশ্সংপদতার কারণ কি এই যে. ইরান জ্ঞান চর্চা ও মত প্রকাশের পথটি দীর্ঘদিন থেকে সীমিত ও সংকৃচিত করে রেখেছে এবং জন্য যে কোন মত, পথ ও ব্যবস্থাকে দেশ থেকে দূরে রাখার চেটা করে আসছে ? প্রকৃত ঘটনা এই যে, সাফাডী যুগের পর থেকে ইরানীরা এমন একটি বন্ধ জংগনে (চিন্তার ক্ষেত্রে) কাল কাটাচ্ছে, যেখানে বহি-র্দ্দাতের জ্ঞান-দর্শনের ডেউ, যা তাদের চিন্তা শক্তিকে চাঙ্গা করে তুলতে পারত এবং তাদের শিক্ষা ও সংস্কৃতি জলতে সাড়া জাগাতে পারত-এসে পৌছতে পারছে बा।

দর্শন, ইতিহাস এবং বিভিন্ন জাতির উথান-পর্তনের সাথে এই প্রশ্নের গভীর সম্পর্ক রয়েছে। সভ্যকে অনুধাবন এবং জ্ঞানপত আলোচনা-পর্যালোচনার জন্য এই প্রশ্নের সন্তোষজনক উত্তর বের করা খুবই জরুরী। আমরা ইরানীদের কাছ থেকেই এই প্রশ্নের উত্তর কামনা করি, যারা ভাদের শিক্ষাগত ও সাংকৃতিক যোগ্যতা এবং প্রতিভা ও ধীশক্তি দারা দীর্ঘ কয়েক যুগ পর্যন্ত বিশ্ববাসীকে বিশ্বিত ও স্তম্ভিত করে রেখেছিলেন। ইরানীদেরকেই এই শ্বরুত্বপূর্ণ ও নাজুক প্রশ্নের উত্তর খুঁজে বের করতে হবে এবং নিজেদের গৌরবময় অতীতের পুনরুজ্জীবন ঘটাতে হবে। এর মধ্যেই ইরান, মুসলিম বিশ্ব তথা সমগ্র বিশ্বের মঙ্গল নিহিত।

রাসুলুল্লাহ (সা.)- এর নব্য়াতই ঘুমন্ত ইরানকে জাগিয়ে তুলেছিল

এটা হচ্ছে সেই জারবী ভাষণের জনুবাদ যা ১৩৯৩হিঃ সনের ১৩ জমাদিউদ উলা মুতাবিক ১৯৭৩ইং সনের ১৫ জুন একটি জন্তর্থনা সভায় শেল করা হয়। সভাটি জায়াতুরাহ্ আদ উযমা মির্যা মুহাক্ষদ খলীল কামরাহ্যী—এর তেহরালহু যেরীনাল—এর বাসভবনে অনুষ্ঠিত হরেছিল। ভাষণটি জারবী থেকে উর্দৃতে জনুবাদ করেছেন মওলতী জাজমল ইসলাহী নাদভী।

বন্ধুগণ,

কারী সাহেব এখনই আপনাদের সামনে সূরা আলে-ইমরানের নিম্নের বিখ্যাত আয়াতটি তিলাওয়াত করেছেন।

وَ اعْتَصِمُوا بِحَبْلِي اللّٰهِ جَمِيْعًا وَ لاَ تَفَرَّقُوا وَاذْكُرُوا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمُ اذْ كُنْتُمُ اَعْدَاءُ فَالْفَ بَيْنَ قُلُوبِكُمْ ۖ فَاَصْبَحْتُمْ بِنَعْمَتِهِ إِخْوَانًا ۚ وَكُنْتُمْ عَلَى شَفَاحُفُرَةٍ مِّنِنُ النَّارِ فَانْقَذَكُمْ مِثْمَهَا كَذَاكِ يُبَيِّنَ اللّٰهُ لَكُمْ ايَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ٠

জর্ধঃ ''এবং তোমরা সবাই আল্লাহ্র রশি দৃঢ়ভাবে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়ো না। তোমাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ অরণ কর ঃ তোমরা পরস্পর শত্রু ছিলে এবং তিনি তোমাদের হৃদয়ে প্রীতি সঞ্চার করেন। ফলে তাঁর অনুগ্রহে তোমরা পরস্পর ভাই হলে। তোমরা অগ্লিকুর্ডের প্রান্তে ছিলে, আল্লাহ্ তোমাদেরকে তা হতে রক্ষা করেছেন। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তার নিদর্শন স্পষ্টভাবে বিবৃত করেন যাতে সংপথ পেতে পার। —(৩ ঃ ১০৩)

আমার সুবিজ্ঞ বন্ধু উন্তাদ আহমদ মুহাম্মদ জামাণ উপরোক্ত আয়াতের প্রথম জংশ সম্পর্কে আলোচনা করেছেন। আমি এর দিতীয় জংশ জর্থাৎ — وَ كُنْتُمْ عَلَى شَفَاحُفُرَةٍ مِّنَ النَّارِ فَانْقَذَكُمْ مِّنْهَا كَذَالِكَ يُبَيِّنَ اللَّهُ لَكُمُّ أَيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ.

অর্থঃ ''তোমরা অগ্নিকুণ্ডের প্রান্তে ছিলে, আল্লাহ্ তোমাদেরকে তা হতে রক্ষা করেছেন। এভাবে আল্লাহ্ তোমাদের জন্য তার নিদর্শন স্পষ্টভাবে বিবৃত করেন যাতে তোমরা সৎপথ পেতে পার। – (৩ ঃ ১০৩)

-সম্পর্কে কিছু বলবো এবং উপস্থিত সবাইকে এ সম্পর্কে চিন্তাভাবনা করার জন্য আহবান জানাবো।

বন্ধুগণ, এই আয়াতটি সর্বদা আমাদের চোখের সামনে এবং আমাদের মনের মণিকোঠায় থাকা চাই। এই আয়াতের মধ্যে সেই মহান নিয়ামত (অনুগ্রহ)—এর উল্লেখ রয়েছে যার দ্বারা আল্লাহ্ মুসলমান জাতিকে ধন্য ও অনুগৃহীত করেছেন। আর হে ইরানবাসী, ওধু আপনারাই এই নিয়ামাতের অধিকারী নন, বরং আমরা পাক—ভারত উপমহাদেশের অধিবাসীরা—সত্যিকথা বলতে গেলে, এই বিশ্বের অধিবাসী সমগ্র মুসলমানরা এবং আরব উপদ্বীপেরও অধিবাসীরা—যাদের দেশ থেকে ইসলামের কিরণচ্ছটা প্রদীপ্ত হয়ে সমগ্র বিশ্বেছড়িয়ে পড়েছে—এতে সমভাবে অংশীদার।

আমরা সবাই মূর্খতার অন্ধকারে ঘুরপাক খাচ্ছিলাম, না ছিলাম তাওহীদ ও নব্য়াত সম্পর্কে ওয়াকিফহাল, না খবর রাখতাম হাশর ও নশরের (পুনরুখান দিবসের), আর না ছিলাম চারিত্রিক গুণাবলী সম্পর্কে অবহিত, বরং আমরা ছিলাম ভিত্তিহীন ধারণাকল্পনার মধ্যে বন্দী, পতিত হয়েছিলাম অত্যাচারী শাসনের যাতাকলে, চতুর্দিকে লাঞ্ছিত ও পদদলিত হচ্ছিলো মানবতা।

একদিকে স্বেচ্ছাচারী শাসক, আর অন্যদিকে জ্ঞান ও ধর্মের ইজাদার আলিম (পণ্ডিত) সমাজ মানুষের প্রত্ হয়ে বসেছিল। আর সাধারণ মানুষ পূজা–অর্চনা ও অন্ধ অনুকরণে ছিল লিপ্ত। যেমন আল্লাহ্ তা'আলা বলেছেন,

اِتَّخَذُوا الجَّبَارَهُمْ وَ رُهُبَانَهُمْ اَرْبَابًا مِنْ نُوبِ اللَّهِ .

পর্বার আক্লাহ্ ব্যতীত তাদের পণ্ডিতদেরকে ও সংসার বিরাগীদেরকে তাদের প্রতিপালকরূপে গ্রহণ করেছে। (৯ ঃ ৩১)

ইসলাম এলো, ভূ-পৃষ্ঠের প্রান্তে প্রান্তে ছড়িয়ে পড়ালো তার কিরণচ্ছটা। ইসলামের নিয়মাতের দরজা ছিল সবার জন্য উনুক্ত। ইসলাম ছিল ঐ বৃষ্টির মত যা সাদাকালো ও দাস-প্রভুর মধ্যে কোন পার্থক্য করে না। তা ছিল এমন মেঘমালা যা সিক্ত করেছিল নিম্নভূমি, উচ্চভূমি, উদ্যান, প্রাপ্তর সব কিছু। এই নিয়ামতের চাইতে বড় নিয়ামাত আর নেই, এমন কি, এটা হচ্ছে জীবনের যাবতীয় স্বাদ–আহলাদ এবং শান্তি ও মঙ্গলের উৎস। ইসলাম যদি বিশুদ্ধ তাওহীদ এবং ইমানব্ধপী নিয়ামত না হত তাহলে এটাও হত একটা কঠিন শান্তি, হত জাহান্ধামে নিয়ে যাবার একটা সেতু।

আল্লাহ্ ইসলাম দারা আমাদের ধন্য করেছেন। এজন্য তার লাখ লাখ শোকর। এই নিয়ামত লাভ করার পথে আমরা নবী করীম (সা.)—এর সন্তা, তাঁর আবির্ভাব, তার রিসালত, তাঁর জিহাদ ও সংগ্রামের কাছে যারপর নাই খণী।

একথা বলা মোটেই অসঙ্গত নয় যে, যদি নবী করীম (সা.) না হতেন. তাঁর আসহাব এবং আহলে বাইত না হতেন, প্রাথমিক যুগের ইসলামের সেই দাওয়াত বহনকারীরা না হতেন, ইসলামের দাওয়াত প্রচারে ও প্রসারের काटक जाजानिरवमनकाती मूजारिमता ना रूटन जारून जाक ना रैजनाम ইরানে কোন অন্তিত্ব থাকত, আর না অন্তিত্ব থাকত ইসলামী হিন্দ, ইসলামী মিসর, ইসলামী সিরিয়া অথবা ইসলামী অন্য কোন দেশের। এমন কি যে আরব উপদ্বীপ আজ্র আমাদের ভক্তি ভালবাসার কেন্দ্র, যেদিকে মুখ করে আমরা নামায পড়ি তারও কোন অস্তিত থাকত না-সর্বোপরি থাকত না আপনাদের এবং আমাদের মধ্যে কোন সম্পর্ক। আমরা দুর প্রাচ্যের বাসিন্দা, আর আপনারা ইরানের। ওঁধু আমাদেরকেও ও আপনাদেরকেই নাম, ছযুর (সা.) বিশ্বের সব দেশ ও সব জাতির মধ্যে এমন এক বন্ধনের সৃষ্টি করে গেছেন যার ফলে বিভিন্ন হ্রদয় ও বিভিন্ন মস্তিষ্ক পরস্পরের সাথে দেনদেন ও সংযোগ সাধনের সুযোগ পেয়েছে, একের ধ্যান-ধারণীর সাথে অন্যের ধ্যান-ধারণা মিলিত মিশ্রিত হওয়ার পরিবেশ সৃষ্টি হয়েছে, যার ফলে জন্ম নিয়েছে নতুন নতুন জ্ঞান ও দর্শন। বিদ্যার একটি ঝরনা ভারতে প্রবাহিত ইঞ্ছিল, জন্যটি ইরানে। দু'দেশের মধ্যে কত দূরত্ব। এভাবে আরো কত এরেনা কত জায়গায় প্রবাহিত হচ্ছিল তার হিসাব কে রাখে ? হাজার হাজার বর্ধর পূর্বে ख्वान-विख्वात्नत य मद अत्रना जाशन जाशन मश्कीर्ग शय बित बित करत প্রবাহিত হচ্ছিলো, ইসলাম এসে সেগুলোর বিচ্ছিন্ন বিক্ষিপ্ত স্রোতধারাসমূহকে একটি বিরাট স্বচ্ছ প্রবল ধারায় রূপান্তিত করেছে এবং সেটাকে একটি মহান ও সার্বজ্বনীন লক্ষ্যে ব্যবহার করেছে। ফলে তা মানবতার জন্য অত্যন্ত

কল্যাণকর ও ফলপ্রসৃ প্রমাণিত হয়েছে। ইসলামেরই মাধ্যমে ভারতীয়, ইরানী, আরবী ও আজমী চিন্তাধারা একত্রিত হয়ে এমন ব্যাপকভাবে মানুষের শান্তি ও মংগলের কাজে ব্যবহৃত হয়েছে যে, মানবজাতির সভ্যতা—সংস্কৃতির ইতিহাসে তার তুলনা মেলা ভার। ইরানীদের সৌন্দর্য প্রিয়তা, চিন্তাধারার উদারতা, সৃষ্ট্র অনুভূতি শক্তি, আরবদের স্বভাবের দৃঢ়তা; বিদ্যোৎসাহিতা, চিন্তার বান্তবতা এবং সেই সাথে ইসলামী আকায়েদ ও আমলের পরস্পর মিলন যে বিরাট শক্তির রূপ নিয়েছিল এবং তার যে ব্যাপক ও বিষয়েকর ফলশ্রুতি দেখা গিয়েছিল তার দৃষ্টান্ত মানবেতিহাস ইতিপূর্বে আর কখনো প্রত্যক্ষ করেনি।

যখন ইরান তার গভীর নিদ্রা থেকে জেগে উঠল, তার যোগ্যতা প্রস্কৃটিত হল, তার স্তিমিত অগ্নিস্ফ্লিংগ পুনরায় দ্বলে উঠল তখন মনে হল অসাধারণ প্রতিভাশালী ও ইতিহাস বিখ্যাত লোকদের জনাদানের জন্যই এই ভূখও কে সৃষ্টি করা হয়েছে, যেন জ্ঞান ও সাহিত্য এর অস্থিমজ্জায় মিশে আছে, যেন সৌন্দর্য প্রিয়তা ছড়িয়ে আছে এর জলবায়ূতে এবং তা এমনভাবে যে, জ্ঞানী, সাহিত্যিক, কবি, শিল্পী, সৃফী, শিক্ষক ও গ্রন্থকার ছাড়া অন্য কারো জন্মাবার কোন পরিবেশই ফেন এ ভূখন্ডে আর বাকি নেই। ফিকাহ–হাদীস, কাব্য সাহিত্য ও রচনা গ্রন্থকার ক্ষেত্রে শীর্ষস্থানীয় ব্যক্তিদের সংখ্যাও ইরানে অপরিসীম। আল্লাহ্ই জানেন, পাক-ভারতের মত আর কত দেশ ইরানের এই অত্লনীয় সভ্যতা–সংস্কৃতি, এই অপরিসীম জ্ঞান ও প্রজ্ঞা থেকে নিজেদের তৃষ্ণা মিটিয়েছে, আশাদন করেছে এই মজাদার কাব্য সাহিত্য, গ্রহণ করেছে ইরানীদের শিষ্যত্ব এবং এদের অনুসরণ ও অনুকরণেকে গর্বের বিষয় বলে মনে করেছে। কিন্তু এই সব অতুলনীয় ব্যক্তিত্ব, যাদের জ্ঞান ও প্রজ্ঞা এবং কাব্য সাহিত্য সমগ্র বিশ্বকে বিশ্বিত ও স্তম্ভিত করেছিল তারা ইসলাম ও দাওয়াতে ইসলামেরই ফসল। সেই সত্য সনাতন ধর্মই তাদের জন্ম দিয়েছে, যে ধর্ম নিয়ে আবির্ভূত হয়েছিলেন হযরত মুহামদ (সা.) ৷

আমি এটাকে আমার সৌতাগ্যই মনে করি যে, ইসলাম ও উখুওয়াতে ইসলাম (ইসলামী ভ্রাতৃত্ব)—এরই ছত্রছায়ায়ই আমি আপনাদের সাথে এখানে মিলিত হয়েছি। আমি আপনাদেরকে নিশ্চয়তা দিতে পারি যে, প্রাচ্য— প্রতীচ্যের সমগ্র মুসলমান এই ইসলামী বিশ্ব—ভ্রাতৃত্বের জন্য আজ পাগলপারা। কিন্তু একথা অবশ্যই মনে রাখতে হবে যে, দুনিয়া আথিরাতের যাবতীয় সৌভাগ্যের উৎস হচ্ছে ইসলাম এবং সেই সাথে মুহামদ (সা.)—এর পবিত্রসন্তা, যার মাধ্যমে আল্লাহ্ তা'আলা আমাদেরকে পথত্রষ্টতার পর পথের দিশা, লাঞ্ছনার পর সম্মান এবং অসচ্ছলাতার পর সচ্ছলতা দান করেছেন এবং অনৈক্য ও অশান্তির পর আমাদের ধন্য করেছেন ঐক্য, শান্তি ও মংগল দ্বারা।

ইসলামী সভ্যতা ছাড়া আমাদের কোন সভ্যতা নেই, ইসলামী ইতিহাস ছাড়া আমাদের কোন ইতিহাস নেই, ইসলাম প্রদন্ত সমান ও মর্যাদা ছাড়া আমাদের কোন সমান ও মর্যাদা নেই। আমরা সবাই মুহামদ (সা.)—এর তুফায়েলেই জীবিত আছি। তাঁর নব্য়াত একটি নবযুগের সূচনা করেছিল। আদম সন্তানদের মধ্যে যিনিই সৌভাগ্য ও মংগলের কিছু ছোঁয়াচ পেয়েছেন—চাই তিনি আলী বিন আবী তালিব (রা.)—এরই মর্যাদাসম্পন্ন কোন ব্যক্তি হোন না কেন—তিনি তা পেয়েছেন সাইয়িদিনা মুহামদ বিন আবদুল্লাহ্রই মাধ্যমে। তিনি না হলে না কেউ ধর্মের ব্যাপারে কোন প্রাকৃষ্টতা অর্জন করতে পারত, না ইমান ও ইয়াকীনের কোন অংশ কারো ভাগ্যে জুটত। আর না সামনে আসত এই বিম্মাকর মুক্তি আন্দোলন যা ইতিহাসের একটি গর্বের বিষয় এবং যেজন্য মুসলমানরাও গৌরবান্থিত। বন্ধুগণ, চতুর্দিকেই বিপদ বাধা। সব রাস্তাই বন্ধ। তথুমাত্র একটি রাস্তা আছে যা আল্লাহ্ তা আলা নবী করীম (সা.)—এর মাধ্যমে উনুক্ত রেখেছেন। কুরআন বলে,

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلامُ ،

অর্থঃ " ইসলাম আল্লাহ্র নিকট একমাত্র দ্বীন। -(৩ ৪ ১৯)

আল্লাহ্ ডা আলার শুকর যে, আমরা আরব—অনারব সবাই সাইয়িদিনা
মুহামদ (সা.)—এর কৃতজ্ঞতা স্বীকার করি এবং আমাদের জ্ঞানগত, বুদ্ধিগত,
চিন্তা ও বিশ্বাসগত এবং সভ্যতা ও সাংস্কৃতিগত সম্বন্ধ তীর সাথেই স্থাপন
করি। আমাদের প্রত্যেক লোক তীরই হিদায়েতের আলো থেকে আলোকিত
এবং তীরই প্রজ্ঞা থেকে উপকৃত।

ইসলামী উন্মতের মধ্যে যতক্ষণ এই বাস্তবতার জ্ঞান থাকার এবং যতক্ষণ তারা এই আদর্শকে শব্দ করে ধরে রাখবে ততক্ষণ না তরা-পথদ্রষ্ট হবে, আর না পরিণতি হবে বিপদ–বাধার শিকারে। শেষ পর্যন্ত আমাদের প্রতি আপনাদের আন্তরিকতাপূর্ণ আদর আপ্যায়ন ও আতৃত্বসূলত মধুর ব্যবহারের জন্য কায়মনে ওকরিয়া আদায় করছি এবং পরম করুণাময় আল্লাহ্ তা আলার দরবারে প্রার্থনা জানাচ্ছি, যেন তিনি আমাদের ঈমানের পরিপূর্ণতা দান করেন, আমরা ফেন ঈমান নিয়ে এই দুনিয়া থেকে বিদায় নিতে পারি এবং আমাদের নাম যেন ঐ সমস্ত ভাগ্যবান লোকদের তালিকাভুক্ত হয় যাদের চেহারা হবে কিয়ামতের দিন আনন্দে উজ্জ্বল, খুশীতে উদ্ভাসিত।

এখন প্রশ্ন ভধু ধর্ম ও ধর্মহীনতার

ইরানের বিখ্যাত আলিম আল্লামা শারীআত মাদারী তাঁর বাসভবনে রাবিতার প্রতিনিধিদলের সমানে একটি অভ্যার্থনা সভার আয়োজন করেন। তাঁর ইশারা ও ইংগিতে সে সভায় শায়থ সাঈদ আল্—নুমানী প্রতিনিধিদলকে অভ্যর্থনা জানিয়ে একটি বন্ধৃতা দেন। তাতে তিনি একতা ও ঐক্যের উপর শুরুত্ব আরোপ করে বলেন, "য দি আমরা এখনো অনৈক্য ও বিশৃত্বলার কৃষ্ণ পাতাগুলো গুটিয়ে না নিই তাহলে ইতিহাস আমাদের ক্ষমা করবে না। আমাদের যাত্রা পুনরায় ঠিক সেভাবে শুরু করতে হবে ফোবে করেছিলেন আমার পূর্ববর্তী মহান ব্যক্তিরা। এ পথে আমাদেরকে অসাধারণ দৃঢ়তা, অসামান্য ত্যাগ ও কুরবানীর পরিচয় দিতে হবে। কেননা আমাদেরকে এমন সব শত্রুত্ব মুকাবিলা করতে হবে যারা মত—পথ বা শিয়া—সুনীর মধ্যে কোন পার্থক্য করবে না। শায়েথ সাঈদের বন্ধৃতার পর এই লেখক যে বক্তব্য পেশ করেছিলেন এটা হচ্ছে তারই সংক্ষিপ্ত সার। মূল আরবী থেকে এটা উর্দৃতে অনুবাদ করেছেন মন্তলভী নক্তরুত্ব যুফীজ নদ্যতী।

বন্ধুগণ, এখনই একজন বিজ্ঞ বক্তা তাঁর মূল্যবান বজ্তায় যে অভিমত ব্যক্ত করেছেন তা অত্যন্ত সময়োপযোগী ও সর্বজন সমর্থিত। এতে বিতর্কের কোন অবকাশ নেই। আর সত্যি কথা বলতে গেলে, অনৈক্য, বিচ্ছিন্নতা ও মতপার্থক্যের অবসান ঘটাতে হলে এটা অপরিহার্থ যে, আমাদেরকে মূল উৎস ও মূল কেন্দ্রের দিকে প্রত্যাবর্তন করতে হবে। কেননা বকরীপাল যখন পরস্পর থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে তখন তাদেরকে রক্ষা করতে হলে কেন্দ্রের দিকেই হাঁকিয়ে নিয়ে যেতে হবে। হাদীসে আছে, চিতা সেই বকরীকে আপন গ্রাসে পরিণত করে, যে আপন পাল থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। জংগলে বিক্ষিপ্ত বকরীরা চিতাদের আক্রমণ থেকে যদি নিজেদের বাঁচাতে চায় তাহলে আপন

রাখাল ও রক্ষকের দিকে তাদেরকে ফিরে যেতে হবে এবং তারই তত্ত্বাবধানে নিজ্বেদের সংরক্ষিত ও শক্তিশালী করে তুলতে হবে।

বন্ধুগণ, আমরা একই উন্মতের অন্তর্ভুক্ত, আমাদের নবী এক, কিতাব এক এবং কিবলাও এক। রাসূলুল্লাহ্ (সা.) যখন তার সমকালীন বাদশাহ্দের কাছে দাওয়াতীপত্র লিখতেন তখন তাতে কুরআন মন্ধ্রীদের নিম্নেক্ত আয়াতটি লিখে দিতেন।

قُلْ يَا آهْلَ الْكَتَابِ تَعَالَوُا الْمِي كُلِمَةِ سَوَاءٍ بَيْنَنَا وَ بَيْنَكُمْ ٱلْأَنَعَبُدَ الِاَّ اللَّهُ وَ لاَ نُشُرِكَ بِـم شَيْئًا وَ لاَ يَتَّخِذَ بَعْضَنَا بَعْضًا ٱرْيَابًا مِّنْ نُوْنِ اللَّهِ فَانِ تَـوَلُوُا فَقُولُوا اشْهَنُوا بِأَنَّا مُشْلِمُونَ .

অর্থঃ তুমি বলো, 'হে কিতাবিগণ, এসো সে কাথায় যা আমাদের ও তোমাদের মধ্যে একই, আমরা আল্লাহ্ ব্যতীত কারো ইবাদত করি না, কোন কিছুই তার শরীক করিনা এবং আমাদের কেউ আল্লাহ্ ব্যতীত কাউকে প্রতিপালকরূপে গ্রহণ করে না। যদি তারা মুখ ফিরিয়ে নেয় তবে বলো, 'আমরা আত্মসমর্পণকারী, তোমরা সাক্ষী থাক। – (৩ ঃ ৬৪)।

অনৈক্য ও অশান্তি, মতবিরোধ ও দুর্বলতা এবং অপমান ও লাঞ্ছনা থেকে বেঁচে থাকার জন্য আল্লাহ্ তা আলা মানুষকে একতা ও ঐক্য, শক্তি ও পরাক্রম এবং সমান ও প্রতিপত্তির পথ বাত্লে দিয়েছেন এবং এটাকে নবী—রাসুল এবং তাদের প্রতিনিধি উলামাদের দায়িত্ব ও কর্তব্য বলে ঘোষণা করেছেন। নিম্নের আয়াতে সেদিকেই ইংগিত প্রদান করা হয়েছে।

مَا كَانَ لِبَشَرِ أَنْ يُؤْتِيَهُ اللَّهُ الْكَتَابَ وَ الْحَكُمَ وَ النَّبُوَّةَ ثُمْ يَقُولُ النَّاسِ كُوْتُواْ عِبَادًا لِّيَ مِنْ نُوْنِ اللَّهِ وَلَٰكِنْ كُونُواْ رَبَّنِيّنَ مِمَا كُنْتُمْ تُمَلِّمُوْنَ الْكِتَابَ وَ مِمَا كُنْتُمْ تَمُلِّمُوْنَ الْكِتَابَ وَ مِمَا كُنْتُمْ تَدُرُسُونَ - وَلاَ يَا مُركُمُ أَنْ تَتُخِذُوا الْمَلاَئِكَةَ وَ النَّبِيِّنَ اَرْبَابًا لَيَاسُرُكُمْ بَالْكُفْرِ بَعْدَ اذْ اَنْتُمْ مُسْلِمُونَ .

অর্থঃ ''কোন ব্যক্তিকে আল্লাহ্ কিতাব, হিকমত ও নব্য়াত দান করার

পর সে মানুষকে বলবে যে, 'আল্লাহ্র পরিবর্তে তোমরা আমার দাস হয়ে যাও, এটা তার জন্য শোভন নয়, বরং সে বলবে 'তোমরা রাব্বানী (আল্লাহ্র আগ্রিত) হয়ে যাও, যেহেতু তোমরা অধ্যয়ন কর। ফেরেশতাগণকে ও নবীগণকে প্রতিপালকরূপে গ্রহণ করতে সে তোমাদেরকে নির্দেশ দেবে না। তোমাদের মুসলমান হওয়ার পর সে কি তোমাদেরকে কাফির হতে বলবে ?

—(৩ ঃ ৭৯—৮০)

আমি একথা পুরোপুরি সমর্থন করি যে, 'শক্রু কোন ধর্মও মাযহাব এবং জাতি ও সম্প্রদায়ের মধ্যে পার্থক্য করবে না। তবে আমি এই সাথে আর একটি কথা নিবেদন করতে চাই। আর তা হলো, 'আজ মায্হাবের সাথে মাযহাবের নয়, বরং ধর্মের সাথে ধর্মহীনতার সংঘর্ষ চলছে। এখন আসল কথা হলো, হয় মানুষ আল্লাহ্, রাসূল, আথিরাত, অদৃশ্য বিষয়াবলীর হাকীকত ও রাসূলের নিয়ে আসা পয়গামের উপর বিশ্বাস স্থাপন করবে এবং নাজাত ও মুক্তিকে সেই ধর্মের উপর নিভরশীল মনে করবে, যা আল্লাহ্র কাছে সত্য ও সমর্থনযোগ্য, নয়ত সমগ্র অদৃম্য বিষয়াবলীর হাকীকতকে একদম অস্বীকার করবে এবং সকল দীন ও মাযহাব থেকে মুখ ফিরিয়ে নেবে।

বন্ধুগণ, এখন প্রশ্ন শুধু ধর্ম ও ধর্মহীনতার। আপনারা চাইলে এটাকেই (ধর্মহীনতাকেই) কমিউনিজম নাম দিতে পারবে, অবশ্য 'ধর্মহীনতা কমিউনিজমের চাইতেও ব্যাপক অর্থ বহন করে। ধর্মহীনতার পক্ষাবলম্বীরা আচ্চ সকল ধর্ম, মাযহাব অদৃশ্য বিষয়াবলী, নবীদের শিক্ষা এবং সকল ধর্মীয় ও চারিত্রিক মাপকাঠির অস্বীকারকারী ও বিরুদ্ধাচরণকারী এবং এগুলোর মুকাবিলায় একই সারিতে দণ্ডায়মান। অপর পক্ষে রয়েছেন আম্বিয়া ও তাদের প্রতিনিধিরা। আর আমরা হচ্ছি তাদের নগণ্য খাদিম ও স্বেচ্ছাসেবক। আল্লাহ্ তার অসীম করুণাবলে আমাদেরকে এই খিদমতে নিয়োজিত রেখেছেন। এর কোন যোগ্যতা আমাদের মধ্যে নেই। আমাদের কর্তব্য, যে মুহাম্মদী পাতাকা আমাদের হাতে আছে তা সর্বদা উচু করে রাখা এবং পরস্পর একতাবদ্ধ হয়ে এই ধর্মকে বিশ্বের প্রান্তে প্রান্তে প্রচার করা এবং শিক্ষা ও আদর্শকে সমুনুত রাখার জন্য আমাদের যাবতীয় যোগ্যতা ও দক্ষতাকে কাজে লাগানো।

धिका १

- ১. ইরানী দিনপঞ্জী অনুযায়ী ২১ খারদাদ, ১৩৫২ সন।
- ২. আমীর আব্দাস হভায়দা তাঁর প্রাথমিক শিক্ষাজ্ঞীবন বৈরুতে অভিবাহিত করেন এবং সেখানকার আমেরিকান ইউনিভার্সিটি থেকে ডিগ্রী লাভ করেন। তাই ভিনি আরবী ভাষাভাষী লোকদের মতই আরবী ভাষায় জনর্গল কথা বলতে পারেন। তিনি প্রায় দশ বছর থেকে প্রধানমন্ত্রীর আসনে অধিষ্ঠিত রয়েছেন।
- ইরানী আদিম ও পভিতগণ দৃ' শ্রেণীতে বিভক্ত। গভীর জ্ঞান ও ধর্মীয় ক্ষেত্রে উচ্চ মর্যাদার
 অধিকারী ব্যক্তিদেরকে আয়াত্ত্বাহ্ আল –উফা এবং উপরোক্ত ক্ষেত্রে বিতীয় পর্যায়ের
 ব্যক্তিদেরকে আয়াত্ত্বাহ' বলা হয়।
- ८७३ । ८०३ । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० । ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४०० | ४
- ৫. বিখ্যাত ঐতিহাসিক বাগদাদী তৃসের উল্লেখ করতে গিয়ে আপন পুত্তক 'মারাসিদুল ইত্তেলা' তে লিখেছেন, নিশাপুর হতে তৃসের দূরতৃ দশ ফারসাধ (আনুমানিক ৮০ কিলোমিটার) তাবরান এবং নৃকান হচ্ছে তৃসের দু' টি বিখ্যাত জনবসতি। দুটি জনবসতিতে মোটামুটি এক হাজার পরিবারের বাস। অম্বাসী খলীফা হাজান—জর রশীদ এবং ইমাম আলী বিন মুসা রেযার সমাধি এখানকার একটি উদ্যানে রয়েছে।
- ৬. দিল্লীর ঐ গণহত্যার কারণ এই ছিল যে, নাদির শাহের সেনাবাহিনী যথন শহরের বিভিন্ন জ্ঞায়গায় অবস্থান করিছলো তথন শহরের অধিবাসীরা সুযোগ পেলেই তাদের উপর হামলা করে ধনসম্পদ লুটে নিয়ে যেত এবং সৈন্যদেরকেও হত্যা করত। নাদির শাহ শেষ পর্যন্ত জ্ঞান্যোপায় হয়ে গণহত্যার নির্দেশ দেন। তিন দিন পর্যন্ত এই হত্যাকান্ড চলে। এই গণহত্যায় এক লাখেরও বেশী লোক নিহত হয়। তিন দিন পর জ্ববশ্য শান্তিও নিরাপন্তার ঘোষণা দেওয়া হয়। (তারীখে হিন্দন্তান দ্রাইব্য)
- ৭. হান্ধন-জর রলীদ ১৯৩ হিঃ সনে ত্সে মৃত্যুবরণ করেন এবং সেখানেই তাঁকে সমাধিত্ব করা হয়। এর কয়েক বছর পর ২০৩ হিঃ সনে ত্সেই ইমাম আলী রেযার ইন্তিকাল হয়। ইবলে বাল্লিকান 'ভয়াফ্ফিয়াত্ল আইয়ান' শীর্ষক গ্রছে ইমাম আলী রেযার উল্লেখ করতে পিয়ে বলেছেন, 'তাঁর জানাযার নামায স্বয়ং মাম্ন-জর রশীদ পড়িয়েছিলেন এবং তাঁকে আপন পিভার সমাধি পার্দ্ধেই সমাধিত্ব করেছিলেন। বলা হয়ে থাকে যে, ইমাম আলী রেযা বাভাবিবতাবেই মৃত্যুবরণ করেন। অবশ্য ক্টে কেউ বিষ প্রয়োগই তাঁর মৃত্যুর কারণ বলে

মনে করেন। তাদের মতে, যেহেতু মামূন-অর রশীদ আশী রেযার হাতেই বিলাফতের দায়িত্ব অর্পণ করতে চেয়েছিলেন তাই বনু অব্ধাসের পোকেরা তার উপর বিষ প্রয়োগ করে। ইমাম আশী সমাধিত্ব হওয়ার কারণেই জায়ণাটি 'মাশহাদ' (শাহদতের স্থান) নামে বিশ্বাত হয়ে পড়েছে। এখন কেউ আর এটাকে তূস নামে চেনে না। এই পরিবর্তন ঘটে খুব সম্ববতঃ সাফাজি শাসনামশে। ঐ যুগে এই পুরো অঞ্চলটিকেই খুরাসান বলা হত। এখনো তাই বলা হয়।

মাশহাদ্ থেকে কিছু দূরে নিশাপুরের প্রাচীন শহর অবস্থিত। এখানেই জন্মগ্রহণ করেন খাজা ফরীদুন্দীন আস্তারের মত তত্ত্বজ্ঞানী এবং উমর খাইমামের মত কবি। আক্ষেপের বিষয় যে সময়েশ্ব অভাবে আমরা ঐ স্থানটি দেখে আসতে পারি নি।

- ৮. শায়খ সাদী শিরাজী মুসলমানদের এই দুঃখন্ধনক পরিণতির উপর যে কাব্যগাঁথা রচনা করেছেন ডা পাঠ করলে মুসলমান মাত্রেই ব্যথিত না হয়ে পারে না।
- ৯. আমরা আমাদের এই সফরকালীন সময়ে একথা ছেনে অত্যন্ত ব্যাথিত হয়েছি যে, বাহাইদের প্রভাব ইরানে দিন দিন বৃদ্ধি পাছে। কোন কোন শুরুত্বপূর্ণ সরকারী পদ বর্তমানে ভাদেরই হাতে। কোন কোন উচ্চপর্যায়ের সরকারী কর্মকর্তাকে বাহাই বলে সন্দেহ করা হয়।
- ১০. মুয়াভা ২. বুখারী-মুসলিম ৩. আবৃ দাউদ। আহলে বাইতের লেকেরাই এই হাদীসের বর্ণনাকারী।
- ১১. রাস্লুলাহ (সা.) সম্পর্কে এই মর্মে অনেক হাদীস রয়েছে যে, যথনই কোন আপদ আসত, সংগে সংগে তিনি নামাযে মগ্ল হয়ে য়েতেন। –(আবৃ দাউদ)
- ১২. এটা জ্বীকার করার উপায় নেই যে, কবর পূজা, কবর যিয়ারতের জ্বন্য দূর দূরান্তের সফর, বার্ষিক উরস ও মেলা অনুষ্ঠান এবং এ ধরনের জারো জনেক মুশরিকানা কার্যকলাপ পাক—ভারত উপমহাদেশ এবং মিসরের জাহলে সুন্নাতদের মধ্যেও বহলভাবে প্রচলিত। কিন্তু এই সাথে একথা বীকার করতে হবে যে, প্রত্যেক যুগেই পূর্ববর্তী থেকে ভক্ক থেকে পরবর্তী পর্যন্ত প্রত্যেক জরে ন্যায় ও সত্যের পতাকাবাহী এমন জনেক উলামার সাক্ষাৎ পাওয়া যায়, যায়া জ্বতান্ত সাহাসিকতার সাথে খোলাখুলিভাবে ঐ সমন্ত বিদাআত ও মুশরিকানা আচার—আচরণের বিরোধিতা করেছেন এবং সেওলোর মূলোৎপাটনে ব্যাপৃত রয়েছেন। এ জন্য তালেরকে জাহিল ও বর্বরদের জ্লুম জত্যাচার ও রোধানদের শিকারে পরিণত হতে হয়েছে। তবু তারা নিজেদের দায়িত পালন থেকে বিরত থাকেননি। সব রকম বাধাবিপত্তি ও জুশুম জত্যাচার মাধায় নিয়ে তারা বিলুপ্ত তাওহীদের দাওয়াত দিয়ে চলেছেন। এই মুজাহিদ, মুজান্দিদ ও সংজ্বারকদের থেকে ইসলামী ইতিহাসের কোন অধ্যায়ই খালি ছিল না।

মাধ্যাব চতুষ্টর (হানাফী, শাফিরী, মালিকী ও তান্বালী)—এর গ্রন্থসমূহ কবর পূজা এবং মুশরিকানা বিদাপাত ও রুস্ম—রিওয়াজের নিলায় তরপুর। ইস্নাজাশারী তাবীদের সংস্কার ও তাজদীদের ইতিহাস সম্পর্কে জামাদের জ্ঞান খুবই সীমাবদ্ধ। জামরা জানি না, শিয়া মতাবলহীদের মধ্যে এমন কোন আহ্বায়ক ও সংস্কারকের আবির্ভাব হয়েছে কি না, যারা কবর পূজা, ও মুশরিকানা রুস্ম—রিওয়াজের বিরুদ্ধে যুদ্ধ ঘেষণা করেছেন এবং বিশুদ্ধ পদ্ধ তিতে তাওহীদের দাওয়াত পেশ করেছেন।

১৩. সহীহ বুখারীতে উদ্বৃদ মুমিনীন হযরত আয়েশা (রা.) হতে বর্ণিত আছে যে, একদা উদ্বৃদ মুমিনীন হযরত উদ্বে সালমা রস্পুলাহ (সা.) – এর কাছে এমন একটি গীর্জার উল্লেখ করেন, যা তিনি (হিজরতকালীন সময়ে) আবিসিনিয়য়ে দেখেছিলেন। তিনি হযরত ঈসা ও মারয়ামের ঐ সমস্ত ছবির কথাও উল্লেখ করেন যেগুলো সেখানে রাখা হয়েছিল। তখন রাস্পুলাহ (সা.) বললেন, ঐ সমস্ত লোকের এই নিয়ম ছিল যে, যখন তাদের কোন পুণাবান ব্যক্তির মৃত্যু হত তখন তারা কবরের উপর মসজিদ নির্মাণ করত এবং ঐ মসজিদে তার প্রতিকৃত্তি মুলিয়ে রাখত। আল্লাহ্ তা আলার কাছে এরা হছে নিকৃষ্টতম সৃষ্টি।

সীরাতে ইবনে হিশামের একটি রিওয়ায়েত থেকে জানা যায় যে, মক্কা বিজয়কালে হ্যূর্র (সা.) যখন কাবা শরীকে প্রবেশ করেন এবং দেখানে বিভিন্ন ফেরেশতা, ইবরাহীম (জা.) এবং জন্যান্যদের প্রতিকৃত্তি দেখেন তখন নির্দেশ দেন, খেন এই সব প্রতিকৃত্তি নিশ্চিক করে ফেলা হয়। (ইবনে হিশাম ঃ ৪র্থ খণ্ড ঃ পৃষ্ঠা ৪১৩)

১৪. কয়েক বছর থেকে ইরানীদের মধ্যে হচ্ছ সফরের প্রতি বেশ আগ্রহ লক্ষ্য করা যালেছ। ইরান সরকার এবং দেখানকার আওকাফ বিভাগ তাদের হচ্ছ্র্যাত্রী ও দর্শনার্থীদের আরাম আয়েশের যে ব্যবস্থা কয়েছেন তা কেবল প্রশংসনীয় নয় বরং অনুকর্মীয়ও।

প্রাচ্য-প্রতীচ্যের মিলনক্ষেত্র **লেবানন**

ইসলামের প্রাথমিক যুগের আহ্বায়কদের পদাঙ্ক অনুসরণে

আফগানিস্তান ও ইরান সফর শেষে আমরা পাঁচ সপ্তাহ বায়তুল্লাহ্ ও भमिष्टाम नववीत ছত্रছाয়ाয় कांगेरे। 'এই দিনগুলোতে সেই অনস্বীকার্য সত্যের উপর নতুনভাবে আমাদের দৃঢ় বিশ্বাস জন্মে যে, একমাত্র ইসলামই জাতি গোষ্ঠীকে ঐক্যবদ্ধ করণ, তাদের অন্তরকে একসূত্রে গ্রথিত করণ এবং তাদের যাবতীয় সমস্যার সমাধান তথা সঠিক নেতৃত্বদানের প্রকৃত যোগ্যতা রাখে। প্রকৃতপক্ষে এটাই ছিল আমাদের নতুন সফরের পাথেয়, শীঘ্রই যে সফরের সূচনা হচ্ছে ইসলামের লালনক্ষেত্র ও ইসলামী দাওয়াতের প্রাণকেন্দ্র (थर्क। এই সফরের ক্ষেত্র হচ্ছে ঐ সমস্ত ইসলামী দেশ যা প্রথম ধাপেই ইসলামের আলোয় ঝল্মলিয়ে উঠেছিল অর্থাৎ খুলাফায়ে রাশিদীনের যুগেই ইসলামের ছত্রছায়ায় এসে গিয়েছিল এবং হিজ্বরী সপ্তম শতাব্দী পর্যন্ত ইসলামী খিলাফতের অন্যতম কেন্দ্র হিসাবে পরিগণিত হত। এই সমস্ত দেশ থেকেই ইসলামের স্রোত প্রবল বেগে প্রবাহিত হয়ে উত্তর পশ্চিমে আটলাস পর্বত ও স্পেন এবং দক্ষিণ পূর্বে হিন্দুকুশ পর্বত ও সিন্দুনদ উপত্যকা পর্যন্ত প্লাবিত করে দিয়েছিল। এই সমস্ত দেশ থেকেই বিশ্বের বিভিন্ন দেশে ইসলামী জ্ঞান-বিজ্ঞানের বিস্তার লাভ ঘটেছিল। এই সমস্ত দেশ বলতে 'শাম' বের্তমান সিরিয়া, ফিলিস্তিন, লেবানন ও পূর্ব জর্দান) ও ইরাককে বুঝাচ্ছি। এটি ছিল একটি প্রাকৃতিক ক্ষেত্র, আরব উপদ্বীপ থেকে বের হওয়ার পর ইসলাম প্রচারকরা যে দিকে আপনা-আপনি ছুটে পিয়েছিলেন।

জামরাও ঐ মহান প্রচারকদের পদাংক অনুসরণ করছিলাম। এতে কোন সন্দেহ নেই যে, যদি তারা মুবাল্লিগ (ইসলাম-প্রচারক) ও সংগ্রামী না হতেন, যদি না থাকত তাঁদের ঈমানের বিশুদ্ধতা ও দৃঢ়তা, না থাকত তাঁদের সত্যতা, বিশ্বস্তা, উচ্চ সাহসিকতা ও দৃঢ় প্রত্যয় তাহলে এই অঞ্চলে সেই ধর্মের প্রসার ঘটত না, যে ধর্মের মাধ্যমে আমরা একত্রে গ্রথিত, অন্তিত্ব থাকত না সেই ইসলামী ভ্রাতৃত্বের যার অপরিসীম বরকত ও মঙ্গললাতে আমরা আজ ধন্য, সেই কুরআনী আরবী ভাষারও আবির্তাব ঘটত না যা আজ আরব ও অনারব দেশসমূহের পরস্পর মত-বিনিময়ের মাধ্যমে হিসাবে শ্বীকৃত এবং যাকে বংশগত ও আঞ্চলিক ভাষাসমূহের উপর প্রাধান্য দেওয়া হয়, না এই সমস্ভ দেশের জ্ঞান-বিজ্ঞান, সম্ভাতা সংস্কৃতি এবং ধ্যান-ধারণার মধ্যে কোন উল্লেখযোগ্য পরিবর্তন আসত যা ব্যতীত মানবতার ইতিহাস অসম্পূর্ণই থেকে যেত, না ইতিহাসে দামেশৃক্ ও বাগদাদ বলে কোন স্থান থাকত, না থাকত অলীদ, হারান, আবু তামাম, মুতানাববী, সীরওয়ায়হ, কিসাঈ, আবু হানীফা, আওযায়ী, আব্ ইয়ায়ীদ কুন্তামী, আবদুল কাদীর জীলানীত বলে কেউ, আর না ইতিহাসে কোন পরিচিত থাকত, কৃফা বাসরা, কারখ, মুস্তানসারিয়া ও নৃরিয়ারা ।

নতুন প্রতিনিধিদল গঠন

রাবিতার যে প্রতিনিধিদল আফগানিস্তান ও ইরান সফর করেছিল, লেবানন, পূর্ব জর্দান, সিরিয়া এবং ইরাক ও তাদেরই সফর করার কথা। প্রাক্তন দু'জন সংগী, এই লেখক এবং আহমদ মুহাম্মদ জামালকে নিয়ে প্রতিনিধিদল গঠিত হয়েছিল। ডঃ আবদুল্লাহ্ আম্বাস নদভী এই প্রতিনিধিদলের সেক্রেটারী মনোনীত হয়েছিলেন। কিন্তু বিশেষ কারণবশতঃ তাঁর মক্কায় অবস্থান প্রয়োজনীয় হয়ে পড়ায় রাবিতার সাধারণ সচিবালয়ের ইসলামী তান্যীমসমূহের সেকেটারী উস্তাদ আবদুল্লাহ্ বাহ্বরীকে প্রতিনিধিদলের সেক্রেটারী মনোনীত করা হয়। উস্তাদ বাহবরী হচ্ছেন একজন সাহিত্যিক, পণ্ডিত ও খোশমেযাজী যুবা পুরুষ। অতি সম্প্রতি তিনি উত্তর আফ্রিকা সফর করে এসেছেন। ঐ সফরে তাঁর সংগী ছিলেন মিসরের সাবেক মৃষ্ঠতী শায়থ হাসনায়ন মুহাম্মদ মাথলৃষ্ক, শায়ে মুহাম্মদ মাহমূদ আস্ –সাওয়াফ্ এবং শায়খ আবদুল্লাহ্ আনসারী। যাহোক ঐ সফর থেকে ফিরেই এবং কোনরূপ বিধাম না নিয়েই তিনি আনন্দ চিন্তে পুনরায় আমাদের সাথে আর সফরে বেরিয়ে পড়েন। আরাম প্রিয়তার চাইতে ফেন ব্যস্ততাই তার কাছে অধিক প্রিয়। তিনি অত্যন্ত আগ্রহ উদ্দীপনা, কর্মচাঞ্চল্য ও দক্ষতার সাথে আমাদের প্রতিনিধিদলের যাবতীয় দায়িত্ব পালন করেন।

শারীরিক অসুস্থতা ও অন্যান্য অসুবিধা হেতু এই দীর্ঘ সফরে আমার এমন একজন সাথীর প্রয়োজন ছিল যিনি আমার মন—মেজাজ ও প্রয়োজনাদি সম্পর্কে ওয়াকিফহাল এই প্রেক্ষিতে রাবিতা আমার ব্যক্তিগত সাহায্যকারী হিসাবে আমাদের দলে নতুন একজন সদস্য যোগ করেন। তিনি ছিলেন দারুল উলুম নদওয়াতুল উলামার আরবী সাহিত্যের উস্তাদ, পাক্ষিক 'আররায়িদ' –এর সম্পাদক মওলভী মুহামদ রাবী হাসান নদভী। তাঁর প্রয়োজন তথনই েথা দেয় যখন ডঃ আবদুল্লাহ্ আঘাস নদভীকে অনিবার্য

কারণে মক্কায় থেকে যেতে হয়, কিন্তু বিভিন্ন অসুবিধার কারণে সাউদী আরব পৌছতে তাঁর বেশ বিলম্ব ঘটে। শেষ পর্যন্ত জামাদিউস সানীর শেষের দিকে তিনি সেখানে গিয়ে পৌছেন।

বৈরুভে

ছমাদিউস সানীর শেষ তারিখ রোববার (২৯ জুলাই, ১৯৭৩ ইং)
আসরের সময় তারতীয় সময় অপরাহ্ন ৪ টায় আমি সাউদীয়া বিমানে আরোহণ
করি। আমাদেরকে বিদায় সম্বর্ধনা জানাবার জন্য রাবিতার সহকারী
জেনারেল সেক্রেটারী উস্তাদ সাইয়িদ মুহামদ সাফৃতে সাক্কা, আমিনী,
রাবিতার জেদাস্থ অফিসের ভারপ্রাপ্ত উস্তাদ খলীল এনানী, ডঃ আবদুল্লাহ্
আধাস নদভী প্রমুখ বন্ধু ও হিতাকাংক্ষীরা বিমান বন্দরে উপস্থিত ছিলেন।
সূর্যান্তের দু'ঘন্টা পূর্বে আমরা বৈক্রত পৌছে যাই।

বিমান বন্দরে আমাদেরকে জত্যর্থনা জানান লেবাননের 'দারুল ইফ্তা'—এর নাথিমে উমুমী (সাধারণ সম্পাদক) সাইয়িদ হুমায়ূন কুওয়াতিলী এবং লেবানন সাধারণতন্ত্রের মুফতী শায়থ হাসান খালিদ—এর স্থলাতিষিজ্ঞ শায়থ মুহামদ আলী জুয় ও মুফতী জাবাল লেবনান। তাদের সাথে ছিলেন সাউদী দূতাবাসের (ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত) আবদুল মুহসিন সামান, লেবাননী পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, এবং রাবিতা আলমে ইসলামী, লেবানন—এর সদস্য শায়থ সাদী ইয়াসীন। বিমান বন্দরে বৈরুতস্থ রাবিতা—প্রতিনিধি উস্তাদ আবদুল হাকীম আবিদীনের সাথে আমাদের সাক্ষাত হয়।৫

বিমান বন্দরে জ্বানতে পারলাম যে, মুফতীয়ে লেবানন শায়খ হাসান খালিদ পূর্বাহ্রেই জবলে বাহ্মাদূনে অবস্থিত একটি বিরাট হোটেলে এবং বৈক্রুতস্থ অন্য একটি হোটেলে কয়েকটি কক্ষ রিজার্ভ করে রেখেছেন। আমরা ইচ্ছা করলে জবলে (পাহাড়ে) অবস্থান করতে পারি অথবা বৈক্রতের সমতল ভূমিতেও থাকতে পারি। মওসুমী আবহাওয়ার দিকে লক্ষ্য করে আমরা পাহাড়ে অবস্থান করাকেই অহাধিকার দিই। উপরোক্ত ব্যবস্থাপনার প্রেক্ষিতে এটা পরিষ্কার হয়ে গেল যে, আমরা মুফতীয়ে লেবাননেরই অতিথি। এজন্য আমরা তার ওকরিয়া আদায় করলাম এবং সংগে সংগেই জবলে বাহ্মাদূনের দিকে রওয়ানা হয়ে গেলাম– খেখানে হোটেলে শেপার্ড (SHEPERD)– আমাদের থাকার ব্যবস্থা করা হয়েছিল।

বৈরুতের ইসলামী সংস্থাসমূহ দর্শন ও বিভিন্ন অঞ্চল সফর

পরদিন ১ রজব, ১৩৫৭ হিঃ, মৃতাবিক ৩১ জুলাই ১৯৭৩ ইঃ সোমবার আমরা শেবাননের মুফতী শায়খ হাসান খালিদের সাথে তাঁর অফিসে দেখা করি। সেখানে ইফ্তা এর নাজিমে উমূমী (সাধারণ সম্পাদক) সাইয়িদ হুসায়ন কুওয়াতিলী উপস্থিত ছিলেন। লেবাননের মুসলমানের অবস্থা, সেখানকার ইসলামী সংস্থাসমূহের জন্য আর্থিক ও নৈ তিক সাহায্যের প্রয়ো-জনীয়তা এবং লেবাননের মুসলমানরা বর্তমানে যে সমস্ত বিপদে নিমঞ্জিত রয়েছে সে সম্পর্কে মুফতী সাহেব আনুমানিক দেড় ঘন্টা পর্যন্ত প্রতিনিধিদলের সাথে অত্যন্ত খোলাখুলি আলোচনা করেন। এরপর প্রতিনিধিদল মুফতী সাহেবের সাথে একটি পর্যবেক্ষণ সফরে বের হয়। প্রথমে আমরা উপস্থিত হই বৈরুতের ধর্মীয় শিক্ষায়তনে, যাকে 'আযহারে লেবনান' বলা হয়। প্রতিনিধিদলের সদস্যরা উক্ত প্রতিষ্ঠানের পাঠাগার এবং বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখেন। তখন গ্রীম্মের ছুটি চলছিলো। পাঠাগার হলে কিছু সংখ্যক রিসার্চ স্কলার অধ্যয়ন ও গবেষণায় মগ্ন ছিলেন। প্রতিনিধিদলের সাথে 'আযহারে লেবনান' – এর নাজিম শায় ব খলীলও ছিলেন। এরপর প্রতিনিধিদল বৈরুতের ইসলামী ইয়াতীমখানা অভিমুখে রওয়ানা হয়। সেখানে ইয়াতীমখানার নাজিম উস্তাদ মুহামদ বারাকাত প্রতিনিধিদলকে অত্যর্থনা জানান। তিনি আমাদেরকে ইয়াতীমখানার সবকিছু ঘুরে ঘুরে দেখান এবং এর লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যাবলীর ব্যাখ্যা দেন। প্রত্যেকটি জিনিষকে বেশ পরিচ্ছন ও সুরুচি সমত দেখাচ্ছিলো। ইয়াতীম শিশুদের প্রতি সহানুভূতি প্রদর্শন এবং তাদেরকে হীনমন্যতা থেকে রক্ষা করার সম্ভাব্য সব রকম মানসিক পন্থাই সেখানে অবলম্বন করা হয়েছে।

শহরের বিভিন্ন এলাকায় আমরা গিয়েছি। ধর্মীয়, অর্থনৈতিক ও সাম্যের মাপকাঠিতে প্রায় ক্ষেত্রে দু'টি এলাকার মধ্যে দারুল বৈষম্য পরিলক্ষিত হয়েছে। সমুদ্রতীর ধরে যখন আমরা ঐ মহল্লার দিকে যাক্ষিলাম, যেখানে ইমাম আওযায়ী সমাধিস্থ হয়েছেন এবং তাঁর নামেই যে মহল্লাটির নামকরণ করা হয়েছে পথিমধ্যে ফিদাঈনদের সেই কেন্দ্রটি দেখলাম যেখানে লেবাননী বাহিনী এবং ফিদাঈনদের মধ্যে তুমুল যুদ্ধ সংঘটিত হয়েছিল। কিভাবে ধর্মীয় উদ্ধাস ও রাজনৈতিক মতলব ঐ যুদ্ধে ইশ্বন যুগিয়েছিল, দেশের দৈননিন নাগরিক জীবন ও নাগরিকদের পারস্পরিক সম্পর্কের উপর ঐ যুদ্ধ কিরুপ

প্রভাব ফেলেছিল এবং ঘরবাড়ী ও মানুষের অন্তরে গোলাগুলি ও বোমাবাজির প্রতিক্রিয়া দেখা দিয়েছিল সেখানে আমরা তা বাস্তব দৃষ্টিতে প্রত্যক্ষ করলাম। ফিলিস্তিন এবং ফিলিস্তিনী শরণার্থীদের সমস্যা কিরূপ জটিলতা ও পরস্পর বৈপরিভ্যের শিকার, ঐ সমস্ত ঘটনাবলী তা আমাদেরকে হাতে কলমে যেন বৃথিয়ে দিল।

আমরা ঐ সমস্ত এলাকাও অতিক্রম করলাম যেখানে শরণার্থীরা বসবাস করছে। সেখানে দারিদ্র, দুর্গন্ধ, নৈরাশ্য, ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তা এবং বর্তমান অবস্থা সম্পর্কে দুশ্চিন্ত সর্বত্রই পরিলক্ষিত হলো। এই সমস্ত জিনিষ শুধু ঐ দেশের জন্য নয় বরং সমগ্র আরব দুনিয়ার জন্য এক বিরাট চ্যালেঞ্জ শ্বরপ। এই অবস্থা চিরদিন থাকতে পারে না চাই এর সমাধান করতে যত সময়ই লাগুক কিংবা এটাকে ঢাকার জন্য যত অপপ্রয়াসই চালানো হোক। এই এলাকা ছাড়া অন্য কোন এলাকায়ই দারিদ্র বা ও অসচ্ছলতা নেই। সর্বত্রই প্রাচুর্য আর জীকজমক।

এক নযরে বৈরুত

লেবাননের বিখ্যাত শহরসমূহ ও ইসলামী কেন্দ্রসমূহ ত্রিপলী, সায়দা প্রভৃতি সম্পর্কে কিছু বলার আগে আমি বৈরুতের উপর একবার নযর বুলিয়ে নিতে চাই। বৈরুত হচ্ছে পূর্ব আরবের অধিবাসীদের প্রিয় শহর ও বিখ্যাত পর্যটন কেন্দ্র। তারা এখানে গ্রীশ্বকাল অতিবাহিত করে এবং এখানেই তরঙ্গায়িত হয় তাদের প্রাচূর্যের সমুদ্র।

বিখ্যাত আরবী কবি আবু তামাম ত্বায়ীর কবিতার নিম্নোক্ত দু'টি লাইন বৈব্রুতের ব্যাপারে একান্তভাবে প্রযোজ্য।

> د نیا معاش للفتی حتی اذا حل الربیع فاغا هی منظر

"দুনিয়া মানুষের জীবিকা অর্জনের জায়গা, কিন্তু যখন বসন্ত ঋতু আসে তখন তা চিন্ত বিনোদন কেন্দ্র ছাড়া কিছু নয়।"

বৈক্বত হচ্ছে একটি বিরাট বাণিজ্য কেন্দ্র। কিন্তু গ্রীম্ম ঋতুতে তা একটি চিন্ত বিনোদন কেন্দ্র ছাড়া কিছু নয়। পাশ্চাত্য সভ্যতা ও জড়বাদী দর্শন কিন্তাবে আরবদের মাথা ঘূলিয়ে দিয়েছে, আরবরা কি পরিমাণ আরামপ্রিয় হয়ে পড়েছে, কিভাবে তারা ধর্ম, শরীআত, প্রচলিত রীতিনীতি ও মানবিক মূল্যবাধের যাবতীয় বাধ্যবাধকতা ডিগিয়ের স্বাধীন স্বেচ্ছাচারী হয়ে উঠেছে এবং আরব রাজ্বধানীসমূহে বেচাকেনা ও অর্থ প্রাচুর্যের কিরপ বন্যা বয়ে যাচ্ছে তা যদি কেউ প্রত্যক্ষ করতে চায় তাহলে গ্রীষ্মপত্তে অবশ্যই তার বৈরুতে কিছুদিন অতিবাহিত করা উচিত। ঘটনাচক্রে আমাদের সফর গ্রীষ্মপত্র এমন এক সময়ে ছিল যখন বৈরুত ছিল জাঁকজমক ও মনোহারিত্বের শীর্ষে। এর আগেও আমি গ্রীষ্ম, শীত উভয় মওসুমেই একাধিকবার বৈরুত যাওয়ার সুযোগ পেয়েছি। কিন্তু এক একটি বিশেষ উদ্দেশ্যে সেখানে যাওয়ার দরুন প্রচার ও প্রকাশনা কেন্দ্রসমূহ, গ্রন্থাক সমহ্য এবং কিছু সংখ্যক ইসলামী সংস্থা ছাড়া অন্য কিছু দেখার সুযোগ আমি পাইনি, কিন্তু শেষবারের এই সফরে বৈরুত শহরের যাবতীয় অবস্থা ও বৈশিষ্ট্যাদি অধ্যয়ন ও পর্যবেক্ষণের ভাল সুযোগ পাই।

বিখ্যাত লেবাননী সাহিত্যিক আমীনুর রায়হানী তার এক রচনায় বৈক্লতের নকশা অতি সুন্দরভাবে এঁকেছেন।৬

"বৈরুত তমদ্নের যেমন একটি আশীর্বাদ তেমন একটি অভিশাপও। বৈরুত প্রাচ্যের এমন একটি মোতি যা প্রতীচ্যের তাম পাত্রে রক্ষিত, যা ভোরবেলা প্রাচ্যরাণীর পায়ের খাড়ুয়া এবং সন্ধ্যাবেলা প্রতীচ্যরাণীর হাতের বালায় পরিণত হয়। বৈরুত কাদায়পড়া এমন একটি দুর্লত স্বর্ণমুদ্রা যার উদ্ধৃল্য দেখে বিজ্ঞলী বাতিও লজ্জায় নত হয়। বৈরুত এমন একটি মারজান (পলা) যা এমন একটি উপকূলে পড়ে আছে যার স্বর্ণভাগ বালুর মধ্যে এবং রৌপ্যভাগ কাদার সাথে মিশে আছে।"

বৈরুত প্যারিসের একটি দাসী। বৈরুত এমন একটি চাঁদ যার উপর প্রতীচ্যের আলো প্রতিবিন্ধিত হয়ে তা প্রাচ্যকে আলোকিত করে, আবার প্রতীচ্যের অন্ধকার তার উপর পতিত হয়ে তা প্রাচ্যের অন্ধকারকে আরো বাড়িয়ে তোলে। বৈরুত জ্ঞান – বিজ্ঞানের উৎসস্থল, আবার অকর্মকু – কর্মেরও আখড়া।"৭

শরণ রাখা উচিত যে, উপরোক্ত কথাগুলো বলা হয়েছে আজ থেকে ৬২ বছর পূর্বে, যখন গোটা সিরিয়া উসমানিয়া সামাজ্যের অধীন ছিল। আর এটাও জেনে রাখা ভাল যে, লেবানন ও তার রাজধানী বৈরুতের উপর ফ্রান্স এক সিকি শতাব্দী পর্যন্ত তার শাসন চালিয়েছে। ইউরোপীয় দেশসমূহের মধ্যে ফ্রান্স হচ্ছে সবচাইতে সভ্য উনুত দেশ। আর ফরাসী সমাজনীতি হচ্ছে সব চাইতে আকর্ষণীয় ও বন্দনমুক্ত। এরপর যখন দেশ স্বাধীন হওয়ার পালা আসল তখন মানুষের মধ্যে বেপরোয়াভাব আরো বৃদ্ধি পোল। ঐ সমস্ত কারণেই পাশ্চাত্য সভ্যতার অনুকরণ ও অনুসরণে বৈরুত আজ প্রাচ্যের দেশসমূহের শীর্ষে অবস্থান করছে।

রাজনৈতিক ও অর্থনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য আমেরিকা প্রথম থেকে এই শহরের উপর নিজের প্রভাব বিস্তারের চেষ্টা চালিয়ে আসছে। কেননা বৈরুত হচ্চে প্রাচ্যের দ্বার, আরব বিশ্বের প্রাকৃতিক উৎস এবং প্রাচ্যের একমাত্র শহর যা খ্রীস্টানদের দ্বারা গভীরভাবে প্রভাবিত। কাজেই আমেরিকা বৈরুতে বিরাট প্রতিষ্ঠান স্থাপন করেছে, সাংঘাতিক সাংঘাতিক প্রকল্প তৈরী করেছে এবং সেগুলো বাস্তবায়িতও করেছ। বৈরুতের আমেরিকান ইউনিভার্সিটি (আল—জ্ঞামিআ তুল আমিরীকিয়াহ)—কে আজো আরব প্রাচ্যের সর্ববৃহৎ ইউনিভার্সিটি মনে করা হয়। এই ইউনিভার্সিটি আরবী চিন্তাধারা ও আরবী সাহিত্যের উপর গভীর প্রভাব ফেলেছে। আরবের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে এই ইউনিভার্সিটির শিক্ষকদের একটি বিশেষ সম্মান ও সমাদের রয়েছে।

বৈরুত পূর্ব আরবের সর্ববৃহৎ পর্যটন শহর। পর্যটনই হচ্ছে এর আয়ের সর্বাধিক উল্লেখযোগ্য মাধ্যম, যার উপর এর অর্থনীতি অনেকটা নির্ভরণীল। পর্যটন শহরসমূহের একটি বিশেষ জীবনধারা থাকে। এই সমস্ত শহরে চিন্ত বিনোদনও আয়াশ—আরামের ঢালাও ব্যবস্থা থাকে এবং এমন কিছু কার্জকর্ম ও আচার—আচরণকে আপত্তিকর মনে করা হয় না, যেগুলো বেশীর ভাগ সমাজে মানবতা ও সৌজন্যের দৃষ্টিতে ওধু আপত্তিকর নয় বরং দোষনীয়ও। তাই দেখা যায়, যখন আরবের রাজধানীসমূহে গরম লু'হাওয়ার দাপট চলতে থাকে তখন বৈরুত ভাসতে থাকে ঐশ্বর্য, জাকজমক ও মজা লুটার প্রশান্ত অনাবিল সাগরে।

বিভিন্ন আরব রাষ্ট্রে সামরিক অভ্যুখান ও রাজনৈতিক বিপ্লব সংঘটিত হওয়ার ফলে স্থোনকার জনেক নেতা ও সংস্কারকের উপর যখন ভূ-পৃষ্ঠ সংকৃচিত হয়ে এসেছিল তখন তারা লেবাননেই আশ্রয় নিয়েছিলেন। এই দিক দিয়ে লেবাননকে আরব বিশ্বের সুইজারল্যান্ড বলা যেতে পারে, যেখানে সব সময়ই রাজনৈতিক শরণার্থীদের ভিড় পরিলক্ষিত হয়। তারা সেখানে শুধু व्याचयरे तन ना-धन्ना, तन्ना এवर निष्कप्तत धान-धात्रण अन्तत छ প্রকাশের যাবতীয় সুযোগ সুবিধাও ভোগ করে থাকেন। এই সুযোগ সুবিধা আরব দেশসমূহের লোকেরা অন্য কোন দেশে, এমন কি নিচ্ছেদের দেশেও পায় না। উপরোক্ত কারণে শরণার্থীরা নিজেদের বিষয়-সম্পদও বৈরুতে স্থানান্তরিত করেছেন এবং তা ব্যবসা–বাণিজ্যে নিয়োগ করেছেন। নিজেরা শিক্ষিত হওয়ার কারণে প্রচার ও প্রকাশনার ক্ষেত্র ছিল তাদের জন্য সব চাইতে বেশী অনুকৃষ তাই তারা প্রধানতঃ এক্ষেত্রেই তাদের পুঁজি নিয়োগ করেছেন। নিজেরা শিক্ষিত হওয়ার কারণে প্রচার ও প্রকাশনার ক্ষেত্র ছিল তাদের জন্য সব চাইতে বেশী অনুকূপ। তাই তারা প্রধানতঃ এক্ষেত্রেই তাদের পুঁজি নিয়োগ করেছেন। বৈব্রুতে পূর্ব থেকেই যে অসংখ্য প্রেস ছিল এই সমস্ত শরণার্থীদের দারা তা যারপর নাই উন্নত ও সমৃদ্ধ হয়ে উঠেছে এবং সেখানে গ্রন্থনা ও প্রকাশনা শিল্পে এক নব যুগের সূচনা হয়েছে। বৈরুতে অসংখ্য লাইব্রেরী ও পুস্তকালয় রয়েছে। গ্রন্থকাররা চতুর্দিক থেকে সেখানে গিয়ে জড়ো হয়েছেন। বিশেষ করে যখন কায়রোর গ্রন্থনা ও প্রকাশনার উপর কঠোর আইন প্রয়োগ করা হল তখন বৈক্রত হয়ে উঠল আরবের সর্ববৃহৎ প্রকাশনা কেন্দ্র।

ত্রিপলীতে

২রা রজব ১৩৯৩ হিঃ, মৃতাবিক ৩১শে ছুলাই ১৯৭৩ ইং রোজ সোমবার আমরা ত্রিপলী অভিমুখে রওয়ানা হই। ত্রিপলী হচ্ছে একটি সুন্দর মানোরম ইসলামী শহর। বৈরুত থেকে এর দূরত্ব ৮৩ কিলোমিটার ইতিপূর্বে (শাবান, ১৩৭৫ হিঃ, মৃতাবিক এপ্রিল ১৯৫৬) আরেকবার আমি ত্রিপলীতে যাওয়ার সুযোগ পেয়েছিলাম এবং জায়গাটি আমার খুবই পসন্দ হয়েছিল। তখন থেকে মনের মধ্যে আশা পোষণ করে আসছিলাম পুনরায় ত্রিপলীতে যাওয়ার এবং সেখানে কিছুদিন অবস্থান করার। আল্লাহ্র ওক্র ১৭ বছর পর পুনরায় সে সুযোগ হাতে এল। আমরা সোমবার দিন ভোর কেলা উস্তাদ হসায়ন কুওয়াতিলীর সাহচর্যে ত্রিপলীর দিকে রওয়ানা হই। আমরা সমুদ্রের তীর ধরে এগিয়ে যাচ্ছিলাম। আমার মতে, এটা হচ্ছে প্রাচ্যের সুন্দরতম রাস্তা। রোম সাগর প্রবাহিত হচ্ছিল আমাদের নিকট দিয়েই। রাস্তা এবং সমুদ্রের মধ্যকার দূরত্ব ছিল খুবই কম। পরিক্ষার–পরিচ্ছন্ন মনোরম জনবসতি

এরপর আমরা 'মাদরাসাতৃল ঈমান' দেখতে যাই। সৌভাগ্যবশতঃ সেখানে মওলভী সিবগাতৃত্বাহ্ মুজাদ্দিদীর সাথে আমাদের সাক্ষাৎ হয়। ইতিপূর্বে কাবুলেও তাঁর সাথে আমাদের সাক্ষাৎ হয়েছিল। তিনি লিবিয়ার সাংস্কৃতিক সম্মেলনে যোগদানের জন্য এসেছিলেন এবং কাবুলে ফিরে যাচ্ছিলেন। কিন্তু বিমান বন্দরে গিয়ে আফগানিস্তানের আকমিক বিপ্রবের খবর জনে সাময়িকভাবে সকর স্তগিত রেখেছেন। পরিস্থিতি পরিষ্কার না হওয়া পর্যন্ত তিনি লেবাননেই অবস্থান করার সিদ্ধান্ত নিয়েছেন।

এরপর জ্বমরা ত্রিপলীর বিখ্যাত আলিম শায়খ নাদীম আল্-জাস্র-এর সাথে সাক্ষাত করতে যাই। তিনি ত্রিপলীর স্বনামখ্যাত আলিম আর রিসালাতুল হাসীদিয়াহ্-এর গ্রন্থকার শায়খ হসায়ন আল্-জাস্র-এর পুত্র। আমি শায়থের একটি পুক্তক (কিস্সাতৃল্ ঈমান বায়নাল ফালসাফা ওয়াল ইলমে ওয়াল কুরজান) ইতিমধ্যে পড়েছিলাম। এই কয় বছরের মধ্যে তাঁর যতগুলো পুক্তক প্রকাশিত হয়েছে তার মধ্যে উপরোক্ত পুক্তকটি ছিল সব চাইতে সারগর্ত ও পাজিত্যপূর্ণ। আমরা উপ-মহাদেশের বাসিন্দারা আল্লামাতৃশ্ শাম শায়খ হসায়ন আল-জাস্রকে তাঁর বিখ্যাত গ্রন্থ 'আর রিসালাতৃল হামীদিয়াহ' এর মাধ্যমে জেনেছিলাম। এই গ্রন্থটি বর্তমানে হিন্দরী শতাদীর প্রথমতাগে বিরাট

আলোড়নের সৃষ্টি করেছিল। পাক-ভারতের উলামা এটাকে বুবই পছন্দ করতেন। তাদের মতে এটি ইসলামী আকারেদের একটি উল্লেখযোগ্য প্রামাণিক গ্রন্থ। তারই স্থনাম খ্যাত সন্তান, সুযোগ্য উত্তরাধিকারী শারথ নাদীম আল-জাস্র বর্তমানে ত্রিপলীর মুফতী।

এরপর আমাদের কাফেলা সায়র—এর দিকে রওয়ানা হয়। 'সায়র' হচ্ছে লেবাননের একটি আকর্মনীয় গ্রীশ্বনিবাস। সমৃদ্রপৃষ্ঠ হতে এর উচ্চতা ৯০০ মিটার। শায়খ নাদীম আল জাসর, এখানেই বসবসে করেন। আমি দীর্ঘক্ষণ শায়খের বাস ভবনের অবস্থান করি। শায়খের আলোচ্য বিষয় ছিল ঐ প্রস্তাবিত ফিল্ম, যাতে সীরাতে নববীর ঘটনাবলী এবং সাহাবায়ে কিরামকে দেখানো হবে এবং কোন কোন আরব রাষ্ট্রে ইতিমধ্যে এটাকে অনুমোদনও দিয়েছে। এই বিদাআতী কর্মকাণ্ড সম্পর্কে তাঁকে খুবই চিন্তিত ও উদ্বিগ্ন দেখা গেল। তাঁর মতে, এই ফিল্মের আঁচল ধরেই দুর্বল হাদীসমূহ, সীরাত ও তাফসীরের ঐ সম্বন্ত কিতাবসমূহের উপর, যেগুলোর সনদ ও বর্ণনাভঙ্গি সর্বসমত মাপকাঠির উপর প্রতিষ্ঠিত নয়—প্রাচ্যবিদ ও ইসলাম বিদ্বেষীরা এমন সব রোমান্টিক কিস্সা—কাহিনী রচনার সুযোগ পাবে ফেলো সীরাতের সৌন্দর্য ও গান্ডীর্য নষ্ট করে দেবে, অথচ এর উপর কোন বাধা— নিষেধ আরোপ করা সম্ভব হবে না।

যাহরানায় আমার বক্তৃতা

আমরা দুপুরে ত্রিপলীর মুফতী সাহেবের মেহমান ছিলাম। আমাদের সাথে উলামাদের একটি বিরাট দলও ছিল। পানাহারের পর প্রতিনিধিদলের অভ্যর্থনা ও পরিচিতি উপলক্ষে একটি বক্তৃতা প্রদান করা হয়। আমি উক্ত বক্তৃতার জবাবে কিছু বলি। ত্রিপলীবাসীদের অতিথিপরায়ণতা ও উষ্ণ অভ্যর্থনার শুকরিয়া আদায় করেতে গিয়ে আমি বলি—

"লেবাননের মুসলিম জনসাধারণ এখন অত্যন্ত নাজুক ও শোচনীয় অবস্থার মধ্যে দিন কাটাছে। বর্তমানে তাদের বৃদ্ধিমন্তা, ইচ্ছাশক্তি এবং আকীদার দৃঢ়তার অগ্নিপরীক্ষা চলছে। দীনকে সুপ্রতিষ্ঠিত করার জন্য নিজে-দের ঈমানের দৃঢ়তা ও আল্লাহ্র সাহায্যের উপর পুনরায় তাদেরকে দৃঢ় আস্থাশীল হতে হবে। সর্বোপরি তাদেরকে আল্লাহ্র ওকর আদায় করতে হবে এজন্য যে, আল্লাহ্ তা'আলা এই মহান কাজের জন্য লেবাননের মুসলমানদেরকে যোগ্য বিবেচনা করেছেন এবং এই দায়িত্ব পালনের জন্য তাদেরকেই নির্বাচিত করেছেন। এটা চিন্তিত বা আতংকিত হওয়ার সময় নয় বরং থৈর্য, সহনশীলতা ও ওক্র আদারের সময়। আমার দৃঢ় বিশ্বাস, আল্লাহ্ কখনো সেই জাতিকে তার সাহায্য সহায়তা থেকে বঞ্চিত করবেন না, যাদের সাংগঠনিক ও সূজনশীল যোগ্যতা ও দক্ষতা ইসলামী সংস্থাসমূহের আকারে প্রজ্বলিত রয়েছে। আল্লাহ্ সর্বদা তারই সাহায্য করেন যে চেষ্টা করে, দৌড়াদৌড়ি করে, নিজের জীবিত থাকার অধিকার ও যোগ্যতা প্রমাণিত করে এবং সব ধরনের বিপদ—আপদ ও পরীক্ষার মধ্যেও নিজের মুক্তিও সাফল্যের রাস্তা খুঁজে নেয়।"

সাক্ষাৎকার ও পরিচিতি

ত্রিপলী সফরকালে প্রতিনিধিদল বেশ কয়েকজন উলামার সাথে সাক্ষাৎ করে। তাদের মধ্যে উস্তাদ ফারসাল, মওলতী শারখ তৃরাহা, শারখ রশীদ মীকাতী, উন্তাদ মুহাম্মদ আলী দ্বাতী এবং শারখ নাসির আস-সালেহ—এর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সমস্ত বুর্যগের সাথে বিভিন্ন ইসলামী বিষয় এবং দেশের রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি সম্পর্কে আলাপ—আলোচনা চলে এবং প্রতিনিধি দল তাদের জ্ঞান ও ধ্যান—ধারণা থেকে উপকৃত হওয়ার সুযোগ পার। প্রতিনিধি দলের জন্য এই সফরটি ছিল অত্যন্ত লাভজনক। আমরা ঐ সমস্ত ব্যক্তির কাছে কৃতজ্ঞ যারা আমাদের অভ্যর্থনা জানান এবং এই সমস্ত সাক্ষাৎকার, পরিচিতি এবং মত বিনিময়ের সুযোগ করে দেন। এরপর আমরা বাহমাদূনে প্রত্যাবর্তন করি।

সায়দা সফর

তরা রক্ষব ১৩৯৩ হিঃ, মৃতাবিক ১লা আগস্ট ১৯৭৩ ইং বৃধবার ভারের আমরা লেবাননের অন্যতম শহর সায়দা অভিমুখে রওয়ানা হই। জনবসতি ও অন্যান্য দিক দিয়ে এটা হচ্ছে লেবাননের তিন নম্বর শহর। আমাদের সাথে 'আ্বাহারে লেব্নান' এর নাজ্জিম শায়খ খলীলও ছিলেন। রাস্তা ছিল অত্যন্ত সুন্দর এবং আমাদের সফরও ছিল যারপর নাই আকর্ষণীয় ও আরামদায়ক। পরিষ্কার-পরিচ্ছন্ন লেবাননী শহর ও গ্রামসমূহ অতিক্রম করে আমরা সায়দায় গিয়ে পৌছি। শহরটি বৈব্লত থেকে ৪৩ কিলোমিটার দূরত্বে অবস্থিত। শারদা পৌছার সাথে সাথে আমরা সেধানকার আওকাফ বিভাগের স্থানীয় কার্যালয়ে যাই এবং বেশ কিছুক্ষণ সেধানে বসি। এই অবসরে বেশ কয়েক-জন ধর্মীয় ব্যক্তিত্ব ও উলামার সাথে আমাদের আলাপ পরিচয় হয়। এরপর আমরা আওকাফ-এর সুযোগ্য ব্যবস্থাপক সালীম সূসানের সংগে সায়দার মুফতী শায়ধ মুহামদ হামুদের সাথে সাক্ষাৎ করতে যাই। সাক্ষাৎকারটি ছিল অত্যন্ত আনন্দদায়ক। অভ্যর্থনাকক্ষে আমরা দীর্ঘক্ষণ বসে ছিলাম। আলাপ—আলোচনা চলতে থাকে। শেষ পর্যন্ত যে বিষয়টি আমাদের প্রধান আলোচ্য বিষয়ে পরিণত হয় তা ছিল, 'মুসলমানদের গুরুত্বপূর্ণ সমস্যাসমূহ এবং ঐ সমন্ত দুঃবজনক অবস্থা যেগুলো দ্বারা এযুগের মুসলমানরা হন্তদন্ত এবং ইতিপূর্বে তারা কখনো এরূপ অবস্থার সম্মুখীন হন নি।' উপস্থিত বিজ্জনেরা এ বিষয়ে নিজ্ক নিজ্ক মতামত ব্যক্ত করেন। আমাকেও কিছু বলতে হল। আমার বক্তব্যের সারাংশ ছিল নিম্বরূপ।

জাতিগোষ্ঠীর মধ্যে উলামার স্থান এবং জনসাধারণের উপর থেকে তাদের প্রভাব হ্রাস পাওয়ার কারণ

"আমাদের আলোচ্য বিষয় অত্যন্ত ব্যাপক। যদি আমরা ইসলামী বিশ্বের প্রতিটি শ্রেণী এবং প্রতিটি গোষ্ঠীর পর্যালোচনা করি এবং নিজ নিজ দায়িত্ব পালনের ক্ষেত্রে তাদের যে ঢিলেমি রয়েছে সে সম্পর্কে আলোচনা করি তাহলে লাভের মত লাভ কিছুই হবে না এবং কোন সিদ্ধান্তে পৌছাও আমাদের পক্ষে সম্ভব হবে না। তাই আমরা আমাদের আলোচনা উলামা সমাজের দায়িত্ব ও কর্তব্যের মধ্যেই সীমাবদ্ধ রাখবো। এ ধরনের আলোচনা যেমন লাভজনক তেমনি কার্যকর। তাছাড়া এখানে ওধু উলামা হযরত একব্রিত হয়েছেন এবং আমাদের আলোচনার লক্ষ্যকপ্তও তারাই।

এতে কোন সন্দেহ নেই যে, জাতির সংস্কার ও সংশোধন উলামা সমা-জের সংস্কার ও সংশোধনের উপর নির্ভরশীল। উলামা সঠিক পথে থাকলে জাতিও সঠিক পথে থাকবে। যদি উলামার মধ্যে কলুষতা দেখা দেয়, জবিশ্বাস ও দুর্বলতার চিহ্ন ফুটে উঠে, পার্থিব আকাংক্ষা ও বস্তুবাদের প্রতি ঝৌক পরিলক্ষিত হয়, রিপুর তাড়না ও আয়েশ—আরামের বাসনা মাথাচাড়া দিয়ে উঠে, অল্পে তৃষ্টির জভাব দেখা দেয়, ভোগ—বিলাসের জভ্যাস গড়ে উঠে তাহলে নিশ্চিতভাবেই জনসাধারণের উপর থেকে তাদের প্রভাব হাস পাবে। মানুষের সভাব হচ্ছে এই যে, সে ঐ সমস্ত জিনিষের দিকেই ঝুকে পড়ে যা তার কাছে নেই। প্রাথমিক যুগের ইসলামী সমাজ আলিমদের সমান করত, সমীহ করত এবং তাঁরাও তখন ছিলেন সং, সাধু, অল্পে তুই, পরমুখাপেক্ষিতা ও আত্মস্বার্থপরতা থেকে পবিত্র এবং সহজ সরল জীবন যাপনে অভ্যন্ত। এ কারণে রাজা বাদশাহ্ এবং আমীর—উমরাও তাদেরকে ভয় করত, সমীহ করত, উলামায়ে কিরামকে নিজেদের চাইতে উৎকৃষ্ট মনে করত।

কিন্তু আজ আলিমদের এই অবস্থা যে, আয়েশ—আরাম হাসিলের প্রতিযোগিতায় তাঁরাও ব্যক্তক্তর। এক্ষেত্রে তাঁদের এবং তাঁদের দেশবাসী সাধারণ মানুষের মধ্যে কোন তফাত নেই। অতএব সমাজও তাদেরকে সেই দৃষ্টিতে দেখছে, যে দৃষ্টিতে তাঁরা সমাজকে দেখে থাকেন। ফলে জনসাধারণের অন্তরে তাঁদের কোন কথা, কোন নসীহতই প্রভাব ফেলতে পারছে না।

দাওয়াত ও তাবলীগের জন্য আজ যে জিনিষের সব চাইতে বেশী প্রয়োজন তাহলে, আলিম সমাজ ফেন নিজেদের হারানো মর্যাদা পুনরায় উদ্ধার করেন এবং নিজেদের আস্থা, বিশ্বাস ও ধর্মীয় মর্যাদা মূল্যায়ন করেন। সংস্কার আন্দোলনের ইতিহাসে আমরা দেখতে পাই, যখনই ইসলাম ও মুসলমান সাংঘাতিক বিপাকে পড়েছে, যখন তারা নৈরাশ্য ও অবিশ্বাসের আঁধারে নিমচ্ছিত হয়েছে তখনই আবির্ভাব ঘটেছে একজন আলিমের। তিনি ইসলামের ডাক দিয়েছেন, সংস্কারের আহ্বান জানিয়েছেন, উপস্থিত পরিস্থিতিকে চ্যালেঞ্জ দিয়েছেন এবং শেষ পর্যন্ত ইতিহাসের মোড় ঘুরিয়ে যথাযথভাবে পালন করেছেন, জাতির দেহে ফুকৈ দিয়েছেন নতুন প্রাণ, উচ্ছীবিত করেছেন তাদেরকে সৃস্থ সৃন্দর জীবনের প্রতি। এই ধারা আমরা বরাবরই লক্ষ্য করে আসছি। ইমাম হাসান বসরী থেকে শায়থ আবদুল কাদির জিলানী পর্যন্ত, ইবনে তাইমিয়া, শায়খ আহমদ সারহিন্দী এবং এই শতাব্দীরও রাশ্বাদী উলামা ও সংস্কারক আয়িমা পর্যন্ত প্রত্যেক যুগে এবং প্রত্যেক শতাব্দীতে এই ধারা পরিলক্ষিত হয়েছে। কিয়ামত পর্যন্ত দাওয়াত, তাবলীগ এবং ইসলাহও সংস্কারের এই ধারা অব্যাহত রাখতে হবে।"

বেশীর ভাগ শ্রোতা আমার এই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করেন।

মুসলিম ইয়াতীমখানা

তারপর আমরা 'জামইয়াত্ রিআয়াতিল ইয়াতীম' নামক একটি মুসলিম ইয়াতীমখানা দেখতে যাই। এটি একটি বিরাট ইমারত, যার মধ্যে বেশ ক্ষেকটি বিভাগ এবং কয়েকটি হলও রয়েছে। এর ব্যবস্থাপক এবং প্রতিষ্ঠাতারা এর নির্মাণ ও অলংকরণে অত্যন্ত দক্ষতার পারিচয় দিয়েছেন, এতে সব রকমের সুবিধাদি বিদ্যমান। এতে কোন সন্দেহ নেই যে, এটি বর্তমান যুগের আধুনিকতম জনহিতকর সংস্থাসমূহের অন্যতম। অবশ্য এমন কিছু ক্রিয়াকাণ্ডও এর অন্তর্ভুক্ত করা হয়েছে যা ইসলামী শরীআত ও শিষ্ঠাচার বিরোধী। যেমন এর পরিচিতি সম্পর্কিত পুস্তিকায় এমন একটি ছবি রয়েছে যার মধ্যে এই সংস্থার ছেলে—মেয়েদেরকে স্থানীয় একটি নৃত্যের ভংগিমায় দেখানো হয়েছে। অবশ্য ছাত্রীদেরকে যেভাবে সেলাই ও অন্যান্য হস্তকর্ম শেখানো হছে তা দেখে আমরা অভিতৃত হয়েছি।

এরপর আমরা সায়দার কাষীয়ে শারীআত শায়খ সালীম জালালুদ্দীনের বাসভবনে যাই, যা একটি সুন্দর টিলার উপর অবস্থিত। টিলাটি শস্তক্ষেত এবং উদ্যান পরিবেষ্টিত। সামনে একটি উপত্যকা তাতে রয়েছে নানা জ্বাতের সবুজ্ব গাছপালা এবং সেগুলোতে রং বেরংয়ের ফুল ও ফল। উপত্যকার সৌন্দর্য এবং টিলার প্রাকৃতিক অবস্থানকে যাদুকরী দৃশ্যের অবতারণা করেছে। সেখানে উলামা ও অন্যান্য বন্ধুবান্ধবের সাথে দেখা সাক্ষাৎ ও কথাবার্তা হয়। সুন্দর প্রাকৃতিক দৃশ্য এবং সেই সাথে বন্ধুসুলত মিষ্টি মিষ্টি কথা এবং ভদ্রন্মার্জিত ব্যবহার আমাদেরকে যারপরনাই মুগ্ধ করে।

এরপর আমরা সমুদ্রের ঐতিহাসিক দুর্গটি দেখি এবং সমুদ্র তীরবর্তী একটি জাঁকজমকপূর্ণ হোটেলে দুপুরের খাবার খেয়ে সন্তুষ্টচিত্তে বহুমাদূনে ফিরে আসি।

মুফতী আমীনুল হুসায়নীর আতিথ্য

ঐ দিন সন্ধ্যার 'মৃতামারে জালমে ইসলামী' ও 'আল হাইরাতুল আরাবিয়াতুল উল্যালি ফিলিন্তিন' –এর সদর মুফতী আমীনুল হসায়নী প্রতিনিধিদলের সম্মানে 'মানসুরিয়াতুল মতনন্থ তাঁর বাসভবনে একটি জভ্যর্থনা সভার আয়োজন করেন, যাতে উলামা ও ইসলামী আন্দোলনের প্রতি আগ্রহী শহরের বিশিষ্ট ব্যক্তিবর্গ জংশগ্রহণ করেন।

লেবাননী মুসলমানদের বর্তমান অবস্থা সম্পর্কে একটি পর্যালোচনা

এবার আমরা লেবাননী মুসলমানদের রাজনৈতিক ও সামাজিক অবস্থার উপর কিঞ্চিৎ আলোকপাত করছি। এটি এমন একটি ঘোরালো অবস্থা, যে সম্পর্কে কোন পরিষ্কার মন্তব্য করা অন্য দেশের অভিজ্ঞ রাজনীতিকদের পক্ষেও সহজ্বসাধ্য ব্যাপার নয়। যে ব্যক্তি লেবানন সফর করে নি এবং গভীর দৃষ্টিতে সেধানকার অবস্থাও পর্যবেক্ষণ করে নি তার পক্ষে তো বিষয়টি বুঝে উঠাই কঠিন।

সংক্ষেপে বলতে গেলে, উসমানিয়া সামাজ্যের বিরুদ্ধে আরবদের, বিশেষ করে সিরীয়দের বিদ্রোহ, মিক্রশক্তির প্রতিশ্রুতি উপর তাদের আস্থা স্থাপন এবং উসমানিয়া সামাজ্যের আওতা থেকে বেরিয়ে পড়ায় শান্তি ও অভিশাপ থেকে লেবাননের মুসলমানরা এখনো মুক্তি লাভ করতে পারে নি। উসমানিয়া বিলাফতের মধ্যে অনেক ভূল—আন্তি ও দুর্বলতা থাকা সত্ত্বেও তারা ছিল ইসলামী শক্তি ও ইসলামী ঐতিহ্যের নিশানবরদার এবং পবিত্র স্থানসমূহের মুহাফিজ ও রক্ষক। তাদেরকে ক্ষমতাচ্যুত করার যে পরিণাম আরবরা ইতিমধ্যে ভোগ করেছে এবং আজো ভোগ করছে, তাতে লেবাননের মুসলমানদের জংশ সিরিয়ার জন্যান্য অধিবাসীদের অনুপাতে কিছুটা বেশী। লেবাননের মুসলমানরা আজো এই ঘোরালো ও ক্লান্তিকর অবস্থার চাপে জনবরতঃ কাতরাছে।

সংক্রেপে ঘটনার বিবরণ এই যে, লেবাননের পাহাড়ী এলাকার খ্রীস্টানদের এবং জন্যান্য এলাকায় মুসলমানদের সংখ্যাধিক্য ছিল। এরপর ১৯২০ইং সনে বৈরুত, সায়দা, বাল্বাক্, হাসবিয়া ও রাশিয়া এলাকাকে লেবাননের সাথে যুক্ত করা হয় এবং লেবাননের পার্বত্য এলাকাকে এই নতুন গণতান্ত্রিক রাস্ট্রের ভিত্তি হিসাবে ধরা হয়। ১৯৩২ইং সনে ফরাসী শাসকরা এতে আদমশুমারীর ব্যবস্থা করে এবং তা ৩১শে জানুয়ারী ১৯৩২ইং সনে সম্পন্ন করা হয়। এই আদম শুমারীর শিছনে রাজনৈতিক উদ্দেশ্য ছিল কার্যকর। মূলতঃ ফ্রান্সের উদ্দেশ্য ছিল, আপন মর্জী মত দেশের একটি সম্প্রদায়কে জন্য সম্প্রদায়ের উপর শ্রেষ্ঠত্ব দান। গণনা চলাকালে বোধগম্য কারণেই এই শুজব রটিয়ে দেওয়া হয় যে, ফ্রান্সের উদ্দেশ্য, এই নতুন উপনিবেশ থেকে ফরাসী বাহিনীতে জ্বরদন্তিমূলকভাবে লোক ভর্তি করা। মুসলমানরা এটা চাচ্ছিলো না, তাই গণনা থেকে বাদ পড়াকে তারা মোটেই

গুরুত্বের নজরে দেখে নি। বিষয়টি আরো বেশী ঘোরালো হয়ে দাঁড়ায় এ কারেণ যে, মুসলমানরা ছিল সিরিয়া বিভাগের ঘোর বিরোধী।

ঐ সমস্ত কারণে মুসলমানরা আদম শুমারীর প্রতি মোটেই গুরুত্ব দেয় নি। অতএব পরিষ্কার ফল দাঁড়ালো এই যে, প্রতারণামূলক এই আদম শুমারীতে খ্রীস্টানদেরই সংখ্যাগরিষ্ঠতা প্রমাণিত হলো। এরপর লেবাননের শাসকরা দিতীয়বার সঠিক ও পরিপূর্ণ আদমশুমারী অনুষ্ঠানে আর রাথী হলো না। আজো সেই ধারাই বহাল রয়েছে যদিও আজ থেকে দীর্ঘ চল্লিশ বছর আগে ঐ আদমশুমারী অনুষ্ঠিত হয়েছিল।

ঐ আদম ওমারীর উপরই জাতীয় সংবিধান প্রণীত হয়, সরকারী উচ্চপদ ও জাতীয় পরিষদের আসনসমূহ বিটিত হয় এবং আরবের এই মুসলিম রাষ্ট্রের মুসলমানদের ভবিষ্যৎ মর্যাদা এমনভাবে নির্ণীত হয় যে, সংখ্যাগরিষ্ঠ থাকা সত্ত্বেও তারা সংখ্যা লঘিষ্ঠের জীবন অতিবাহিত করতে থাকে। অবস্থা আরো নাজুক ও বিব্রতকর হয়ে দাঁড়িয়েছে এজন্য যে, অমুসলিমদেরকে অত্যন্ত উদারভাবে লেবাননী নাগরিকত্ব প্রদান করা হচ্ছে এবং এভাবে তাদের ভবিষ্যৎকে আরো মজবুত, আরো সংরক্ষিত করে তোলা হচ্ছে।

ফরাসীরা যথন লেবানন ছেড়ে যাচ্ছিলো তখন তারা এর শাসনক্ষমতা মারুনী সম্প্রদায়ের হাতে সোপর্দ করে এবং এমন একটি সংবিধান প্রণয়ন করে, যার দৃষ্টিতে সর্বময় ক্ষমতা সদরে জমগুরিয়াত (রাষ্ট্রপ্রধান)—এর হাতে থাকবে এবং তিনি সর্বদা খ্রীস্টান ধর্মাবলম্বীই হবেন। মোটকথা খ্রীস্টান রাষ্ট্রপ্রধানকে ছলেবলে যাবতীয় ক্ষমতার অধিকারী এমনভাবে করা হয় যে, তাকে কারো কাছেই জবাবদিহি করতে হবে না। উল্লেখিত সংবিধান জনুযায়ী প্রধানমন্ত্রী সম্পর্কে একটি ধারা এই ছিল যে, তিনি সর্বদা মুসলিম সম্প্রদায়ের মধ্য থেকে নির্বাচিত হবেন, সদরে জমগুরিয়াহ্ তাকে মনোনীত করবেন এবং তাকেই সংসদের সামনে জবাবদিহি করতে হবে। উপরন্তু সংসদ যখন চাইবে তখনই তাঁর এবং তাঁর মন্ত্রীসভার বিরুদ্ধে জনাস্থা প্রস্তাব উষ্পান করতে পারবে। প্রকৃতপক্ষে প্রধানমন্ত্রী বিশেষ কোন ক্ষমতার অধিকারী হবেন না, বরং তিনি সদরে জমগুরিয়ার নিছক হেড ক্লার্ক হিসাবে কাজ করবেন এবং সদরে জমগুরিয়ার সম্মান ও প্রতিপত্তি কোনভাবে যাতে ক্ষ্মণ্ন না হয় সে ব্যাপারে সদা—সতর্ক থাকবেন।

এটা হচ্ছে সেই সংবিধান যা निथिত আকারে রয়েছে এবং যা निवाननी মুসলমানের সাথে ন্যায় ও সাম্যের আচরণ করে না। এছাড়া সেখানে আর একটি সর্থবিধান রয়েছে, যা গণতান্ত্রিক লেবানন আপন করে নিয়েছে, কিন্তু তা লিখিত আকারে নয়। এই দুই সংবিধানের মধ্যে উল্লেখযোগ্য মতবিরোধ রয়েছে। অলিখিত সর্থবিধান অনুযায়ী সরকারের অতিগুরুত্বপূর্ণ পদগুলো (KEY POST) সর্বদা অমুসলিমদের দখলে থাকে, গুরুত্বপূর্ণ উনুয়ন পরিকল্পনা এবং শিক্ষা প্রতিষ্ঠান, বৃত্তিভাতা প্রভৃতির মঞ্জুরী অমুসলিম এলাকার জন্যই নির্দিষ্ট থাকে। চরিত্রের মাপকাঠি, এমন কি অফিস-আদালতের কার্যকাল অমুসলিমদের দিকে লক্ষ্য করেই নির্ধারণ করা হয়। এ কারণেই মুসলিম সংখ্যাগরিষ্ঠ লেবাননে সাগুাহিক ছুটির দিন শুক্রবারের পরিবর্তে শনিবার ও রোববার। শেবাননের রাষ্ট্রীয় নীতি হলো, সেখানকার চাকুরীর কোটা সম্প্রদায় নিরপেক্ষতার ভিত্তিতে পূরণ করা হবে। ফলে দেখা যাচ্ছে, মুসলিম সংখ্যাপরিষ্ঠ এলাকার কর্মকর্তারা প্রায় ক্ষেত্রেই অমুসলিম। আর এ কারণেই ঐ সমস্ত এলাকা উন্নয়ন কর্মকান্ড থেকে বঞ্চিত। এভাবে কোন মুসলমান যদি কোন কারণে একবার লেবানন ছেড়ে গিয়ে থাকে তা হলে পুনরায় লেবাননী নাগরিকত্ব লাভ করতে তাকে অনেক কাঠখড় পোড়াতে হয় ৷৮

নিঃসন্দেহে এই অবস্থার জন্য দেবাননী মুসলমানরাও দায়ী। তাদের অদূর্মিলার কারণেই সেধানে জনেক কিছু তাদের স্বার্থের বিরুদ্ধে ঘটে যাছে। কেননা লেবাননের যাবতীয় অবস্থা ও ব্যবস্থার মূলে অমুসলিমদের দূরদর্শিতা ও পরিকল্পনা কাজ করেছে। কিন্তু মুসলমানরা কোন ব্যাপারেই কোন পরিকল্পনা গ্রহণ করে নি। এর অন্যতম প্রধান কারণ হলো, মুসলিম দলসমূহের নেতাদের স্বার্থপরতা। তারা যে কোন ভাবে প্রধান মন্ত্রীত্বের পদে অধিষ্ঠিত হতে চান—এজন্য যদি লেবাননের মুসলমানদের যাবতীয় স্বার্থ জলাঞ্জলি দিতে হয় তবু আপন্তি নেই। এই নেতারা কখনো লেবাননী মুসলমানদের প্রাপ্য অধিকার আদায়ে সচেষ্ট নন; তারা নিজেদের স্বার্থ নিয়েই ব্যস্তব্রেপ্ত। প্রায়ই দেখা যায় যে, মাননীয় প্রেসিডেন্টের পক্ষ থেকে ইংগিত পাওয়া মাত্র প্রধান মন্ত্রীত্বের পদের জন্য তারা এমনভাবে ছুটেন যে, তখন তাদের কোন ছশজ্ঞান থাকে না—যদিও এই পদে অবস্থানের মেয়াদকাল কখনো কথনো কয়েক সপ্তাহ, এমন কি কয়েক দিনের বেশী হয় না।

এই সাথে এটাও খরণ রাখা উচিত যে, লেবাননের মুসলমানরা আরব রাষ্ট্রসমূহ এবং আরব বিশ্ব থেকে অনেকটা বিচ্ছিন্ন হয়ে রয়েছে। কোন আরব রাষ্ট্র থেকে তারা কোন প্রকার সাহায্য পায় না, তাদের সমস্যাদির ব্যাপারে কেউ কোনরূপ উৎসাহ বা সহানুভূতি দেখায় না। অপরদিকে খ্রীষ্ট্রান সম্প্রদায় সমগ্র খ্রীষ্ট্রান-বিশেষ করে ভ্যাটিকান থেকে সর্বপ্রকার সাহায্য সহযোগিতা পেঁয়ে থাকে। সমগ্র খ্রীষ্ট্রান বিশ্ব অনবরতঃ তাদের পৃষ্ঠপোষকতা করে চলেছে, অথচ মুসলমানরা আরব ও ইসলামী বিশ্ব থেকে কোন সাহায্যই পাচ্ছে না। কোন কোন রাষ্ট্র এবং কোন কোন আরব দেশের বিত্ত গালী মহান ব্যক্তিরা কিছু কিছু ইসলামী ও জনহিতকর সংস্থাকে কিছু কিছু সাহায্য সহায়তা অবশ্যই করে থাকেন, কিন্তু এতে লেবাননী মুসলমানদের বর্তমান অবস্থা বা তাদের ভবিষ্যৎ বংশধরদের অবস্থার কোন পরিবর্তন হবে না। প্রকৃতপক্ষে এই দেশটি তার ভৌগলিক অবস্থান ও রাজনৈতিক ষ্ট্রাটেজির কারণে অত্যন্ত গুরুত্বের দাবীদার। বর্তমান ও ভবিষ্যৎ আরব বিশ্ব এর দ্বারা প্রভাবিত হতে বাধ্য।

উপরে ইংগিত প্রদান করা হয়েছে যে, অমুসলিম শক্তিসমূহ লেবাননের সংখ্যাগরিষ্ঠ মুসলিম সম্প্রদায়কে প্রভাব-শূন্য ও বেদখল করে তাদের স্থলে খ্রীস্টান সম্প্রদায়কে স্থায়ীভারে ক্ষমতাসীন করার উদ্দেশ্যে একটি সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করে এবং সুষ্ঠুভাবে তা বাস্তবায়িত করে। সৌভাগ্যবশতঃ অতি সম্প্রতি এ সম্পর্কিত একটি দলীল পাওয়া গ্রেছে। এটি একটি লিখিত প্রচারপত্র, যা খ্রীস্ঠীয় নেতৃবৃদ্দ এবং মিশনারী কর্মীদের পথ প্রদর্শনের জন্য লিখা হয়েছিল এবং অত্যন্ত গোপনীয়তার সাথে তা সর্গন্নিষ্ট ব্যক্তিদের মধ্যে বিশিও করা হয়েছিল। নিম্নে পত্রটির অনুবাদ প্রশা করা গেল।

এটা হল্ছে ফরাসী ভাষায় লিখিত সেই প্রচার পত্তের অনুবাদ যা ১৯১৯ইং সনে শেবাননের একটি গীর্জায় পাওয়া যায়।]

রাষ্ট্রমাতার পক্ষ থেকে তার একনিষ্ঠ সন্তানদের নামে হে যীশুর পুক্রাণ,

হে ঐ সন্তানেরা, যারা নিজেদের আকীদা বিশ্বাস সংরক্ষণের জন্য শতাব্দীর পর শতাব্দী অপমান ও লাঞ্চনা সহ্য করেছ, হে ভব্ত ও পবিত্র সন্তানেরা, এই দশটি উপদেশ তোমরা সর্বদা শ্বরণ রাখবে।

১. এই দেশ তোমাদের জন্যই অস্তিত্ব লাভ করেছে, যাতে তোমরা তোমাদের শিরদাড়া সোজা করে দীড়াতে পার এবং ঐতিহাসিক যুদ্ধের পর নিজেদের স্বাধীনতা দারা উপকৃত হতে পার। তোমাদের বিশ্বাস রাখা উচিত যে, ঈসায়ী (খ্রীস্টান) মানে লেবাননী। মরুভূমি থেকে আগমনকারী আরবদেরকে পুনরায় মরুভূমিতেই ফিরে যেতে হবে।

- ২. আমরা তোমাদের জন্য এমন সব ব্যবস্থা অবলম্বন করেছি যাতে তোমরা এই ভূখণ্ডে স্বাচ্ছন্দ্যে জীবন-যাপন করতে পার। যেমন, ভূমির মালিকানা ও রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা, জর্ম সম্পদের নিশ্চয়তা এবং বিদেশী সংস্থাসমূহ স্থাপন। এখন তোমাদের কাজ হলো, এই সমস্ত সুযোগ— সুবিধা সংরক্ষণ করা এবং দিনের পর দিন এগুলোর শ্রীবৃদ্ধি সাধন করা।
- ৩. বিনোদন কেন্দ্র এবং পর্যটন ব্যবস্থাদির উপর অধিকার প্রতিষ্ঠার চেষ্টা করো। আর যখন তোমরা সংখ্যাগরিষ্ঠতা অর্জন কর তখন আরবদেরকে তাদের বসতি থেকে বের করে দাও। বৈরুত ছাড়া অন্য কোন শহরে যেখানে মুসলমান নেই—একটি সংরক্ষিত বন্দর নির্মাণের কথা কখনো ভুলো না। যখনই সুযোগ পাও এবং পরিস্থিতি অনুকূলে আসে তখন এই পরিকল্পনাকে বাস্তবায়িত করার চেষ্টা করো।
- 8. ক্ষমতা প্রতিষ্ঠার সব রক্ম মাধ্যম অবলম্বন করো। শারীরিক ব্যায়াম, আন্ত্র তৈরী, যুবকদের সংগঠন এবং সেনাবাহিনীর প্রতি সব সময় মনোযোগী ধাক। নিজেদের কথা গোপন রাখ এবং নিজেদের সাথীদের উপর আস্থা রাখ। কেননা শক্রদের সাথে তোমাদের সংঘর্ষ অনেক ব্যাপক ও দীর্ঘস্থায়ী।
- ৫. সাহিত্য সংস্কৃতির নেতৃত্ব গ্রহণ করো। যেমন বই পুস্তক প্রকাশনা এবং যাবতীয় প্রতিষ্ঠান এবং একাডেমীর দায়িত্ব নিজেদের হাতে তুলে নাও। এটা কখনো সমর্থন করবে না যে, তোমার ভাষার উপাদানসমূহের উপর মুসলমানদের একচেটিয়া অধিকার রয়েছে। কোনরপ দ্বিধা—সংকোচ ছাড়াই ঐ সমস্ত চিন্তাবিদদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাও যারা তোমাদের মত ও পথের বিরোধিতা করে।
- ৬. তোমরা নিজেদের আপোষের বিরোধকে সীমা ছাড়িয়ে যেতে দেবে না। কেননা বিধর্মীদের বিরুদ্ধে পরস্পর একতা ও ঐক্যই হচ্ছে তোমাদের সবচেয়ে বড় হাতিয়ার। তাছাড়া তোমরা হচ্ছ যীপ্তর সন্তান যিনি আমাদের ঐক্যের শিক্ষাই দিয়েছেন।
- ৭. অন্যদের পরিকল্পনাসমূহ গভীরভাবে অধ্যয়ন করো। তাদের সাথে মিশে যাও এবং কাজ করতে থাক, যাতে তাদের আভ্যন্তরীণ ব্যাপারসমূহ

অনায়াসে জানতে পার। বাহ্যিকভাবে তাদেরকে সাহায্য করতে কোন আপন্তি নেই, কিন্তু গীর্জা এবং পুরোহিতদের সাথে তোমাদের প্রতিটি ব্যক্তির ঘনিষ্ঠ যোগাযোগ থাকা চাই এবং আপন সহৃদয় নির্দেশাদি কখনো অস্বীকার করতে নেই।

- ৮. প্রত্যেকটি উল্লেখযোগ্য জায়গায় নিজেদের শির ও নিজেদের বৈশিষ্ট্যাদি উঁচু করে রাখা চাই। বিশ্বাস করো, স্বাধীন বিশ্বের যাবতীয় শক্তিসমূহ তোমাদের পিছনে রয়েছে। নিজেদের কার্জ্বর্ম এমনভাবে সমাধা কর যেন এ ব্যাপারে তোমরা কিছুই জান না।
- ৯. চিকিৎসাগত ও ব্যক্তিগত সেবাকর্মের মাধ্যমে আরবের রাজা–বাদশাহ ও নেতৃবৃদ্দের নৈকট্য লাভের চেষ্টা করো। এটা হচ্ছে উদ্দেশ্য হাসিলের সব চাইতে সংক্ষিপ্ত পথ। এর মাধ্যমে তোমাদের কর্মক্ষেত্র প্রশস্ত হবে, তোমাদের ঐশ্বর্য বৃদ্ধি পাবে এবং তোমরা অনায়াসে ঐ সমস্ত দেশে প্রবেশ করতে-পারবে থেখানে তোমাদের প্রবেশ করা অত্যন্ত কঠিন।
- ১০. লেবাননী জাতীয়তার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। খুব সতর্কতা ও দূরদর্শিতার সাথে কাজ করে যাও, যাতে নিজেদের সংখ্যা গরিষ্ঠতা সংরক্ষণ করতে পার। অন্যথায় তোমাদের যাবতীয় চেষ্টা বিফলে যাবে।"

দারুল্ ইফতায় একটি অভ্যর্থনা অনুষ্ঠান

৪ঠা রজব ১৩৯৩ হিঃ, মুতাবিক ২রা আগস্ট ১৯৭৩ ইং বৃহস্পতিবার লেবাননের মুফতী শায়থ হাসান খালিদ প্রতিনিধিদলের সন্মানে এক মধ্যাহ্ন ভোজের আয়োজন করেন। তাতে লেবাননের বর্তমান প্রধানমন্ত্রী উস্তাদ তাকীউদ্দীন আস—সুলহ, প্রাক্তন প্রধানমন্ত্রী উস্তাদ সায়িব সালাম, বেশ কয়েকজন মন্ত্রী, সংসদ সদস্য, শহরের গণ্যমান্য ব্যক্তিবর্গ, উলামা, বিচারপতিবৃদ্দ এবং বহু সংখ্যক সাহিত্যিক ও চিন্তাবিদ অংশগ্রহণ করেন।

লেবানন বিশ্ববিদ্যালয় এবং বৈরুতের আরবী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ সুব্হী সালেহ অভ্যর্থনা ভাষণ প্রদান করেন। এই লেখকের গ্রন্থাদি বিশেষ করে 'আল-আরবু ওয়াল ইসলাম' এবং 'তাহরীকে নদ্ওয়াতুল উলামা'র উপর তিনি বিস্তারিত আলোকপাত করেন। এরপর এই লেখককে বক্তৃতা দিতে হয়। আমি আমার বক্তৃতায় ঐ সমস্ত বন্ধুবান্ধব ও মহান ব্যক্তিবৃন্দের ভকরিয়া আদায় করি যাদের কারণে প্রতিনিধিদলের অবস্থান আরামদায়ক ও দায়িত্বপালন সহজ হয়েছে। এরপর আমি লেবাননী মুসলমানদের নাজুক অবস্থার উপর সতর্কতার সাথে আলোকপাত করি। যে দেশে তারা জীবন যাপন করছেন, যে সব সমস্যায় তারা সমুখখীন হয়েছেন, এক্ষেত্রে তাদের কি কি দায়িত্ব রয়েছে, অনুরূপ অবস্থায় তাদের প্রতি ইসলামের দাবী কি, আমি এই সমস্ত বিষয়ের উপর আলোকপাত করি। নিম্নে আমার বক্তৃতার সারাংশ, যা স্থৃতির উপর নির্ভর করে লিপিবদ্ধ করানো হয়েছে-পেশ করা গেল।

বিভিন্ন সভ্যতার মিলনক্ষেত্র এবং বিশ্বমঞ্চে মুসলিম জাতির করণীয়

"অমি আমার রাবেতায়ে আলমে ইসলামীর প্রতিনিধিদল এবং আমার শ্রন্ধের বন্ধু, বিখ্যাত ইসলামী গ্রন্থকার, সাউদী রাষ্ট্রের মজলিসে শুরার সদস্য, জেদ্দাস্থ বাদশাহ আবদুল আথীয় বিশ্ববিদ্যালয়ের উস্তাদ এবং প্রতিনিধিদলের সদস্য উস্তাদ আহমদ মুহামদ জামালের পক্ষ থেকে হযরত মুফতিয়ে আজমের আন্তরিক শুকরিয়া আদায় করছি এজন্য যে, লেবানন অবস্থানকালে তিনি আমাদেরকে যারপরনাই সমানিত করেছেন। আমি বিশেষ করে গ্রন্ধের মুফতী সাহেবের শুক্রিয়া আদায় করছি এজন্য যে, তিনি আমাদেরকে লেবাননের শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গের সাথে সাক্ষাত করার, তাদের সাথে পরিচিত হবার এবং আলাপ আলোচনা করার সুযোগ করে দিয়েছেন। উপস্থিত এই ব্যক্তিবর্গই আজ লেবাননের বিভিন্ন দল ও সংস্থার প্রতিনিধিত্ব করছেন। যদি আমরা নিজে থেকে এই সব ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করার চেষ্টা করতাম তাহলে কথনো সফল হতে পারতাম না।

শ্রদ্ধেয় বন্ধুগণ,

আমি আপনাদের দেশের নাজুক পরিস্থিতি এবং আপনাদের দায়িত্ব সম্পর্কে ওয়াকিফহাল আছি। আপনারা এমন এক দেশে বাস করছেন য়ে দেশ হচ্ছে বিভিন্ন সভ্যতা—সংস্কৃতি এবং বিভিন্ন ভাষা ও সাহিত্যের মিলনক্ষেত্র। আপনাদের দায়িত্ব অত্যন্ত বিরাট এবং আপনাদের অবস্থা অত্যন্ত নাজুক। আপনাদেরকে অত্যন্ত দূরদর্শিতা, সজাগ মস্তিষ্ক ও বিচার—বিবেচনার সাথে পরিস্থিতির মুকাবিলা করতে হবে। এই সাথে যে মহান ধর্মের সাথে আপনারা সম্পৃক্ত এবং যে বিরাট পয়গামের আপনারা প্রতিনিধি সে ধর্ম ও পয়গামের উপর আপনাদের পুরোপুরি বিশ্বাস ও আস্থা থাকতে হবে। উপরন্তু চিন্তার জগতে আপনারা যে স্রান্ত ধারার মুকাবিলা করছেন তাতে আপনাদের দৃঢ়তা ও স্থিরতা থাকতে হবে। যে বিশ্বমঞ্চের দিকে সমগ্র বিশ্ববাদী কৌতূহল তরে তাকিয়ে আছে স্থোনে আপনাদেরকে এক একজন সুশিক্ষিত মুসলিম ও পাকা মু'মিনের পার্ট আদায় করতে হবে। মনে রাখবেন, আপনাদের প্রতিটি কাজ, প্রতিটি পদক্ষেপ এবং প্রতিটি জাচার—আচরণের প্রতি লক্ষ্য রাখা হচ্ছে এবং সেগুলোকে ইসলামী শিক্ষা ও ইসলামী আদর্শের প্রতিনিধিত্ব স্বরূপই বিবেচনা করা হচ্ছে।

বন্ধুগণ,

আপনারা দুনিয়ার সামনে প্রমাণ করতে পারেন যে, ইসলামের মধ্যে যোগ্যতা রয়েছে। আমি আপনাদের টিকে থাকার কথা বলছি না ; আমার মতে জীবিত থাকার যোগ্যতা অর্জন এবং সেজন্য পরমুখাপেক্ষিতা তথা অন্যের কাছে ভিক্ষা প্রার্থনা একটি নিম্ন পর্যায়ের আচরণ ছাড়া কিছু নয়। আমি বলতে চাই যে, ইসলামের মধ্যে যোগ্যতা আছে, নেতৃত্বু আছে, মানুষের রাখালী করার শক্তি আছে। সর্বোপরি ঐ সমস্ত সমস্যা সমাধানের পথ নির্দেশ আছে যেগুলোর সমাধান দিতে বিশ্বের তাবৎ চিন্তাবিদ ও আইনবিদরা অক্ষম ও অপরাগ। আপনারা এমনভাবে ইসলামের খিদমত করতে পারেন য়া আরব জগত তথা ইসলামী জগতের কোন দেশই করতে পারবে না। এতে করে আপনারা ক্লান্ত বিপর্যন্তু আরব বিশ্ব ও মুসলিম বিশ্বের সামনে একটি আদর্শ নেতৃত্বের নমুনাও পেশ করতে পারেন।

সমানিত ভ্রাতৃমণ্ডলী,

আপনাদের দিতীয় দায়িত্ব হচ্ছে এই যে, আপনারা পাশ্চাত্য সভ্যতা ও বর্তমান যুগের সাথে প্রত্যক্ষ সংঘর্ষে লিপ্ত রয়েছেন, যা অপর কোন আরব বা মুসলিম দেশের ক্ষেত্রে প্রযোজ্য নয়। আপনাদের অবস্থান পাশ্চাত্য সভ্যতার প্রবল স্রোতের মুখোমুখি। আপনারা বাস করছেন একটি নাজুক পরীক্ষা কেন্দ্র ও একটি বাস্তব অভিজ্ঞতা কেন্দ্রে। এই অগ্নি পরীক্ষায় কিভাবে আপনারা উত্তীর্ণ হন, কিভাবে আপনারা এই টানাপোড়ন পরিস্থিতিতে শির উচ্ করে টিকে থাকেন সেদিকে সারা মুসলিম বিশ্ব আজ আগ্রহে তাকিয়ে আছে।

যদি আপনারা এই সংগ্রামে জয়ী হন এবং সক্ষম হন নিজেদের সঠিক পথ খুঁজে নিতে, তাহলে অন্যান্য আরব দেশ তথা গোটা বিশ্ব আপনাদের

দুষ্টান্ত অনুসরণ করবে। নিঃসন্দেহে এটা আপনাদের দক্ষতা ও বুদ্ধিমন্তার একটা পরীক্ষা, ঈমান বিশ্বাসের একটা অনুশীলন, দুঃসাহস ও দৃঢ়তা যাচাইয়ের একটা মাধ্যম। আল্লাহু তা আলা আপনাদেরকে যে ক্ষমতা ও যোগ্যতার অধিকারী করেছেন এবং ফোব সুযোগ–সুবিধা আপনাদেরকে দিয়েছেন তা দেখে আমার দৃঢ় বিশ্বাস জন্মেছে যে, আপনারা এই পরীক্ষায় যথাযথভাবে উত্তীর্ণ হতে পারবেন। লেবাননে আমরা যে কয়টা দিন কাটিয়েছি তাতে আমাদের সাহস বৃদ্ধি পেয়েছে, আমাদের আশা সঞ্চীব, সতেজ ও শক্তিশাनী হয়েছে। আমি যেমন ত্রিপলীতে বলেছি, এই দেশে আপনাদের অবস্থানের অর্থ হচ্ছে, আল্লাহ্ তা'আলা আপনাদেরকে এই কুসংস্কার ও রুচি বিকৃতির বন্যা প্রতিরোধ এবং ইসলাম দুশমনদের বিরুদ্ধে মুখোমুখি লড়ে এই সুন্দর দেশে ইসূলামের বিজয় পতাকা উড্ডীন করার যোগ্য লোক হিসাবে বিবেচনা করেছেন। এজন্য আপনাদের উচিত আল্লাহুর স্কর আদায় করা। আমরা কায়মনোবাক্যে দু'আ করছি, আল্লাহ্ তা'আলা আপনাদেরকে সাহায্য করুন, প্রতিটি পদক্ষেপে আপনাদেরকে সুদৃঢ় রাখুন এবং তরপুর করে দিন আপনাদের অন্তরকে ঐক্য, ত্রাতৃত্ব ও পরস্পর সাহায্য-সহানুত্তির অনুপম প্রেরণা দারা।

বন্ধুগণ,

আমি বিভিন্ন সভ্যতা, সংস্কৃতি ও মানব সমাজ সম্পর্কে যতটুকু পড়াওনা করেছি সে আলোকে বলতে পারি, স্থান-কাল-পরিবেশ এবং সংশ্রিষ্ট অন্যান্য দিকের প্রতি না তাকিয়ে ইসলামী সভ্যতাকে যদি পৃথক করে ফেলা হয় তাহলে পাশ্চাত্য সভ্যতার চাইতে অধিক শক্তিশালী, প্রভাবশালী ও চিত্তহরণকারী কোন সভ্যতার অভ্যুদয় আজ পর্যন্ত পৃথিবীতে হয়নি। পাশ্চাত্য সভ্যতার অনুপ্রবেশ ঘটেছে মানব সমাজের রক্ত্রে রক্ত্রে। এটা মানুষের আগ্রহ অনুপ্রেরণার উপর প্রভাব কিন্তার করেছে, জীবনমান বদলে দিয়েছে এবং চিন্তাধারার উপর ছায়াপাত করেছে। মোটকথা, মানুষের জীবনের এমন কোন দিক নেই যার উপর এর অধিকার প্রতিষ্ঠিত হয়নি। এটা ফোন ঢুকেছে গরীবের পর্ণ কুটিরে, তেমনি ঢুকেছে ঐশ্বশালীদের মনোরম প্রাসাদেও।

যেহেতু পাশ্চাত্য সভ্যতা ও ইসলামী সভ্যতা উভয়ই মানব জীবনের সাথে সম্পর্কে রাখে এবং মানুষের প্রয়োজনাদি নিয়ে আলোচনা করে, তাই কোন কোন কেন্দ্র বিন্দুতে উভয় সভ্যতার সহমিলন ঘটে, আবার কোন কোন কেন্দ্রবিন্দুতে একে জন্য থেকে পৃথক হয়ে যায়।

চিন্তাবিদ হিসাবে এবং ইসলামের হিফাজতকারী হিসাবে আপনাদের কর্তব্য হলো, এই দুই সভ্যতার মধ্যে এমন একটি সৃক্ষ অথচ স্পষ্ট রেখা টেনে দেওয়া যার মাধ্যমে উভয়ের মধ্যকার পার্থক্য চিহ্নিত হয়ে যায়। নির্লজ্জতা অশালীনতা, বেপর্দা, বর্বর সাজসজ্জা এবং ইসলাম সন্মত শালীনতা, পর্দা ও সতর্কতার মধ্যে যেন পার্থক্য নির্মীত হয়। ইসলাম সন্মত খেলাধ্লা ও চিত্তবিনোদন এবং ইসলাম বিরোধী অবাধ কামলিন্সা চরিতার্থ ক্রণের মধ্যে যেন এমন লাইন টেনে দেওয়া হয়, যা একাধারে সৃক্ষ ও স্পষ্ট।-এমন সৃক্ষ রেখা টেনে দিলে হবে না যা এমন অস্পষ্ট যে, জনসাধারণ তা দেখতে পায় না। কেননা এমন রেখা দারা কোন ফায়দা হবে না যা মানুষের নজরে পড়ে না। আবার সে রেখা এমন মোটা ও বিশ্রী হলে হবে ना या মানুষের কষ্টের কারণ হয়, यা তাদের দৈনন্দিন চাহিদা প্রনের পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করে। এটা অপ্রিয় হলেও সত্য যে, যে সমস্ত ইসলামী দেশ আৰু পাশ্চাত্য সভ্যতা ও আধুনিক সভ্যতার দু'ধারা স্রোতে পতিত হয়েছে সেখানে এ ধরনের কোন সৃক্ষা ও স্পষ্ট লাইনের অস্তিত্ব নেই। ফলে সে সমস্ত দেশে অশান্তি দেখা দিয়েছে। সাধারণ মানুষ আধুনিক সভ্যতা ও চিন্তাধারা থেকে উপকৃত হওয়ার জন্য সে দিকে লাফিয়ে চলছে এবং শিক্ষিত যুবক সমাজ, এমন কি জ্ঞানীগুণীরা এই উদ্ভূত পরিস্থিতির সামনে অসহায় হয়ে দাঁড়িয়ে আছে। এই রেখা টানা আপনাদের জন্য অপেক্ষাকৃত সহজ। কেননা আপনারা এমন এক দেশে বাস করেছেন যেদেশে পাশ্চাত্য সভ্যতার ঢল নেমেছে এবং সেখানকার লোক এই সভ্যতাকে নিজস্ব করে নেওয়ার ব্যাপারে অঞ্গামীর ভূমিকা পালন করছে। এই পটভূমিতে আমি বর্তমান মুহুর্তে আপনাদের জন্য লেবাননী দারুল ইফতার সুযোগ্য সদস্যবৃদ্দের জন্য যারা ইসলামী জ্ঞান, প্রজ্ঞা ও ইসলামী আইন সম্পর্কে গভীর জ্ঞানের অধিকারী। প্রার্থনা করছি এবং আশাও করছি ফেন আপনারা এই বিরাট দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারেন। কেননা এর দারা স্থ্ব আপনাদের জীবন নয় বরং আমাদের জীবন তথা গোটা মুসলিম জাতির জীবন প্রভাবান্থিত হবে এবং এর নিরিখেই আমাদের ভবিষ্যুৎ কর্মপন্থা নির্ধারিত হবে।

শ্রদ্ধেয় উলামাবৃন্দ,

আমার মতে আপনাদের তৃতীয় দায়িত্ব হলো, আপনারা যে সমাজে বাস করছেন সে সমাজের সামনে এমন জিনিষ পেশ করেন যা তাদের কাছে নেই। আপনারা সেই শূন্যতা পূরণ করুন, যার সৃষ্টি হয়েছে দীর্ঘদিন পূর্বে। আধুনিক শিক্ষা—সংস্কৃতি ও আয়েশ—আরামের প্রাচূর্য এই সমাজকে আধ্যাত্মিক ও সাংস্কৃতিক বদহজমীতে নিক্ষেপ করেছে। আর মানুষের স্বভাব এই যে, তারা সেই জিনিষকেই অধিক মূল্য দেয় যা তাদের কাছে নেই এবং সেই ব্যক্তিকেই সমান—সমীহ করে যার কাছে এ জিনিষ রয়েছে। আপনারা যদি সে জিনিষ দিতে পারেন তাহলে আপনাদের সমাজের লোক যারা জ্ঞান ও সভ্যতার শীর্ষে অবস্থান করছে, আধুনিক জ্ঞানের প্রাচূর্য, তীক্ষ্ণধার কথাবার্তা এবং মনোমুগ্ধকর সাজ— সজ্জার সামনে কখনো নিজেদের বৈশিষ্ট্যকে বিলীন হতে দেবে না। তারা প্রধ্যাত্র সেই জিনিষেরই বশ্যতা স্বীকার করতে পারে যা তাদের কাছে দুষ্পাপ্য, যার জন্য তারা রিক্তহন্ত ও কাংগাল। পাশ্চাত্য সভ্যতার চোখে ধাঁধানো রং—চংয়ের প্রতি তারা তখনই নিস্পৃহ হয়ে উঠবে যখন তাদেরকে সাদাসিধে জীবন, অল্পে তৃষ্টি, সাধুতা ও সততার প্রতি উদৃদ্ধ করে তোলা হবে।

উপরোক্ত ক্ষেত্রে এই সমাজ দেউলিয়া হয়ে পড়েছে। তারা একথা মানতে মোটেই রায়ী নয় যে, বিশ্বে এমন কোন ব্যক্তি আছে, যে এই স্থাদ— আহলাদ ও আরাম—আয়েশের প্রতি নিস্পৃহ থাকতে পারে, উপেক্ষা করতে পারে এমন সব জিনিষকে, যাকে বিশ্ববাসী শুধু উচ্চমূল্য ও উচ্চ মর্যাদা দেয় না বরং তার পূজাও করে। আজ্ব বিদ্যাবৃদ্ধি, ধনসম্পদ এবং সভ্যতা—সংস্কৃতি মোটেই দুস্প্রাপ্য নয়, বরং দুস্প্রাপ্য হচ্ছে সেই জীবন্ত হৃদয় যাকে কোনা যায় না, যা কখনো হারিয়ে যায় না এবং যা কোনরূপ লেনদেনেরও ধার ধারে না। আজ্ব সেই অন্তরই দুস্প্রাপ্য, যা সজীবতা ও ঈমান—বিশ্বাসে সমৃদ্ধ।

আজ অন্তরের অবস্থা এই যে –আমি অবশ্য একথা কোন বিশেষ দেশ বা বিশেষ ব্যক্তির উদ্দেশ্যে বলছি না তা নির্ঘাত কেনাবেচার সামগ্রীতে পরিণত হয়েছে। কড়ি দেখালে আজ অন্তর কেনা যায়, কড়ি দেখালে তা বেচাও যায়। আজ জাতির নেতা ও নায়করা ক্ষমতার আসন ও পার্টি – নেতৃত্বের পেছনে পাগলের মত ছুটে চলেছেন– এটা করায়ত্ব করতে গিয়ে যে কোন মূল্য দিতে তারা যেন এক পায়ে খাড়া। নিঃসন্দেহে এটা অন্তরের, উনুত মানসিকতার এবং চরিত্রের অধঃপতনের আলামত। এ আলামত আচ্চ ফুটে উঠেছে মুসলিম বিশ্বে অত্যন্ত বিশ্রী আকারে। এটাই আজ সঠিক নেতৃত্বের দৃশ্যাপ্যতার অন্যতম বড় কারণ। মুসলিম বিশ্বে এ ধরনের কাংগাল ভিক্ষুকের সংখ্যা আচ্চ অগণিত। ফলে আজ্ব জনসাধারণ জাতীয় নেতাদের প্রতি আস্থা হারিয়ে ফেলেছে।

আপনারা, যারা আছ ইসলামের পতাকাবাহী, যারা দাওয়াত ইলাল্লাহ্র বিরাট দায়িত্ব ঘাড়ে তুলে নিয়েছেন। তারাই জাতীয় নেতৃত্বের এই শূন্যতা দূর করতে পারেন। আপনারাই বর্তমান সমাজ এবং বর্তমান সভ্যতার সামনে এক নতুন জীবন, নতুন চরিত্র ও নতুন ব্যক্তিত্বের নমুনা পেশ করতে পারেন। আর এভাবেই আমাদের মাযহাব তার আস্থা এবং আমাদের জ্ঞানীগুলী ও নেতৃস্থানীয় ব্যক্তিরা তাদের হারানো সন্মান ও প্রতিপত্তি ফিরে পেতে পারেন।

আমি পুনরায় লেবানন গণতান্ত্রিক রাষ্ট্রের মুফতী শায়র্ব হাসান খালিদ এবং তার শিষ্য এবং বন্ধুবান্ধবকে ধন্যবাদ জানাচ্ছি, যারা আমাদেরকে এভাবে সম্মানিত করেছেন এবং সুযোগ করে দিয়েছেন লেবাননী মুসলমানদের সাথে সাক্ষাৎ করার, তাদের কাজকর্ম দেখার এবং তাদের শিক্ষা, সংস্কৃতি ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানাদি সম্পর্কে অবগত হওয়ার।

যে স্থানগুলো আমরা দেখে আসতে পারিনি

শায়খ মুফতী হাসান খালিদ বার বার জনুরোধ করছিলেন, ফেন আমরা বুকা সফর করি। বুকা হচ্ছে একটি বিরাট ইসলামী এলাকা। ঐ এলাকার একজন দৃত আমাদের সাথে সাক্ষাত করতে এসেছিলেন এবং সেখানে যাওয়ার জন্য আমাদেরকে আমন্ত্রণ জানিয়ে গিয়েছিলেন। এভাবে বালবাক্ দেখার সুযোগও আমাদের ছিল। বালবাক একটি বিখ্যাত ঐতিহাসিক শহর। যখন থেকে আমরা নহত (আরবী ব্যায়াকরণ)—এর প্রথম বই পড়েছি তখন থেকে এই নামটি আমাদের কানে যেন গুজারিত হচ্ছে। কিন্তু সময়ভাবে উপরোক্ত স্থানগুলো দেখে আসা আমাদের পক্ষে সম্ভব হয় নি। আমরা ৫ই রক্ষব ১৩৯৩ হিঃ, মুতাবিক ১৩ই আগস্ট, ১৯৭৩ ইং উক্রবার দামেশ্কে যাওয়ার সিদ্ধান্ত নিই। এমন মনে হচ্ছিলো, ফো কোন বস্তু আমাদেরকে দামেশ্কে থেতে বাধ্য করছে এবং সেখানে গিয়ে এমন একটি নতুন

অভিজ্ঞতার সমুখীন হচ্ছি যার যথাযথ মুকাবিলা করা সম্ভব ইচ্ছে না। এ সম্পর্কে স্বাগামীতে বিস্তারিত অলোচনা হবে।

সাক্ষাৎকার

এই সফরে যাদের সাথে আমাদের সাক্ষাৎকার ঘটে তাদের মধ্যে সংগ্রামী আলিম শায়থ নামীরের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য তিনি আমাদের একজন পুরাতন বন্ধু। তার সাথে প্রথম পরিচয় হয় ১৯৫১ ইং সনে, দামেশক নগরীতে। আমার দামেশক সফরকালে তিনিও সেখানে অবস্থান করছিলেন। তিনি বৈব্রুতস্থ 'জাম্ইয়াত্র রাবিতাতিল্ ইসলামিয়াহ' –এর সভাপতি (সফর) এবং জাম্ইয়াতের অধীনে পরিচালিত 'মাদরাসাতৃল্ ফাত্ হিস্ সানৃতিয়াহ' –এর সেক্রেটারী (নাযিম)। এটি মেয়েদের একটি মাদ্রাসা। প্রতিষ্ঠিত হয়েছে ১৯৬৬ইং সনে। মাদরাসাটি লেবাননের মুসলিম সমাজ্বের একটি অন্যতা পূকা করেছে। এখান থেকে সৃষ্টি হচ্ছে ধর্মপরারণা, সুশিক্ষিতা ও সু-অনুভূতিশীলা মহিলাদের একটি বিরাট দল। ইসলামী শিষ্টাচার, ইসলামী নীতির আনুগত্য ও প্রচার প্রসারে এই মাদরাসা একটি অতি প্রশংসনীয় ভূমিকা পালন করে চলেছে।

উন্তাদ মুহামদ মুবারকের সাথেও জামাদের সাক্ষাত হয়। তিনি হচ্ছেন সিরিয়ার প্রাক্তন মন্ত্রী, দামেশ্কস্থ 'কু ল্লিয়াতৃশ্ শারীআহ' –এর প্রাক্তন প্রিন্দিপাল এবং মকাস্থ কুল্লিয়াতৃশ্ শারীআহ' এর বর্তমান অধ্যাপক। ইসলামী চিন্তাবিদ ও সংস্কারকদের প্রথম সারিতেই তার স্থান।

উন্তাদ আমর 'আউকের সাথেও আমাদের সাক্ষাৎ হয়। তিনি লেবাননের 'ইবাদুর রহমান' দলের প্রতিষ্ঠাতা এবং ইসলামী দাওয়াত ও তাবলীগের কাব্দে অর্থাণী ভূমিকা পালনকারী।

মাকতবে ইসলামী, বৈরুত —এর মালিক উস্তাদ যুহায়র শাভিশ—এর সাথেও আমাদের দেখা হয়। তিনি বিভিন্ন ইসলামী চিন্তাবিদের লেখা বিরাট সংখ্যক শিক্ষা ও চিন্তামূলক পুস্তক বিশেষ যত্নের সাথে প্রকাশ করেছেন। এতাবে আমার পুরাতন বন্ধু উস্তাদ আলী হাসান ফিদুআক—এর সাথেও সাক্ষাৎ হয়। তিনি একদা জেন্দার মীর ছিলেন। তাঁর সাথে আমার প্রথম সাক্ষাৎ হয় ১৯৫১ইং সনে, যখন তিনি অর্থমন্ত্রশালয়ের একটি শুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন এবং বেজার ও সাংবাদিকতার ক্ষেত্রে সবেমাত্র আবিভৃত হতে শুরু

করেছেন। তিনি, আমাদের মধ্যকার এই সম্পর্কে অত্যন্ত যত্নের সাথে সংরক্ষণ করে চলেছেন। তিনি হচ্ছেন এই লেখকের অন্তরঙ্গ বন্ধুদের অন্যতম।

লেবাননের সমগ্র ইসলামী সংস্থা ও প্রতিষ্ঠিানসমূহের উল্লেখ করা বা সেগুলো সম্পর্কে আলোচনা পর্যালোচনা করার স্থান এটা নয়। এজন্য দীর্ঘ অবস্থান এবং দীর্ঘ অধ্যয়ন ও অভিজ্ঞতার প্রয়োজন। তবে এমন কিছু প্রতিষ্ঠান ও সংস্থার প্রতি ইংগিত প্রদান করা সমীচীন মনে করছি, থেগুলো দ্বারা স্পোনকার মুসলিম সমাজ প্রভাবিত হয়েছে। থেমন, জামইয়াতুল মকাসিদিল ইসলামিয়াহ, জাম্ইয়াতু তালীমি আব্নাইল্ মুসলিমীন ফিলকুরা, মুয়াস্সাতুল্ বিদ্মাতিল ইজ্তিমাইয়াহ, জাম্ইয়াতুল মুহাফাযাতি আলাল্ ক্রআনিল কারীম, জামইয়াতুর রাবিতাতিল্ ইসলামিয়াহ ফী বৈক্বত এবং আল-জামাআতুল ইসলামিয়াহ। এগুলো হঙ্গ্নে ঐ সমস্ত সংস্থার বহির্ভৃত, থেগুলোর উল্লেখ এই সংক্ষিপ্ত প্রতিবেদনে রয়েছে।

সাউদী দৃতাবাসের পক্ষ থেকে অভ্যর্থনা

৪ঠা রব্ধব হিঃ ১৩৯৩ বৃহস্পতিবার সন্ধ্যায় সাউদী দৃতাবাসের পক্ষথেকে প্রতিনিধিদলকে জভ্যর্থনা জ্ঞাপন করা হয়। উক্ত জনুষ্ঠানে শাহজাদা আমীর মাতজাব বিন আবদুল আযীয (বাদশাহ ফায়সলের ভ্রাতা), আরব এবং মুসলিম রাষ্ট্রসমূহের রাষ্ট্রদূতবৃন্দ, কূটনীতিকবৃন্দ, শহরের বিশিষ্ট ব্যক্তিবৃন্দ এবং বিরাট সংখ্যক সাংবাদিক জংশগ্রহণ করেন। এটা ছিল প্রতিনিধিদলের লেবানন সফরের শেষ ধাপ। ৫ই রক্ষব ১৩৯৩ হিঃ, মুতাবিক তরা আগষ্ট ১৯৭৩ ইং শুক্রবার, আমাদেরকে দামেশ্ক সফরে রগুয়ানা হতে হবে।

'টাক!

- ইমাম আবৃ হানীফা বাগদাদের এবং ইমাম আওযায়ী বৈরুতে সমাধিস্থ হন ।
- তিনি দামেশকে সমাধিস্থ হন।
- তিনি বাগদাদে জীবন অতিবাহিত করেন এবং সেখানেই সমাধিস্থ হন।
- দু'টি মাদরসার নাম, য়য় একটি ছিল বাগদাদে এবং জ্বাটি দামেশ্কে।
- ৫. উস্তাদ আবুদর হাকীম আবিদীন ইখওয়ানুল মুসলিমীন ও দাওয়াতে ইসলামী গ্রুপের একজন প্রসিদ্ধ ব্যক্তিত। তিনি দীর্ঘদিন পর্যন্ত মিসরে ইখওয়ানের সেক্টোরী ছিলেন। একজন

সাহিত্যিক, কবি বাদ্মী ও আইনজ্ঞ ছাড়াও আত্মীয়তার দিক দিয়ে তিনি হচ্ছেন ইমাম হাসানুগ বানুা শহীদ (র.)–এর ডগ্লীপতি।

- ৬. আমীনুর রায়হানী একজন বিখ্যাত সাহিত্যিক ছিলেন। তাঁর গ্রন্থাদি ও রচনাসমূহ এই
 ্বশতানীর চতুর্থদশকে কো আলোড়নের সৃষ্টি করেছিল। বেশীর ডাগ আরব দেশ এবং
 সেধানকার সামাজিক ও সাংস্কৃতিক নেতৃবৃক্তের সাথে তাঁর অভান্ত বন্ধুসুদত ঘনিষ্ট সম্পর্ক
 ছিল। তিনি ১৯৪০ ইং সনে ইন্ডিকাল করেন।
- মাজাল্লাত্ল মারাকিব ঃ দিতীয় বত ঃ সংব্যা ৭২ ঃ মে, ১৯১০ ইং মৃতাবিক জমাদি উল উলা. ১৩২৮ হিঃ।
- ৮. আংল-মুসলিমূলা ফী লেব্নানা মাওয়াত্বিনূনা লা লেআং'য়া ঃ উদ্ভাদ মুহামদ আলী আল্-মাহামী।
- ঋমরা জানতে পেরেছি, এ ধরনের প্রতিষ্ঠান ও সংস্থার সংখ্যা কয়েরকশত এবং তার কৌর অগই বৈক্রতে অবস্থিত।

দামেশ্কে দু'দিন

8

বৈক্ষত খেকে দামেশক

বৈরুতের সাউদী দূতাবাস দামেশকের সাউদী দূতাবাসের সাথে যোশাযাগ করে জানিয়ে দেয় যে, রাবিতার প্রতিনিধিদল ক্টে রক্তব, ১৩৯৩ হিঃ, মূতাবিক তরা আগস্ট, ১৯৭৩ ইং শুক্রবার বৈরুত থেকে দামেশ্ক রওয়ানা হচ্ছে।

আমরা খুব ভোরেই সফরের জন্য তৈরী হয়ে যাই। আমাদের ইচ্ছা ছিল খুব সকাল সকাল রওয়ানা হয়ে যাওয়ার। কেননা সেদিন ছিল ওকরার। তাছাড়া আমাদেরকে লেবানন—সিরিয়ার সেই সীমান্ত অতিক্রম করতে হবে যা তখনকার দিনে বন্ধ ছিল। আমাদের সফর যেহেতু রাবিতায়ে আলমে ইসলামীর প্রতিনিধি হিসাবে ছিল এবং রাবিতায়ে আলমে ইসলামী ইতিমধ্যে ছেলা ও দামেশ্কের সরকারী মহলের সাথে এ ব্যাপারে যোগাযোগ স্থাপন সব কিছু ঠিকঠাক করে রেখেছিল, তাই আমাদের সীমান্ত অতিক্রম করার পথে আর কোন বাধা ছিল না; বরং রাবিতার পূর্ব—যোগাযোগের ফলশ্রুতি করেণ সিরিয়া সরকার প্রতিনিধিদলের জত্যর্থনা ও আতিথ্যের প্রতিও তাদের ইচ্ছা ও আরহের কথা প্রকাশ করেছিলেন।

তাছাড়া দামেশৃক থেকে সাউদী দৃতাবাসের একছন প্রতিনিধিও বৈরুতে এসেছিলেন এবং তিনি প্রতিনিধিদলকে এই মর্মে আশুস্ত করেছিলেন যে, পরিস্থিতি এখন স্বাভাবিক। তারপর তিনি এতদ্সংক্রান্ত সরকারী কাজকর্ম সম্পাদনের ছন্য আমাদের আগেই 'সাত্রা' পৌছে গিয়েছিলেন। এরপর আমরাও সেখানে পৌছি এবং সফর সংক্রান্ত প্রয়োজনীয় কাজকর্ম সমাধা করি।

দামেশ্কের সাথে আমার পুরাতন সম্পর্ক

আমরা দামেশ্কের উদ্দেশ্যে রওয়ানা হই। দামেশ্কে আমি ইতিমধ্যে একাধিকবার আমার জীবনের সর্বাধিক উপতোগ্য মুহূর্তগুলো কাটিয়েছি। 'হারামায়ন শারীকায়নের পর আমি যদি বিশ্বের কোন শহরকে প্রিয়তম আখ্যা দেই তাহলে সেটা হচ্ছে এই দামেশ্ক। আমি এর অনেক ঘরবাড়ী, রাস্তাঘাট, বাগ—বাগিচা ও মনোরম দৃশ্যাবলী সম্পর্কে অবহিত রয়েছি। দামেশ্কে আমার আনেক প্রাণপ্রিয় বন্ধুবান্ধব ছিলেন, যাদের সংগে ধ্যান—ধারণা ও চিন্তাভাবনায় আমার চমংকার মিল ছিল। প্রতিবারই আমার দামেশ্কে অবস্থান ছিল অত্যন্ত

উপভোগ্য। অন্তরে দারুণ শান্তি পেতাম। আবহাওয়াও হত আমার খুব অনুকূল। আমি যখন দামেশ্ক সম্পর্কিত শাওকীর নিম্নের কবিতাটি তখন তাতে অতিরঞ্জিত কিছু আছে বলে অন্ততঃ আমার মনে হত না।

امنت بالله و استشنیت جنته دمشق روح و جنات و ریحان

"আমি আল্লাহ্তে বিশ্বাস করি। আমি তার বেহেশতকে ব্যতিক্রান্ত রেখে বলছি, দামেশ্ক হচ্ছে আগাগোড়া আরাম—আয়েশ, বাগ—বাগিচা ও সুখদ উদ্যান ভর্তি একটি স্থান।

আমরা দামেশ্কের দিকে এগিয়ে চললাম। বহিরাগতদের জন্য দামেশ্-কের রাস্তা হচ্ছে বিশ্বের সুন্দরতম রাস্তাসমূহের অন্যতম। প্রসিদ্ধ প্রসিদ্ধ স্থানসমূহের মধ্যে দিয়ে আমরা পথ অতিক্রম করছিলাম। হামাসী কবি সমতাহ্ বিন আবদুল্লাহ্র নিম্নলিখিত কবিতাটি তখন আমি অলক্ষ্যেই আবৃত্তি করছিলাম, –

بنفسى تلك الارض ما اطيب الزلى + و ما احسن المصطاف و المتربعا و ليست عشيات الحمى برواجع + عليك و لكن خل عينيك تدمعا

> —"এ পুণ্য ভূমির জন্য প্রাণ উৎসর্গ হোক মোর আহা কী উর্বর টিলা, আহা কী যে বসন্ত সুন্দর কী যে চারু শোভাময় গ্রীষ্ম নিবাসগুলো এর এ স্মৃতি অমান রবে পরতে পরতে হৃদয়ের ফিরে আর পাবো নাতো এই দিন আর এই ঠাঁই এ অক্ষী যুগলে হামী নিভৃতে কাঁদিতে দাও তাই"।

দামেশ্কে আমার প্রথম সফর ছিল ১৩৭০ সনের রম্যান, – যিলকাদা মুতাবিক ১৯৫১ইং সনের জুন—আগস্ট মাসে। তখন ছিল কর্নেল আদীব আশ্ —শিশকলীর শাসনকাল। আমার সেখানে অবস্থানকাল ছিল দেড় মাস। আমি আমার তখনকার অবস্থা ডায়েরীতে লিপিবদ্ধ করেছিলাম।

আমার দিতীয় সফর ছিল ১৩৭৫হিঃ, মুতাবিক ১৯৫৬ইং সনে। অবস্থানকাল ছিল তিন মাস। আমার সফর ছিল দামেশ্ক বিশ্ববিদ্যালয়ের কুল্লিয়াতুশ্ শারীআহ্–এর ভিজিটিং প্রফেস্র হিসাবে। তখন সিরিয়া জামহরিয়ার সদর (প্রেসিডেন্ট) ছিলেন শাক্রী আল–কুওয়াতিলী বেক।

এক নয়রে অতীত সিরিয়ার সামাজিক অবস্থা

যে সমস্ত বৈশিষ্ট্য অতীত সিরিয়াকে তার প্রতিবেশী আরব রাষ্ট্রসমূহ থেকে পৃথক মর্যাদা দান করেছিল তার মধ্যে উল্লেখযোগ্য একটি বৈশিষ্ট্য ছিল এই যে, কোন কোন বিষয়ে কিছু মত—পার্থক্য থাকা সত্ত্বেও সেখানকার জন—সাধারণের মনে মাযহাবের প্রকৃষ্টতা সম্পর্কে কোনরূপ দিধাদ্দ্র ছিল না। তারা উলামাকে সম্মান-সমীহ করত এবং ইসলামী আদাব—আখলাক ও শিষ্টাচারসমূহ মেনে চলত। অবশ্য এই সাথে তাদের মধ্যে প্রাচ্টের আচার আচরণেরও প্রচলন ছিল। গোটা দেশের উপর একাধারে আরবী ও ইসলামী ছাপ পরিলক্ষিত হত। বেপর্দা ও অশালীলতা প্রথমে কদাচিৎ এবং পরবর্তী সময়ে যথকিঞ্জিত নয়রে-পড়ত। অবশ্য সমাজ যে, দ্রুত পরিবর্তিত হচ্ছে তা উপলব্ধি করার জন্য খুব দূরদৃষ্টি বা বুদ্ধিমন্তার প্রয়োজন ছিল না।

বিপদ ঘন্টা বাজতে শুরু করেছিল এবং পরিস্থিতির চাহিদা ছিল, ইসলামের এবং দেশের ভবিষ্যৎ নিয়ে যারা চিন্তাভাবনা করেন সেইসব চিন্তাবিদ ও নেতৃস্থানীয় ব্যক্তিরা অবিলম্বে ঐ বিপদকে সামাল দিতে চেষ্টিত হবেন। বিভিন্ন রাজনৈতিক দল ও রাজনৈতিক চিন্তাবিদরা গজিয়ে উঠেছিল। একের পর এক মন্ত্রীসভা দ্রুত ক্ষেগে যাচ্ছিল। এক অশান্ত ও অনিশ্চিত অবস্থা বিরাজ্ঞ করছিল। উলামার মধ্যে মতবিরোধ ছিল এবং তারা একে অন্যের বিরুদ্ধে কাদা ছুড়াছুড়িতে লিপ্ত হয়ে পড়েছিলেন। ধর্মীয় দল ও সংস্থাসমূহের মধ্যে ঐক্য ও মমত্বোধের দারুণ অভাব দেখা দিয়েছিল।

দিতীয় বৈশিষ্ট্য, যার কারণে সিরিয়া অন্যান্য প্রতিবেশী দেশ থেকে বিশেষ মর্যাদার অধিকারী ছিল এবং যে বৈশিষ্ট্যটি যে কোন বহিরাগতের দৃষ্টি আকর্ষণ করত তা হলো, সেখানকার শান্তি ও স্বাচ্ছন্য এবং ধন—সম্পদের প্রাচ্র্য। অতি প্রাচীনকালেই আল্লাহ্ তা আলা ঐ দেশটিকে ফলফলাদি ও শস্যদানায় তরে দিয়েছিলেন। চতুর্দিকে বেগবান নদীনালা ও স্বচ্ছ পরিষ্কার ঝণা প্রবাহিত ছিল; বাগ—বাগিচা ও উদ্যানরান্ধির প্রাচ্র্য ছিল; আর ব্যবসা—বাণিচ্চ্য ছিল উন্নৃতির শীর্ষে। বৈধ জীবিকা অর্জনের পথ ছিল উন্নৃত্ত। জিনিষ প্রের অগ্নিমূল্য ছিল না এবং কোন জিনিষ দৃষ্পাপ্যও ছিল না। বেকারত্ব ছিল না, শঠতা প্রতারণারও অন্তিত্ব ছিল না। উৎপাদন ছিল প্রচ্র। তাই কোন ব্যক্তিকে বেকার, অসহায়, চিন্তিত বা দুঃখ ভারাক্রান্ত দেখা ফেত না। সাধারণ মানুষ আয়েশ আরামের জিন্দেগী অতিবাহিত করছিলো। তাদের

খাওয়া-পরা ও চলাফেরায় শান্তি ও স্বস্তি ছিল। যীম্বকাল কাটানোর জন্য মানুষ পাহাড়সমূহে (যা দামেশক থেকে খানিক দূরে অবস্থিত) এবং জন্যান্য চিত্তবিনোদন কেন্দ্রে চলে যেত। সেখানে ব্যাপকভাবে আমোদ-স্কূর্তিমূলক খানা পিনার (বনভোজনের) আয়োজন করা হত।২

আমি যখন সিরিয়ার অধিবাসীদেরকে উপরোক্ত প্রাচূর্য ও আয়াশ— আরামে পুটোপুটি খেতে দেখতাম তখন আমার তয় হত, না জানি, সিরিয়ার অধিবাসীরা আবার এই সমস্ত জ্বদান ও নিয়ামাতের প্রতি কৃতমু হয়ে না বসে এবং আল্লাহ্র ফ্রাথে ওক্রিয়া আদায় করা থেকে বিমুখ হয়ে না পড়ে।

এই স্বাচ্ছন্দ, শান্তি ও নিয়ামাতে পরিপূর্ণ জীবনের অধিকারী সমাজের যা মোটামুটিভাবে ছিল ইসলামের চারিত্রিক শিক্ষার অনুসারী এবং প্রাচ্যের আচার-জাচরণ ও চাল-চলনেরও ভক্ত-একটি বৈশিষ্ট্য এই ছিল যে, তার সদস্যদের মধ্যে পরস্পর আস্থা, শুভেচ্ছা, ভ্রাতৃত্ব সহানুভূতি ছিল। ফলে ঐ সমাজে বিরাক্ত করছিলো এর প্রশান্তি।

জ্বলৈক ইউরোপীয় পণ্ডিত, যিনি দুই বিশ্বযুদ্ধের মধ্যকালীন সময়ে। সিরিয়া গিয়েছিলেন এবং সেখানে দীর্ঘদিন অবস্থানও করেছিলেন, উপরোক্ত প্রাচুর্য ও প্রশান্তি দেখে বেশ প্রভাবিত ও বিশ্বিত হয়েছিলেন।

মূহাম্মদ আসাদ (পূর্ব নাম-LEO, POLDVEISS) তার বিখ্যাত গ্রন্থ 'রোড টু মকায় (ROAD TO MECCA) দামেশ্কের অবস্থা বর্ণনা করতে গিয়ে বলেছেন-

" একটা নতুন উপলব্ধির উত্তেজনা নিয়ে, যেসব কস্কু বা বিষয় সম্বন্ধে ইতিপূর্বে আমার বিন্দু মাত্র ধারুলাও ছিল না সেগুলোর প্রতি চোষ খোলা রেখে আমি সেই গ্রীন্মের দিনগুলোতে দামেশ্কের পুরোনো বাজারের অলিগলিতে ঘুরে বেড়াচ্ছিলাম, আর তার বাসিন্দাদের জীবনকে যে অপূর্ব প্রশান্তি শিরে রেখেছে তা অনুতব করছিলাম। ওদের অন্তরের এই নিরাপত্তাবোধ লক্ষ্য করতাম একের প্রতি অন্যের ব্যবহারে—যে আবেগ উষ্ণ মর্যাদাবোধের সাথে এরা একে অপরের সাথে দেখা করে বা একে অপরের কাছ থেকে বিদায় নেয় তাতে—একে অপরকে বন্ধু তেবে শিশুদের মতো পরস্পর হাত ধরে দু টি মানুষ যেভাবে এক সাথে পথ চলে তার মধ্যে দোকানীদের একের প্রতি অন্যের আচরণের এবং ছোট ছোট দোকানের সেই

সব ব্যবসায়ী যারা অবশ্যই পথচারীদের চিৎকার করে ডাকবে তাদের ভাবভঙ্গিতে। মনে হত না যে এ সব নাছোড়বান্দা দোকানীদের অন্তরে কোন ভয়-ভীতি আছে কিংবা কোন ঈর্ষা আছে। তাদের পারস্পরিক বিশ্বাস এতটা প্রশাঢ় যে কোন দোকানী যখন কিছুক্ষণের জন্য বাইরে যাবার দরকার হয় তখন সে তার দোকান পাট তার প্রতিবেশী এবং প্রতিদুদ্দী দোকানদারের হিফান্ধতেই রেখে নির্বিঘ্নে চলে যায়। আমি প্রায়ই দেখতাম, এভাবে ফেলে যাওয়া দোকানের সামনে যখনি কোন সত্যিকারের খদের থেমেছে এবং বুঝা যাছে, সে (খদ্দের) নিজের মনে মনে ভাবাগোনা করছে, দোকানদার ফিরে আসা পর্যন্ত অপেক্ষা করবে, না পাশের দোকান থেকে উদ্দিষ্ট জ্বিনিষটি কিনে নিয়ে চলে যাবে। অমনি দেখা গেছে পাশের দোকানীটি, যে আসলে অনুপস্থিত माकानीत প্রতিष्टनी, এগিয়ে এসে (দেশ্ব য়মান খদেরকে) জিজ্জেন করছে আপনার কি চাই ? তারপর তার কাছে বিক্রি করছে সে উদ্দিষ্ট জিনিষটি. অনুপস্থিত দোকানীর দোকান থেকেই। সে নিজের জিনিষ বিক্রি না করে অনুপস্থিত প্রতিবেশীর জিনিষই বিক্রি করছে এবং দামটা রেখে দিচ্ছে প্রতিবেশীরই বেঞ্চির উপর। ইউরোপে এ ধরনের বেচাকেনার নমুনা কি কেউ কোথাও দেখেছে ?৩

এতে কোন সন্দেহ নেই যে, ইসলামী কেন্দ্রসহ প্রাচ্য দেশসমূহে যুগের আবর্তন বিবর্তন এবং পাশ্চাত্য সভ্যতা ও জড় দর্শনের বিষাক্ত প্রভাবের ফলে উপরোক্ত অবস্থা, ভ্রাতৃত্ব, শুভেচ্ছা ও গোষ্ঠীগত কল্যাণ কামনার প্রবৃত্তি যার ফলশ্রুতিতে আভ্যন্তরীণ শান্তি ও আত্মিক প্রশান্তি বিরাক্ত করত, এখন তা প্রায় খতম হয়ে গেছে।

কিন্তু ইতিপূর্বে যে দুবার আমি সিরিয়ায় যাই তখন সেখানকার সমাজে এ সমস্ত জিনিষ মোটামুটি বিদ্যমান ছিল।

সিরিয়ার সামাজিক জীবনে বৈপ্রবিক পরিবর্তন

তৃতীয়বার ১৯৬৪ইং সনে ইউরোপ থেকে প্রত্যাবর্তনের পথে আমি সিরিয়া যাই এবং দামেশ্কে তিন দিন অবস্থান করি। ইতিমধ্যে সিরিয়ায় বেশ কয়েকটি সামরিক বিপ্লব ঘটে গেছে, যা সেখানকার সামাজিক জীবনের ভিত্তিসমূহ নড়বড়ে এবং গোটা সমাজকে তছনছ করে দিয়েছে। আমি আক্ষেপের সাথে লক্ষ্য করি, সেই চিত্তাকর্ষক দৃশ্যাবলী আর নেই, সিরিয়া বঞ্চিত হয়ে পড়েছে তার স্বাচ্ছন্য ও প্রাচুর্য থেকে। বাগবাগিচা যা সেখানকার অর্থনৈতিক ভিন্তি হিসাবে বিবেচিত, অনুৎপাদনের শিকারে পরিণত হয়েছে। বারিবর্ষণ প্রায় বন্ধ হয়ে গেছে, উদ্বেলিত ঝণাসমূহও উকিয়ে গেছে, ফলে পানির পরিমাণ স্বাভাবিকভাবে হাস পেয়েছে।

বলা যেতে পারে যে, এগুলো হচ্ছে এমন প্রাকৃতিক ঘটনা, যার সাথে রাজনীতি এবং পরিকল্পনা প্রণয়নের কোন সমন্ধ নেই। আমরা এ ব্যাপারে কোন বিতর্কে যেতে চাই না। তবে এটা তো অস্বীকার করার উপায় নেই যে. সরকারগুলোর স্থিতিহীনতা, ঘন ঘন রদ–বদল এবং বার বার রাষ্ট্রনীতি ও প্রশাসনে সামরিক বাহিনীর হস্তক্ষেপের ফলে দেশের ভবিষ্যৎ সম্পর্কে জন-সাধারণের মনে মারাত্মক অম্বস্তি, নৈরাশ্য ও অনিশ্চয়তা দেখা দেয়। আর এই অনিশ্চয়তা পরিলক্ষিত হয় জীবনের সর্বক্ষেত্রে। শিক্ষা, চিন্তা, সাহিত্য, সংস্কৃতি, সরকারী কাজকর্ম, ব্যক্তি জীবন, গোষ্ঠী জীবন তথা সর্বক্ষেত্রে এই জনাস্থার ভাব ফুটে উঠে। বন্ধবান্ধবের কথাবার্তা এবং চেহারা ছবিও এ সাক্ষ্যই দেয় যে, সমাজতান্ত্রিক নায়করা দেশকে উনুত করার, সুখ–সঞ্ছন্যে ভরে তোলার, জনসাধারণের মর্যাদা বৃদ্ধি করার, দেশে শান্তি ও স্বাধিকার প্রতিষ্ঠা করার যে অগণিত সুখ স্বপ্ন দেখিয়েছিলেন তা কী নিদারুণভাবে ভেস্তে গেছে। তারা যে সমস্ত দাবী পুরণের গালভরা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলো শুধু যে তারা পালন করেন নি, তাই নয়, বরং কর্মক্ষেত্রে সেগুলোর বিরোধিতায় তাদেরকে খড়গ হস্ত দেখা গেছে। এ ক্ষেত্রে মাযহাব, আখলাক, রূহ প্রভৃতি বিষয়ের উল্লেখ করা যেতে পারে।

ঐ নেতাদের শ্লোগান ছিল ভূখার রুণ্টির ব্যবস্থা, জাতির মৌলিক চাহিদা পূরণ এবং ফুটপাতের মানুষের পৃষ্ঠপোষকতা। অবশ্য যখন এই সমস্ত দাবী তারা পূরণ করতে পারলেন না তখন অন্ততঃ এতটুকু স্বীকার করলেন যে, সমাজতন্ত্ব জাতীয়তা, কমিউনিজম এ সব বিবেক বর্জিত ও মনুষ্য বিরোধী জীবন দর্শন। এগুলোর বুলিসমূহ শুধুমাত্র আাবেগ উল্প্লাসে ভরা অভিজ্ঞতা ও বাস্তবতার মাপকাঠিতে পরখ করা নয়। উপরস্তু এগুলো আদর্শ যার লক্ষ্য. ধ্বংস কিংবা নিয়মশৃঙ্খলা থেকে পলায়ন ছাড়া কিছু নয়।

এবার ৮ বছর পর আমি এই চতুর্থ বারের মত সিরিয়া এলাম। এই সময় মাস ও বছরের হিসাবে খুব দীর্ঘ নয়, তবে বিষয়কর ঘটনার কারণে খুবই শুরুতুবহ। এই সময়ে দেশ বেশ কয়েকটি বিপ্লবের আঘাতে জর্জারিত হয়েছে এবং ইতিমধ্যে অনেক বিরাট পরিবর্তন ঘটে গেছে। যেন এই সময়টুকু ছিল মুসলিম আরবজাতির ইতিহাসে এমন একটি সিদ্ধান্তকর সময়, যার মূল অনেক গভীরে এবং ফলশ্রুতি ও প্রভাব অনেক সুদূর প্রসারী।

যে সব জাতির মাথার উপর তরবারি ঝুলছে এবং যারা সরাসরি বিপদের মুখোমুখি হয়ে আছে তাদের ক্ষেত্রে এই পরিবর্তন এবং এই ঘটনা দুর্ঘটনা কি প্রভাব ফেলতে পারে আমি তার একটা পরিমাপ করার চেষ্টা করছিলাম, এমন সময় আমার দৃষ্টি সিরিয়া সীমান্তে স্থাপিত একটি বোর্ডের উপর পড়ল যার উপর জ্বলজ্বলে অক্ষরে লেখা ছিল 'বাছ পার্টিঙ বানোয়াট সীমান্তরেখার বিরোধী এবং আঞ্চলিকতার দুশমন।

আমি নিজেই নিজেকে জিজ্ঞাসা করতে লাগলাম তাহলে ১৯৫১ইং থেকে ১৯৫৬ইং সনের স্বেচ্ছাচারী যুগের অবস্থা ভাল ছিল, বিশেষ করে সীমান্ত সম্পর্কিত ব্যাপারে না,এই সময়ের অবস্থা যখন আমি সিরিয়ায় প্রবেশ করছি?

দামেশ্কে পদার্পণ

আমরা আল্লাহ্র নাম নিয়ে দামেশ্কে প্রবেশ করলাম। প্রথমে সাউদী দূতাবাসে পোলাম। সাউদী রাষ্ট্রদূত শায়থ মুহাম্মদ মাতলাক আমাদেরকে অভ্যর্থনা জানিয়ে বলেন যে, 'ফান্দাক উমাইয়াতুল জাদীদ – এ আপনাদের থাকার ব্যবস্থা করা হয়েছে। থ হোটেলে পৌছে জানতে পারলাম, সিরিয়া জাম্ ছরিয়ার মুফতী শায়থ আহমদ কুফতার প্রতিনিধিদলকে অভ্যর্থনা জানানোর জন্য এসেছিলেন এবং দীর্ঘক্ষণ অপেক্ষারতও ছিলেন। কিন্তু 'জামিউল বাগায়' তাঁর ভাষণদানের একটি কর্মসূচী থাকায় চলে গেছেন। সে কর্মসূচী শেষ করেই তিনি আমাদের সাথে সাক্ষাৎ করতে আসবেন। তাঁর স্থলে আমাদের অভ্যর্থনা জানাতে উপস্থিত ছিলেন দামেশ্কের কাষী শায়থ বাশীর আলবানী এবং মুফতী সাহেবের সুযোগ্য পুত্র সাইয়িদ যাহির কুফতার।

তাঁরা উভয়ে আমাদেরকে খোশ আমদেদ জানা এবং শায়খ সাহেবের সালামও পৌছিয়ে দেন। কিছুক্ষণ পর শায়খ আহমদ কুফতারও হোটেলে আসেন। ৮ বছর পর পুনরায় তাঁর সাথে সাক্ষাৎ হলো এবং সংগে সংগে সেই দিনগুলোর কথা মনে পড়ল যখন আমরা উভয়ে প্রায়ই 'হাই একরাস্থ' তাঁর বাসভবনে কিংবা শায়খ মুখ্টিদ্দীনে৬ কিংবা 'গাওতায়' দীর্ঘক্ষণ একত্রে বসে থাকতাম এবং বিভিন্ন বিষয়ে মতবিনিময় করতাম।

জামি উমুজী

জুমজার নামায় জাদায়ের জন্য স্নামরা জামি উমৃতীতে গেলাম। এজন্য জন্তরে দারুল জাগ্রহ পোষণ করছিলাম এবং এই প্রেক্ষাপটে দামেশ্ক সফরের জন্য জুমজার দিন ধার্য করেছিলাম। জামি উমৃতীতে নামায জাদায় করা একাধারে সৌতাগ্যের এবং আত্মিক তৃত্তির ব্যাপার। আমি যখন মসজিদে প্রবেশ করলাম এবং জুমজার খুতবা জনলাম তখন শাওকীর দামেশ্ক সম্পর্কিত কবিতাটি মনের মধ্যে ভাসতে লাগলো, চোখ জন্তুসিক্ত হয়ে উঠলো, আবেগ উজ্লাসের এক ঝড় বয়ে গেল জন্তরাকাশে, স্বরণে পড়লো জতীতের জনেক ঘটনাবলী। শাওকী তার কবিতায় বলেছেন—

وقفّت بالمسجد المخزون آساله + هل في المصلى او المحراب مروان تغيرا المسجد المخزون و اختلفت + على المنابر احرار و عبدان فلا آلاذان آذان في منارته + اذ تعالى ولا الاذان آذان

" আমি এই দুঃখভারাক্রান্ত মসজিদে কিছুক্ষণ দাঁড়িয়ে রইলাম, তারপর জিজ্ঞাসা করতে লাগলাম, মুসল্লা কিংবা মেহরাবে মারওয়ানের মত কোন শক্তিশালী শাসক কি (এখনো) বিদ্যমান আছে ?

এই চিন্তান্থিত ও দুঃখ তারাক্রান্ত মসজিদ, যুগের আবর্তন বিবর্তনের অনেক তামাশা দেখেছে, এর মিম্বরৈ কখনো চড়েছে স্বাধীন মানুষ, আবার কখনো ক্রীতদাস। এখন না আযানের ঐ মিষ্টিধ্বনি আছে যা একদা মিনারার উপর দিয়ে উথিত হত, আর না সেই শ্রোতা আছে যারা এই আ্যান শুনে উচ্ছাসিত হয়ে উঠত।

সাক্ষাৎকার

পুরাতন বন্ধুদের মধ্যে জামার দামেশ্কে জাসার সংবাদ ছড়িয়ে পড়লো।
তাঁদের বেশীর ভাগই এখন জার দামেশ্কে নেই। জন্যত্ত চলে গেছেন।
তথুমাত্র ওরাই রয়ে গেছেন যারা বার্ধক্যের কারণে থাকতে বাধ্য কিংবা যারা
এই সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন যে, নিজেদের জীবনের শেষ মুহুর্ত পর্যন্ত এই
ইসলামরূপী জামানতের হিফাজত করবেন এবং সেটাকে বুকে জড়িয়ে ধরে
এখানেই পড়ে থাকবেন। কেননা তারা ভালভাবেই জানেন যে, সিরিয়া
সর্বদাই বিভিন্ন ক্ষেত্রে উচ্চ মর্যাদায় অধিষ্ঠিত রয়েছে। সিরিয়ার প্রকৃষ্টতা

বর্ণনায় যেরূপ বিরাট সংখ্যক সহীহ হাদীস রয়েছে জন্য কোন দেশ বা শহরের ক্ষেত্রে সেরূপ নেই বললেই চলে। যা হোক, কোন কোন বন্ধু নিজে থেকেই আমাদের সাঞ্চে করতে আসেন। আমাদের সিদ্ধান্ত ছিল, পরবর্তী দিনগুলোতে আমরা নিজেরাই জন্যান্য বন্ধুদের সাথে সাক্ষাৎ করতে যাব।

সিরিয়ার দৈনন্দিন জীবনে কিছু নতুন পরিবর্তন

আসরের পর যখন আমরা হোটেল খেকে বের হয়ে দামেশ্কের রাস্তায় চলতে লাগলাম তখন নতুন দু'টি পরিবর্তন লক্ষ্য করলাম। এক ঃ মানুষের কথাবার্তায় অতিরিক্ত ধরনের গোপনীয়তা রক্ষা ও সতর্কতা অবলমনের মনোবৃত্তি। অনুভূত হচ্ছিলো, যেন প্রতিটি লোক বিশ্বাস করে যে, গোপনে কেউ তাকে নিরীক্ষণ করছে এবং তার প্রতিটি কথাবার্তা রেকর্ড করছে। প্রতিটি লোককে ফেন পবিত্র কুরআনের নিম্নোক্ত ভাষ্যের প্রতিচ্ছবি বলে মনে হলো।

ব্দর্থ ঃ ''মানুষ যে কথাই উচ্চারণ করে তা লিপিবদ্ধ করবার জন্য তৎপর প্রহরী তাদের নিকটেই রয়েছে।" (৫০ঃ১৮)

কোন কোন বিশ্বস্ত ব্যক্তি আমাদেরকে বলেই ফোলেন, 'অবশ্যই স্বরণ রাখবেন, সর্বত্র গুপ্তচররা ছড়িয়ে রয়েছে, আপনারা যেখানেই অবস্থান করবেন, কিছু চোখ আপনাদেরকে দেখার জন্য এবং কিছু কান আপনাদের কথা জনার জন্য সর্বক্ষণ নিয়োজিত থাকবে। কোন হোটেল, কোন মোটকাড়ী, কোন বিনোদন কেন্দ্র কিংবা পার্ক এ খেকে ব্যতিক্রম নয়। ট্যাক্সী ডাইভার, খাদিম ভূত্য কারো খেকেই আপনারা এ ব্যাপারে নিরাপদ নন।

দুই ঃ অবাধ বেপর্দেগী (অশালীনতা), নারী পুরুষের ব্যাপক আকারের ও বিশ্বয়কর ধরনের মেলামেশা, রাস্তা ঘাটে ঝুলানো বিল্রী ছবি এবং কামোদ্দীপক নোটিশ বোর্ড সর্বত্র পরিলক্ষিত হচ্ছিলো, হিন্নী যুবক যুবতী দলে দলে ঘুরে বেড়াচ্ছিলো এবং আমাদের বুঝতে বাকি ছিল না যে, যে সমস্ত উৎকৃষ্ট আচরণ ও সর্বজন–পরিচিত বৈশিষ্ট্যের কারণে সিরিয়ার নামডাক ছিল সে সিরিয়া অবাধ্যতা, পথত্রইতা এবং চারিত্রিক অধঃপতনের ক্ষেত্রে আজ্ব অনেকদ্র এগিয়ে গেছে। পথ ভ্রষ্টতা ও চারিত্রিক অধঃপতনের সূচনা হয় বেশীর ভাগ ক্ষেত্রে অবিশ্বাস, ব্যর্থতা ও পরাজয় থেকে। যাদের অন্তর ক্ষত—বিক্ষত এবং যারা হীনমন্যতায় আক্রান্ত হয়ে পড়েছে তারা পথ ভ্রষ্টতা ও চরিত্রহীনতার মধ্যেই এক ধরনের অতি সাময়িক সান্ত্রনা খুঁজে বেড়ায়। আর সেই সাথে রাষ্ট্রের দায়িত্বপ্রাপ্ত অতি বুদ্ধিমান (?) নেতৃস্থানীয় ব্যক্তিরাও এমন এক পরিবেশের সৃষ্টি করে রাখে যে, মানুষ তখন নিজের হিসাব—নিকাশ কিংবা চিন্তা—ভাবনা করার অবসর মোটেই পায় না। ফলে সমগ্রজাতি আত্মবিশ্বত ও মাতালে পরিণত হয়। প্রথম বিশ্বযুদ্ধের পর ইউরোপে এই পরিস্থিতি দেখা দিয়েছে। মিসরে ৫ই জুনের ঘটনার পর এই পরিস্থিতিই দেখা দিয়েছে।

উল্লেখিত দু'টি পরিবর্তন চরিত্র ও মন–মানসিকতার সাথে সম্পর্কিত। সেথানে তৃতীয় যে আর একটি পরিবর্তন আমরা লক্ষ্য করেছি তা হলো, সেথানকার অর্থনৈতিক বিপর্যয়। আমদানীর উৎসসমূহ প্রায় বন্ধ। সংক্ষেপে বলতে গেলে, সিরিয়া আজ সেই প্রাচুর্য ও স্বাচ্ছন্য থেকে বঞ্চিত, যার কারণে অতীতে সে ছিল অন্যান্য দেশের ঈর্যার বস্তু। আমি প্রথমে মনে করেছিলাম যেহেতু সিরিয়া–লেবানন সীমান্ত বন্ধ, তাই এটা একটা সাময়িক ব্যাপার। কিন্তু পরে জানতে পারলাম, আমার ধারণা ঠিক নয়। কেননা জনসাধারণ দেশের এই অবস্থা নিয়ে অত্যন্ত চিন্তিত, তারা এটাকে একটা বিরাট বিপর্যয় বলে ধরে নিয়েছে এবং অতীত দিনের স্বাচ্ছন্য ও আয়েশ–আরামের সেই দিনগুলোর কথা শরণ করে মনে মনে বিলাপ করছে যখন তাদের দৈনন্দিন জীবনে সব ধরনের শান্তি, স্বন্ধি ও নিরাপত্তা ছিল। তাদের অবস্থা যেন ছিল কুরআনে বর্ণিত নিম্নলিখিত অবস্থার মত।

কুরআনে বণিত নিম্নাণাথত অবহাস নত। ضَرَبَ اللّٰهُ مَثَلاً قَرْيَةً كَانَتُ أُمِـنَـةً مُطْمَئِـنَّةً يُّاتِيْهَا رِزْقُهَا رَغَـدًا مِّـِنْ كُلِّ مَكَانٍ ٠

অর্থঃ " আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন এক জন পদের, যা ছিল নিরাপদ ও নিশ্চিন্ত, যেথায় আসত সবদিক থেকে তার প্রচুর জীবনোপকরণ ।" (১৬ ঃ ১১২)

জতীতে ও বর্তমানে এ ধরনের পার্থক্য আমি সর্বত্রই দেখেছি। এটা আমার কাছে একটা গতানুগতিক অনুভূতিতে পরিণত হয়েছে বলা চলে।

অতএব এ বিষয়টিকে আমি খুব একটা গুরুত্ব দিইনি। ভেবেছি, এটা কোন অস্বাভাবিক ব্যাপার নয়, জাতীয় জীবনে এ ধরনের উত্থান-পতন ঘটেই থাকে। যদি দেশ সুদৃঢ় ও শক্তিশালী হয়, এর সীমান্ত সংরক্ষিত হয়, শত্রু এর দিকে চোখ তুলে তাকাবার বা হাত বাড়াবার সাহস না পায়, যদি এর প্রতি ইঞ্চি জমি এর অধিবাসীদের দখলে থাকে তাহলে তো দৃশ্চিন্তার কোন কারণ নেই। প্রায়ই বিভিন্ন দেশ এবং বিভিন্ন জাতিকে এ জরুরী অবস্থার সম্মুখীন হতে হয়। তখন জনসাধারণকে দীর্ঘদিন পর্যন্ত হিসাব করে চলতে হয়, কষ্টের জীবন যাপন করতে হয়। তখন মানুষ শুধু প্রাণ রক্ষার জন্য খাবার খায়, শুধু দেহ ঢাকার জন্য কাপড় পরে এবং আয়েশ-আরামের সামগ্রী (LUXURY) থেকে বঞ্চিত থাকে। প্রাচ্য ও পাশ্চাত্যের কোন কোন জাতি বছরের পর বছর এই অবস্থায় কাটিয়েছে কিন্তু জ্ঞাত কারণই এজন্য কোন মনোবেদনা বা ক্লান্তি প্রকাশ करति। एष পर्येख विপদের घनघो विनीन रुसार, नाञ्चनान गञ्जनात পরিসমাপ্তি ঘটেছে, সুখ- স্বাচ্ছন্দ্যের দিন পুনরায় ফিরে এসেছে। আরব এবং মুসলিম জাতি-গোষ্ঠীকে তো সর্বাধিক উৎকৃষ্ট পন্থায় ধৈর্য ও দৃঢ়তার পরিচয় দিতে হবে এবং তা এজন্য যে, তাদের ধর্মও এই শিক্ষাই প্রদান করে, তাদের সামনে তাদের রাসূল ও তার সাহাবায়ে কিরাম কর্তৃক প্রতিষ্ঠিত এর প্রকৃষ্ট নমুনা রয়েছে এবং তাদের ধর্মীয় গ্রন্থে এজন্য সওয়াবের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

কিন্তু আমার উপরোক্ত ব্যাখ্যা বিশ্লেষণের ইমারত ভূতলে লুটে পড়র্ল যখন আমার দৃষ্টি নিবদ্ধ হলো জ্লান (গোলান)—এর সেই উচ্চতৃমির দিকে, যা ইসরাঈলের মুঠোয় রয়েছে এবং যার কারণে সিরিয়া এবং থোদ দামেশ্ক এক সার্বক্ষণিক বিপদের মুখোমুখি হয়ে আছে। এটি এমন একটি পরিস্থিতি যার সাথে দেশের ভবিষ্যৎ সরাসরি সম্পৃক্ত। যতক্ষণ পর্যন্ত সিরিয়ার অন্তিত্ব ইসরাঈলের কৃপার উপরই নির্ভর করবে। আমরা জানতে পেরেছি, কোনরূপ যুদ্ধ বা সংঘর্ষ ছাড়াই ইসরাঈল গোলান দখল করে নিয়েছে। সিরিয়ার অধিবাসী এবং সেথানকার সম্প্র বাহিনীর জন্য এটি ছিল একটি অকল্পনীয় ব্যাপার, যা বলতে গেলে, নাটকীয়ভাবেই ঘটে গেল।

সাক্ষাৎকার

শারে মাতার-এ জবস্থিত শায়খ আহমদ কুফতার-এর সুন্দর ও বিস্তৃত ফার্মে আমাদের একটি আকর্ষণীয় বৈঠক হয়। তাসাউফ ও আত্মিক পবিত্রতার প্রয়োজনীয়তা, ধর্মীয় প্রশিক্ষণ এবং বর্তমান যুগে দাওয়াত ও তাবলীগের মূলনীতি এবং সেগুলো যথাযথভাবে বাস্তবায়নের ব্যাপারে শায়খকে খুবই আশান্থিত দেখা যাচ্ছিলো। তাঁর ধারণা, যদি আন্তরিকতা সম্পন্ন বিজ্ঞ মুবাল্লিগ বাহিনী গড়ে তোলা যায় এবং তারা যদি আল্লাহ্র পথে সেভাবে নিজেদেরকে উৎসর্গ করে যেভাবে ইসলামের প্রাথমিক যুগের মুবাল্লিগগণ করেছিলেন তাহলে আমাদের যুব সমান্ধ ও শিক্ষিত শ্রেণী ধর্মের দিকে অবশ্যই ঝুকে পড়বে। তিনি অত্যন্ত বিস্তারিতভাবে তার দাওয়াতী ও তাবলীগী অভিজ্ঞতার উল্লেখ করেন এবং সেধানকার দায়িতৃপূর্ণ পদে অধিষ্ঠিত ব্যক্তিবৃন্দ এবং যুবকরা যে মনোযোগ সহকারে তার কথা জনেছে, দীর্ঘ সময় ধরে সেবর্ণনাই দেন।

ভারবেলাও শায়ধের আমন্ত্রণে আমরা তাঁর ফার্মে যাই। সেখানে দীর্ঘক্ষণ পর্যন্ত বৈঠক চলে। শেষ পর্যন্ত সিদ্ধান্ত গৃহীত হয় যে, আমরা রোববার দিন আওকাফ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী জনাব আবদুস সান্তার আস—সাইয়িদের সাথে সাক্ষাত করবো এবং তিনিই আমাদের স্করের কর্মসূচী প্রণয়ন করবেন। এরপর আমরা কিছু সংখ্যক ঐতিহাসিক স্থান দেখতে যাই। কিছু কিছু মুসলিম মহল্রায়ও প্রবেশ করি। আমরা যে দিন হোটেলে পৌছি সেদিন সন্ধ্যায় সিরিয়ার মহামান্য এবং ধর্মীয় নেতা ও মুরুবী শায়র হাসান হাবানাকাহ্ আমাদের সাথে সাক্ষাৎ করেছিলেন এবং তার বাসতবনে যাওয়ার আমন্ত্রণও জানিয়েছিলেন। আমরা ধন্যবাদের সাথে তার আমন্ত্রণ গ্রহণ করেছিলাম। সেই প্রেক্ষিতে আমরা তার বাসতবনে গিয়ে মধ্যাহ্ন ভাজর সম্পন্ন করি। তখন তার গোষ্ঠীর কিছু সংখ্যক ব্যক্তি এবং শহরের উলামারা যাদের সাথে তাঁর শিষ্যসূলত ও আনুগত্য সম্পর্ক ছিল—উপস্থিত ছিলেন। বৈঠকটি ছিল হৃদ্যতাপূর্ণ। আলোচনার বিষয় ছিল 'ইসলামী শরীজাত ও ইসলামী সমাজব্যবস্থায় মহিলাদের স্থান এবং সেই স্বাভাবিক দুর্বলতা ও সৌন্ধর্যকলী যা ওধুমাত্র মহিলাদেরই বৈশিষ্ট্য।

দামেশকস্থ সাউদী দৃতাবাস সিদ্ধান্ত নেয় যে, প্রতিনিধিদলের সম্মানে দৃতাবাসে একটি জভার্ধনা সভার জায়োজন করা হবে যাতে মন্ত্রীবর্গ, রাষ্ট্রদৃতবৃন্দ, উলামা ও নেতৃস্থানীয় নাগরিকদের আমন্ত্রণ জানানো হবে। আমরা স্থির করলাম, সোমবার দিন সকালে হলব থাবো এবং পথিমধ্যে হিম্স এবং হিমাতেও কিছুক্ষণ অবস্থান করবো। এরপর বুধবার পুনরায় দামেশ্ক ফিরে আসবো। তখন দামেশ্কে আমাদের অবস্থানকাল হবে দু'দিন। এই সময়ে বিভিন্ন বৈঠক ও অনুষ্ঠানাদিতেও যোগদান করা যাবে। সাক্ষাৎকারেরও কর্মসূচী থাকেব, যা মুফতী সাহেব এবং ওয়ীরে আওকাফ নির্ধারণ করবেন। তারপর আল্লাহ্ চাহে তো আমানের উদ্দেশ্যে রওয়ানা হবো।

আমরা আসরের পর সাইয়িদ মাকী আল—কাতানীর সাথে সাক্ষাৎ করার উদ্দেশ্যে দামেশকের বিখ্যাত খীদ্মাবাস 'যাবদানীতে যাই।৮ শায়খ দীর্ঘদিন খেকে নির্দ্ধনবাসে আছেন। বর্তমানে শয্যাশায়ী অবস্থায়ই আছেন। চলাফেরাকরতে পারেন না। দৃ' বছর যাবত রাবিতার বৈঠকাদিতেও যোগদান করতে পারছেন না। বেশ কিছুক্ষণ অত্যন্ত শাস্ত ও হৃদ্যতাপূর্ণ পরিবেশে আমরা তার সাথে কথাবার্তা বলি। সেই প্রাচীনকাল থেকেই তার বংশ ধর্মীয় খিদমত ও শিক্ষাদীক্ষার ক্ষেত্রে অত্যন্ত সুনামের অধিকারী। দ্বীন ও ইলমের ক্ষেত্রে এবং উলামা সংগঠনের একজন সংগঠক হিসাবে শায়খ অত্যন্ত গুরুত্বপূর্ণ খিদমত আনজাম দিয়েছেন।

যে স্বপু সত্যে পরিণত হলো

রাত ১১টায় আমরা হোটেলে ফিরে আসি। আমার কিছু সংখ্যক ছাত্র যারা নদওয়াতুল উলামায় শিক্ষা গ্রহণ করেছেন তাদেরকে সময় দিয়ে রেখেছিলাম। লেবাননের কিছু বন্ধৃতা যা এখনো লিপিবদ্ধ করা হয় নি তা বন্ধুদের সাহায্যে লিপিবদ্ধ করার ইচ্ছা ছিল, কয়েকজন বন্ধু সহযোগে পুরাতন বন্ধুবাদ্ধব এবং দামেশকের গ্রদ্ধেয় ব্যক্তিবৃন্দের সাথে, যাদের সংগে ইতিপূর্বেকার সিরিয়া সফরকালীন সময়ে হ্বদ্যতা গড়ে উঠেছিল এবং যুগের আবর্তনে তাতে কোন শৈবিল্য দেখা দেয় নি—সাক্ষাৎ করারও কর্মসূচী ছিল। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন আল্লামাতুশ শাম শায়খ মুহাম্মদ বাহ্জাতুল বায়তার, সিরিয়ার প্রাক্তন মুফতী ডঃ আবুল ইয়াস্র বিন আবিদীন, আল জামিয়াতুল গাররা১০ এর সদর বা সভাপতি শায়খ আহমদ আদ্দাকর এবং শায়খ যয়নুল আবিদীন১১। এদের মধ্যে কেউ অসুস্থ, আবার কেউ বয়সের ভারে কাতর।

মাজ্মাউল লুগাতিল্ আরাবিয়ায়ও যাওয়ার ইচ্ছা ছিল। আমি ১৯৫৬ সাল থেকে এ প্রতিষ্ঠানের অন্যতম সদস্য। এভাবে সাহাবা, আয়িশা এবং সুলতান সালাহন্দীন আইয়বীর সমাধিসমূহ যিয়ারত করারও ইচ্ছা ছিল।

আমি বিছানায় সটান তায়ে পড়ি। সবাই ছিল ক্লান্ত শ্রান্ত। পরিস্থিতি ছিল স্বান্তাবিক। কোথাও কোন অস্বস্তিকর ব্যাপার ঘটছে তেমন কিছু বুঝা যাচ্ছিলোনা। আমি গভীর নিদ্রায় মগ্ন ছিলাম এমন সময় হঠাৎ টেলিফোন বেজে উঠলো এবং আমার ভাতিজ্ঞা মওলভী মুহামদ রাবীকে হোটেলের একজন কর্মচারীর সাথে টেলিফোনে অলাপ করতে তানা গেল–

- ৪ তিনি নীচে আছেন, না উপরে পৌছে গেছেন?
- ঃ তিনি উপরে পৌছে গেছেন। হোটেল কর্মচারীর জবাব।

তারপর দরজায় করাঘাতের আওয়াজ শুনা গেল। আমি দরজা খুলে দিলাম এবং তিনজন লোক, যারা সাধারণ নাগরিকের পোশাক পরিহিত ছিল কক্ষে ঢুকে পড়লো এবং আমাকে বললো, জিনিষপত্র বাঁধাই-ছাদাই করন্দ্র এবং উঠে পড়ন।

- ঃ কোথায় ? আমি জিজ্ঞিস করলাম।
- ঃ জানি না। -তারা উত্তর দিল।

এরপর ওরা উস্তাদ আহমদ মুহামদ জামাল এবং উস্তাদ আব্দুল্লাহ্ বাহবরীর নিকট গোল। তারা আমাদেরকে পরস্পরের সাথে মিলিত হতে বাধা প্রদান করলো। বুঝতে বাকি রইলো না যে, আমাদেরকে নিশ্চয়ই কোন নতুন পরিস্থিতির মুকবিলা করতে হবে। উস্তাদ আহমদ মুস্মদ জামাল সাউদী রাষ্ট্রদূতের সাথে যোগাযোগ স্থাপনের চেষ্টা করলেন যাতে উপস্থিত পরিস্থিতি সম্পর্কে তাঁকে অবহিত করা যায়, কিন্তু তাকে দে অনুমতি দেওয়া হলো না। উস্তাদ তখন এই বর্বরোচিত ও কর্কশ আচরণের প্রতিবাদ করেন এবং বলেন, আমরা কোন ভেড়া বকরী নই যে, আমাদেরকে জাের করে হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে। আমরা তাে শুধু কারণ জানতে চাচ্ছি। কিন্তু তাতে কোন কাজ হলো না।

তারপর আমরা এক মোটরগাড়ীতে আরোহণ করলাম যা হোঁটেলের সামনেই খাড়া ছিল। আমাদের সাথে ঐ লোকগুলোও গাড়ীতে আরোহণ করলো। রাস্তায় বুঝতে পারলাম, আমরা লেবানন সীমান্তের দিকে যাছি। এ সব ঘটনা জত্যন্ত দ্রুততার সাথে ঘটে গেল। জামরা একটি লেবাননী মোটর গাড়ীতে স্থানান্তরিত স্থাম। মনে হচ্ছিলো, এ গাড়ীটি যেন এ উদ্দেশ্যে পূর্ব থেকেই তৈরী অবস্থায় রাখা হয়েছিল। যা হোক আমরা বৈরুতের দিকে রওয়ানা হলাম এবং প্রত্যুষেই সেখানে পৌছে গেলাম। বৈরুতের পরিচিত বন্ধুরা, যারা মাত্র দু'দিন পূর্বে আমাদেরকে বিদায় জানি-মেছিলেন, পুনরায় আমাদেরকে সেখানে দেখতে পেয়ে অত্যন্ত বিশ্বিত হলেন। অনুরূপভাবে গভীর রাতে দামেশ্ক শহর ছেড়ে আসার কারণে আমাদের সেখানকার বন্ধুরাও যারপরনেই বিচলিত ও বিশ্বিত হন। কিন্তু তারাও এর কোন কারণ জানতে পারেন নি।

এটা ছিল এমন একটা নাটক, যার মূল দৃশ্যটি ছিল অত্যন্ত সংক্ষিপ্ত। আমাদের জন্য তো এটা এমন একটা স্বপ্ন ছিল যার সূচনা মধুময়, কিন্তু সমাপ্তি ক্লান্তিকর। আমরা কল্পনা ও বিশ্বাসের মধ্যবর্তী অবস্থায় ছিলাম। বুঝে উঠতে পারছিলাম না, এসব কিছু স্বপ্নে ঘটছে, না জাগ্রত অবস্থায়—এতে দায়িত্বাপ্ত ব্যক্তিদের ইশারা ও ইচ্ছা কাজ করছে, না তাদের অগোচরেই এসব ঘটে যাচ্ছে।

কুরআন মজীদে হ্যরত মৃসা (আ.)-এর কাহিনীতে বলা হয়েছে-

অর্থ 3 ''সে (মৃসা) নগরীতে প্রবেশ করল যখন এর অধিবাসীরা ছিল অসতর্ক।" –(২৮ ৪ ১৫)

আমাদের অবস্থা হলো এর ঠিক বিপরীত। আমরা শহর থেকে তখনই বেরিয়ে পড়লাম যখন এর অধিবাসীরা গভীর নিদ্রায় এমনি বিভার ছিল যে, আমাদের কোন খবরই তারা জানতে পারল না।

এভাবে আমাদের দামেশ্ক সফর সংক্ষিপ্ত হয়ে গেল এবং আমাদের অনেক ইচ্ছা ও আশাই অপূর্ণই থেকে গেল।

বৈরুত সংবাদপত্র 'আল হায়াত-এ আমাদের এই ঘটনার খবর ৮ রন্ধব, ১৩৯৩ হিঃ, মুতাবিক ৬ আগস্ট, ১৯৭৩ ইং সোমবার প্রকাশিত হয় এবং তখনি বৈক্রতস্থ বন্ধুরা আমাদের সম্পর্কে জানতে পারেন। ঐ দিন বি.
বি. সি. লন্ডন এবং ইসরাঈল রেডিও এই সংবাদ প্রকাশ করে। বৈরুত এবং অন্যান্য আরব দেশসমূহের সংবাদপত্রে এই ঘটনার সমালোচনা এবং এর প্রতি অসন্তোম প্রকাশ করা হয়। বৈরুতের বন্ধুবান্ধব আমাদের সাথে দেখা করতে ছুটে আসেন। তারা আমাদের কাছে বিস্তারিত ঘটনা জানার জন্য প্রশ্ন করছিলেন এবং সাথে সাথে বিশ্বিত হচ্ছিলেন।

निका :

- ঐ সঞ্চরের বিস্তারিত বিবরণের জন্য এই শেথকের 'মুযাক্কারাতু সা-ইহীন ফিশ্শারকিল গারবী' পৃষ্ঠা ৩০৭-১৮ দুইব্য।
- এ ধরনের বিনোদন সফরকে ইংরেজীতে 'পিকনিক বলা হয়। হিজায়ে এ ধরনের সফরকে
 'কীলা সিরিয়ায়' সায়বান এবং ভারতের বেংন বেংন অঞ্চলে 'গোট বলা হয়।
- আত্তারীকু ইলা মকা ঃ পৃষ্ঠা ১৬৭ ঃ মূল গ্রন্থ ROAD TO MECCA.
- সরিয়ার বর্তমান ক্ষমতাসীন পার্টি ।
- ৫. এটা হলে দামেশ্কের সর্ববৃহৎ হোটেল যেখানে রাষ্ট্রীয়ু অতিথি এবং অন্যান্য দেশের সন্মানিত ব্যক্তিরা অবস্থান করেন।
- শায়থ মুখীউদ্দীন দামেশ্কের একটি মহলার নাম, যা শায়ঝে আকবর শায়থ মুখ্টউদ্দীন ইবনে
 আরবী

 এর দিকে সম্পর্কিত। শায়থ সাহেব এই মহলায়ই সমাধিস্থ আছেন।
- ৭. শায়ৼ হাসান হাবানাকাহ্ বর্তমানে সিরিয়ার সবচাইতে শ্রদ্ধেয় ও জনপ্রিয় আলিয়। আপন আদর্শবাদিতা, সরকারের প্রতি নিশ্পহতা এবং পবিত্র জীবন যাপনের প্রতি একাগ্রতার কারণে সাধারণ অসাধারণ নির্বিশেষে সকলেই তাকে শ্রদ্ধা করে। দামেশ্কের বিখ্যাত মহল্লা মীদানে তিনি বসবাস করেন। এই মহল্লাটি সর্বদা উলামাদের কেন্দ্র হিসাবে বিবেচিত হয়ে আসছে। দামেশ্কে এর স্থান সেরুপ, যেরূপ লক্ষ্ণৌতে ফিরিঙ্গি মহলের। তিনি বাধীনভাবে একটি মাদ্রাসা পরিচালনা করতেন, যা সিরীয় সরকার সম্প্রতি জাতীয়করণ করে ফেলেছে। এখন তিনি পঠন-পঠন ও ওয়ায় নসীহত নিয়েই ব্যস্ত থাকেন।
- ৮. সাইয়িদ মাকী কাতানী সিরিয়য় বিখ্যাত আলিম, শায়থে তারীকত এবং রাবেতাতুল উলামা অর্থাৎ সিরিয়ার জামইয়াতৃল্ উলামায়ের সভাপতি এবং মক্কান্থ রাবিতায়ে আলমে ইসলামীয় বিশিষ্ট সদস্য ছিলেন। তিনি 'মাগারিবে আক্সা–এর বিখ্যাত হাসানী সাদাত বংশের সন্তান। এই বংশটি 'কাতানী নামে প্রাচ্য ও পাশ্চাত্যের দেশসমূহে বিশেষভাবে পরিচিত। এই বংশে অনেক বড় বড় মুহাদিস ও স্থীর জন্ম হয়েছে। সাইয়িদ মাকী কাতানীর পিতা

দামেশ্ক

সাইয়িদ জাফর কাতানী একজন বিখ্যাত মুহাদ্দিস ও শায়খে তারীকত ছিলেন। তিনি পশ্চিম থেকে দামেশ্কে এসে বসতি স্থাপন করেছিলেন। ১৯৭৩ সনের ডিসেম্বরে সাইয়িদ মাক্টী কাতানী ইন্তিকাল করেছেন।

- ৯. এই ব্যক্তি হচ্ছেন 'রাদ্দ্র মুহতার (যাকে সাধারণতাবে শামী বলা হয়) এর গ্রন্থকার আল্লামা ইবনে আবিদীনের প্রোপ্রোপৌতা। তিনি মেডিসিনের ভান্ডার ছিলেন। তবে আপন দ্বীনী জ্ঞান, বংশগত ঝৌক ও ব্যক্তিগত জধ্যয়নের কারণে কেশ কয়েক বছর সিরিয়া জামহরিয়ার মুফতী পদে অধিষ্ঠিত ছিলেন। ধর্মীয় মহলে তাকে বিশেষ সম্মানের চোখে দেখা হয়।
- ১০. ইনি সিরিয়ার বিখ্যাত শায়খে তারীকত, উস্তাদ ও মুরন্ধী শায়খ আলী আদ্ দাকর এর সন্তান, যিনি সিরিয়ার অনেকগুলো দ্বীনী মাদরাসার প্রতিষ্ঠাতা এবং এক বিরাট সংখ্যক উলামার উস্তাদ ও মুরন্ধী ছিলেন।
- ১১. ইনি হচ্ছেন শার্থ মুহাম্মদ আদ থিয়র তিউনিসী—এর কনিষ্ঠ ভাতা যিনি মিসরের জ্ঞান ও ধর্মজগতের একজন বিরাট ব্যক্তিত্ব এবং আদ-আযহারের শার্থ ছিলেন। ইনি হচ্ছেন একজন অত্যন্ত বয়োবৃদ্ধ বৃষ্ণ ও দক্ষ আদিম।

হার্ন-অর রশীদের রাজধানী বাগদাদ

0

ইসলামের ইতিহাস ও সংষ্কৃতিতে বাপদাদের স্থান

ইসলামের রাজনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাসের বিরাট সম্পর্ক বাগদাদের সাথে রয়েছে তা অন্য কোন ইসলামী শহর বা রাজধানীর সাথে নেই। বাগদাদকে উপলক্ষ করে যত ঘটনা ঘটেছে বা যত প্রবাদবাক্য গড়ে উঠেছে সেরূপ অন্য কোন শহরের ক্ষেত্রে হয়নি। বাগদাদ ইসলামী যুগে একেবারেই ঝল্মলিয়ে উঠে এবং পুরো পাঁচটি শতাব্দীই আম্বাসী রাষ্ট্রের রাজধানী থাকে। প্রাচীন বাগদাদ বিশ্বের সিংহ ভাগ শাসন করেছে। জ্ঞান–বিজ্ঞানের প্রায় প্রত্যেকটি বিষয়ের ইমাম (অপ্রনায়ক) সৃষ্টি করেছে। বিশ্বের প্রতিটি প্রান্ত থেকে পণ্ডিত ব্যক্তিরা এই শহরের দিকে ছুটে এসেছেন এবং এখানেই বসতি স্থাপন করেছেন। এ কারণেই অতীতে যেরূপ বিরাট সংখ্যক পণ্ডিত ও জ্ঞানীগুণীর সমাবেশ এখানে হয়েছিল সেরূপ অন্য কোন ইসলামী শহরে হয়নি।

আমাদের ছোটবেলায় মক্কা—মদীনার পর বহির্বিশ্বের যে শহরটির নাম সর্বপ্রথম কানে এসেছিল তা ছিল এই বাগদাদ। প্রথম পুস্তক যার মাধ্যমে আমরা আরবী বর্ণমালা শিখেছিলাম তা ছিল কায়িদা—ই বাগদাদী। প্রকৃতপক্ষে এই কায়িদা—ই—বাগদাদীই হচ্ছে ইসলামী জ্ঞানের দরজা তথা কুরআন, হাদীস, ইসলামী জ্ঞান এবং উর্দৃ—ফারসী ভাষা শেখার মাধ্যম।

ইসলামী ইতিহাস, সরফ, নাহ্ভূ (আরবী ব্যাকরণ ও রচনা) এবং তিনটি ফিক্ইী চিন্তাধারা (হানাফী, শাফিঈ ও হাম্বলী) অধ্যয়ন করার জন্য যে পথ অবলম্বন করা হত তা বাগদাদের পাশ দিয়েই অতিক্রান্ত হত কিংবা বাগদাদ থেকেই বহির্গত হত অথবা বাগদাদের দিকেই যেত। এভাবে বিভিন্ন চিন্তাধারা ও মতাদর্শের ক্রমোনুতি তথা মুতাফিলা, আশাইরা, মুতাকাল্লিমীন ও মুহান্দিসীনের মধ্যকার ইখতিলাফ তথা মত পার্থক্যের কোন প্রামাণিক ইতিহাস লিখতে গেলে তাতে বাগদাদের হাওয়ালা (বরাত) অবশ্যই থাকতে হবে।

বাগদাদই হচ্ছে সেই স্থান যেখানে আহলে সুনাতের ইমাম আহমদ বিন হান্ধল (রহ.)—কে অগ্নি পরীক্ষার সমুখীন হতে হয়েছিল এবং তিনি সে পরীক্ষায় অপরিসীম ধৈর্য ও দৃঢ়তার পরিচয় দিয়েছিলেন। এখানেই ইমাম গাযালীর সেই জ্ঞান বিতরণী মজলিস বসত, যে মজলিসের প্রতি সমসাময়িক খলীফাদের মজলিসও সর্ধা পোষণ করত। এখানেই আল্লামা ইবনে জ্বীর

ওয়ায-নসীইতৈর সেই মজলিসসমূহ যথারীতি বসত যাতে আল্লাহ্র পুণ্যবান वामार्ता विश्वन সংখ্যায় অংশগ্रহণ করতেন। এখানেই ছিল শায়খ আবদুল কাদির জিলানীর সেই মাদরাসা যাতে একাধারে জ্ঞান বিতরণ ও অন্তর পবিত্রকরণের কাজ চলত। এখানেই যুহ্দ, তাকওয়া, ইফ্ফাত ও পবিত্রতার সেই জীবন অতিবাহিত হয়েছে যার ছবি আমরা আবূ নায়ীম ইস্পাহানীর 'হলইয়াতুল আউলিয়া' এবং ইবনে জ্যীর 'সিফাতুস্ সাফ্ওয়া' গ্রন্থে দেখতে পাই। আবার এখানেই অতিবাহিত হয়েছে খেলাধূলা, ক্রীড়া-কৌতুক ও নৃত্য-গীতির সেই অবাধ রংগীন জীবন যার বর্ণনা মিলে আবুল ফরজ ইসপাহানীর 'কিতাবুল আগানী' এবং অজ্ঞাত গ্রন্থকারদের 'আলফে লায়লাহ ওয়া লায়লাহ' গ্রন্থে। বাগদাদ ছিল এ উভয় ধারার জীবন প্রবাহের সংগমস্থল ও প্রধান কেন্দ্র। উল্লেখিত গ্রন্থাদির প্রত্যেকটিতেই বাগদাদের এই বৈপরিত্যমূলক জীবনের ছবি অংকিত হয়েছে। বাগদাদ এমন একটি স্থান, যেখানে ধন-দৌলত দজলা ও ফুরাত নদীর মত প্রবাহিত হত, যেখানে মঙ্গল–অমঙ্গল উভয়েরই অস্তিত্ব ছিল, যেখানে পথ দেখানো, পথ ভ্রষ্টকরণ উভয় প্রবণতা বিদ্যমান ছিল। মোটকথা জীবনের উপরোক্ত দু'টি ধারা, যা প্রত্যেকটি শহর ও রাজধানীতেই থাকে তা বাগদাদেরও ছিল, তবে ছিল কিছটা বেশী পরিমাণে।

যাহোক বাগদাদ সফরে আমাদের যেতে হবে–চাই তা যত দীর্ঘ হোক। কিন্তু আমরা আশংকা করছিলাম, না জানি সেখানেও আবার আমাদেরকে সেই ধরনের ঘটনার সমুখীন হতে হয় কিনা, যার সমুখীন আমরা ইতিমধ্যে দামেশ্কে হয়েছি।

বৈকৃত থেকে বাগদাদ

বাগদাদগামী বিমানের অপেক্ষায় আমরা বৈরুতে তিন দিন অতিবাহিত করি। লেবাননী বিমানের সময় ছিল ৭ই আগস্ট, ১৯৭৩ ইং সোমবার। বৈরুতের সাউদী দৃতাবাস বাগদাদের সাউদী দৃতাবাসের সাথে যোগাযোগ স্থাপন করলো। সেই প্রেক্ষিতে বাগদাদস্থ সাউদী রাষ্ট্রদৃত সেখানকার সরকারী মহলের সাথে যোগাযোগ করে আমাদের জানালেন যে, ইরাক সরকার প্রতিনিধিদলকে খোশ আমদেদ জানাচ্ছেন এবং তারা ৫ দিন পর্যন্ত প্রতিনিধিদলের আতিথ্যের জন্য তৈরী হয়ে আছেন।

সোমবার দিন ঈশার সময় আমরা আল্লাহ্র নাম নিয়ে রওয়ানা হলাম এবং আনুমানিক মধ্যরাতে বাগদাদে গিয়ে পৌছলাম। মহামান্য সাউদী রাষ্ট্রদ্ত আলী সাকার, ইরাকী মন্ধলিসে আওকাফের নায়েবে সদ্র আবদুর রাজ্জাক ফাইয়ায়, বাগদাদের উলামার একটি দল এবং সাউদী দৃতাবাসের কর্মচারীরা আমাদেরকে অভ্যর্থনা জানানোর জন্য বিমান বন্দরে উপস্থিত ছিলেন। আমরা এক ঘন্টা পর্যন্ত বিমান বন্দরের লাউপ্তে ছিলাম। সেখানে উলামা হয়রাতের সাপে আমাদের পরিচয় করিয়ে দেওয়া হয়। তাদের মধ্যে বেশীর ভাগই ছিলেন আওকাফের সাপে সর্গল্পই এবং সেই সাপে মসজ্জিদ—সম্হের ইমাম, খতীব এবং মাদরাসাসমূহের শিক্ষকবৃন। তারপর আমরা 'হোটেলে এম্বেসেডার'—এর দিকে রওয়ানা হলাম। এটা হচ্ছে দক্জনার তীরবর্তী 'শারে আবু নাওয়াস (আবু নাওয়াস এতিনিউ)—এর উপর একটি বিরাট হোটেল। বাগদাদে তথন খুব গরম পড়েছে এবং প্রবল লু হাওয়া প্রবাহিত হচ্ছে। কিন্তু যেহেতু হোটেল শীতাতাপ নিয়্ত্রিত, তাই আমরা জত্যন্ত আরাম ও শান্তিতে রাত কাটালাম।

সাক্ষাৎকার

পরদিন ৮ই আগস্ট, ১৯৭৩ ইং বুধবার প্রতিনিধিদলের কর্মচাঞ্চল্য শুরু হয়। প্রথমে আমরা দিওয়ানুল আওকাফে যাই। সেধানে গিয়ে জানতে পারি যে, আমাদের কর্মসূচী, যার আলোকে আমরা ঘোরাফেরা করবো, তা ইরাকের পররাষ্ট্র মন্ত্রণালয় প্রণয়ন করবে। আমাদের সাক্ষাৎকার এবং চলাফেরাও তাদের দ্বারাই নির্ধারিত হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় আমাদের জন্য একজন রফীক (Guide) নিয়োগ করল, যে ছিল সে মন্ত্রণালয়েরই একজন কর্মচারী। তার সাহচর্যে ও ভত্ত্বাবধানে আমাদের চলতে হবে। পরে বুঝা গেল, সরকারের পক্ষ থেকে আরো দুই ব্যক্তিকেও আমাদের জন্য মোতায়েন করা হয়েছে। যারা আমাদের সাথে সাথে পাকবে এবং সর্বক্ষণই আমাদের প্রতি নজর রাখবে। ৪

আমরা দিওয়ানুল আওকাফ থেকে কাস্রে জাম্হরীতে যাই। সেখানে 'সাজ্বপুত্ তাশরীফাত' –এ আমাদের নাম লিপিবদ্ধ করি। সরকারী রফিক আমাদের বলে যে, তাঁর দৃঢ় বিশ্বাস, সদরে জামহরিয়াই (রাষ্ট্রপতি) আহমদ হাসান বক্র সাক্ষাতের জন্য আমাদের ডাকবেন। অতএব এটা বাঞ্চ্নীয় যে, আমরা যেন বাগদাদের বাইরে কোথাও না যাই।

সর্ব প্রথমে আমরা ইমাম আজম (আবৃ হানীফা (র.)) –এর মসজিদ দেখতে যাই এবং সেখানেই জুহরের নামায আদায় করি। এরপর ইমাম সাহেবের বিশ্বস্ত ও সুযোগ্য শিষ্য এবং হানাফী মাযহাবের গুরুত্বপূর্ণ স্তম্ভ ইমাম আবৃ ইউস্ফের মসজিদ দেখি। আসরের সময় সাইয়িদিনা আবদুল কাদির জিলানীর মাযার যিয়ারতের জন্য 'আল–হাযারাতুল কাদীরীয়ায় যাই।' সেখানেই আমরা আসরের নামায আদায় করি। সাইয়িদিনা জিলানীর খানকার সাথে একটি পাঠাগারও রয়েছে। আমরা তা দেখি এবং কিছু সময়ের জন্য কাযিমিয়ায়ও যাই।'

বৃহস্পতিবার সকালে আমরা কয়েকজ্বন মন্ত্রীর সাথে সাক্ষাত করতে বের হই, যাদের নাম সরকারী কর্মসূচীর অন্তর্ভুক্ত ছিল। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন প্রাথমিক ও কারিগরি শিক্ষাবিষয়ক মন্ত্রী উস্তাদ আহমদ আল-জাভীরী এবং উচ্চ শিক্ষা বিষয়ক মন্ত্রী ডঃ হুসায়ন আশ্শাভী। শেষোক্ত মন্ত্রী অতি সম্প্রতি ভারত সফর করে এসেছেন। আমাদের আলোচনার বিষয় ছিল, 'একটি আরব—ইসলামী রাষ্ট্রের জন্য সঠিক শিক্ষানীতি কি হওয়া উচিত—যেমন ইরাকের জন্য যা একদা ইসলামী দাওয়াত ও ইশাআতের (প্রচারের) কেন্দ্র ছিল এবং সমগ্র ইসলামী বিশ্বের জ্ঞান—বিজ্ঞান ও চিন্তা—ধারণার নেতৃত্ব দিত ? উভয় মন্ত্রীরই কথাবার্তা ছিল ভদ্রোচিত ও সতর্কতামূলক। আলাপ—আলোচনাকালে অজ্ঞাতে হলেও এমন কিছু শব্দ বেরিয়ে পড়ে,' যা পরোক্ষ হলেও এই জাতির আত্মর্যাদা এবং এই মহান ইলমী ও মাযহাবী দেশের উজ্জ্বল ঐতিহ্যের নিলাই করছিল।

একথা কে না জানে যে, জনসাধারণের অনুভূতি—অনুপ্রেরণাকে দাবিয়ে রাখা, অতীত প্রভাবকে নষ্ট করা এবং জীবনের নিখাদ সত্যকে উপেক্ষা করার কোন চেষ্টা আজ পর্যন্ত কোথাও পুরোপুরি সফল হয় নি। এমন কি, রাশিয়ায়ও এ ধরনের চেষ্টা কার্যকর হয়নি। কেননা এটা প্রকৃতিকে পাশ কাটানো এবং সত্যকে গোপন করার অপচেষ্টা ছাড়া কিছু নয়।

দিওয়ানুল আওকাফের অভ্যর্থনা অনুষ্ঠান

'দিওয়ানুল আওকাফ' –এর ভারপ্রাপ্ত সভাপতি (সভাপতি তখন মস্কো সফরে ছিলেন) শায়খ আবদুর রায্যাক ফাইয়ায প্রতিনিধিদলের সমানে জমিউশ্ তহাদায় একটি নৈশতোজের আরোজন করেন। এতে বাগদাদের উলামা, মসজিদসমূহের ইমামবৃন্দ এবং মাশায়েখের একটি বিরাট দল অংশ গ্রহণ করেন। গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মধ্যে ছিলেন ইরাকের সাবেক মুফতী শায়খ নাজ্মুদ্দীন ওয়ায়েয এবং মাদরাসা–ই—আবদুল কাদির জিলানীর উন্তাদ শায়খ আবদুল করীম। অনুষ্ঠানে বেশীর ভাগ সময়ই নীরবতা বিরাজ করছিলো। কেউ কিছু বললে তা ছিল তথু প্রয়োজন মাফিক। কিন্তু এই নীরবতা থেকেই কথা বলার চাইতে অধিক স্পষ্ট এবং অজানাকে জানিয়ে দেওয়ার দক্ষতা ফুটে উঠেছিলো। তাদের উজ্জ্বল চেহারার রেখাগুলো এবং তাদের সপ্রতিত আখিসমূহের ঝলক ফো বলছিলো, যদি এই পাহারাদাররা না থাকত, যারা আমাদের প্রত্যেকটি কথা রেকর্ড করে, এমন কি আমাদের শ্বাস–প্রশ্বাসও গুণে তাহলে আপনাদের সাথে আমাদের আচরণ হত ভিনুরূপ। যেন তারা নীরব তাষায় মত্যু নববীর এই কবিতা আবৃত্তি করছিলো–

الحزن يقلق و التجمل يردع و الدمع بينهما عصى طَيع

''উৎকঠার সীমা নেই, ধৈর্য লাগামযুক্ত এবং অশ্রু এক অদ্ভূত টানাপোড়নে বিপর্যন্ত।"

य कथांि वना यात ना

'রেমাদী ইরাকের একটি ধর্মীয় শিক্ষাকেন্দ্র। সেথানকার একটি উলামা প্রতিনিধিদল আমাদের সাথে সাক্ষাৎ করতে এসেছিলেন। তারা আমাদেরকে রেমাদী যাওয়ার আমন্ত্রণ জানান, যাতে করে তারা সেথানে নিজেদের ইসলামী আবেগ অনুপ্রেরণা ও ধর্মীয় অনুভৃতি অবাধে আমাদের কাছে ব্যক্ত করতে পারেন এবং যাতে করে আমরা তাদের ধর্মীয় ও শিক্ষামূলক কর্মতৎপরতা সম্পর্কে অবহিত হতে পারি এবং ঐ শহরটিকে দেখতে পারি, যা অনেক উলামা ও মাশায়েখের কেন্দ্রন্থল হিসাবে বিবেচিত হয়ে আসছে। আমরা ঐ পুণ্য-পবিত্র আগ্রহ ও সিদিছার জন্য তাদের শুকরিয়া আদায় করি এবং বলি, 'আমাদের তো সেখানে যেতে বাধা নেই, তবে তা পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনুমোদন সাপেক্ষ ; কেননা তারাই আমাদের কর্মসূচী তৈরী করেছেন। অনুভৃত হয় যে, তারা তাদের শহরে আমাদের সাথে মিলিত হতে

এবং পরস্পর মত বিনিময় করতে খুবই উৎসাহী। ভারা সংগে সংগে পররাষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করেন এবং আবেদন করেন, যাতে তাদেরকে তাদের এই ধর্মীয় ভ্রাভৃবৃন্দ তথা রাবিতায়ে আলমে ইসলামীর প্রতিনিধিবৃদকে–যারা দীর্ঘদিন পর এই সফরে এসেছেন–আমন্ত্রণ জ্বানানোর সুযোগ দেওয়া হয়। তারা তাদের এই জাশা ও ইচ্ছার যৌক্তিকতা প্রমাণ করতে পিয়ে এবং পূর্বসূত্র হিসাবে এই মর্মে একটি দৃষ্টান্ত পেশ করেন যে, সোভিয়েত রাশিয়ার বিখ্যাত ত্মালিম যিয়াউদ্দীন বাবাখানত যখন ইরাক সফরে এসেছিলেন তখন তারা তাকেও আমন্ত্রণ জানিয়েছিলেন এবং সরকারও তা অনুমোদন করেছিলেন। এভাবে তারা রাবিতার প্রতিনিধিদলকে আমন্ত্রণ জানানোর ব্যাপারে নিজেদের পক্ষে যুক্তি পেশ করছিলেন। জ্ব্যকথায় কোন না কোনভাবে তারা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জ্বর নরম করতে চাচ্ছিলেন এই বলে যে, তারা (পররাষ্ট্র মন্ত্রণালয়) ইতিপূর্বেও বহিরাগত আলিমকে আমন্ত্রণ জানানোর অনুমতি দিয়েছিলেন। তাদের এই যুক্তি প্রদর্শন থেকে আমরা অনেক না বলা কথা জেনে নিলাম। দেশ আজ কী বিষয়কর পরিস্থিতির মধ্য দিয়ে চলছে তা আমরা এমন সুন্দরভাবে বুবে নিলাম যেরূপ বুঝাটা কোন বই-পুস্তক পড়ে বা সুন্দর বাক্য শুনে হয়ত সম্ভব হত না। পরে জানতে পেরেছি, রেমাদীর লোক তাদের প্রচেষ্টায় সফলকাম হয় নি জর্থাৎ পররাষ্ট্র মন্ত্রণালয় তাদের দরখান্ত অনুমোদন করেনি।

আমরা নাজাফ দর্শনের ইচ্ছা ব্যক্ত করলাম। নাজাফ শুধু ইরাকের নয় বরং সমগ্র শিয়া বিশের এমন একটি শিক্ষাকেন্দ্র যেখানে থাকেন হাজার হাজার শিক্ষার্থী যাদের বেশীর তাগ অরতীয়। এতাবে আমরা কারবালা ও কৃফা সফরের জন্যও আবেদন জানালাম। কিন্তু উত্তর এলো, 'এ তে আশংকা রয়েছে যে, সদ্রে জামহরিয়াই আপনাদেরকে সাক্ষাতের জন্য তলব করবেন এবং তশ্বন আদনাদেরকে শহরে পাওয়া যাবে না।আমরা যথনি বাগদাদের বাইরে কোপাও যাবার জন্য আবেদন করেছি তখনি আমাদেরকে এই একই উত্তর দেওয়া হয়েছে। অবশ্য আমরা সালমান পার্ক্ষ এবং মাদায়েনের ঐতিহাসিক স্থানগুলো যা বাগদাদ থেকে ৩০ কিলোমিটার দক্ষিণে, দক্ষ্লার পূর্ব তীরে অবস্থিত-দেখার সুযোগ পাই যদিও আমাদের সকর ছিল খুবই সংক্ষিপ্ত।

শিরা উলামার একটি দল স্থেটেলে এসে প্রতিনিধিদলের সাথে সাক্ষাৎ করেন। বেশ কিছুক্ষণ তারা আমাদের সাথে বসেছিলেন, তবে আমাদের ডানে বামে 'কিরামান্ কাতিবীনরা ছিল সদা—সতর্ক। ঐ উলামা নাজাফ ও কারবালা যিয়ারতের জন্য আমাদেরকে উৎসাহিত করেন এবং এই সফরের প্রয়োজনীয়তা এবং এর শিক্ষাগত ও ধর্মীয় জক্ষত্বের দিকটিও তুলে ধরেন। তারা আমাদেরকে এও বলেন যে, সেখানকার উলামাবৃন্দ আমাদের সাথে সাক্ষাৎ করার জন্য খুবই আগ্রহী। আমরা সেধানে যাওয়ার এবং সেখানকার উলামার সাথে সময় অতিবাহিত করার ইচ্ছা ব্যক্ত করি, কিন্তু আমরা তাদেরকে এও বলি বে, এই দেশে ঘোরাকেরার ব্যাপারে আমরা মুক্ত শ্বাধীন নই এবং আমাদের বাগদাদের বাইরে যাওয়ার ব্যাপারে পররাম্ব মন্ত্রণালরের ওজর হলো, 'সম্ববতঃ মাননীয় সদের জন্মহ পূর্বক তার সাক্ষাৎ দারা কৃতার্ধ করার জন্য আমাদেরকে তলব করবেন এবং তখন আমরা বাগদাদের বাইরে থাকায় এই বিরাট সৌতাগ্য থেকে বঞ্চিত থেকে যাবো।

ৰাপদাদ বিশ্ববিদ্যালয়, আল্-মাজ্মাউল ইল্মী আল্-ইরাকী ও আল্-মাজ্মাউল্ ইল্মী আল-কুরদী

এই সংক্রিপ্ত অবস্থানকালে আমরা বাগদাদ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্দেলার ডঃ সাদ আর্রাতীর সাথে সাক্ষাৎ করি। বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য এবং শিক্ষার বিষয়বস্তু সম্পর্কে আমরা তাঁর সাথে আলাপ—আলোচনা করি। ডঃ সাদ বাগদাদ বিশ্ববিদ্যালয়ের সূচনা ও বিস্তার এবং এর বিভিন্ন বিভাগ সম্পর্কে দীর্ঘক্ষণ আলোচনা করেন। সরকার নির্ধারিত কর্মসূচী অনুযায়ী এটা ছিল আমাদের শেষ সাক্ষাতকার।

জ্ঞান ও সংস্কৃতিগত ঝৌকবশতঃ আমরা আল্—মাজমাউল ইল্মী আল্— ইরাকী (ইরাক একাডেমী) এবং আল্—মাজমাউল ইল্মী আল্—করদী (কুরদী একাডেমী)—তে না গিয়ে পারিনি। এই সব সংস্থার শিক্ষা ও গবেষণাগত উদ্যোগ প্রচেষ্টার আমরা প্রশংসা করি। আল্—মাজমাউল ইল্মী—আল্— ইরাকীতে পৌছলে গবেষক আলিম ডঃ নাজী মাত্রফ যার গকেষণাকর্ম, উচ্চ পর্যায়ের রচনা ও গ্রন্থাি থেকে উপকৃত হওয়ার সুযোগ আমরাও পেয়েছি। মাজমার সদ্র আবদুর রায্যাক মুইউদ্দীন, উস্তাদ ইউস্ফ ইয্যুদ্দীন, মাজ— মার জেনারেল সেক্রেটারী ফাফিল ত্বাই এবং আমাদের পুরাতন বন্ধু এবং ইরাকের ইসলামী কবি ওয়ালিদ আল— আজমী আমাদেরকে অভ্যর্থনা জানান।
মাজমার সদ্র ডঃ নাজী মারফে আমাদেরকে আল—মাজমাউল ইলমী আল—
ক্রদী দেখারও পরামর্শ দেন। উভয় একাডেমীই তাদের কিছু কিছু প্রকাশনা
উপহারশ্বরূপ আমাদের প্রদান করেন।

নতুন অভিজ্ঞতা

শারে মুতানববীতে অবস্থিত একটি বিরাট পুস্তকালয়ে আমরা যাই এবং সেখানে আমার লিখিত কিছু পুস্তক অনুসন্ধান করি, কিন্তু একটিও পাইনি। এই পুস্তকালয়টি ঐ সমস্ত বই পুস্তক থেকে একেবারে শূন্য যে সমস্ত বই পুস্তক ইসলামের প্রকৃষ্টতার সাক্ষ্য বহন করে। আমরা জানতে পারি যে, বেশীর ভাগ ঐ সমস্ত পুস্তক রাখা এখানে নিষিদ্ধ, যেগুলো এই দেশে ইসলামের পুনরুখান এবং পুনরুজ্জীবনের দাওয়াত দেয় এবং যেগুলোতে বর্তমান পরিস্থিতির সমালোচনা রয়েছে। এই শহরে যা পূর্ব আরবের একটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক কেন্দ্র এবং যার উপর একটি উনুয়নকামী পার্টি শাসন চালাচ্ছে এবং যে পার্টি স্বাধীন চিন্তা ও মত প্রকাশের পক্ষপাতী বলে নিজেকে যাহির করে—অনুরূপ ব্যাপার খুবই বিষয়কর।

বাগদাদস্থ সাউদী দূতাবাস প্রতিনিধিদলের সন্মানে একটি নৈশ ভোজের আয়োজন করে। তাতে শুধুমাত্র দূতাবাসের কর্মীবৃদ্দ এবং ঐ সমস্ত ব্যক্তি অংশগ্রহণ করেন যাদেরকে আমাদের সঙ্গীরূপে নিয়োগ করা হয়েছিল। ওরাই পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ইরাকী সরকারের প্রতিনিধিত্ব করছিলো। প্রতিনিধিদলের সদস্য ও আপন দ্বীনী ভ্রাতৃবৃদ্দের সাথে সাক্ষাৎ করার ঐকান্তিক আগ্রহ থাকা সত্ত্বেও কোন ইরাকী আলিম ঐ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারেন নি।

ইরাকী যাদুঘর ঃ এর শিক্ষা ও প্রভাব

১০ই আগস্ট, ১৯৭৩ ইং শুক্রবার আমরা ইরাকী যাদুঘর দেখতে যাই।
সেখানে আমাদের পথ প্রদর্শনের জন্য যাদুঘরের পরিচালক উপস্থিত ছিলেন।
তিনি স্বয়ং একজন বিশিষ্ট প্রত্নুতত্ত্ববিদ। খ্রীস্টপূর্ব এক হাজার অব্দ থেকে আজ
পর্যন্ত ইরাকী সভ্যতা, ইতিহাস, সমাজ ও রাষ্ট্র যতগুলো স্তর অতিক্রম
করেছে, প্রাচীন নিদর্শনাদির মাধ্যমে তিনিই আমাদেরকে সেগুলো

বিস্তারিতভাবে বুঝিয়ে দেন। যেমন ব্যাবলনীয় যুগ, কুশী যুগ, সালৃকী যুগ, ফরসী যুগ ইত্যাদি। আমাদের দৃষ্টি ছিল ইসলামী যুগ ও প্রাচীন ইসলামী নিদর্শনাদির দিকে যদিও সেখানে এতলোর পরিমাণ ছিল খুবই কম।

মনে হচ্ছিলো, যেন আমরা এমন একটি ঐতিহাসিক ফিলা দেখছি, যাতে এক শাসক আস্ছে, তো অন্য শাসক চলুে যাচ্ছে, এক সামাজ্যের অভ্যুদয় হচ্ছে তো অন্য সামাজ্যের পতন ঘটছে, এক শহর গড়ে উঠছে তো অন্য শহর বিলীন হয়ে যাচ্ছে, সুউচ্চ জাঁকজমকপূর্ণ দালান কোঠা তৈরী হচ্ছে, তো এক পলকের মধ্যে তা আবার ধ্বংসস্তবেপ পরিণত হয়ে যাচ্ছিলো যেন ইতিহাস এমন একটি মিলনাত্মক (Comedy) নাটক যার মধ্যে বাস্তবতার নাম গন্ধও নেই-ঠিক ফেন শিষ্ণদের নাটক যাতে কেউ রাজার চরিত্রে অভিনয় করছে, কেউ মন্ত্রীর, কেউ সবলের, আবার কেউ দুর্বলের যেমন আলীবাবা किश्वा जानएक नामनात कारिनी, याएं जिंड नाग्रकात यारक एवं हित्र অভিনয় করতে দিয়েছেন সে সেই চরিত্রে অভিনয় করছে, কেউ নিজের ইচ্ছায় কোন চরিত্র পরিবর্তন করতে পারছে না। বরং সব অভিনেতার নিয়ন্ত্রণের লাগাম নাট্যকারের হাতে রয়েছে সবাই তারই ইঙ্গিতে নডাচডা করছে এবং সবাই বুঝতে পারছে যে, সে তার কাজে মোটেই স্বাধীন নয় বরং অন্যের দ্বারা নিয়ন্ত্রিত। এরপর সে তার কামনা বাসনার মধ্যে হারিয়ে যাচ্ছে ভূবে যাচ্ছে কল্পনা সাগরে-মনে করছে, সে সর্বদাই এই চরিত্রে অভিনয় করবে এবং তার ক্ষমতা ও শাসনকাল কখনো ফুরিয়ে যাবে না।

এই ঐতিহাসিক তত্ত্ব ও তথ্যাদি এবং বছর ও মাসের আবর্তন বিবর্তন আমার মন–মানসিকতাকে একেবারে বদলে দিয়েছে এবং যে কোন শাসনকাল–চাই তা যতই প্রশস্ত ও প্রলম্বিত হোক তার উপর থেকে আমার আস্থা ও বিশ্বাস একেবারেই উঠে গেছে।

অতীতের কিছু নিদর্শন

আমরা সাইয়িদ আবদুশ কাদির জীলানীর মাথার যিয়ারত করি এবং শায়থের মসজিদে একাধিকবার নামাযও আদায় করি। শায়থ হচ্ছেন উন্মতে ইসলামিয়ার সেই হাতে গোনা ব্যক্তিদের অন্যতম যাদেরকে আল্লাহ্ তা আলা কল্পনাতীত সন্মান মর্যাদা দান করেছিলেন। এরূপ খ্যাতি ও জনপ্রিয়তা বহু কম লোকেরই ভাগ্যে জুটেছে। আমার চোথের সামনে শায়থের সেই কৃতিত্বপূর্ণ কর্মকাণ্ড ভেনে উঠল, যা ইসলামের তাবলীগ ও প্রচার, অন্যায় প্রতিরোধ, অন্তর পবিত্রকরণ, আল্লাহ্ ব্যতীত অন্য সব কিছু বর্জন এবং আল্লাহ্র সাধে সম্বন্ধ স্থাপনের আকারে প্রতিভাত হয়েছিল।

অগণিত তক্ত শ্রোতাদের দারা শায়খের মসলিস পরিপূর্ণ, নাসারা-ইয়াছদীরা দলে দলে এসে তার কাছে ইসলাম গ্রহণ করছে। খুনী, ডাকাত, জুয়াড়ী ও দুকৃতিকারীরা আপন কৃতকর্মের উপর অনুশোচনা প্রকাশ করে নতুন জীবনের সূচনা করছে। দর্শনার্থীদের অন্তর নমতা ও একাগ্রতায় তরে, উঠছে, তাঁর পরশে পাথর মোমে এবং শক্রু মিত্রে পরিণত হচ্ছে এ সব দৃশ্যাবলী আমি একটির পর একটি ফেন অবলোকন করছিলাম।

এখন যদি শায়খ থাকডেন

শায়ধের যুগ হলো, আবাসী বিলাফতের উথানের যুগ। চতুর্দিকে তথন ইসলামের জয়জয়লর। বলতে গেলে, সমগ্র বিশ্বই মুসলমানদের পদানত। কিন্তু এতসব সত্ত্বেও শায়খ বাগদাদ এবং ইসলামী বিশ্বের অবস্থা সম্পর্কে সন্ত্বেষ্ট ছিলেন না। তিনি মনে করতেন ইসলামের মধ্যে দুর্বলতা এবং মুসলমানেদের মধ্যে কপটতা সংক্রামিত হয়েছে। ইসলামী সমাজ সেই সমস্ত ব্যাধিতে আক্রান্ত হয়ে পড়েছে যা ছিল অতীত জ্ঞাতি ও সামাজ্যসমূহের পতনের কারণ। আর সেই ব্যধিগুলো হচ্ছে—জড়বাদিতা, কামাসন্তি, আত্মস্বার্থপরতা, গায়কল্লাহ্র দাসতৃ, চরিত্রের প্রকৃষ্টতার প্রতি উপেক্ষা প্রদর্শন, ধর্মবিমুখতা, রাজা—বাদশা ও আমীর উমরার তোষামোদ ইত্যাদি।

জামি মনে মনে বললাম, শায়খ যদি এখন জীবিত থাকতেন এবং আজ-কের বাগদাদ দেখতেন তাহলে তাঁর দয়াদ্র—কোমল অন্তরের অবস্থা কি হত ? তিনি নিশ্চয়ই দেখতে পেতেন, তাঁর এ যুগের স্বদেশবাসীরা কিজাবে নতুন নতুন মূর্তির পূজারীতে পরিণত হয়েছে, কিজাবে দুনিয়া প্রেমে মতোয়ারা হয়ে উঠেছে, কিজাবে ইসলামের পরিবর্তে জন্যান্য ধর্ম এবং মানুষের তৈরী জীবন পদ্ধতির সাথে নিজেদের জুড়ে দিয়েছে এবং কিভাবে বাইরে থেকে জীবনের আচরণ পদ্ধতি, প্রশাসন নীতি এবং রাজনৈতিক ও অর্থনৈতিক আদর্শ জামদানী করেছে। শায়খ , যিনি সম্ভ্রান্ত বংশীয় তথা হাশিমী খলীফার জসদাচরণ সহ্য করতে পারতেন না এবং তার চরিত্র ও কাজকর্মের কঠোর সমালোচনা করতেন তিনি আজকের এই পরিস্থিতিকে কিভাবে মেনে নিতেন

যখন একজন খ্রীষ্টান নেতা বা খোদাদোহী নায়ক-এই ধর্ম ও বংশের সাথে যার কোন সম্পর্ক নেই-হারন-অর রশীদ ও তার সন্তানদের সিংহাসনে অধিষ্ঠিত হয়েছে এবং পুশতিনী মুসলমান ও আরব বংশোদ্ভূত জাতি গোষ্ঠীকে এমনভাবে হাঁকাচ্ছে যেমন রাখাল ভেড়া বকরীর দল হাঁকিয়ে নিয়ে যায়।

ইসলাম ও মুসলমানের দূরবস্থার উপর শায়খের আক্ষেপ

আমার পরিষ্কার মনে পড়ছে, ষষ্ঠ হিজরী শতাব্দীতে যখন বাগদাদ দাওয়াত ও ইসলাহ্ এবং জ্ঞান-বিজ্ঞান ও সভ্যতা-সংস্কৃতির কেন্দ্রে পরিণত হয়েছিল এবং ইসলাম দেশে-বিদেশে একটি শক্তিশালী ধর্ম হিসাবে স্বীকৃতি লাভ করেছিল তখনও শায়খ তাঁর এক ভাষণে বলেছিলেন

" দ্বীনে মুহামদীর প্রাচীরসমূহ ধ্বসে পড়েছে, ুইসলামের ভিত্তিসমূহ নড়বড়ে হয়ে যাচ্ছে (অতএব) এসো হে দেশবাসী, যে অংশ ধ্বসে পড়েছে তা পুনরায় উঠাই এবং মেরামত করি।

ह इन्नुर्य, ह िनवार्ती, धरमा। ह लाकमकन, रेमनाभ करियान জানাচ্ছে এবং সাহায্যের জন্য ডাকছে। এই দুষ্কৃতকারী, পথন্দ্রই, বিদআতী, জালিম এবং প্রতারকরা ইসলামকে পদু করে ফেলেছে। দু শায়খ তার এই আক্ষেপ ও মনোবেদনা তখনি প্রকাশ করেছিলেন যখন ছিল স্বাচ্ছল্য ও কল্যাণের যুগ। যদি আজ শায়খ বেঁচে থাকতেন তাহলে তিনি কী দুঃখই না পেতেন যখন দেখতেন খোদ মুসলমানরা ইসলামের উপর জুলুম নির্যাতন চালাচ্ছে ধর্মকে তার জীবনকোঠা থেকে বেদখল করে দিয়েছে, হযরত মুহাম্মদ (সা.)-এর মাধ্যমে মুসলমানরা যে ইল্ম, বিজ্ঞতা ও ন্যায়বিচারে পূর্ণ নিখুত জীবন পদ্ধতি পেয়েছিল, তাদেরই ভাষায় যে অলৌকিক গ্রন্থ লাভ করেছিল এবং রাস্পুল্লাহ্র রিসালাত ও নেতৃত্বের ছায়াতলে তারা যে সম্মান মর্যাদা ও উনুতির অধিকারী হয়েছিল এখন তারা সেওলোর প্রতি কোনই সম্মান প্রদর্শন করছে না বরং সেখলোকে ছেড়েছুড়ে অন্য ধর্ম, অন্য মাযহাব, जना प्रमान ७ जना जीवन वावज्ञात जाए निष्करमत तर्देश त्यरमहा । এक यूग এমন ছিল যে, মুসলমানরা এখান (বাগদাদ) থেকেই অর্ধেক বিশ্ব শাসন করত, দুনিয়া-আখিরাত উভয় ক্ষেত্রেই তারা ছিল সৌভাগ্যের অধিকারী। মানুষের দেহ, মন উভয়কে জয় করে তারা তাদের শাসন চালাত। কিন্তু

মুসলমানরা যথন ইসলামের এই সমস্ত নিয়ামাতকে অবজ্ঞা করল তখনই তারা লাঞ্ছনা-গঞ্ছনা, নিঃসতা ও অধঃপতনের গভীর গতে পতিত হলো।

ইরাক ঃ বিপ্লবের আগে ও পরে

আমরা প্রতিদিন শহরে যাবার সময় শারে রশীদ (রশীদ এভিনিউ)
অতিক্রম করতাম। এটাই ছিল আমাদের হোটেলের নিকটতম রাস্তা। আমরা
রাসাফাহ ও কুরখের মধ্যবর্তী স্থানে পায়চারি করতাম এবং এই সমস্ত স্থানের
সাথে সর্থশ্রিষ্ট কবিতা ও ঘটনাসমূহের স্থৃতিচারণ করতাম। আমরা ঐ পুল
পাড়ি দিতাম যা এই দুইটি অঞ্চলকে একত্রে গ্রথিত করেছে। তখন আমরা ঐ
সমস্ত গীতিকবিতা আবৃত্তি করতাম যা এই পুল (জাস্র) – কে কেন্দ্র করে রচিত
হয়েছে। পরবর্তী সময়ে আরো অনেক পুল নির্মিত হয়েছে যেগুলোর উপর
দিয়ে দক্ষলা পার হওয়া যায়।

ইতিপূর্বে ১৯৫৬ ইং সনে আমি বাগদাদে এসেছিলাম। তখন ছিল শাহ ফায়সাল বিন গায়ীর শাসনকাল। নূরী আস— সাঈদ পাশা ছিলেন তাঁর মন্ত্রী। সতিয় কথা বলতে গেলে, ওটা কোন আদর্শ শাসনকাল ছিল না। তখনকার শাসন ব্যবস্থা ও প্রশাসন নীতির কঠোর সমালোচনা করার সুযোগ রয়েছে। জনসাধারণ ও রাষ্ট্রের মধ্যে বহু যোজন দূরত্ব বিরাজ করছিল। জুলুম, অত্যাচার, স্বেচ্ছাচারিতা ও একদেশদর্শিতা ছিল। ইরাকী রাষ্ট্র যেন বৃটিশ রাজনীতির ছত্রছায়ায় চলছিলো। নিঃসন্দেহে এই অবস্থা ভ্রান্ত এবং সমালোচনাযোগ্য। যদি শাসকদের আচার–আচরণ ঠিক হত, যদি তারা ইসলামী শরীআত এবং ন্যায় ভিত্তিক আদর্শ অনুসরণ করতেন তাহলে পুরোপুরি সম্ভাবনা ছিল যে, দেশ আরো সুখী, সুদৃঢ় ও স্বচ্ছল হত।

কিন্তু এবার যখন আমি বাগদাদের রাস্তায় পায়চারি করছিলাম, জন—
সাধারণের কথাবার্তা শুনছিলাম এবং তাদের চেহারার রেখা পড়ছিলাম তখন
এবং এই সফরের বিশেষ কিছু অভিজ্ঞতার আলোকেও অনুভূত হচ্ছিলো যে,
আবদুল করীম কাসিমের বিপ্লবের পূর্বে দেশ অধিকতর সক্ষল ও সৃদৃঢ় ছিল,
জাতির মধ্যে আজকের চাইতে অধিক সাধীনতা, সাক্ষ্ন্য ও সাধিকার ছিল।
১৯৫৬ ইং সনে যখন আমি বাগদাদে আসি তখন কোন ধরনের চাপ,
বাধ্যবাধকতা বা খবরদারী ছিল না। আমি অবাধে বাগদাদ ও বাগদাদের

বাইরে থেখানে ইচ্ছা ঘ্রে বেড়িয়েছি। যার সাথে ইচ্ছা সাক্ষাৎ করেছি এবং যে কেউ ইচ্ছা করেছে, আমার সাথে সাক্ষাৎ করেছে-কোন ধরনের জিল্পাসাবাদের আশংকা মোটেই ছিল না। 'জাম্ইয়াতু ইনকাযে ফিলিস্তিন-কেন্দ্রে আমি একটি বক্তৃতা দিয়েছিলাম, যা পরে 'আযিযমাতু ঈমানিনও আখলাকিন' নামে প্রকাশিত হয়। ঐ অনুষ্ঠানে বিরাট সংখ্যক যুবক ও শিক্ষিত শ্রেণীর লোক উপস্থিত ছিলেন। আমি সম্পূর্ণ স্বাধীনভাবে ঐ বক্তৃতায় আমার অভিমত ব্যক্ত করেছিলাম।

ইরাক ও ইসলামী বিশ্বের চারিত্রিক অধ্বঃপতন, বর্তমান সমাজের ঈমান ও চরিত্রগত ভ্রষ্টতা, বিবেকবান ও আদর্শবান ব্যক্তিত্বের জভাব প্রভৃতি বিষয়ের উপর আমি অবাধে আমার অভিমত পেশ করেছিলাম। এতদসত্ত্বেও রাজনৈতিক মহলে কোন হৈ চৈ সৃষ্টি হয়নি, আমাকেও কোন অসুবিধার সম্মুখীন হতে হয়নি, বরং আমি বাগদাদ থেকে সেরূপ নিশ্চিন্তে, নিরাপদে ও আনন্দচিন্তেই বেরিয়ে এসেছিলাম—ফেরুপ দাখিল হয়েছিলাম সেখানে।

মানুষের স্বভাব এই যে, সে লাভ-ক্ষতি এবং সাফল্য অসাফল্যের মধ্যে পার্থক্য নির্ণয়ের চেষ্টা করে না।

তাহলে শেষ পর্যন্ত এই ভয়ংকর বিপ্লব ঐ সমস্ত দেশকে কী দিল—যে সব বিপ্লব ঘটানো হয়েছিল দেশ ও জাতির অবস্থা উন্লতিকরণ, জুলুম অত্যাচার ও বাড়াবাড়ি থেকে তাদেরকে মুক্তকরণ এবং তাদের জনাগত অধিকার প্রতিষ্ঠার শ্রোগান উচ্চারণ করে ? এটি এমন প্রশু, যার উত্তর আমি ঐ সব ব্যক্তিদের কাছে চাই যারা সত্যানেষী, সত্যনিষ্ঠ এবং সর্বোপরি আরব—ইসলামী দেশসমূহের সমস্যাদি সম্পর্কে আগ্রই।

জমিউশ ভহাদায় বজ্তা

আওকাফ দফতর 'জামিউশ শুহাদাকে আমাদের জুমআর নামায আদায়ের স্থান হিসাবে নির্ধারণ করেছিল, যা বাগদাদ থেকে কয়েক কিলোমিটার দূরে এবং এই ভীষণ গরমের সময় দুপুর বেলা সেখানে যাওয়াও অত্যন্ত কষ্টকর। জানি না, কিভাবে আমাদের আগমন সংবাদ সেখানকার উলামা ও মুসলিম যুবকগ্রেণীর কাছে পৌছে গিয়েছিল, যারা আমাদের সাথে সাক্ষাৎ করা এবং আমাদের কথা শুনার জন্য খুবই আগ্রহী ছিলেন। দেখা গোল, মসজিদ নামায়ীতে একেবারে উপ্চে উঠেছে। আমার কাছে বেশ কিছু লোক তাদের মনোবঞ্চা প্রকাশ করলেন, যেন নামাযের পর আমি কিছু বলি। আমি জ্ঞাত কারণেই তাদের কাছে ওজর পেশ করলাম, কিন্তু তাতে কোন কাজ হলো না। শেষ পর্যন্ত আমি বিরাট দায়িত্বপূর্ণ কর্মকর্তাদের উপর ছেড়ে দিলাম। আমি আশংকা করছিলাম, শেষ পর্যন্ত এমন কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে যায়, যার বিরূপ প্রতিক্রিয়া ঐ বন্ধুদের উপর গিয়ে পড়ে, যারা আমার বক্তৃতা তনার ইচ্ছা পোষণ করেছিলেন এবং সে উদ্দেশ্যেই মসজিদে এসেছিলেন। যা হোক কর্তা ব্যক্তিরা শেষ পর্যন্ত আমাকে বক্তৃতা করার অনুমতি প্রদান করে।

আমি চিন্তা করতে লাগলাম, আমার আজকের বজ্তার বিষয়বস্তু কি হবে ? আমি উপলব্ধি করছিলাম, আমার কথা বলার বৃত্ত সীমিত এবং পরিস্থিতি নাজুক। এমন সময় কুরআনই আমাকে হাত ধরে পথ দেখিয়ে দিল—আর কুরআন সব সময়ই এরূপ বিব্রতকর অবস্থায় মানুষকে সরাসরি পথ প্রদর্শন করে থাকে। এটাকে আল্লাহ্র ইলহাম এবং তার তাওফীকই বলতে হবে যে, উস্তাদ আবদুর রাযযাক ফাইয়ায তাঁর অতি মিষ্টি ও আকর্ষণীয় সুরে নামাযের পূর্বে সূরা আম্বিয়া তিলাওয়াত করেছিলেন। আমি এই সূরারই নিম্নোক্ত আয়াতটিকে—

لَقَدُ آنُزَلْنَا اللَّكُمُ كِتَابًا فِيهِ ذِكُرُكُمْ آفَلاَ تَعْقِلُونَ ٠

—আমার বজ্তার বিষয়কর হিসাবে বেছে নিলাম। পবিত্র আয়াতটি যেন আমার কথার মধ্যে এক দূর—দিগন্তের সৃষ্টি করলো। ফলে এমন সব কথা আমার মুখ দিয়ে বের হতে লাগলো যা অন্তরকে স্পর্ল করে, জীবনের সাথে যার সম্পর্ক রয়েছে এবং যা ছিল পরিস্থিতিরও সম্পূর্ণ অনুকূল। আমি যা বলেছিলাম তার সারমর্ম ছিল নিম্নরূপ ঃ

কুরআন এমন স্বচ্ছ দর্পণ যার মাধ্যমে ব্যক্তি ও সমষ্টি তাদের চেহারা ও স্থান চিনে নিতে পারে

বন্ধুগণ, আমার এক প্রিয় বন্ধুর কাছ থেকে সূরা আম্বিয়ার তিলাওয়াত শুনার পর নিম্নোক্ত আয়াতটি যেন আমার মনের মধ্যে তার অর্থের শত কলি ফুটিয়ে দিয়েছে। আল্লাহ্ তাআলা বলেন,

لَقَدُ ٱنَّزَلْنَا اللِّيكُمْ كِتَابًا فِيهِ ذِكْرَكُمْ ٱفَلاَ تَعْقِلُنَ ٠

অর্থ ঃ "আমি তো তোমাদের প্রতি অবতীর্ণ করেছি কিতাব, যাতে আছে তোমাদের উল্লেখ, তবুও কি তোমরা বুঝবে না।"

এই আয়াত আমাদের বলছে যে, কুরআন এমন এক শ্বচ্ছ-পরিষার ও নিখুত বিশ্বস্ত দর্পণ যার মধ্যে প্রতিটি লোক নিজের চেহারার রেখাগুলো পড়তে পারে, সমাজের তার কি অবস্থা তা সে দেখতে পারে এবং আল্লাহ্র কাছে তার কি মর্যাদা তাও জেনে নিতে পারে। কেননা কুরআন মানুষের চরিত্র ও গুণাবলী বর্ণনা করে এতে মানুষের সর্বোচ্চ ও সর্বনিম্ন নমুনার ছবি অংকিত রয়েছে। ১৯৯ ভিন্ত ভার্মাদের বর্ণনা আছে, তোমাদের অবস্থা ও গুণাবলীর উল্লেখ আছে। আমাদের পূর্ববর্তী উলামা ও গুরুজনেরা কুরআনকে একটি জীবস্ত উপদেশদাতা বলে মনে করতেন। তাদের মতে, কুরআন এখন কেন ঐতিহাসিক ও প্রস্থাতাত্বিক বস্তু নয়, যা ও পু অতীত বা অতীত যুগের লোকদের সম্পর্কে আলোচনা করে এবং জীবিত লোকদের সমস্যাদি এবং মনুষ্যত্ব ও মানবতার অগণিত নমুনা ও আদর্শ, যার অস্তিত্ব প্রতিটি যুগে এবং প্রতিটি স্থানে ছিল বা আছে-তার সাথে কোন সম্পর্ক রাথে না।

আমাদের পূর্ববর্তী বৃযুর্গণণ তাদের চরিত্র ও গুণাবলী এবং তাদের আভ্যন্তরীণ অবস্থাদি সম্পর্কে ভালভাবে অবহিত ছিলেন। প্রতিটি বস্তু তাদের সামনে ছিল পরিষার। তারা এই কুরআন থেকেই তাদের পথের দিশা পেতেন। এই অলৌকিক ও বিশ্বয়কর গ্রন্থে তারা নিজেদের চেহারা দেখতেন, নিজেদের চরিত্র ও আচার—আচরণের প্রকৃত অবস্থা নিরীক্ষণ করতেন। যদি তা আশানুরাপ ও সন্তোষজনক হত তাহলে আল্লাহ্র শুকরিয়া আদায় করতেন, আর যদি অন্যরূপ হত তাহলে আল্লাহ্র কাছে ক্ষমাপ্রার্থী হতেন এবং নিজেদের সংশোধন ও সংস্কারে সচেষ্ট হতেন।

এই আয়াতের তিলাওয়াত শুনে সাইয়িদিনা আহ্নাফ বিন কায়সের একটি ঘটনার কথা আমার মনে পড়ল। হযরত আহনাফ ছিলেন শ্রেষ্ঠ তাবেয়ীদের অন্যতম। তিনি সাইয়িদিনা আলী বিন আবী তালিবের একজন বিশিষ্ট অনুসারী ছিলেন। তার ধৈর্য ও সংযম প্রবাদ বাক্যে পরিণত হয়েছিল। এতদ্সত্ত্বেও যখন রাগাথিত হতেন তখন তাঁর আত্মসন্মান ও আত্মমর্মাদাবোধ দারুনতাবে সজাগ হয়ে উঠত। লোকে বলাবলি করত যে, আহনাফের যখন রাগ উঠে তখন একসাথে যেন ঝলসে উঠে লক্ষ তরবারি। এই ঘটনা আমি আবু আবদুল্লাহ্ মুহামদ বিন আন–নাস্র আল–মার্রায়ী (মৃত্যু ২৭৫ হিঃ সন)– এর গ্রন্থ 'কিয়ামুল লায়ল–এ পড়েছি। গ্রন্থকার ছিলেন ইমাম আহমদ বিন হান্ধল (রহ.)–এর শ্রেষ্ঠ শিষ্যদের অন্যতম এবং আমার দৃঢ় বিশ্বাস, এই গ্রন্থ আপনাদেরই শহর বাগদাদে রচিত হয়েছিল।

ঘটনাটি এই যে, একদা আহনাফ বিন কায়েস জনৈক ব্যক্তিকে এই আয়াত পড়তে শুনে চম্কে উঠেন এবং বলেন, 'এ কটু কুরআন মজীদ নিয়ে এসো তো, আমি তাতে আমার পরিচয় তালাশ করবো, দেখবো আমি কার সাথে আছি বা কার সাথে আমি তুলনীয়।

তিনি যখন কুরজান মন্ত্রীদ খুললেন তখন তার দৃষ্টি এই আয়াতের উপর পড়ঙ্গ যাতে কিছু লোক সম্পর্কে বলা হয়েছে—

অর্থ ঃ "তারা রাত্রির সামান্য অংশই অতিবাহিত করত নিদ্রায়, রাত্রির শেষ প্রহরে তারা ক্ষমা প্রার্থনা করত এবং নিজেদের ধনসম্পদে অভাবগ্রস্ত ও বঞ্চিতদের হক আদায় করত।" – (৫১ ঃ ১৭–১৯)

এরপর তার দৃষ্টি পড়লো নিম্নোক্ত আয়াতটির উপর-

অর্থ ঃ ''তারা শয্যা ত্যাগ করতঃ তাদের প্রতিপালককে ডাকে আশায় ও আশংকায় এবং আমি তাদেরকে যে জীবনোপকরণ দান করেছি তা হতে তারা ব্যয় করে।" –(৩২ ঃ ১৬)

এরপর তার সামনে এমন একটি দল উপস্থিত হল যাদের প্রশংসা নিম্নভাবে করা হয়েছেঃ–

অর্থ ঃ "এ বং তারা রাত্রি অতিবাহিত করে তাদের প্রতিপালকের উদ্দেশ্যে সিক্ষদাবনত এবং দণ্ডয়মান থেকে।" –(২৫ ঃ ৬৪) এরপর তিনি অতিক্রান্ত হলেন ঐ সমস্ত গোকের নিকট দিয়ে যাদের উল্লেখ কুরআন মন্দ্রীদে নিম্নোক্তভাবে করা হয়েছে–

অর্থ ঃ " যারা কছল ও অকছল অবস্থায় ব্যয় করে এবং যারা ক্রোধ সংবরণকারী এবং মানুষের প্রতি ক্ষমাশীল, আল্লাহ্ সৎকর্ম প্রায়ণদের ভালবাসেন।" – (৩ঃ ১৩৪)

এরপর তার সামনে আরো কিছু নমুনা উপস্থিত হলো যার পরিচয় নিম্নরূপ ঃ

وَ يُسَوُّرُونَ عَلَى انْفُسِهِمْ وَ لَـ كَانَ بِهِمْ خَمِنَاصَةً . وَمَسَنَ يُسوَقَ شُعُّ نَفُسِهِمْ فَاللَّهُ مُمُ الْمُقْلِحُونَ .

অর্থ ঃ "তারা মৃহাজিরদেরকে নিজেদের উপর স্থান দেয় নিজেরা অভাবগ্রস্ত হলেও, যারা কার্পণ্য হতে নিজেদেরকে মুক্ত করেছে তারাই সফলকাম।" – (৫৯ ঃ ৯)

এরপর তাঁর সামনে এলো নিম্নের আয়াতটি-

وَ الْدَيْنَ يَجْتَنِبُونَ كَبَائِرَ الْاِثْمِ وَ الْفَوَاحِشَ وَ اِذَا مَا غَضِبُوْا هُمْ مُ يَعْفِرُونَ وَ اللهُ وَالْمَالُواةَ وَ اَمْرُهُمُ مُ شُوْرُي يَعْفِرُونَ وَ اللهُ الْمَلُواةَ وَ اَمْرُهُمُ مُ شُورُي بَيْنِهُمْ وَ وَ مَا رَزَقَنَهُمْ يُتَفِقُونَ وَ بَيْكُمْ وَ وَ مَا رَزَقَنَهُمْ يُتَفِقُونَ وَ وَ اَمْرُهُمُ مُ يَتَفِقُونَ وَ وَ اَمْرُهُمُ مُ يَتَفِقُونَ وَ اللهُ مَا رَزَقَنَهُمْ يَتَفِقُونَ وَ مَا مُؤْمِمُ وَاللّٰهُ مُ يَتَفِقُونَ وَاللّٰهُ مِنْ اللّٰهُ مُ يَتَفِقُونَ وَاللّٰهُ مِنْ اللّٰهُ مُ يَنْفِقُونَ وَاللّٰمِ اللّٰهُ اللّٰهُ مِنْ اللّٰهُ مُ اللّٰهُ مُنْ اللّٰهُ مُنْ اللّٰهُ مُنْ اللّٰهُ مُنْ اللّٰهُ اللّٰهُ مُنْ اللّٰهُ مُنْ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ مُنْ اللّٰهُ مُنْ اللّٰهُ اللّ

অর্থঃ " যারা শুরুতর পাপ ও অণ্লীল কার্য হতে বেঁচে থাকে এবং ক্রোধাবিষ্ট হয়েও ক্ষমা করে দেয়, যারা তাদের প্রতিপালকের আহবানে সাড়া দেয়, সালাত কায়েম করে, নিজেদের মধ্যে পরামর্শের মাধ্যমে নিজেদের কর্ম সম্পাদন করে এবং তাদেরকে আমি যে জীবনোপকরণ দিয়েছি তা হতে ব্যয় করে।" –(৪২ ঃ ৩৭–৩৮)

এরপর তিনি থেমে গেলেন এবং বললেন, 'হে আল্লাহু, এখনো তো আমি নিজেকে খুঁজে পাচ্ছি না। তিনি পুনরায় অনুসন্ধান করতে শুরু করলেন। এবার তিনি এমন একটি দলের উল্লেখ পেলেন যাদের আচার–আচরণ নিম্নব্রপঃ انِّهُمْ كَانُوا اِذَاقِيْلَ لَهُمْ لاَ اللهَ اللهُ يَسُتَكُبِرُوْنَ · وَ يَقُوْلُوْنَ آئِنًا لَتَارِكُواْ أَلْهَتَنَا لِشَاعِرِ مُجْنُوْنَ ·

অর্থঃ ''আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ নেই-একথা ওদের নিক্ট বলা হলে তারা অহংকারে তা অগ্রাহ্য করত এবং বলত ঃ আমরা কি উন্মাদ কবির কথায় আমাদের ইলাহদেরকে বর্জন করবো" ?- (৩৭ ঃ ৩৫-৩৬)

এরপর তাঁর চোখে পড়ল নিম্নের আয়াতটি-

وَ إِذَا ذُكِرَ اللَّهُ وَحْدَهُ اشْمَازَتْ قُلُوبُ الَّذِيْنَ لاَ يُؤْمِنُونَ بِالْأَخِرَةِ وَ إِذَا ذُكِرَ ا الْذِيْنَ مِنْ دُونِهِ إِذَا هُمُ يَسْتَبْشِرِونَنَ ٠

অর্থঃ ''যারা পরকালে বিশ্বাস করে না, আল্লাহ্ এক—একথা বলা হলে তাদের অন্তর বিত্ঞায় সংকৃচিত হয় এবং আল্লাহ্র পরিবর্তে তাদের দেবতাওলোর উল্লেখ করা হলে তারা আনন্দে উল্লুসিত হয়।—(৩৯ ঃ ৪৫)

তারপর ঐ সমস্ত লোকের উল্লেখ আসে যাদেরকে জিজ্ঞাসা করা হবেঃ-

مَا سَلَكَكُمُ فِي سَقَرَ ﴿ قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ ﴿ وَلَهُ نَكُ مِنَ الْمُصَلِّيْنَ ﴿ وَلَهُ نَكُ نُطُومُ مَا لَخَائِضِيْنَ ﴿ وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّيْنَ ضَتَّى اَتَانَا الْيَقَيْنُ ﴿

অর্থঃ " তোমাদেরকে কিসে সাকার-এ নিক্ষেপ করেছে ? ওরা বলবে, আমরা সালাত কার্যেম করতাম না, আমরা অভাবগ্রস্তকে আহার্য দান করতাম না এবং যারা অন্যায় আলোচনা করত তাদের আলোচনায় যোগ দিতাম, আমরা কর্মফল দিবস অস্বীকার করেছি, আমাদের মৃত্যু পর্যন্ত।" (৭৪ ঃ ৪২-৪৭)

এরপর তিনি থেমে গেলেন এবং বললেন, 'হে আল্লাহ্ আমি তোমার দরবারে এই সমস্ত লোকের নিষ্কৃতি কামনা করি। এরপর একের পর এক পাতা উল্টিয়ে অনুসন্ধান করতে থাকলেন। শেষ পর্যন্ত নিম্নের আয়াতটি তার নন্ধরে ভেসে উঠলোঃ وَ أَخَرُونَ اعْتَرَفُوا بِذُنُوبِهِمْ خَلَطُوا عَمَلاً صَالِحاً وَ آخَرَ سَيِّئَ عَسَى اللهُ اَنْ يَتُوبُ عَلَيْهِمْ انْ الله غَفُونَ رُحيمٌ ٠

অর্থ ঃ "অপর কতক লোক নিজেদের অপরাধ স্বীকার করেছে, ওরা এক সৎকর্মের সাথে অপর এক অসৎকর্ম মিশ্রিত করেছে। আল্লাহ্ হয়ত ওদেরকে ক্ষমা করবেন, আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।" –(৯ ঃ ১০২)

তারপর তিনি বলতে লাগলেন, 'প্রভূ, আমি এই সব লোকেরই অন্তর্ভুক্ত ।১০

আসুন, আমরা নিজেদের বর্ণনা এবং নিজেদের ছবি ধীরে-সুস্থে এবং বিশ্বস্ততার সাথে কুরআন থেকে খুঁজে বের করি। কুরআন থেমন সুসংবাদ দাতা তেমনি সতর্ককারী। সংকর্মশীলদের সাথে সাথে কাফির ও মুশরিকদের বর্ণনাও এতে রয়েছে। কুরআনে ব্যাষ্টি, গোষ্ঠী উভয়েরই ছবি অংকিত হয়েছে। যেমন বলা হয়েছে–

وَ مِنَ النَّاسِ مَنْ يُعْجِبُكَ قَوْلُهُ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللَّهَ عَلَى مَا فِي قَلْبُهِ وَ هُوَ النَّالِيَّةِ وَهُو اللَّهُ عَلَى مَا فَي قَلْبُهِ وَ هُو النَّادُ الْحَرَثَ وَ النَّادُ مِن الْأَرْضِ لِيُفْسِدُ فَيْهَا وَ يُهْلِكُ الْحَرَثُ وَ النَّالُ لَوَ اللَّهَ الْحَرَثُ وَ النَّالُ لَوُ اللَّهَ الْحَرَثُ وَ النَّالُ لَوُ اللَّهَ الْحَرَثُ وَ النَّامُ اللَّهُ الْحَرَثُ وَ النَّامُ اللَّهُ لَا يُحِبُّ الْفَسَادَ - وَ إِذَا قَيْلَ لَـهُ اتَّقِ اللَّهَ اخْذَتُهُ الْعِرْقُ اللَّهُ الْحَرَاثُ وَ اللَّهُ الْحَرَاثُ اللَّهُ الْمُهَادَ .

অর্থঃ "মানুষের মধ্যে এমন ব্যক্তি আছে যার পার্থিব জীবন সম্বন্ধে কথাবার্তা তোমাকে চমৎকৃত করে এবং অন্তরে যা আছে সে সম্বন্ধে সে আল্লাহ্ কে সাক্ষী রাখে। প্রকৃতপক্ষে সে কিন্তু ঘোরবিরোধী। যখন সে প্রস্থান করে তখন সে পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে এবং শস্যক্ষেত্রে ও জীবজজুর বংশ নিপাতের চেষ্টা করে; কিন্তু আল্লাহ্ অশান্তি পছন্দ করেন না। যখন তাকে বলা হয়, তুমি আল্লাহ্কে তয় কর, তখন তার আত্মাভিমান তাকে পাপানুষ্ঠানে লিপ্ত করে। সুতরাং জাহান্নামই তার জন্য যোগ্য। নিশ্চয় ওটা নিকৃষ্ট আশ্রয় স্থল।" —(২ ৪ ২০৪ –৬)

এরপর বলা হয়েছে-

وَ مِنَ النَّاسِ مَسَنَّ يَشْرِي نَفْسَسَهُ ابْتِغَاءَ مَسْرَضَنَاتِ اللَّهِ وَ اللَّهُ رَقُوفَ اللَّهُ وَلَوف بِالْعِبَادِ ·

অর্থঃ "মা নুষের মধ্যে অনেকে আল্লাহ্র সন্তুষ্টি লাভার্থে আত্মবিক্রয় করে থাকে। আল্লাহ্ তাঁর দাসগণের প্রতি অত্যন্ত দয়াদ্র।

একটি দলের উল্লেখ আছে নিম্নভাবে-

অর্থঃ 'হে বিশ্বাসিগণ, তোমাদের মধ্যে কেউ ঘীন হতে ফিরে গেলে আল্লাহ্ এমন এক সম্প্রদায় আনবেন যাদেরকে তিনি ভালবাসেন ও যারা তাকে ভালবাসবে ; তারা বিশ্ববাসীদের প্রতি কোম্ল ও সত্য প্রত্যাখ্যানকারীদের প্রতি কঠোর হবে, তারা আল্লাহ্র পথে জিহাদ করবে এবং কোন নিশুকের নিশায় ভয় করবেন না, এটা আল্লাহ্র অনুগ্রহ, যাকে ইচ্ছা তিনি দান করেন। আর আল্লাহ্ প্রাচ্র্যময়, প্রজ্ঞাময়।"—(৫ ঃ ৫৪)

অপর একটি দলের উল্লেখ আছে নিম্নভাবে-

مِنَ الْمُؤْمِنِيْنَ رِجَالٌ مَدَقُوا مَا عَاهَـدُوا اللَّهَ عَلَيْـهِ ج فَمِنْهُمْ مُنْ قَضْى نَحْبَهُ وَ مِنْهُمْ مَنْ يُنْتَظِرُ وَ مَا بَدَّلُوا تَبْدِيَّلاً •

অর্থঃ "বিশ্বাসীদের মধ্যে কতক আল্লাহ্র সাথে কৃত তাদের অংগীকার পূর্ণ করেছে, ওদের কেউ কেউ শাহাদাত বরণ করেছে এবং কেউ কেউ প্রতীক্ষায় রয়েছে। ওরা তাদের লক্ষ্য পরিবর্তন করেনি। –(৩৩ ঃ ২৩)

· ত ক্র ও কৃতজ্ঞতা জ্ঞাপনের প্রতি উৎসাহ প্রদান করত গিয়ে কুরুআন আমিয়া ও তাঁদের অনুসারীদের উল্লেখ করেছে এবং নাওক্রী, কৃত্যুতা, দান্তিকতা ও সদ্যবহারের উত্তর দুর্ব্যবহারের মাধ্যমে প্রদানের নিন্দা করতে গ্রিয়ে এবং এগুলোর দুর্ভাগ্যজনক পরিণামের বর্ণনা দিতে গিয়ে বলেছেন–

অর্থঃ "তুমি কি ওদেরকে লক্ষ্য কর না যারা আল্লাহ্র অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশের বদলে তা অস্বীকার করে এবং ওরা ওদের সম্প্রদায়কে নামায়ে আনে ধ্বংসের ক্ষেত্রে।"—(১৪ ঃ ২৮)

আর এর দৃষ্টান্ত বর্ণনা করেছে এমন এক জনবসতি দারা যারা আল্লাহ্র নিয়ামাত বিশৃত হয়েছে এবং নিজেদের স্বাচ্ছন্দ্যের উপর দান্তিক হয়ে উঠেছে–

وَ ضَرَبَ اللَّهُ مَثَلاً قَرْيَةً كَانَتُ أَمِنَةً مُطْمَئِنَةً يَّاتِيْهَا رِزَّقُهَا رَغَدًا مِّنْ كُللِّ مَكَانِ فَكَفَرَتُ بِإِنْهُمِ اللَّهِ فَاذِا فَمَا اللَّهُ لِبَاسَ الْجُوْعِ وَ الْخَوْفِ بِمَا كَانُوْا يَصُّنَعُونَ .

অর্থঃ 'আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন এক জনপদের, যা ছিল নিরাপদ ও নিশ্চিত, যেথায় আসত সব দিক থেকে তার প্রচুর জীবনোপকরণ; এরপর তা আল্লাহ্র অনুগ্রহ অস্বীকার করল; ফলে তারা যা করত সেজন্য আল্লাহ্ তাদেরকে আস্বাদ গ্রহণ করালেন ক্ষুধা ও ভীতির। –(১৬ ৪ ১১২)

ঐ সমস্ত মানবিক ও চারিত্রিক নমুনা, যা কুরআন বিভিন্ন নামে পেশ করেছে—কোথাও কোন স্বেচ্ছাচারী শাসনের নামে যেমন ফিরআউন, কোথাও কোন সত্যদ্রোহী মন্ত্রী কিংবা আমীরের নামে—যেমন হামান, কোথাও কোন দান্তিক ও কৃপণ পুঁজিপতির নামে—কার্রুন, কোথাও কোন জালিম অত্যাচারী জ্বাতির নামে—যেমন আদ, আবার কোথাও কোন বিখ্যাত স্থাপত্য দক্ষ জ্বাতির নামে—যেমন সামৃদ—এসবই স্থায়ী মানবিক নমুনা, যা কোন স্থান—কালের সাথে নির্দিষ্ট নয়, এসব নমুনা মানব—ক্বভাবের বিভিন্ন দুর্বল দিক এবং দুর্বল প্রান্তের প্রতিনিধিত্ব করছে।

কুরআন কারীম এই সমস্ত ব্যষ্টি ও গোষ্ঠীর শেষ পরিণামের উপরও আলোকপাত করেছে এবং পরিষ্কার ভাষায় বলে দিয়েছে, যে বা যারাই ওদের পদানুসরণ করবে, ওদেরকে আপন নায়ক ও পথপ্রদর্শক বলে স্বীকার করবে তার বা তাদের পরিণামও তাই হবে যা ওদের হয়েছে।

অর্থঃ ''পূর্বে যে সব নবী অতীত হয়ে গেছে তাদের ক্ষেত্রেও এই ছিল আল্লাহ্র বিধান। আল্লাহ্র বিধান সুনির্ধারিত। –(৩৩ ঃ ৩৮)

বক্তৃতা শেষ হতেই শ্রোতারা করমর্দনের জন্য ফো ফেটে পড়ে। একজন তো আমাকে কানে কানে বলেই ফোলো, শ্রোতার সংখ্যা এর দশ ওণ হত, গোটা বাগদাদ, এখানে ছুটে আসত–যদি অবস্থা স্বাভাবিক হত এবং মানুষের স্বাধীনতা ও স্বাধিকার থাকত।

হায় ! বসরা দেখা হলো না

আমরা বসরা সফরের অনুমতি চাইলাম। এটা হচ্ছে সেই স্থান যা ছিল জ্ঞান, আল্লাহ্ প্রেম ও ইসলামী দাওয়াতের সর্বাধিক শুরুত্বপূর্ণ কেন্দ্র, উমাইয়া যুগে দামেশ্কের পর সর্ববৃহৎ শহর এবং সাইয়িদিত তাবিয়ীন হাসান বসরীর জন্মভূমি। কিন্তু আমাদেরকে সেই পুরানা কথাই শুনানো হলো, 'সদ্রে জামহরিয়া তলব করবেন এবং আপনাদেরকে পাওয়া যাবে না। কুয়েত যাবার সময় ইচ্ছা ছিল বসরার থেমে সেখান থেকে আম্মান যাবো, কিন্তু সে সুযোগ পাওয়া গেল না।

বাগদাদ ত্যাগ

রোববার সন্ধ্যায় বাগদাদ ত্যাগ করনাম। অন্তরে এর স্থৃতি এবং ভালবাসা উকিঝুঁকি মারছিলো। ভাবের ভাষায় যেন উচ্চারিত হচ্ছিলো–

> هز ارون خواشین ایسی که هر خواهش به دم نکلی بهت نکلی مرد ارمان ایکن هر بهی که نك

" হাজারো বাসনা এমন যে, প্রত্যেক বাসনার উপর প্রাণবায়ু নির্গত হওয়ার উপক্রম হয়। আমার বহু আশাই প্রতিফলিত হয়েছে, এরপরও কিন্তু বহু কমই প্রতিফলিত হয়েছে।

शिका :

- ১. 'সাজ্বলুত তাশরীফাত বলা হয় সেই ব্রেজিটারকে, যাতে তথু সম্মানিত অতিথিবৃন্দ এবং যারা সদ্রে জামহরিয়ার সাথে দেখা করেন তারাই স্বাক্ষর করে থাকেন। এটা বিভিন্ন রাষ্ট্রের একটি সৌজ্বন্যনীতি, যা বহিরাগত বিশিষ্ট ব্যক্তিবৃন্দকে পালন করতে হয়।
- ২. সেই স্থান, যেখানে শায়খ আবদুল কাদির জিলানী (র.) সমাধিস্থ আছেন।
- এবানে ইমাম মুসা কাযিম এবং তাঁর প্রপৌত্র মুহামদ আত্-তাকী আল-দ্ধাওয়াদ সমাধিস্থ আছেন। এই দুই মহান ব্যক্তি শিয়া হ্যরাতের মতে, ইছনা আশারী ইমামদের অন্যতম।
 দ্বায়গাটি কাযিমীন নামে খ্যাত।
- এ জারণা যেখানে হয়রত সাশমান ফারসী সমাধিস্থ আছেন। সেখান থেকে কিঞ্চিত দূরে
 হয়রত হয়য়য় বিন আল ইয়মান-এর সমাধি রয়েছে।
- ৫. আমি আমার গ্রন্থ, 'ভারীঝে দাওয়াত ও আর্থীমভ (প্রথম খণ্ড)-এ শারখের অবস্থাদি ও কৃতিভুপূর্ণ কর্মকাণ্ডের উপর বিস্তৃত আলোকপাত করছি।
- ৬. কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, মূর্থরা তাঁর ধর্মপালনের ঐকান্তিকতা, আল্লাহ্র সাথে সম্পর্ক স্থাপনের আহবান এবং সূনাত প্রতিষ্ঠার সংগ্রাম থেকে কোন শিক্ষা গ্রহণ করেনি। তারা তাঁর প্রতি সম্মান প্রদর্শনের এমন সব পদ্মা অবলম্বন করতে থাকে যা তাওহীদ ও ইসলামী শিক্ষার যোর বিরোধী। যেমন ভারা তাঁর কবরকে সিজদা করে, চুমো দেয়, তাওয়াফ করে। এইসব ইসলাম বিরোধী দৃশ্য আমাকে যারপরনাই আঘাত দেয়। আমি এদিকে সেখানকার দায়িতৃপূর্ণ ব্যক্তিদের দৃষ্টি আকর্ষণ করি। আমার বিশ্বাস, যদি আওকাফ মন্ত্রণালয় কিংবা 'নেকবাতৃল আশরাফ, দৃঢ় উদ্যোগ গ্রহণ করেন তাহলে এই সমন্ত কুকর্ম বন্ধ করা খুব একটা কঠিন হবেনা।
- এখানে, ইরাকে বর্তমান ক্ষমতাসীন 'আল-বাথ পার্টির প্রতিষ্ঠাতা ও নায়ক মিশেল আফলাক-এর প্রতি ইংগিত করা হয়েছে। আফলক ধর্মের দিক দিয়ে খ্রীস্টান এবং মূলতঃ জাতীয়তাবাদী ও সমাজতন্ত্রী ছিলেন।
- ৮. আল ফাতহর রাবানী ঃ পৃষ্ঠা-৬৬১
- রাগদাদের পশ্চিম পার্শ্বের মহ্ব্যাহৃটি 'ক্রথ নামে খ্যাত। এই মহ্ব্যা সম্পর্কে কবি আবৃদ আ'লা মারর বলেন-

فيا بوق ليس الكرخ داوى و انما + رمانى اليه الدهر منذ ليال فهل نيك مان ماء المعرة قطرة + تفيث بها ظمان ليس بسال

" অর্থাৎ হে বিজ্ঞলী, কুরখ আমার জন্মস্থান নয়, কালের বিবর্তন কিছু দিনের জন্য এখানে ছেড়ে গেছে। তোমার কাছে কি 'মাআরবার এক বিন্দু পানি আছে যার দারা একজন পিশাসার্ত তার পিশাসা রিবৃত্তি করবে?

কুরখ বাগদাদের একটি প্রাচীন মহলা। এর পূর্ব দিকের এলাকাটি রাসাফা নামে খ্যাত। হারূন রশীদ নিজেই এই নামকরণ করেছিলেন, এবং এখানে তিনি একটি প্রসাদ নির্মাণ করিয়েছিলেন। রাসাফাহ সম্পর্কে ইবনুল জাহ্ম বলেন,

عيون المهابين الرصافة و الحبر + جلبن الهوى من حيث أدرى ولا أدرى اثرن لي الشوق القديم القديم و لم اكن + سلوت و لكن زدن جمراً علي جمر

" আয়াত নয়না সুন্দরীরা যারা রাসাফাই ও জাসরের মধ্যবর্তী অঞ্চলে হাস্যরেসে নিমগ্ন রয়েছে—আমাকে জ্ঞাত ও অজ্ঞাত পস্থায় তাদের প্রেম ডোরে বেঁধে নিয়েছে। তারা আমার পুরাতন আসন্ধিতে যা এখনো ঝরে যায় নি –এক নতুন স্পন্দন এনে দিয়েছে এবং বাতাস করে এই ভাষবাসার স্কৃষিশকে আরো উজ্জ্বদ করে দিয়েছে।

১০. কিতাবু কিরামিল লায়ল ঃ পৃষ্ঠা ১৩ ঃ মূলতান সংস্করণ, হিঃ ১৩২০ সন।

প্রাণ উৎসর্গকারী রক্ষীসেনার দেশ জর্দান

বাগদাদ থেকে আম্বান

আমাদের এই সফরের শেষ লক্ষ্যস্থল ছিল পূর্ব জর্দান। এরূপ হওয়াটা আমাদের জন্য ভালাই হলো। কেননা মতামত প্রকাশের পূর্ণ স্বাধীনতা ও অন্যান্য সুযোগ—সুবিধা সেখানে পাওয়া গিয়েছিল তা এ সমস্ত দেশে মোটেই পাওয়া যায় নি। য়েখানকার সরকারগুলো বাহ্যিকভাবে গণতন্ত্র ও জাতীয়—তাবাদের ধ্বজাধারী এবং য়েখানকার রাজনৈতিক নেতারা এক মুহূর্তের জন্যও মেনে নিতে রাজী নয় য়ে, তাদের উপর নির্দিষ্ট কোন ব্যক্তি বা বংশের শাসন চলুক। তাদের মতে, এটা এমন এক ধরনের পশ্চাৎপদতা, যা এই স্বাধিকার ও উনুতির যুগে মোটেই সহ্য করা যায় না।

১২ই আগস্ট, ১৯৭৩ ইং রাত আনুমানিক ৯টায় আমরা বাগদাদ থেকে রওয়ানা হলাম। আমাদের বিদায় জানানোর জন্য সাউদী রাষ্ট্রদৃত এবং বাগদাদের কিছু সংখ্যক শিক্ষক যারা সাউদী আরবে শিক্ষকতার কাজে নিয়োজিত আছেন-বিমান বন্দরে এসেছিলেন। বসরা বিমান বন্দরে আমরা এক ঘন্টার জন্য অবতরণ করলাম। পূর্বাহ্নে আবেদন করা সত্ত্বেও আমরা এই ঐতিহাসিক শহরটি দেখার অনুমতি পাইনি, যা একদা দ্বীন, ইল্ম, সাহিত্য ও আরবী ব্যায়াকরণের গবেষণা এবং প্রচার-প্রসারের একটি বিরাট কেন্দ্র ছিল। বিমান বন্দরে আকম্মিকভাবেই সাউদী কাউন্সিলারের সাথে আমাদের দেখা হয়। তিনি বার বার অনুরোধ করেন, যেন আমরা বসরায় কিছু সময়ের জন্য হলেও তার আতিথ্য গ্রহণ করি। এই জভাবিত সাক্ষাতে আমরা সবাই আনন্দিত হই। এরপর আমরা কুয়েতের উদ্দেশ্যে বিমানে আরোহণ করি। আমরা কুয়েতের শেরাটন হোটেলে রাত কাটাই। সেখানে শায়থ আবদুর রায্যাক সালেহ, আমাদের বন্ধু ডঃ আবদুল লতিফ খান এবং ভ্রাত্প্রতিম ইবরাহীম হাসনী আমাদের সাথে দেখা করতে এসেছিলেন। তারা কিছুক্ষণ আমাদের সাথে ছিলেন। তারপর আমাদেরকে বিশ্রাম গ্রহণের সুযোগ দানের জনাই তারা নিজ নিজ আবাসে ফিরে যান।

১৩ই আগস্ট ১৯৭৩ ইং সোমবার সকালে আমরা আম্মানের উদ্দেশ্যে রওয়ানা হই এবং জুহরের পূর্বেই সেখানে পৌছি। আমাদের অভ্যর্থনা জানানোর জন্য বিমান বন্দরে উপস্থিত ছিলেন আওকাফ মন্ত্রণালয়ের সেক্রেটারী উস্তাদ আবদ্ খলফ, পাকিস্তানস্থ জর্দানের রাষ্ট্রদৃত, রাবেতায়ে আলমে ইসলামীর 'মজলিসে তাসীসী (সংগঠনিক) এর সদস্য কামিল আশ্-

শরীফ, সাউদী মাদারুল মুহাম উন্তাদ মুহামদ আয়মাশ এবং অন্যান্য ব্যক্তিবৃল। আমরা বিমান বলর থেকে সোজাসুজি হোটেল ইন্টারকন্টিনেন্টাল, জর্দান—এর দিকে রওয়ানা হই। পথিমধ্যে সাইয়িদ কামিল আশ্-শরীফ আমাদেরকে বলেন, 'শাহ হুসায়ন প্রতিনিধিদলের এই সফবের সংবাদ শুনা হয়েছেন এবং প্রতিনিধিদলকে খোল আমদেদ জানিয়েছেন; সজ্ঞাবনা আছে যে, তিনি কোন এক সময়ে প্রতিনিদলকে সাক্ষাৎ দান করবেন। আমরা এজন্য তাঁর (শাহের) শুকরিয়া আদায় করি। তবে এই অভিজ্ঞাত বংশ থেকে অনুরূপ ব্যবহারের প্রত্যাশা খুবই স্বাভাবিক; এতে বিস্মায়ের কিছু নেই।

আওকাফ মন্ত্রণালয়ের আতিথ্য

আওকাফ ও ইসলামী বিষয়ক মন্ত্রণালয়ের আতিথ্যে আমরা হোটেলে অবস্থান করি। আমাদের দেখাশুনার দায়িত্বে নিযুক্ত ছিলেন ডঃ ইসহাক ফারহান। আওকাফ মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রতি বছর একটি শিক্ষা ও সংস্কৃতিমূলক কর্মসূচী গ্রহণ করা হয়ে থাকে। সৌভাগ্যক্রমে আমরা ঠিক তখনই জর্দানে আসি, যখন ইসলামী সংস্কৃতির প্রচার এবং ইসলামী অনুভূতির পুনর্জাগরণের জন্য বিভিন্ন শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছিলো এবং বজ্তার আলোচ্যসূচীও তৈরী করা হচ্ছিলো। আমরা যখন দামেশ্কে ছিলাম তখনই মন্ত্রণালয়ের সেক্রেটারী আমাদেরকে এসব সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদানের আগাম আমন্ত্রণ জানিয়েছিলেন। মাননীয় আওকাফ মন্ত্রী এই লেখকের ঠিকানায় ভারতেও একটি আমন্ত্রণ লিপি পাঠিয়েছিলেন। প্রতিনিধিদলের এই জর্দান সফরকে মন্ত্রণালয় একটি সূবর্ণ সুযোগ হিসাবে গ্রহণ করে। এর প্রেক্ষাপটে তারা বক্তৃতা–বিবৃতি, সাক্ষাৎকার ও সফরের কর্মসূচী তৈরী করে এবং তা ব্যাপকভাবে প্রচারও করে।

মাননীয় আওকাফ মন্ত্রী হোটেলে আমাদের সাথে সাক্ষাৎ করেন। আরব প্রাচ্যে যে কয়েকজন বিশিষ্ট পভিত ও শিক্ষাবিদ রয়েছেন তিনি তাদের অন্যতম। তিনি ইসলামী চিন্তাধারা ও ইসলামী মন—মানসিকতারও অধিকারী। ইতিপূর্বে জর্দানে শিক্ষা ও আওকাফ বিষয়সমূহ একই মন্ত্রণালয়ের অধীন ছিল। পরবর্তী সময়ে দু'টি বিষয়ের জন্য পৃথক মন্ত্রণালয় গঠন করা হয়েছে। আমরা ডক্টর সাহেবকে তাঁর ইসলামী প্রবন্ধাদির মাধ্যমে জেনেছিলাম। 'ইসলামী দেশসমূহের শিক্ষা ও প্রশিক্ষণ' বিষয়ের উপর তাঁর কোন কোন প্রবন্ধ আমাদের মতে খুবই চিন্তামূলক এবং বিবেচনা যোগ্য।
মন্ত্রীসভায় তাঁর অন্তিত্ব দেশের জন্য আশীর্বাদত্ল্য যদিও তার দায়িত্ব
শিক্ষামন্ত্রণালয়ের মধ্যেই সীমাবদ্ধ। অনুরূপভাবে তথ্য ও বেতার বিভাগের
পরিচালক উস্তাদ আলী ফারীজ, ডঃ আবদুরাহ্ আজাম (যিনি প্রতিনিধিদলের
রফীক নিযুক্ত হয়েছিলেন), মহাপরিচালক উস্তাদ ইয্যুদ্দীন খাতীব এবং
সাপ্তাহিক 'আল্ লেওয়া'—এর সম্পাদক উস্তাদ হাসান আমাদের সাথে সাক্ষাৎ
করেন।

মাননীয় আওকাফ মন্ত্রী এবং তার সঙ্গীদের সাহচর্য

১৪ই আগস্ট ৭৩ ইং, মঙ্গলবার সকাল ৯টায় আওকাফ ও ইসলামী বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর সাথে তাঁর অফিসে সাক্ষাতের মাধ্যমে প্রতিনিধিদল তাদের কর্মসূচীর সূচনা করে। দু'ঘন্টা স্থায়ী এই সাক্ষাতকারে মাননীয় মন্ত্রী আওকাফ মন্ত্রণালয়ের কর্মসূচী, কর্মক্ষেত্র, ক্রমোনুতি ও ক্রমবিবর্তনের উপর আলোচনা করতে গিয়ে বলেন, সর্বপ্রথম আওকাফ মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ইসলামী শিক্ষা ও সংস্কৃতির সাথেও এই মন্ত্রণালয় সরাসরি সম্বন্ধ স্থাপন করছে। মন্ত্রী মহোদয়ের কথায় দৃঢ়তা ও উপস্থিত বুদ্ধির ঝলক ফুটে **উঠছিলো। তাঁকে ইসলাম ও সাধারণ শিক্ষার প**রগাম এবং সমসাময়িকতার অনুভৃতি সম্পর্কে অত্যন্ত সজাগ মনে হল। এ বিষয়টি তার কাছে অজ্ঞাত নয় যে, এ 'ওয়া ক্ষ' -এর ফিক্হী আহকাম ও মাসায়েলের মধ্যে এমন গ্রহণ-্যোগ্যতা রয়েছে যে, তা সমসাময়িক যুগের অনুকূলে থেকেও কিতাব, সুনাহ্ ও ফিক্তে ইসলামীর আলোকে মুসলমানদের যাবতীয় সমস্যার সমাধান ও যাবতীয় প্রয়োজনাদি পূরণ করতে পারে। মাননীয় মন্ত্রী এই সীমিত সময়ের জ্যালোচনায় তাঁর মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো এবং এর অধীনে পরিচালিত সংস্থাসমূহের একটি বিস্তারিত বিবরণী পেশ করেন, যার দারা আব সময়ের মধ্যেই আমরা অনেক তথ্য জানতে পারি এবং এই মন্ত্রণালয়ের এমন একটি বিস্তারিত ও সমন্ত্রিত নক্শা আমাদের সামনে ভেসে উঠে, যা ইসলামী উপাদানসমূহ সংরক্ষণ এবং তার সাথে আধুনিক উপাদানসমূহ সংযোজনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বেলা এগারোটায় আমরা 'মাহাদে শারয়ী' দেখতে যাই এবং এর নাযিম শায়থ মুহাম্মদ ইবরাহীম শাকরার সাথে সাক্ষাৎ করি। শায়থ মুহাম্মদ ইসলামী বিশ্বের অন্যতম স্থনাম খ্যাত আলিম ও চিন্তাবিদ। তিনি যেমন ইসলামী আক্ষিদে অনমনীয় দৃঢ়তার অধিকারী, তেমনি উদার চিন্তারও মালিক। একজন সুবক্তা হিসাবেও তাঁর সুখ্যাতি আছে। তিনি দীর্ঘদিন মদীনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। এই সুযোগে মাহাদে শার্মী' সংলগ্ন 'মাদ্রাসাত্ত্ব কুরুআন' ও আমরা দেখে আসি।

শাহ কুসায়নের সাথে সাক্ষাৎ

এরপর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের মহিলা শাখা দেখার কর্মসূচী আমাদের ছিল। ছুহুরের সময় হয়ে যাওয়ায় আমরা 'মাহাদে শারয়ী' সংলগ্ন মাসজিদে নামায় আদায়ের প্রস্তৃতি নিচ্ছিলাম। এমন সময় তাৎক্ষণিকভাবে শাহ হুসায়ন আমাদেরকে সাক্ষাতের জন্য শাহী প্রাসাদে তলব করেন। আমরা জুহুরের নামায় আদার করে আওকাফ মন্ত্রীর দফতরে যাই এবং সেখান থেকে সাইয়িদ কামিল আশ্-শারীফ-এর সংগে যিনি প্রাসাদ পর্যন্ত প্রতিনিধিদলের রফীক (সাথী) ও পথ প্রদর্শক ছিলেন শাহী প্রাসাদ অভিমুখে রওয়ানা হই।

প্রাসাদে প্রবেশ করতেই সাউদী আরবস্থ জর্দানের রাষ্ট্রদৃত শায়থ মুহামদ আমীন আশ্লান্কিতী এর সাথে দেখা হয়। তিনি অতি সম্প্রতি শাহের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে রাজধানীতে এসেছেন। তাঁরই উপস্থিতিতে আমি বর্তমান শাহের পিজামই বাদশাই আবদুল্লাই বিন হুসায়ন মরহুমের সাথে প্রথমবার আজ থেকে ২২ বছর পূর্বে ৬ই শাওয়াল ১৩৭০ হিঃ, মুতাবিক ১০ই অক্টোবর ১৯৫ ১ইং, সোমবার এবং দ্বিতীয়বার ৯ই শাওয়াল ১৩৭০হিঃ, মুতাবিক ১৩ই অক্টোবর, ১৯৫১ইং বৃহস্পতিবার বাগদাদ প্রাসাদে সাক্ষাত করি। ঐ সাক্ষাজের দৃশ্যটি আজ পুনরায় মনের মধ্যে জীবস্ত হয়ে উঠলো, যখন আমরা তাঁরই স্বনামখ্যাত পৌত্রের সাথে একই প্রাসাদে সাক্ষাত করছিলাম। কিন্তু আজ ও গাতুকালের পার্থবন্ধ কত গভীর, কত ব্যাপক! গাণিতিক হিসাবে ২২ বছর নিঃসন্দৈহে একটি সংক্ষিপ্ত সময় ব্যক্তি, জাতি, বংশ ও রাষ্ট্রের জীবন ও ইতিহাসে, এর খুব একটা গুরুত্ব নেই। তবে মুগের আবর্তন বিবর্তন বিশেষ জারে এই দের্শের রাজনৈতিক ও ভৌগলিক পরির্ক্তনের দিবে লক্ষ্য করলে এটি নিঃসন্দেহে একটি লক্ষ্যণীয় সময়য়লাল।

বাদ্শাহ হসায়ন তার মাননীয় পিতামহের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে এমন একটি রাজ্য লাভ করেছেন, যা এমন সব চ্যালেঞ্জ, এমন সব সমস্যা

এবং এমন সব বৈপরিত্যের মুকাবিলা করছে-যা সম্ভবতঃ এই যুগের কোন রাষ্ট্র বা সামাজ্যকেই করতে হচ্ছে না । তিনি নেতৃত্বে ও দেশ-পরিচালনার ক্ষেত্রে এমন একটি নাজুক মুহুর্তের মুখোমুখি হর্মে আছেন, যার মুকাবিলা করা শুধুমাত্র একজন অসামান্য বৃদ্ধিমন্তা ও দূরদৃষ্টি সম্পন্ন নেতার পক্ষেই সম্ভব। আমি যখন জভ্যর্থনা কক্ষ থেকে প্রতীক্ষাকক্ষে এবং সেধান থেকে শাহের কক্ষে ক্রমান্তয়ে এগিয়ে যাচ্ছিলাম তখন মনে হচ্ছিলো, ফো আমি কোন নাটক কিংবা স্বপ্ন দেখছি। মানুষের অসহায়তা, জীবনের অস্তিত্বহীনতা এবং যামানার অনবরতঃ রং পরিবর্তনের উপর আমার বিশ্বাস দৃঢ় থেকে দৃঢ়-তর হচ্ছিলো। ইতিপূর্বে আমি যখন জর্দানে এসেছিলাম তখন আমার প্রিয় বন্ধু ও মেযবান (নিমন্ত্রণকারী) এবং আশানের ব্যবসায়ী শায়খ কাসিম আমজারীর ঘরে বসে খাবার খাচ্ছিলাম, এমন সময় আকৃষ্মিকভাবে শাহ আবদুল্লাহ্র একটি জরুরী পয়গাম এসে পৌছে। আমাকে বলা হয়, 'সাইয়িদুনা' আপনাকে ডাকছেন। আমি সংগে সংগে শাহের আহ্বানে সাড়া দিই। দিতীয়বার জামি' মাস্জিদে, যেখানে খোদ শাহ ও নামায আদায় কর্নছিলেন, হঠাৎ আমার কাছে তাঁর আহ্বান পৌছলো এবং আমাকে বলা হলো. 'সাইয়িদুনা আপনাকে ডাকছেন।' আর আজ তাঁরই শ্বনামখ্যাত পৌত্রের প্য়গাম আমার কাছে আকম্মিকভাবে এসে পৌছলো এবং আমাকে বলা হলো, 'সাইয়িদুনা আপনার অপেক্ষায় রয়েছেন।' আজ এবং গতকালের মধ্যে কতনা সামঞ্জস্য ! তখন অতীত ও বর্তমানের মধ্যে কড বিরাট ব্যবধানের সৃষ্টি হয়ে গেছে।

আমরা যখন শাহের দফতরে প্রবেশ করলাম তখন খোদ শাই আমাদের অভ্যর্থনায় এগিয়ে এলেন। দরজা খোলা হলো। তিনি অভ্যন্ত বিনম্বদনে এগিয়ে এলেন এবং ক্ষমাপ্রার্থী হলেন এজন্য যে, তিনি যে পোশাকে ছিলেন সে পোশাকেই আমাদের সাথে মিলিত হচ্ছেন। এরপর কোনরূপ শাহী আনুষ্ঠানিকতা ছাড়াই তিনি স্বাধীনভাবে এবং আন্তর্রিকভার সাথে আমাদের সাথে কথাবার্তা বলেন। আমাদের আলাপ—আলোচশা সেই নাজুক, ঘোরালো এবং ক্লান্তিকর পরিস্থিতি পর্যন্তও গিয়ে পৌছে, যেখানে প্রতিভা, দূরদর্শিতা, সততা ও লৌহদ্দ ঈমানের পরীক্ষা হয়ে থাকে এবং ধার উৎকৃষ্টছম ছবি আঁকা হয়েছে পবিত্র কুরআনে নিম্নের আয়াতটিতে ঃ

حَتَّى اذَا ضَاقَتْ عَلَيْهِمُ الأَرْضُ بِمَا رَحُبُتُ وَ ضَاقَتْ عَلَيْهِمْ آثَفْسُهُمْ وَ ظَنَّوا اللَّهُ الأ اللَّهِ الأَرْضُ بِمَا رَحُبُتُ وَ ضَاقَتْ عَلَيْهِمْ آثَفْسُهُمْ وَ ظَنُّوا

অর্থ ঃ "যে পর্যন্ত না পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেওঁ তার্দের জন্য সংক্চিত হয়ে গেল এবং তাদের জীবন তাদের জন্য দুর্বিসহ হয়ে উঠল এবং তারা উপলব্ধি করল যে, আল্লাহ্ ব্যতীত আশ্রয়স্থল নেই।" – (১ ঃ ১১৮)

আমি নিজের চোখে দেখেছি এবং কার্যতঃ পরীক্ষাও করেছি, মুসলমান ও আরব–বিশেষ করে ঐ সমস্ত লোক যারা সিংহের চোয়ালের মধ্যে অথবা চাক্কির দুপাটের মধ্যে অবস্থান করছে, তরবারির সুতীক্ষ্ণ ডগার উপর যারা জীবন অতিবাহিত করছে–আল্লাহ্ ছাড়া তাদের কোন আশ্রয় স্থল, কোন সাহায্যকারী ও সহায়ক নেই। যদি আজ তাদের নিষ্কৃতির কোন পথ থেকে থাকে তাহলে সেটা হলো, অন্তরে ঈমান সৃষ্টি করা, আন্তরিকভাবে মুসলমান হওয়া এবং দৃঢ়ভাবে আস্থা ও বিশ্বাস রাখা যে, একমাত্র ইসলামই মানুষকে সত্যিকার জীবন দান করতে পারে এবং প্রকৃত মনুষ্যত্বের দিকে পথ প্রদর্শন করতে পারে–আর জীবনকে ঐ সমস্ত কদর্যতা থেকে পাক–পবিত্র রাখা যা ইসলামের শ্রীবৃদ্ধি ও সৌন্দর্যবর্ধনের পথে প্রতিবন্ধক এবং যা মুসলিম জাতির অধঃপতনের কারণ এবং ইসলামী জীবন ব্যবস্থাকে প্রতিটি ক্ষেত্রে হবহু সেভাবেই কার্যকরী করা যেভাবে কুরজান নির্দেশ দিয়েছে, যেভাবে আল্লাহ্র রাসূল পথপ্রদর্শন করেছেন আর এই আয়াতটির মর্মার্থও মনে প্রাণে উপলব্ধি করা।

وَ أَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَ لاَ النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمُّ

অর্থ ঃ 'ই য়াহুদী ও খ্রীস্টানগণ তোমাদের প্রতি কখনো সন্তুষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের ধর্মাদর্শ অনুসরণ কর।" –(২ ঃ ১২০)

আমি শাহ হসায়নকে তাঁর ঐ বিরাট দায়িত্বের কথা শ্বরণ করিয়ে দিই, যা ফিলিন্ডিনী শরণার্থী, তাঁর এবং তাঁর ভবিষ্যৎ বংশধরদের আকীদা— বিশ্বাসের ব্যাপারে তাঁর উপর অর্পিত হয়ে থাকে। এটা কোন মতেই ঠিক নয় যে, ফিলিন্ডিনীদেরকে খ্রীস্টান প্রচারক এবং রিফিউজী রিলিফ কমিটিসমূহের দ্য়ামায়ার উপর ছেড়ে দেওয়া হবে, যারা এদের দ্রবস্থা ও অসহায়তা থেকে নিজেদের মতলব উদ্ধারের চেষ্টায় রয়েছে। আমি বলি, "এটা আমাদের সর্ববৃহৎ দায়িত্ব এবং আখিরাতেরও। আমরা সবাই একদিন আল্লাহ্র সমীপে দণ্ড য়মান হব, তখন আমাদেরকে জিজ্ঞাসাবাদ করা হবে এই সব বিপন্ন ও কৃপাপ্রার্থী লোকদের সম্পর্কেও, যাদেরকে শুধু এ কারণে তাদের জন্মভূমি থেকে বের করে দেওয়া হয়েছে যে, তারা বলেছিল, 'আমাদের প্রভূ একমাত্র আল্লাহ্।' এই সাথে আমি শাহের সাহসিকতাপূর্ণ কিছু পদক্ষেপের প্রশংসা করি এবং কোন কোন মৃহুর্তে তিনি যে অতুলনীয় বীরত্বের পরিচয় দিয়েছেন তাও অকুষ্ঠভাবে স্বীকার করি।

আমি শাহ্কে বলি, একজন মহান ব্যক্তি বলেছিলেন, 'আমার কাছে যদি শুধুমাত্র একটি মাত্র দু'আ থাকত যা আল্লাহ্ তা' আলা নিশ্চিতভাবে কবুল করতেন তাহলে আমি শহরের শাসকের জন্যই সে দু'আটি করতাম। কেননা যদি সে সং হয় তাহলে গোটা শহর সং হয়ে যাবে এবং যদি সে অসং হয় তাহলে গোটা শহরই বরবাদ হয়ে যাবে।' যদিও আমি শাহ্কে একথা বলার যোগ্য নই, তবু আমি তাঁকে একথা বলার সংসাহস করেছি।

শাহ্ অত্যন্ত নীরবে ও বিনয়বদনে আমার কথা শুনতে থাকেন। কথোপকথনকালে আমাদের রফীক শ্রন্ধের উন্তাদ আহমদ মুহামদ জামান এবং সাইয়িদ কামিল আশ্-শরীকও উপস্থিত ছিলেন। উন্তাদ আহমদ মুহামদ জামান বলেন, 'আমি অনেকবারই বলেছি যে, আমাদের যাবতীয় আশা ভরসা এখন শাহ ফায়সাল এবং শাহ্ হুসায়নের সাথেই সম্পুক্ত।'

বৈঠক শেষ হলে শাহ আমাদেরকে বিদায় জানানোর জন্য কিছু দূর এগিয়ে আসেন। তারপর আমরা তাঁকে সালাম জানিয়ে হোটেলে আমাদের অবস্থানস্থলে ফিরে আসি।

শহরের ইসলামী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন

১৫ই আগস্ট ১৯৭৩ইং বুধবার সকাল ৯টায় আমরা ঐ বিরাট ইসলামী দাতব্য চিকিৎসালয়টি দেখতে যাই, যা ইসলামী ফালাহী আন্—জুমানের পক্ষ থেকে আমানে নির্মিত হচ্ছে। এটা একটা বিরাট প্রকল্প। যদি এই প্রকল্প বাস্তবায়িত হয় তাহলে এই হাসপাতাল আরব ইসলামী এলাকার সর্ববৃহৎ হাসপাতাল হবে এবং এটা পূরণ করবে এই শহরের চিকিৎসাগত ঝিরাট চাহিদা, যেখানে প্রায় সর্বত্রই খ্রীস্টান মিশনারী এবং পাশ্চাত্য সংস্থাসমূহ হাসপাতাল স্থাপন এবং জনসাধারণকে চিকিৎসাগত সুযোগ—সুবিধা প্রদানে

সদা তৎপর রয়েছে। এখানে রয়েছে খ্রীস্টান মিশনারীদের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র, যেখানে একটি নাজুক ও সহানুভূতিশীল প্রান্ত থেকে জনসাধারণের অন্তর জয় করার এবং তাদের বিশ্বাসকে অন্য ধারায় প্রবাহিত করার চেষ্টা করা হচ্ছে। রোগীর প্রতি স্লেহমমতা ও সহানুভূতি প্রদর্শন, তাদের যন্ত্রণা কিছুটা লাঘব করা–নিদেন পক্ষে তাদের সাথে দুয়েকটি মিষ্টি কথা বলা, যা তাদের অন্তর স্পর্শ করে, নিঃসন্দেহে তাদেরকে আপন করে নেওয়ার একটি সহজ্বতর পত্ন।

এই হাসপাতালটি, নির্মাণ ও সুসচ্জিতকরণের শেষ পর্যায় অতিক্রম করেছে। উস্তাদ মুহমদ আবদুর রহমান খলীফা এবং তাঁর সহকারী উস্তাদ মশহর হাসান হামুদ, যিনি হাসপাতালের প্লানিং এবং আনজুমানের মহাপরিচালক—আমাদেরকে হাসপাতালের বিভিন্ন অংশ ঘ্রিয়ে ঘ্রিয়ে দেখান। কিভাবে এই প্লান কার্যকরী হল এবং কিভাবে এক্ষেত্রে অভিজ্ঞ স্থাপত্যশিলী এবং বিশ্ববিখ্যাত চিকিৎসকদের সাহায্য সহযোগিতা পাওয়া গেল তিনি আমাদেরকে তার কিন্তারিত বিবরণ দেন। হাসপাতালটি সত্যি সত্যি অত্যাধুনিক পন্থায় নির্মিত হচ্ছে। এতে সর্বাধুনিক সাজসরঞ্জাম ও যন্ত্রপাতি আমদানী করা হচ্ছে।হাসপাতালের সাথেই নির্মিত হবে একটি বিরাট মসজিদ, সাংস্কৃতিক কেন্দ্র, বজ্ঞতা—হল, ইসলামী লাইরেরী, নার্স কোয়ার্টার এবং নার্স ও ধয়ার্ডবয়দের প্রশিক্ষণ স্কুল।

এরপর আমরা জর্দান বিশ্ববিদ্যালয় মসজিদ দেখতে যাই।মসজিদটির নির্মাণ কাজ সমাপ্তি পর্যায়ে রয়েছে।তবে মনে হচ্ছিলো, মসজিদটি সেই পরিবেশের খুবই উপযোগী হয়েছে যেখানে অবস্থান করছে এমন হাজার হাজার যুবক যারা মসজিদ থেকে সত্যিকার অর্থে প্রভাবিত হওয়ার যোগ্যতা ও মন মানসিকতা রাখে।

স্থামরা আম্মানের আওকাফ অফিসেও যাই এবং সেধানকার দায়িত্বশীল কর্মকর্তাদের সাথে কিছুক্ষণ কাটাই। এরপর আমরা মাকতাবাতৃল মাসজিদিল আক্সা দেখতে যাই। এই সফরে আমরা যে সমস্ত বিরাট লাইব্রেরী দেখেছি এটা সেগুলোর অন্যতম। লাইব্রেরীটি ইসলামী বই পুস্তকে একেবারে ঠাসা। আমার বেশীর ভাগ বইপুস্তক, যা বৈরুত ও কায়রো থেকে প্রকাশিত হয়েছে তার সব কয়টির কপি এখানে রয়েছে। আমরা মাসজিদে আহমদ কাররাও দেখি, যা রাজধানীর কেন্দ্রীয় মাসজিদ-সমূহের অন্যতম। পাঁচ ওয়াক্ত নামাযের সময় এই একটি মাসজিদ থেকেই আয়ান প্রচার করা হয়। এটা একটা নতুন চিন্তাধারা যা অন্য কোথাও দৃষ্টিগোচর হয়নি। এ পদক্ষেপটি নিঃসন্দেহে সমালোচনাযোগ্য। কেননা ঘটনাচক্রে এই মাসজিদের মাইক যদি নিক্রিয় হয়ে পড়ে, কিংবা মুআর্যিন ঘূমিয়ে থাকে তাহলে সমগ্র শহরের লোক আযান থেকে বঞ্চিত হয়ে পড়বে। উপরস্তু আয়ানের যে ফ্যীলত রয়েছে এবং আয়ানদাতার জন্য আল্লাহ্র কাছে যে পুরস্কার রয়েছে উপরোক্ত ব্যবস্থার ফলে তা থেকেও শহরের বাকি মাসজিদ-শুলো আপনা আপনি বঞ্চিত হয়ে পড়ে। আমরা মাসজিদের বিভিন্ন অংশ ঘুরে ঘূরে দেখলাম। এতে যে লাইব্রেরী রয়েছে তার ইমারত যেমন সুন্দর ও মজবৃত তেমনি তাতে বই-পুস্তক রাখার উদ্যোগ আয়োজন এবং বিন্যাসপদ্ধতিও সুন্দর ও আকর্ষণীয়। আমরা লাইব্রেরীটি দেখে অত্যন্ত খুণী হই।

ইয়াতীমখানা প্রকল্পের জন্য নির্ধারিত জমিও আমরা দেখি। এর সন্নিকটে রয়েছে গ্রাম ও পল্লী অঞ্চল থেকে আগত হাজীদের অভ্যর্থনাকেন্দ্র ও অবস্থানস্থল।

এক নজরে ফিলিস্তিনীদের অবস্থা

আমরা ফিলিন্তিনী ক্যাম্পের নিকট দিয়ে যাচ্ছিলাম। দেখতে পেলাম, ফিলিন্তিনী শিশুরা যাদের পিতা—পিতামহরা একদা ইসলামী বিজয় অভিযানে এবং ইসলামী দাওয়াত পৌছানোর ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন—দারিদ্র ও দুরবস্থার চরম শিকারে পরিণত হয়েছে। তাদের অবস্থা দেখলে কলিজা ফেটে যায়, চোখ আপনা আপনি অশুতে ভরে উঠে। আমরা জার্মান মিশনারী 'শালনার'—এর কেন্দ্রও দেখলাম, যাতে অনেকগুলো দফতর, প্রাথমিক চিকিৎসাকেন্দ্র, খাদ্য সরবরাহ এবং শিক্ষা ও প্রশিক্ষণের শাখা—প্রশাখা রয়েছে। আমি তখন বললাম, 'এখন চিতা ও ভেড়ার মধ্যে কোন দেওয়াল নেই, উভয়কেই তাদের ভাগ্যের উপর ছেড়ে দেওয়া হয়েছে। এবার ভেবে দেখুন, তুখা, শীর্ণকায় ও অসহায় এই ভেড়াগুলো ঐ ইষ্টপুষ্ট ও রক্ত পিপাসু চিতাগুলোর মধ্যে কি করে জীবিত থাকবে যখন উভয়ই নিজ নিজ্ব প্রকৃতির উপর অবস্থান করছে?

ইসলামী কেন্দ্রের অভ্যর্থনা সভা

সন্ধ্যায় আমরা ইসলামী কেন্দ্রের ফালাহী আনজুমান (কল্যাণ সংস্থা) দেখতে যাই, যা আসলে ইখওয়ানুল মুসলিমীনের কর্মসূচী বাস্তবায়নের একটি ক্ষেত্র। এর পৃষ্ঠপোষক হচ্ছেন আমার পুরাতন বন্ধু জর্দানের মুজাহিদ নেতা উস্তাদ মুহাম্মদ আবদুর রহমান খলীফা। এই শতাব্দীর ষষ্ঠ দশকে ইসলামী দাওয়াতের যে সব গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাথে আমার পরিচয় লাভ ঘটেছে তাদের মধ্যে উস্তাদ খলীফা অন্যতম। তাঁর সাথে আমার প্রথম পরিচয় হয় ১৯৫৬ ইং সালে দামেশ্কে, যখন তিনি মুতামারে ইসলামীতে অংশগ্রহণের জন্য সেখানে এসেছিলেন।

এরপর তিনি ভারতে আসেন। আমার ছোট পল্লী যা 'শাহ আলম্ল্লাহ্
রায়বেরেলী' নামে পরিচিত তার পদধূলিতে ধন্য হয়। তিনি তথন আমাকে
মুতামারে ইসলামীতে অংশ গ্রহণের আমন্ত্রণ জানাতে এসেছিলেন, যা এর
কিছুদিন পরই অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এবার তিনি আমাদের সন্মানে
একটি জভ্যর্থনা সভার আয়োজন করেন। তাতে পরস্পর পরিচিতির ব্যবস্থা
রাখা হয়। উক্ত অনুষ্ঠানে আওকাফ মন্ত্রী ডঃ ইসহাক ফারহান, সাইয়িদ
কামিল আশ্–শরীফ, শহারের উলামা, শিক্ষিত ও গণ্যমান্য ব্যক্তিবৃন্দ এবং
ইসলামী দাওয়াতের সাথে সংশ্লিষ্ট কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। সর্বপ্রথম উস্তাদ
মুহান্মদ আবদুর রহমান খলীফা একটি প্রেরণামূলক বক্তৃতা দেন, যাতে তিনি
প্রতিনিধিদলকে খোশ্ আমদেদ জানান এবং উপস্থিত ব্যক্তিবৃন্দের সাথে
তাদের পরিচয় করিয়ে দেন। প্রতিনিধিদলের একজন সদস্যের সাথে যে তার
পুরাতন সম্বন্ধ রয়েছে তিনি একথাও উল্লেখ করেন এবং এই শহরের অবস্থান,
এর সাথে ইসলামী বিশ্ব ও আরব বিশ্বের সম্বন্ধ এবং সে সম্বন্ধের মর্যাদা ও
নাজুকতা সম্বন্ধেও বিস্তারিত আলোচনা করেন।

একটি সংগ্রামরত সীমান্তবর্তী দেশের দায়িত্ব

উন্তাদ খলীফার পর আমাকেও কিছু বলতে হয়। আমার বক্তব্যের সারকথা ছিল নিম্নব্রপঃ

"সকল প্রশংসা আদ্ধাহ্র এবং সালাম তার নির্বাচিত বান্দাদের উপর। উস্তাদ মুহাম্মদ আবদুর রহমান খলীফা ফেডাবে আমাদেরকে সম্মানিত করেছেন সেজন্য তাকে ধন্যবাদ জানাই। আর এটা আমাদের জন্য কোন অভাবিত ব্যাপার নয়। এক ভাই অন্য ভাইয়ের এবং এক বন্ধু অন্য বন্ধুর, যারা একই মত ও পথের অনুসারী—ব্যাথা—বেদনায়, সুখে—দুঃখে ও আপদে—বিপদে অংশীদার হবে। এটা কোন বিশ্বয়ের ব্যাপার নয়। আমরা আমাদের এই সহৃদয় বন্ধুর প্রতি বিশেষভাবে ঋণী এজন্য যে, তিনি শিক্ষাবিদ, চিন্তাবিদ ও নেতৃস্থানীয় ব্যক্তিবৃদ্দের সাথে আমাদেরকে এভাবে পরিচিয় করে দিয়েছেন। ফলে আমরা সবার সাথে মত বিনিময়ের সুবর্ণ সুযোগ পেয়েছি। আমি মনে করি, আমাদের এই সফরের, এটাই সব চাইতে বড় প্রাপ্তি। কেননা আমরা প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও ঐতিহাসিক স্থানসমূহ দেখার জন্য এ সফরের আসিনি, বরং আমাদের এ সফরের মূল লক্ষ্য হচ্ছে, আমাদের ভাইদের সাথে সাক্ষাৎ করা, তাদের সাথে কথাবার্তা বলা ও মত বিনিময় করা।

বন্ধুগণ,

এ দেশে বসবাসকারী আরব ভাইদের কাছে আমাদের এই আশা ছিল যে. তারা ইসলামের আলো দূরদূরান্তের দেশসমূহে পৌছিয়ে দেবেন–আর প্রথম যুগে তারা এটা করেছেনও। এজন্য আমরা, ভারত উপমহাদেশের অধিবাসীরা তাদের কাছে বিশেষভাবে ঋণী। কেননা তাদেরই মাধ্যমে আল্লাহ তা আলা আমাদেরকে ইসলামরূপী নিয়ামাত দারা উপকৃত করেছেন। আপনাদের দেশ সব সময়ই দাওয়াতে ইসলামের কেন্দ্র ও উৎস হিসাবে বিবেচিত হয়ে আসছে। এই দেশের ইতিহাস বিজয়ের ইতিহাস, যুদ্ধ ও সংগ্রামের ইতিহাস, বীরত্ব ও বাহাদুরীর ইতিহাস। এই ইতিহাস যুগে যুগে আমাদের ঈমান বিশ্বাসকে মজবুত করেছে, আমাদেরকে ইসলামের উপর গর্ব করার সুযোগ করে দিয়েছে, বিভিন্ন সময়ে আমাদের উপর যে আক্রমণ এসেছে, ইসলাম বিরোধী যে সব আন্দোলন গড়ে উঠেছে তার সার্থক মুকাবিলা করার শক্তি ও আপদের মুকাবিলা করার জন্য অনুপ্রাণিত করেছে। সর্বপ্রকার বিপদ-আপদে এই ইতিহাসই হচ্ছে আমাদের জন্য সব চাইতে বড় সাম্ভ্রনা। ওধুমাত্র 'ফুতুহুশ শাম' শীর্ষক ইতিহাস গ্রন্থের কথাই ধরুন। এটি এমন একটি ইতিহাস, या মুসলমানদের ঈমান, দুঃসাহস এবং প্রতিকৃল পরিবেশে সুদৃঢ় থাকার শক্তি যোগাত। আমার ছেলেবেলাকার সেই ঘটনাটি এখনো পরিষ্কার মনে আছে যখন আমাদের পরিবারের মেয়েরা একত্রিত হতেন এবং তাদেরই

একজন 'ফুতুহুশ্ শাম' –এর উর্দু কাব্যানুবাদ সবাইকে পড়ে শুনাতেন। এটি ছিল সেই সমরগীতি যা 'ফুতুহুশ্ শাম থেকে নকল করে আমাদেরই বংশের এক বুযুর্গ (সাইয়িদ আবদুর রায্যাক কালামী) তাতে উর্দু ছন্দের পোশাক পরিয়ে দিয়েছিলেন। তাতে ছন্দের সংখ্যা ছিল ২৫ হাজার। আমরা কোন না কোন প্রয়োজনে যখন এই সব মজলিসে প্রবেশ করতাম—আর ছোটদের কি পরিমাণ প্রয়োজন হয় এবং কিভাবে হয় তা তো আপনাদের জানাই আছে—তখন দেখতাম আমাদের মা—বোনদের চোখ দিয়ে অশুর বন্যা বয়ে যাছে; আর তাদের মাথার উপর যেন ঈমান ও সান্ত্বনার মেঘ ছায়া বিস্তার করে আছে। তারা ঐ সমস্ত ঘটনার কথা শুনতেন যেগুলোতে সাহাবা ও তাবেঈন অংশগ্রহণ করেছিলেন এবং তাতে তাদের বিপুল সংখ্যক শহীদ অথবা আহত হয়েছিলেন। ঐ সমস্ত ঘটনার কথা শুনার পর মুসলমানদের কোন নিকটজন তাদের থেকে দূর—দূরান্তে চলে গেলে কিংবা তাদের উপর কোন বিপদ—আপদ এসে পড়লে ঐ ইসলামী ঘটনার কথা শ্বরণ করে তারা তাদের যাবতীয় দুঃখ কষ্টের কথা ভূলে থাকত, উপরন্ত্ব তাদের জন্তর ভরে উঠত ইসলামী প্রেরণায় এবং তারা লাভ করত বিপদ বাধা অতিক্রম করার এক দুর্বার শক্তি।

শুধু মহিলাদের মধ্যে নয় বরং পুরুষদের মধ্যেও এই সমরগীতি চর্চা ছিল। একজন সুর করে তা পড়তেন এবং অন্যরা অত্যন্ত অভিনিবেশ সহকারে তা শুনতেন। আর এই চর্চার ফলে তাদের বীরত্ব, ঈমান ও শাহাদাতের প্রেরণায় যেন বান ডাকত। শুধু আমাদের পরিবারের নয়, বরং বেশীর ভাগ সম্ভ্রান্ত মুসলিম বংশ ও পরিবারে এই 'সমরগীতি' পঠন ও শ্ববেশের প্রচলন ছিল।

আমরা আমাদের এসব অভিজ্ঞতার আলোকে এবং আপনাদের গৌরবদীপ্ত ইতিহাসের প্রেক্ষাপটে এই আশাই করছিলাম যে, এই দেশ, যেখান থেকে মুহামদ (সা.)—এর মুবাল্লিগগণ দলে দলে বিশ্বের সর্বত্র ছড়িয়ে পড়েছিলেন—সেখান থেকে আমাদের আরব ভাইরা পুনরায় আর্বিভূত হবেন এবং এই মহান পয়গাম গৌছিয়ে দেবেন বিশ্বের সমস্ত প্রান্তে, যেখানে এখনো তা পৌছে নি এবং সেই সাথে বৃদ্ধি করবেন ইসলামী বিজয়ের সীমারেখাও। কিন্তু আক্ষেপের বিষয়, আজ আমরা আপনাদের কাছে আবেদন করছি তথু একটুকু যে, আপনারা এই ভূখণ্ড টিকে রক্ষা করুন, যা ইসলামের পুঁজি। সারা মুসলিম বিশ্বই এই ইসলামী কেন্দ্রেরই শাখা এবং প্রতিছ্বায়া। আপনারা হচ্ছেন গ্রন্থের আসল বাক্য এবং আমরা হচ্ছি তার টীকা। আমরা আপনাদের কাছ থেকেই ক্ষমতা, আস্থা, গর্ব এবং সম্মানের প্রেরণা লাভ করি। এখানে কোন দুর্বল্যাে দেখা দিলে তা সংগ্রে মুসলিম বিশ্বের অন্যান্য শহর এবং রাজধানীতেও সংক্রমিত হয়ে পড়ে। আপনারা কোন ক্ষেত্রে লাঞ্ছিত ও অপমানিত হলে সংগ্রে সংগ্রে দিল্লী, করাচী, জাকার্তা এবং অন্যান্য শহরের মুসলমানদের মাথাও হেট হয়ে যায়।

বন্ধুগণ, আপনারা সকলেই জানেন, ইসলামী বিজয়ের পূর্বে এই এলাকা বাইজেন্টাইন সামাজ্যের অধীন ছিল। 'ঈসাইয়ত' (খ্রীস্টধর্ম) ছিল এই এলাকার সরকারী ও সাধারণ ধর্ম এটা ছিল বাইজেন্টাইন সামাজ্যের উর্বরতম এলাকা। এখানেই ছিল তাদের পবিত্রস্থানসমূহ হযরত ঈসা (আ.)-এর জন্মান এবং জেরুজালেম। মানুষের উপর আল্লাহ্র রহমতের বান ডাকলো, তিনি ইছা করলেন এখানেই ইসলামের শ্রীবৃদ্ধি সাধনের এবং এই এলাকাটি মুসলমানদের অভিভাবকদের অন্তর্ভুক্ত করার। সুতরাং আরবরা এটাকে জয় করলো, এখানে ইসলামের বিস্তার ঘটালো এবং তাদের ভাষা ও সভ্যতার শ্রীবৃদ্ধি সাধন করলো। ফলে এ অঞ্চল একটি ইসলামী আরবী দেশের রূপনিল।

আমার মতে, এ এলাকার প্রতি খ্রীস্টান ইউরোপের আগ্রহ প্রদর্শন কোন অসাভাবিক ব্যাপার নয়। ইউরোপের বড় বড় শক্তিগুলো এই এলাকার প্রতি লোলুপ দৃষ্টিতে তাকাবে, তাও ইতিহাসের নতুন কোন ঘটনা নয়। বরং বরাবরই দেখা গেছে যে, সমগ্র খ্রীস্টানজগত এই এলাকার দিকে লোভাতুর দৃষ্টিতে তাকিয়েছে, এক মুহূর্তও তারা এই ভ্রুণণ্ডের কথা ভূলতে পারে নি। তারা এই এলাকাকে পদানত করার জন্য বার বার প্রচেষ্টা চালিয়েছে। সালাবী (ক্রুসেড) যুদ্ধগুলো তাদের ঐ প্রচেষ্টারই কয়েকটি ধাপ মাত্র। তারা তাদের লক্ষ্য হাসিলের জন্য ইউরোপের যাবতীয় সহায়—সম্পদ কাজে লাগিয়েছে, কিন্তু তাতে কোন ফল হয় নি, তাদের যাবতীয় প্রচেষ্টাই ব্যর্থ হয়েছে। কেননা আল্লাহ্ তা'আলা তার যে বালাদেরকে এই দেশ শাসন ও সংরক্ষণের জন্য নির্বাচিত করেছিলেন তারা ছিলেন বিশ্বাসী, শক্তিশালী, বিশ্বন্ত, নির্ভরযোগ্য এবং সর্বপ্রকার বাড়াবাড়ি, সার্থপরতা ও কপটতা থেকে মুক্ত। উদাহরণস্বরূপ আমি সালাহ্উদ্দীন আইয়্বীর উল্লেখ করছি। তিনি সালীবীদের (ক্রুসেডারদেরকে) পরাজ্বিত ও বিপর্যন্ত করে মুসলমানদেরকে

তাদের হৃত মর্যাদা ফিরিয়ে দিয়েছিলেন। এ দেশের মুসলমান শাসক ও নেতৃবৃন্দ–নিজেদের দুর্বলতা ও পরস্পর মত দ্বৈততা সত্ত্বেও–এই দেশের পবিত্রতা ও মর্যাদা রক্ষার ব্যাপারে ছিলেন সদাজাগ্রত। আর আমি তো বলি যে,তুরক্ষের উসমানী সামাজ্যের শাসকরাও এই ইসলামী স্থানসমূহের ব্যাপারে ছিলেন অনুভূতিপ্রবণা তারা পুরো পাঁচটি শতাব্দী এই দেশের হিফাজত করেছেন। তাদের সাথে আমার কোন সম্বন্ধ নেই, না বংশের ক্ষেত্রে, আর ভৌগলিক জাতীয়তা, কিংবা সত্যতা ও ভাষার ক্ষেত্রে-বরং ওধুমাত্র-প্রকাশের খাতিরে বলতে বাধ্য হচ্ছি যে, তাদের সতর্কতার সামনে শক্রদের যাবতীয় প্রচেষ্টা বানচাল হয়ে যেত। ইতিহাস একথার সাক্ষী যে ইয়াহুদী কনফারেন্সের সভাপতি ডঃ হের টাযল্- যাকে বহু লোক ইয়াহুদীয়তের প্রগম্বর বলে আখ্যায়িত করে–সুলতান আবদুল হামীদ খানের সাথে সাক্ষাৎ করেন এবং আবেদন করেন, যেন তিনি উসমানী সামাজ্যের ছত্রছায়ায় ইয়াহদীদেরকে একটি জাতীয় মাতৃভূমি প্রতিষ্ঠার অনুমতি দেন। এর বিনিময়ে তিনি উসমানী সামাজ্যের যাবতীয় ঋণ (তখন ঋণের পরিমাণ ছিল অনেক) পরিশোধ এবং সেই সাথে এমন একটি নৌ-বাহিনী গড়ে দেওয়ার প্রতিশ্রুতি দেন, যে বাহিনীর যাবতীয় খরচ ইয়াহ্দীরাই বহন করবে। এছাড়াও তিনি উসমানী সামাজ্যকে সুদৃঢ় করার জন্য প্রচুর আর্থিক সাহায্য এবং সুলতানকে ব্যক্তিগতভাবে বহু উপহার উপঢৌকন প্রদানেরও আশ্বাস দেন। এতদ্সত্ত্বেও সুলতান আবদুল হামীদ খান (র.) ইয়াহদী নেতাকে যে জ্ববাব দিয়েছিলেন তা হলো, 'এই সব ধন-দৌলত তোমাদের কাছেই থাক; সময় মত কাজে আসবে। আমার কাছে বিশ্বের সমগ্র ইয়াহুদীদের যাবতীয় ধন-দৌলত বায়তুল মুকাদ্দাসের এক মুষ্টি মাটির সমত্ল্যও নয়। একথার ফলশ্রুতি এই रसिष्टिन रा, ইয়াহদীরা চক্রান্ত করে সুলতান আবদুল হামিদ খানকে সিংহাসনচ্যুত করে এবং জেলে বন্দী থাকা অবস্থায় তার উপর অমানুসিক নির্যাতন চালায়। ত উসমানী সামাজ্য নিজের অসংখ্য দুর্বলতা সত্ত্বেও ইসলামী শক্তির এমন একটি বিরাট ও সুদৃঢ় দুর্গ ছিল, যা দেখে অমুসলিমরাও ভয় পেত। সেটা ছিল ঐ কাঠের মত, যা কৃষক আপন ক্ষেতের মধ্যে গেড়ে তার উপর একটি কাপড় পরিয়ে দেয়। ফলে পাখীরা মনে করে, এটা একটা মানুষ বা ভয়ংকর অন্য কিছু। তাই ঐ ক্ষেতের ধারে কাছে ঘেসে না। কিন্তু যখন ঐ কাঠটি ভেংগে পড়ে কিংবা কোন চতুর কাক বুঝে নেয় যে এটা কাঠ ছাড়া

কিছু নয়, কিংবা এটাকে মাটিতে ফেলে দেওয়া হয় তখন পাখীরা ঝাঁকে এই ক্ষেতের দিকে ছুটে আসে এবং মুহূর্তের মধ্যে যাবতীয় ফসল সাবাড় করে দেয়। এই দেশের কাহিনীও তাই–যার উপর উসমানী সামাজ্য প্রতিষ্ঠিত ছিল। শক্রুরা এই সামাজ্যকে ভয়্ন করত। তারা এর ধারে কাছেও ঘেঁষত না। কিন্তু যখন দুর্গ ধ্বংস হয়ে গেল এবং তীতিকর কাঠটি মাটিতে লুটে পড়ল তখন শক্রুরা দলে দলে ছুটে এল এবং গোটা দেশটিকে ছিন্নতিন্ন করে দিল।

উসমানী সামাজ্যের পতন এবং প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ে যে সব নেতা এ দেশের দণ্ড মুণ্ডের কর্তা হয়ে বসেন তারা বস্তুতান্ত্রিকতা ও পাশ্চাত্য সভ্যতা দ্বারা যারপরনাই প্রভাবানিত ছিলেন পাশ্চাত্যের আধুনিক শিক্ষা ব্যবস্থার ধ্বংসাত্মক প্রভাব তাদেরকে এমন অন্তঃসারশূন্য করে দিয়েছিল, যেমন কাঠকে খুন অন্তঃসারশূন্য করে দেয়। ঐ সব নেতা ছিলেন অবিশ্বস্ত, প্রতিশ্রুতিভঙ্গকারী, ধর্মীয় মর্যাদাবোধ ও স্থদেশপ্রেম, থেকে মুক্ত ও বঞ্চিত। ইউরোপবাসীরা যখন এই অবস্থা দেখল তখন লোভাতুর লালায় ভরে উঠল তাদের মুখ। তাদের বিশ্বাস হলো, এ অঞ্চলের নেতাদের অন্তর নিয়ে বেসাতির এবং এই অঞ্চলের উপর আধিপত্য বিস্তারের সময় সমুপস্থিত। আমাদের নেতৃবৃন্দ এমন বস্তুতান্ত্রিকতার এবং হীনমন্যতার পরিচয় দিলেন, ইতিহাসে যার দৃষ্টান্ত মেলা ভার। দুনিয়ার ক্ষণস্থায়িত্ব এবং জীবনের অনিশ্বয়তার ব্যাপারে তাদের দৃষ্টিতঙ্গি একদম বদলে গিয়েছিল অথচ কুরআনে ইরশাদ হচ্ছে—

وَ مَا هَٰذِهِ الْحَيَاةُ الدُّنْيَا الِا لَهُوَّ وَ لَعِبُ وَ اِنَّ الدَّارَ الْأَخْرِةَ لَهِيَ الْحَيْوَانُ لَــُ كَانُوُا مَعْلَمُوْنَ .

অর্থ ঃ "এই পার্থিব জীবন তো জীড়াকৌতুক ব্যতীত কিছুই নয়।
পারগৌকিক জীবনই তো প্রকৃত জীবন যদি ওরা জানত।"-(২৯৪৬৪)

ا عُلَمُوا انْمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبُ وَ لَهُو وُ رَيْنَةٌ وَ تَقَاحُرُ بَيْنَكُمُ وَ تَكَاثُرُ فِي الْآ

مُوَالِ وَ الْآوُلَادِ كَمَثَلِ غَيْثُ إِلْعُجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ ثُمُّ يَهِينَ هُ فَتَرَاهُ مُصْفَرُ ثُمُّ يَكُونُ
حُطَامًا وَ فِي الْأَخْرَةِ عَذَابٌ شَدِيدٌ .

অর্থ ঃ "তোমরা জেনে রেখ, পার্থিব জীবন তো ক্রীড়াকৌতুক, জাঁকজমক, পারম্পরিক শ্লাঘা ও ধনে—জনে প্রাচুর্য লাভের প্রতিযোগিতা ব্যতীত আর কিছু নয়, ওর উপমা বৃষ্টি, যা দ্বারা উৎপন্ন শস্যভাগুনর অবিশ্বাসীদেরকে চমৎকৃত করে, এরপর অবশেষে তা খড়কুটায় পরিণত হয়। আর পরকালে রয়েছে—কঠিন শাস্তি।" — (৫৭ঃ২০)

এবং রাসূলুল্লাহ্ (সা.) ও বলেছেনঃ

اللهم لا عيش الا عيش الاخرة ـ

অর্থ ঃ "হে আল্লাহ্, আখিরাতের জীবন ব্যতীত কোন জীবন নেই।"
আল্লাহ্ ও রাসূলের কথার উপর থেকে তাদের বিশ্বাস উঠে গিয়েছিল এবং
তারা পার্থিব সমান ও মর্যাদার প্রতি এরপ ঝুঁকে পড়েছিল, ফেন এগুলোই
মানবজীবনের আসল লক্ষ্য। তারা শাসনক্ষমতা লাভ করার জ্বন্য নিজেদের
নীতি, আদর্শ, ইয্যত, সুনাম, চরিত্র ঐতিহ্য সব কিছুকেই অকাতরে বিলিয়ে
দিচ্ছিলো। বন্ধুগণ, যুদ্ধক্ষেত্রে যাওয়ার পূর্বে মনের মধ্যেই বিপ্লব সংঘটিত
হয়। আর যখন মানুষ হৃদয়মনের আভ্যন্তরীণ বিপ্লবে সাফল্য লাভ করে তখন
বাহ্যিক বিপ্লব ও সংগ্রামেও তার সাফল্য অর্জন নিশ্চিত হয়ে পড়ে। মানসিক
যুদ্ধ শুরু হয় আগে এবং তা সব সময়ই বাহ্যিক যুদ্ধের চাইতে অধিকতর
গুরুত্বপর্ণ হয়ে থাকে!

অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, আমরা আভ্যন্তরীণ যুদ্ধে হেরে গেছি—
আমাদের অন্তর এখন বিক্রিত পণ্যে এবং আমাদের মনমানসিকতা এখন
নিছক বেচাকেনার সামগ্রীতে পরিণত হয়েছে। আর একারণেই আমাদের
উপর উপনিবেশবাদী শক্রদের প্রভাব বিস্তারের সব পথই খোলা। যে যেদিকে
পারছে আমাদের অধিকারে হস্তক্ষেপ করছে। আমরা তড়পাচ্ছি, কাতরাচ্ছি,
আহাজারি করছি, কিন্তু শক্রকে ঘাড়ের উপর থেকে হটাতে পারছি না।

আর এর কারণ এই যে, জাতির প্রতি অবিশ্বাস ও দেশের প্রতি বিশ্বাসঘাতকতা বন্ধ করার দুটি মাত্র পথ আছে। এর একটি হলো শক্তিশালী আকীদা – আর সত্যি কথা বলতে গেলে আকীদাই হল সবচেয়ে নির্ভরযোগ্য ও শক্তিশালী বস্তু। দ্বিতীয়টি হলো, দেশপ্রেম। অপ্রিয় হলেও সত্য যে, প্রাচ্যের কোন কোন জাতীয় নেতৃবৃদ্দের মধ্যে এই দুইটি গুণ যথাযথভাবে পাওয়া গেলেও সামাদের জাতীয় নেতৃবৃদ্দের মধ্যে এগুলোর বড়ই অভাব। তাদের অন্তরে না আছে সত্যিকার আকীদা, আর না আছে প্রকৃত দেশপ্রেম। এ কারণেই আমরা প্রায়ই তনি যে, অমুক নেতা ও অমুক নায়ক আরব – ইসলামী মাতৃত্মির কিছু গুরুত্বপূর্ণ এলাকা শক্রর কাছে বেচে দিয়েছেন, কিংবা অমুক নেতা দৃশমনদের চর হিসাবে কাজ করছেন এমন কি, কখনো এমনও দেখা গেছে যে, শক্রর উদ্দেশ্য পূরণের ক্ষেত্রে যেন শক্রর চাইতে আমাদের নেতা বা নেতৃবৃন্দ অধিক উৎসাহী যেমন উর্দৃতে একটি কথা আছে, 'মুদ্দায়ী (বাদী) সুসৃত (অলস), (কিন্তু) গাওয়াহ (সাক্ষী) চুস্ত্ (চতুর)।'

বন্ধুগণ, আপনারা ইসলামের নাজুকতর ফ্রন্ট এবং মুসলমানদের সর্বশেষ দুর্গে অবস্থান করছেন। বন্যা শহরের সীমান্ত প্রাচীর পর্যন্ত পৌছে গেছে। যদি তা প্রাচীর ডিংগাতে পারে তাহলে আর কোন বাঁধই সেটাকে রুখতে পারবে না। আপনারা সর্বশেষ প্রতিরোধ লাইনেই মোতায়েন রয়েছেন। যদি শুক্ররা এই লাইন অতিক্রম করতে পারে তাহলে সমগ্র ইসলামী বিশ্ব তারা পদানত করে ফেলবে। আজ মুসলিম জাতির দৃষ্টি আপনাদের উপর নিবন্ধ। আপনারাই তাদের উনুতি ও সম্মান প্রতিপত্তির উৎস, আপনারাই তাদের ইয্যত ও শক্তির পরিমাপক্ষান্ত্র। আমি বলছি না যে, আপনারা শুধু আপনাদের ও আপনাদের দেশের ইযুযত সন্মান রক্ষার্থে আল্লাহ্কে ভয় করুন, বরং আমি বলছি, আপনারা তয় করুন, আল্লাহ্কে সমগ্র মুসলিম জাতির ইয্যত ও সুনাম রক্ষার্থে এবং ইসলামের উনুতি ও শ্রীবৃদ্ধি সাধনের উদ্দেশ্যে-আল্লাহ্কে ভয় করুন। ঐ সমস্ত মুসলিম জাতির প্রতি লক্ষ্য করে, যারা আপনারদেরকে প্রথম মুসলিম এবং ইসলামের সর্বপ্রথম পতাকাবাহীদের জীবন্ত নমুনা বলে মনে করে। আল্লাহকে ভয় করুন ঐ সমস্ত নিষ্পাপ আত্মাণ্ডলোর দিকে চেয়ে যারা এখনো দুনিয়ায় পদার্পণ করেনি; ওরা আপনাদের কৃতিত্বপূর্ণ কাজের জন্য আল্লাহর শুকরিয়া আদায় করবে এবং আপনাদের প্রতি ও কৃতজ্ঞ থাকবে এজন্য যে, আপনারা তাদের জন্য রেখে গেছেন এমন একটি অতীত যা নিয়ে তারা গর্ববোধ করতে পারে। – অন্যথায় তারা আল্লাহ্র দরবারে ফরিয়াদ করবে এই মর্মে যে, আপনারা তাদের পবিত্রস্থানসমূহ হাতছাড়া করেছেন, তাদের অতীতকে কলংকময় করে গেছেন এবং অপমান ও লাঞ্ছ্না ছাড়া তাদের জন্য কিছুই অবশিষ্ট রেখে যাননি।

এই সমাবেশ, কথা বলার এই সুযোগ, আমার অন্তরে দুঃখবেদনার ঝড় তুলেছে, আমার পুরাতন ক্ষতসমূহ ফেন পুনরায় চাংগা হয়ে উঠেছে। আর এটা এ কারণে যে, আমি ইসলাম ও মুসলমানদের সমস্যাকে একই সমস্যা বলে মনে করি এবং সমগ্র ইসলামী বিশ্বকে একই দেশ বলে মনে করি। মুসলমানদের প্রতিটি দুর্ঘটনা এবং মুসলিম বিশ্বের এক ইঞ্চি জমির উপরও শক্রদের দখল আমার কাছে অসহ্যকর। ফিলিস্তিন সমস্যা সর্বএই আমার নজরে পড়ে। আমি, যেখানেই যাই সেখানেই চেতন মনে হোক অথবা অবচেতন মনে হোক মৃতামিম বিন নৃতায়রার নিম্নোক্ত কবিতাটি আওড়াতে থাকি।

لقد لا منى عند القبور على البكا + رفيقى لتذرات الدموع السوافك
و قال اتبكى كل قبر أريته + لقبر ثوى بين اللوى و الدكادك
فقلت له أن أشجا يبعث أشجا + فدعنى فهذا كله قبر مالك

"কবরগুলোর পাশে অশ্রুবন্যা বইয়ে দেয়ার উপর আমার সফরসাথী আমাকে তির্হার করলো।

এবং সে বললো, তুমি শুধু এই কবরটির কারণে, যা লুই ও দাকাদিকের মধ্যবর্তী স্থানে রয়েছে, যে কবরই দেখ অশ্রুপাত করতে থাকে।

তখন আমি বললাম, এক ব্যথা অন্য ব্যথাকে চাংগা করে দেয়। আমার কাছে এই সব কবরই (যেন) মালিকের কবর।'⁸

আমার বক্তৃতার উপর উস্তাদ ইউস্ফ আল—আজম দাঁড়ান এবং প্রতিনিধিদলকে অভার্থনা জানিয়ে একটি সারগর্ভ ভাষণ দেন। মুসলমানরা – বিশেষ করে এই দেশের মুসলমানরা বর্তমানে যে অগ্নিপরীক্ষার মধ্যে রয়েছে এবং যে বিপর্যস্ত অবস্থার মধ্যে কালাতিপাত করছে, তিনি অত্যন্ত সুন্দরভাবে তার উপর আলোকপাত করেন।

মুতাসারে ইসলামী কেন্দ্র

সন্ধ্যা ৭টায় আমরা মুতামারে ইসলামীর কেন্দ্রীয় অফিসে যাই। বর্তমানে উস্তাদ কামিল আশ-শরীফ মুতামারের প্রেসিডেন্ট। আমরা স্থোনে মুতামারের সদস্যবর্গ ও সংশিষ্টদের সাথে পরিচিত হই।

আওকাফ মন্ত্রীর পক্ষ থেকে নৈশ ভোজ

আওকাফ মন্ত্রী প্রতিনিধিদলের সন্মানে একটি নৈশভোজের আয়োজন

করেন। তাতে শহরের বিরাট সংখ্যক নেতৃস্থানীয় ব্যক্তিবৃন্দ, উলামা ও পণ্ডিতবর্গ অংশগ্রহণ করেন। ওদের মধ্যে আমার পুরাতন বন্ধু সুনাম খ্যাত বুযুর্গ ও আলিম শায়খ মুস্তাফা আহমদ যারকাও ছিলেন তিনি বর্তমানে আমানস্থ 'কুল্লিয়াতৃশ্ শারীআহ্' –এর শিক্ষক। শিক্ষকতার সাথে তিনি ইসলামী নাগরিক আইনও প্রণয়ন করছেন। আশা করা যায়, এই আইন দেশে চালু করা হবে।

সাক্ষাৎকার

১৬ই আগষ্ট, ১৯৭৩ইং সন বৃহস্পতিবার আমরা বেশ কয়েকজন বিখ্যাত আলিম ও শিক্ষাবিদের সাক্ষাৎ লাভ করি। যেমন, রাবিতাতুল্ উলুমূল্ ইসলামিয়াহ্—এর প্রেসিডেন্ট তায়সীর যুব্ইয়ান, জর্দানস্থ সাউদী রাষ্ট্রদৃত শায়থ মুহাম্মদ আমীন আশ্—শানকীতী এবং কুর্দী মুজাহিদ আমীন বারুসক। শায়থ আমীনের সাথে আমার প্রথম সাক্ষাৎ হয় ১৯৫১ সালে। তিনি সাবেক ইরানী প্রধানমন্ত্রী ডঃ মুসান্দিক—যিনি ইরানে আপন দুঃসাহসিক পদক্ষেপের কারণে বিশেষ করে খনিজ তেল জাতীয়করণের মাধ্যমে সমগ্র বিশ্বে দৃষ্টি নিজের দিকে আকৃষ্ট করছিলেন—এর কাছে প্রেরিত তার বার্তায় যে কবিতাটি পাঠিয়েছিলেন তা আমার এখনও মনে আছে।

لقفت عصاك عصيهم فتصايحوا لا سحر بعد اليوم انت مصدق

"তোমার লাঠি ওদের লাঠিগুলোকে গিলে ফেলেছে; ফলে ওরা চীৎকার করতে শুরু করেছে। (কিন্তু) এখন আর কোন যাদু চলবে না। নিঃসন্দেহে তুমি (কথা ও কাজে) মুসাদ্দিক (সত্যবাদী ও সত্য প্রতিষ্ঠাকারী)।'

প্রতিনিধিদল যতদিন আশ্বানে ছিল, শারখ আমীন বাব্রসক বরাবরই আমাদের সাথে সাক্ষাৎ করতে আসতেন এবং আমরা তার কবিতা, জিহাদের ঘটনাবলী – সর্বোপরি তার চিন্তাকর্ষক কথাবার্তা স্থনে যারপরনাই মুশ্ব ও অনুপ্রাণিত হতাম।

সল্তে বক্তৃতা

আজ সলতে এই শেখকের বক্তৃতার কর্মসূচী ছিল। সূতরাং আসরের সময় অপরাহু ৪টায় আমরা সলতের উদ্দেশ্যে রওয়ানা হই। পর্বতরান্ধি ও

উপত্যকাসমূহের দৃশ্য এবং আঁকাবাঁকা বন্ধুর রাস্তাসমূহ দেখে আমার মনে মনে ঐ সমস্ত আরব বিজেতাদের দুঃসাহস ও দৃঢ়তার পরিমাপ করছিলাম যারা অসংখ্য বিপদ—বাধা ও প্রতিবন্ধকতা সত্ত্বেও এই দেশ জয় করেছিলেন এবং এখানকার আদিবাসীদের কাছে ইসলামের দাওয়াত পৌছিয়ে দিয়েছিলেন। আমি চিন্তা করে দেখলাম, আজকের বজ্তা প্রাথমিক যুগের ঐ সমস্ত মুসলমানদের সম্পর্কে হওয়া উচিত যাদেরকে আল্লাহ্ তাআলা ইসলামরূপী অপরূপ নিয়মাত দান করেছিলেন এবং ইসলাম তাদের মধ্যে এক নবজীবনের সঞ্চার করেছিল, তাদেরকে দেখিয়ে দিয়েছিল এক আলোকাজ্বল নতুন পথের দিশা, তারা বিশ্ব থেকে বিচ্ছিন্ন থেকে যে সীমিত পরিবেশে জীবনযাপন করেছিলেন সেখান থেকে তাদেরকে টেনে বের করে প্রশন্ততম পরিবেশে নিয়ে এসেছিল। আমি আমার বজ্তায় জাহিলিয়াতের সাথে ইসলামের তুলনামূলক আলোচনা করে ইসলামের আশীর্বাদপৃষ্ট অবিশ্বরণীয় দিকগুলোর উপর বিস্তারিত আলোকপাত করি।

শ্রোতায় হল পরিপূর্ণ হয়ে উঠেছিল। হাবভাব দেখে মনে হচ্ছিলো, বক্তৃতাটি তারা বেশ পসন্দ করেছেন।

উস্তাদ কামিল আশ্-শরীফ-এর বাসভবনে

মাননীয় রাষ্ট্রদৃত সাইয়িদ কামিল আশ্-শরীফ প্রতিনিধিদলের সম্মানে তাঁর বাসভবনে একটি সান্ধ্যভোজের আয়োজন করেছিলেন।

আশ্বান থেকে আরবদ

আমাদের আরবদ সফরের দিন ধার্য করা হয়েছিল ১৭ আগষ্ট ১৯৭৩ ইং শুক্রবার। আমানের পর আরবদ হচ্ছে জর্দানের সেই কেন্দ্রীয় শহর যার উপর ইসলামের ছাপ রয়েছে এবং ধর্মীয় বৈশিষ্ট্য ও ইসলামী প্রেরণার দিক দিয়ে যার বেশ খ্যাতি রয়েছে। এই শহর জর্দানের উত্তর সীমান্তে অবস্থিত। আরব সফর আমাদের জন্য খুবই আকর্ষণীয় হয়। আমরা সেখানে প্রাচীন সভ্যতার বিভিন্ন ঐতিহাসিক নিদর্শনাদি দেখি। আমান থেকে কিছুদূর অগ্রসর হওয়ার পর আমরা বুক্সা নামক একটি প্রান্তর অতিক্রম করি। সেখানে ফিলিন্তিনী শরণার্থীদের একটি ক্যাম্প রয়েছে, যা খান কয়েক পর্ণকৃটিরেরই সমষ্টি; শুধুমাত্র কয়েকটি ঘরের দেওয়াল পাতলা ইটের তৈরী। সেখানে সিমেন্টের তৈরী কর্মেকটি দোকান রয়েছে। দারিদ্র ও দুরবস্থার কালো ছায়া যেন

পরিবেশটাকে অম্বকার করে রেখেছে। বস্তির সন্নিকটে শিশুদের শিক্ষার জন্য একটি মিশন স্কুলও রয়েছে।

বুকআর পর আমরা জরশে থামলাম। জরশ প্রাচীন রোমীয় নিদর্শনাদির জন্য বিখ্যাত। সেখানকার ধ্বংসাবশেষ প্রাচীন রোমীয়দের উনুত সভ্যতা ও সংস্কৃতির সাক্ষ্য দিচ্ছে। সেখানে আধুনিক যুগের স্টেডিয়ামের মতই প্রাচীন যুগের একটি স্টেডিয়ামের ধ্বংসাবশেষ রয়েছে। রোমীয়রা শরীর চর্চা ও পুরুষদের খেলাধূলার প্রতি যে বিশেষ আগ্রহী ছিল এ থেকে তার প্রমাণ পাওয়া যায়। অবশ্য তাদের কিছু কিছু খেলা এমনও ছিল যেগুলোতে নিষ্ঠুরতা ও বর্বরতার দিকটি ছিল সুপরিকুট।

জরশের পর সাওফ নামক এলাকা। সেখানেও ফিলিন্তিনী শরণার্থীদের একটি ক্যাম্প রয়েছে। আরবদ পৌছার আগে আমরা অন্য একটি ক্যাম্প দেখেছিলাম, যা 'মুখাইমাতুল হাসান' নামে খ্যাত।

উত্তর-সীমান্ত ঃ কিছু মন্তব্য

'আরবদ'কে এক পাশে রেখে আমরা উত্তর সীমান্তের দিকে এগিয়ে চললাম এবং পার্বত্য এলাকায় গিয়ে পৌছলাম। আমরা 'উম্মূল কায়স' নামক একটি জনবসতিতে অবতরণ করলাম। গোলান পর্বত শ্রেণী যার নাম তার অবস্থানের গুরুত্বের কারণে যুদ্ধের দিনগুলোতে সমগ্র বিশ্বে উচ্চারিত হচ্ছিলো, আমাদের সামনেই দণ্ডায়মান। আমাদের এবং পর্বত শ্রেণীর মধ্যে একটি গভীর নিম্ন উপত্যকা, যার মধ্য দিয়ে ইয়ারমূক নদী সাপের ন্যায় কিল্বিলিয়ে একৈবেকৈ বয়ে চলেছে। মরণে ভেসে উঠলো ইয়ারমূকের সেই লড়াই, মুসলিম বীরদের সেই দুঃসাহসিকতা, সেই বীরত্বপূর্ণ কর্মকাণ্ড; ক্ষত পুনরায় চাংগা হয়ে উঠলো এবং আমি অবচেতন মনেই আওড়াতে থাকলাম স্পেনীয় কবি সালেহ বিন শরীফ আর রামাদী—এর নিম্নের কবিতাটি।

حتى المحاريب و هي جامدة + حتى المنابر توثى و هي عيدان

"মেহরাবগুলোও আহাজারী করছে অথচ সেগুলো জড়বস্তু, মিম্বরও রোদন করছে অথচ সেটা নির্জীব এক খন্ড কাঠ ছাড়া কিছু নয়।''

এহেন দৃশ্য অবলোকন করলে হৃদয়ে আগুন জ্বলে উঠে, তবে সে হৃদয়ে,

যেখানে লুকিয়ে আছে ঈমান ও বিশ্বাসের স্কুলিঙ্গ। আরবী ভাষায় বলতে গেলে–

> لمثل هذا ينوب القلب من كمد ان كان في القلب اسلام و ابمان

এই উপত্যকার্য দু'টি জনবসতি আছে-একটি নদীর দক্ষিণে এবং অপরটি উত্তরে। নদীর উত্তর দিক এবং অনেক দূর পর্যন্ত গোলান পর্বতশ্রেণী সিরিয়ার দখলে ছিল। কিন্তু ১৯৬৭ইং সনের যুদ্ধে উত্তরের এলাকা সিরিয়ার হাত ছাড়া হয়ে যায় এবং গোলানের উপর ইসরাঈল তার আধিপত্য বিস্তার করে। দক্ষিণ অংশ জর্দানের দখলে ছিল এবং এখনো আছে।

গোলান পর্বতশ্রেণী স্কচক্ষে দেখার পর মূল বিষয় এবং প্রকৃত পরিস্থিতি সম্পর্কে সরাসরি যে জ্ঞান অর্জিত হয় তা পঞ্চাশটি কিতাব পড়েও অর্জন করা সম্ভব নয়। আমরা বিশ্বিত হয়েছি সেধানকার ঐসব প্রাকৃতিক ব্যবস্থাপনা ও সংবক্ষণ পদ্ধতি প্রত্যক্ষ করে, যেগুলোর মাধ্যমে আল্লাহ তা'আলা কতইনা সুষ্ঠভাবে ঐ দেশকে তার শত্রদের হাত থেকে হিফাজতের ব্যবস্থা করেছেন। ঐ পর্বতশ্রেণী তথু পর্বতশ্রেণী নয়, বরং এমন একটি সুদৃঢ় দুর্গ, যা জয় করা মোটেই সহজ ব্যাপার নয়। ঐ দেশের উপর আল্লাহ্ তা'আলার যে অপরিসীম অবদান রয়েছে তাতে কোন শত্রুই ততক্ষণ পর্যন্ত তার দিকে চোখ তুলে তাকাবার সাহস পাবে না যতক্ষণ না তার অধিবাসীরা ঐ সমস্ত মহান অবদানের কথা ভূলে যায়-যা এইসব প্রাকৃতিক প্রাচীর ও দূর্গের আকারে পরিদৃষ্ট হয়। যতক্ষণ না তারা এই উর্বর ভূখন্ডের অমর্যাদা করে-যা তাদের জন্য দুধ ও মধুর নহর বইয়ে চলেছে এবং যা ইসলামী দাওয়াত, ইসলামী বিজয় ও ইসলামী সভ্যতা প্রসারের ক্ষেত্রেও উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে-সর্বোপরি যতক্ষণ না নিজেদের আত্মসন্মান ও আত্মমর্যাদা রক্ষার ব্যাপারে তারা গাফিল ও অমনোযোগী হয়ে পড়ে। গোলানের পর্বতশ্রেণী এমন দুর্গ, যা দেওয়া যেতে পারে কিন্তু নেওয়া যেতে পারে না। অর্থাৎ দেশের সাথে বিশ্বাসঘাতকতা করে সেগুলোকে অন্যের হাতে সমর্পণ করা যেতে পারে কিন্তু শক্তি প্রয়োগ করে অন্যের হাতে থেকে ছিনিয়ে আনা চাট্টিখানি কথা নয়। আজ এই দুর্গ ইসরাঈলের মুঠোয়। এখানে পাতা কামান থেকে

তারা যেকোন মুহূর্তে একদিকে আরবদের উপর এবং অন্যদিকে দামেশকের উপর গোলা নিক্ষেপ করতে পারে।

গেলানের উত্তরে তাবারিয়া উপসাগর, যার উপকৃলে তাবারিয়া নামীয় একটি ইসরাঈলী শহর গড়ে উঠেছে। উন্মূল কায়সের পাহাড়িয়ার উপর দাঁড়ালে ঐ শহর পরিষ্কার নজরে পড়ে। আর জর্দানী এলাকায় অবস্থিত ইয়ারমূক নদীর উপকৃল থেকে ঐ সিরিয়া এলাকাও দেখা যায় যার উপর ইসরাঈলের দখল রয়েছে এবং যা সেখানে থেকে মাত্র কয়েক কিলোমিটার দূরে অবস্থিত। সিরিয়ার বিখ্যাত জনবসতি 'হিমাহ' ঐ এলাকায়ই রয়েছে সেখানকার ঘরবাড়ী জনশূন্য এবং মাসজিদসমূহ জনাবাদ অবস্থায় পড়ে আছে। ইসরাঈলী সরকার ঐ এলাকায় তাদের প্রয়োজন অনুযায়ী কয়েকটি রাস্তা তৈরী করে নিয়েছে।

এই সফর থেকে আমরা অত্যন্ত নিরুৎসাহিত, ব্যথিত ও বিপর্যন্ত হয়ে ফিরে আসি। শহরের একটি কেন্দ্রীয় জামি মাসজিদে জুমআর নামায আদায় করি। খতীব অত্যন্ত আকর্ষণীয় ও হৃদয়গ্রাহী ভাষায় খুত্বা দেন। তারপর আমরা শহরের একজন গণ্যমান্য ব্যক্তির বাড়ীতে দুপুরের খাবার খাই, কিছুক্ষণ বিশ্রাম করি এবং আসরের নামায আদায় করার পর বক্তৃতা হলের দিকে রওয়ানা হই। হল ছিল শ্রোতায় পরিপূর্ণ। বিপুল সংখ্যক শিক্ষিত মহিলাও উপস্থিত ছিলেন। আমাদেরকে ইসলামী শ্রোগানের মাধ্যমে অভ্যর্থনা জানানো হয়। এর দারা আমরা শহরের ইসলামী মিযাজের দিকটি মোটামুটি আঁচ করে নিই।

আরবদে বন্ধৃতা ঃ ইসলাম সম্পর্কে মুসলমানদের দৃষ্টিভঙ্গি

আরবদে আমার বজ্তার বিষয়বস্তু ছিল, 'ই সলাম সম্পর্কে মুসলমানদের দৃষ্টিভঙ্গি।' আমি ইসলামের স্থান ও ভূমিকা এবং এর ভবিষ্যৎ সম্পর্কে মুসলমানদের দল উপদলের মধ্যে যে বিভিন্ন দৃষ্টিভঙ্গি পরিলক্ষিত হয় সে সম্পর্কে আলোচনা করি। যেমন, 'কারো কারো মতে, এই বৈজ্ঞানিক ও আণবিক যুগে ইসলাম ও ইসলামী জীবন ব্যবস্থার কোন স্থান নেই। এই ধারণা পোষণে তারাই অগ্রণী, যারা মনে করেন, 'ই সলামের আবির্ভাব হয়েছিল একটি সীমিত বিশ্বে এবং একটি অবৈজ্ঞানিক যুগে।' তাদের মতে, সে যুগে অবশ্যই ইসলাম সংক্ষারমূলক বিপ্লবী ভূমিকা পালন করেছে, অনেক

গোষ্ঠীগত অনাচার দূর করেছে এবং অনেক কুরীতি ও কুপদ্ধতির সংস্কার সাধন করেছে, এই যুগে নিশ্চিতভাবেই ইসলাম ছিল একটি উপকারী বস্তু যখন না ছিল বিজ্ঞানের বিকাশ, আর না ছিল উনুত সভ্যতা সংস্কৃতির অপ্তিত্ব, না ছিল বস্তু বিজ্ঞান, আর না ছিল তার কোন আবিষ্কার উদ্ভাবন। এক দল নিজেদের শিষ্টতা ও ইসলাম প্রীতির প্রমাণ পেশ করতে গিয়ে বলেন, ইসলাম নিশ্চিতভাবে মানবতা ও মনুষ্যত্বের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, মানবতাবাদের প্রতি ইসলামের অবদান অপরিসীম, কিন্তু আজ্ব এই আধুনিক যুগে, ইসলাম এমন একটি বারুদ শূন্য বন্দুক, যার প্রয়োজনীয়তা ইতিমধ্যে ফুরিয়ে গেছে, আজ্ব এই আণবিক যুগে যখন সভ্যতা সংস্কৃতি, প্রকৌশল প্রযুক্তি, বিজ্ঞান, রাজনীতি এবং দর্শন উনুতির চরম শীর্ষে আরোহণ করেছে তখন ইসলামী আইনের অনুশীলন, স্রেফ সময় ও শক্তির অপব্যয় ছাড়া কিছু নয়।

আমার মতে, এটা একটা নিছক ভ্রান্ত ও অবিবেচনা প্রসৃত দৃষ্টিভঙ্গি ছাড়া কিছু নয়। যারা ইসলামকে বুঝে না এবং আধুনিক যুগের মিযাজমর্জী ও কঠিন সমস্যাদি সম্পর্কেও হশজ্ঞান রাখেন না ওধুমাত্র তারাই অনুরূপ কথা বলতে পারেন। প্রকৃতপক্ষে যেসব সমস্যার কোন সমাধান এ যুগের চিন্তাবিদ ও সমাজবিদরা এখনো দিতে পারেন নি, ইসলাম সে সব সমস্যার সুষ্ঠু সমাধান অতীত্তেও দিয়েছে এবং এখনো দিতে পারে। ইসলাম সম্পর্কে জ্ঞানের অভাব এবং একদেশদর্শিতাই ঐ সমস্ত ব্যক্তিকে অনুরূপ মতপোষণে অনুপ্রাণিত করেছে। তারা নিঃসন্দেহে নিজের ভাঙারে কি আছে তার খোঁজ না নিয়ে অন্যের দিকে ভিক্ষার হাত বাড়িয়েছেন।

• একটি তর্কাতীত সত্য এই যে, অনৈসলামিক দর্শন ও জীবন ব্যবস্থার উপর ফোব জাতিগোষ্ঠী আস্থা রাখে তারা এগুলোর পরীক্ষা নিরীক্ষা করেছে এবং তাতে কিছু পরিমাণ সাফল্যও লাভ করেছে, তবে যখন আরবরা এগুলো পরীক্ষা করল তখন ইতিহাস তার জ্বলন্ত সাক্ষী – দেখা গেল, তাদের পরীক্ষা সম্পূর্ণরূপে ব্যর্থতায় পর্যবশিত হয়েছে। আরবরা যখনই জাতীয়তাবাদ, সমাজতন্ত্র বা কমিউনিজম গ্রহণ করেছে তখনই তাদের অবস্থা উনুত হওয়ার পরিবর্তে বরং আরো বিপর্যন্ত হয়েছে আমার মতে, এর গুরু রহস্য এই যে, আল্লাহ্ তা আলা আরবদের ভবিষ্যৎকে ইসলামের ভবিষ্যতের সাথে আষ্টেপৃষ্ঠে

বেধে দিয়েছেন এবং তাদের ও ইঙ্গলামের মধ্যে প্রতিষ্ঠা করেছেন এক স্থায়ী ও অন্তস্কুর সম্পর্ক – যেন আরবরা এমন একটি জাতি, যাদের কাছে একটি নির্দিষ্ট পয়গাম এবং একটি নির্দিষ্ট লক্ষ্য কস্তু রয়েছে—অন্য কথায়, আল্লাহ্ তা আলা ইঙ্গলামের প্রচার, প্রসার ও হিফাজতের জন্য তাদেরকে মনোনীত করেছেন, এমতাবস্থায় তাদের জন্য এটা কোন মতেই সমীচীন নয় যে, তারা ইঙ্গলামকে ছেড়ে অন্য কোন জীবন ব্যবস্থা গ্রহণ করবে। মুসলিম জাতি যেন সেই অতি প্রিয় ছাত্রটি, যে তার অতাবিত ধীশক্তি ও আল্লাহ্ প্রদন্ত প্রতিভা দ্বারা শিক্ষকের অতি প্রিয়জনে পরিণত হয়েছে, সে স্কুলে না গেলে শিক্ষক রাগানিত হন, তার খোঁজ খবর নেন এবং তাকে তার মর্যী মত যথায় তথায় ঘুরে বেড়াবার অনুমতি দেন না। অপর দিকে কারই সতীর্থ অলস, বোকা ও বখাটে ছেলেদের প্রতি শিক্ষক বড় একটা মনোযোগ দেন না; কিন্তু এই ছাত্রটি যখন কোন ভুল করে, কোন না কোনভাবে অন্যমনস্কতার পরিচয় দেয় তখন শিক্ষক তার উপর চটে যান, এমন কি সময় বিশেষে তাকে বকাবকি করতেও ছাডেন না।

বর্তমান পরিস্থিতিতে ইসলামী দেশসমূহ যেসব ভয়ভীতি ও দুর্ভাবনার সম্মুখীন তার প্রেক্ষাপটে একথা জাের দিয়ে বলা যায় যে, আরবরা একমাত্র ইসলামের ছত্রছায়ায়ই আশ্রয় নিতে পারে। তাদের নাজাত ও মুক্তির একমাত্র পথ হলাে, তারা বিশুদ্ধ অন্তঃকরণে ইসলামকে আপন করে নেবে, কপটতা ও দুমুখাে নীতি পরিহার করবে, আরাম প্রিয়তা, অশালীনতা, অভদ্রতা ও অস্থিরতার জীবন পরিত্যাগ করবে এবং আয়েশ—আরামের জিলেগী থেকে নিজেদের পৃথক করে নেবে। আরবরা যদি সমান ও মর্যাদার জীবন লাভ করতে চায়, যদি চায় আল্লাহ্র সাহায্যে ও সহানুভূতি তাহলে তাদেরকে ঠিক সেতাবেই জীবন—যাপন করতে হবে, যেতাবে জীবন—যাপন করে দায়িতৃশীল জাতি জরুরী অবস্থায়—যুদ্ধক্ষেত্রে কিংবা সীমান্ত ফাঁড়িতে—অথবা যেতাবে জীবন—যাপন করে একজন আত্মর্মাদাসম্পন্ন বীর মুজাহিদ শত্রুকে সামনে রেখে।

বজৃতাটি শ্রোতাদের কাছে সমাদর লাভ করে এবং তা আগাগোড়া রেকর্ড করে নেওয়া হয়। যখন আমরা আরবদ থেকে রওয়ানা হচ্ছিলাম তখন ঘরে, বান্ধারে–সর্বত্রই এই রেকর্ড করা বজৃতা শ্রুতিগোচর হচ্ছিলো।

ইসলামী মুজাহিদ আবদুলাহ আত্তাল এর ইন্তিকাল

আমরা আমানে প্রবেশ করছিলাম, এমন সময় বিশিষ্ট ইসলামী পথ প্রদর্শক, মর্দে মুজাহিদ জেনারেল আবদুল্লাহ্ আত্তাল – এর আকম্মিক ইন্তিকালের খবর পাই। ১৯৫১ইং সনে কায়রোর উন্তাদ মুহাম্মদ আলী আত্-তাহির – এর বাসভবনে তাঁর সাথে আমার সর্বপ্রথম সাক্ষাৎ হয়। ফিলিন্তিনী ফুন্টে তিনি যে সংগ্রামী ভূমিকা পালন করেছিলেন, যে সেনানায়ক সুলভ দৃঢ় তা ও বীরত্বের পরিচয় দিয়েছিলেন, তা আমি তখনই বিস্তারিতভাবে জানতে পেরেছিলাম। তিনি শুধুমাত্র একজন সমরবিদ ছিলেন না, একজন নামকরা গ্রন্থকারও ছিলেন।

তার ওফাতের খবর পেয়ে আমরা অত্যন্ত মর্মাহত হই। আমি মনে করি মরহুমের কৃতিত্বপূর্ণ কর্মকাণ্ড এবং ইসলামে ও স্বদেশের জন্য ত্যাগ স্বীকারের স্বীকৃতিস্বরূপ তার পরিবার-পরিজনের প্রতি সমবেদনা জানানোর জন্য তখন তখনই তাঁর বাসভবনে আমাদের যাওয়া উচিত। আমরা বাস্তবেও তাই করি সংগে সংগে তার বাসভবনে যাই, কৃতিত্বপূর্ণ অবদান সম্পর্কে আলাপ— আলোচনা করি এবং তার রূহের মাগফিরাত কামনা করি।

খেলাধূলা ও চিত্তবিনোদন কেন্দ্ৰ

তারপর আমরা আমানে ফিরে আসি। এদিক–সেদিক যাওয়ার সময় আমরা প্রতিবারই 'মাদীনাতুল মালাহী' এর নিকট দিয়ে যেতাম, যা রাজধানীর উপকঠে অবস্থিত । এমন সংকটজনক মুহুর্তে, যখন জাতি জীবন–মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে, 'মাদীনাতুল-মালাহী' এর অস্তিত্ব আমাদের কাছে বিশায়করই ঠেকলো। আমরা জানতে পারলাম, এই শহরে এমন সাতটি সুইমিং পুল আছে, যেখানে স্ত্রী–পুরুষের অবাধ মেলামেশার সুযোগ রয়েছে। এর মধ্যে একটি আছে 'ফনদকে' আমান–এ, যেখানে আমরা অবস্থান করছিলাম। শহরে প্রেক্ষাগৃহ, ক্লাব এবং অবাধ মিলন কেন্দ্রের সংখ্যাও অনেক। যেখানে সমগ্র দেশ এমন এক অগ্নিকুণ্ডের কিনারে দাঁড়িয়ে আছে যে অগ্নিকুণ্ড যে কোন মুহুর্তে ফেটে পড়তে পারে–সেখানে এ ধরনের অশালীন চিন্তবিনোদন ব্যবস্থার কোন যৌক্তিকতা অন্ততঃ আমরা খুঁজে পাইনি।

আমরা জানতে পারলাম, এই লজ্জাকর পরিবেশ-যা ইসলামের সরল, সহজ ও ভদ্র মিয়াজের সম্পূর্ণ প্রতিকূল – গড়া ও বহাল রাখার জন্য বহিঃশক্তিসমূহ প্রচুর সাহায্য—সহায়তা করছে। ইসলামী দেশসমূহের দূরবস্থা এবং চরিত্রিক ও আধ্যাত্মিক দেউলিপনা প্রত্যক্ষ করার পর আমরা এই সিদ্ধান্তে উপনীত হই যে, এগুলোর জন্য বেশীর ভাগ ক্ষেত্রে আমেরিকাই দায়ী। আমেরিকা চায়, এই সমস্ত দেশ নৈতিক ও চারিত্রিক ক্ষেত্রে গোলক ধাঁ—ধাঁয় পড়ে থাক; এরূপ হলে ফল দাঁড়াবে এই যে, কখনো এরা নিজেদের পায়ে দাঁড়াবার মত নৈতিক বলের অধিকারী হতে পারবে না, বরং চিরদিনই অন্যের সাহায্যের মুখাপেক্ষী হয়ে থাকবে এবং ইসরাঈলের সাথে মুকাবিলা করারও দুঃসাহস (?) পাবে না। আমেরিকার এই পলিসির সাথে তথু আমেরিকার নয় বরং ভেটিকান সিটি তথা সমগ্র খ্রীস্টান বিশ্বের যোগসাজস রয়েছে।

আসহাবে কাহফের গুহায়

১৮ই আগস্ট ১৯৭৩ ইং শনিবার আমরা আসহাবে কাহুফের গুহা দেখতে যাই, যা আমানের একটি বস্তিতে অবস্থিত। আমাদের পথ প্রদর্শক (GUIDE) ছিলেন বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ জর্দানের পুরাতত্ত্ববিভাগের পরিচালক উস্তাদ 'তাওফীক ওফাছজানী। তাঁর দৃঢ় বিশ্বাস, আসহাবে কাহ্ফ যাদের কাহিনী কুরুআনে সূরা কাহুফে, খ্রীস্টানদের ধর্মীয় গ্রন্থে এবং ইতিহাস ও প্রবাদ বাক্যে উল্লেখিত হয়েছে– যে গুহায় আশ্রয় নিয়েছিলেন তা এই গুহাই। আমি আমার 'মুআর রাকা-ই ঈমান ও রাদ্দিয়াত' –এবং ' সুরা কাহফ কা মুতালাআ', শীর্ষক গ্রন্থাদিতে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছি এবং আমি বেশীর ভাগ গ্রন্থকারের সেই ধারণাকে সঠিক বলে মনে করেছি, যে ধারণা মতে, এই ঘটনা 'আফসুস' বা 'আফসীস' নামক শহরে সংঘটিত হয়েছিল। আফসৃস বা আফসীস, আযমীর থেকে ৬০ কিলোমিটার দূরে কাসীতারা নদীর দক্ষিণ তীরবর্তী আনাতুলিআয় অবস্থিত বারটি আইয়্বী শহরের অন্যতম। এই শহরটি এখন তুরক্ষের অধীন এবং তারসূম নামে খ্যাত। আর যে গুহায় আসহাবে কাহ্ফ আশ্রয় নিয়েছিল তা ছিল এই শহরেরই উপকঠের একটি পাহাড়ে। পাহাড়টির নাম এনচিলিস্ (ANCHILIS), কিন্তু উস্তাদ তাওফীক একথার উপর জোর দিচ্ছিলেন যে, আসহাবে কাহফের গুহা এই কাহফুর রাজীবই, যা দেখতে আমরা গিয়েছিলাম। অবশ্য একথার সমর্থনে তাঁর কাছে এমন অনেক যুক্তিপ্রমাণ

রয়েছে, যেগুলোর ঐতিহাসিক শুরুত্ব অস্বীকার করা যায় না। তিনি তাঁর 'ই কতেশাফূ কাহ্ফি আহ্লিল্ কাহ্ফ্' শীর্ষক গ্রন্থে বিস্তারিত ভাবে এই সমস্ত দলীলের বিবরণ দিয়েছেন। তিনি আমাকে ঐ গ্রন্থের একটি কপি উপহার দেন। উস্তাদ তাওফীক আমাদেরকে গুহার কাছে নিয়ে যান এবং এমন অনেক নিদর্শন ও চিহ্নাদির প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন যার দ্বারা প্রমাণিত হয় যে, এটাই সেই জায়গা যার সাথে কুরআনে বর্ণিত জায়গার মিল রয়েছে। আমি তাঁকে প্রতিশ্রুতি দিই যে, আমি আমার গ্রন্থের উপর পুনরায় চোখ বুলাবো এবং তাঁর কাছ থেকে এ সম্পর্কিত যে সব তথ্য ও তত্ত্বাদি লাভ করেছি তা থেকে উপকৃত হওয়ার চেষ্টা করবো। সত্যের উপর ইজারাদারী বা সত্যকে নিয়ে একগুয়েমি চলে না। জ্ঞান-বিজ্ঞানে চিরদিনই পরিবর্তন-পরিবর্ধন হতে থাকে। 'কাহ্ফুর রাজীব' আম্মান থেকে দক্ষিণ-পূর্ব দিকে আট কিলোমিটার দূরে অবস্থিত। উস্তাদ তাওফীক-এর উক্তি অনুযায়ী মুকাদ্দাসী, ইয়াকৃত, সাইহ হারভী, বেরুনী প্রমুখ এ মতই পোষণ করেন। এতে কোন সন্দেহ নেই যে, উস্তাদ তাওফীকের হাতে যে মূল্যবান তথ্যাদি রয়েছে সেগুলোর সদ্ববহার করতে হবে, মর্যাদা দিতে হবে এবং তা থেকে উপকৃত হওয়ারও চেষ্টা করতে হবে।

একটি গুরুত্বপূর্ণ আলোচনা বৈঠক

আজ (১৮ই আগস্ট) আমাদের একটি আলোচনায় যোগদানের কথা। প্রতিনিধিদলের আগমনকে কেন্দ্র করেই বৈঠকটির আয়োজন করা হয়েছে। এটা ছিল এই সফরের মোটামুটি নির্যাস। বৈঠকটি অনুষ্ঠিত হয় সন্ধ্যা সাড়ে পাঁচটায়, কুল্লিয়াতুল আলমিয়াতুল ইসলামিয়া হলো তাতে অধ্যাপকবৃন্দ, উচ্চ শিক্ষিত ব্যক্তিবৃন্দ এবং ইসলামী সংস্কৃতির প্রতি আগ্রহী নাগরিকবৃন্দ উপস্থিত ছিলেন। উস্তাদ মুহামদ ইবরাহীম শাকরাহ অত্যন্ত যোগ্যতার সাথে এবং স্কৃতিবে অনুষ্ঠানটি পরিচালনা করেন। এই লেখক, উস্তাদ আহমদ মুহামদ জ্ঞামাল এবং উস্তাদ কার্মিল আশ্ শরীফ বিশেষ অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্য বিষয় ছিল 'বর্তমান সমাজে মুসলিম যুবশ্রেণীর ভূমিকা'। অনুষ্ঠান–পরিচালনাকারী কর্তৃক এ বিষয়ের উপর উত্থাপিত প্রশাদি এবং এই লেখক কর্তৃক প্রদন্ত তার জ্বাবসমূহ নিম্নে দেওয়া গেল।

যুব শ্রেণীর অস্থিরতার কারণ এবং তার প্রতিকার

অনুষ্ঠানে উস্তায মুহামদ ইবরাহীম শাকরাহ উদ্বোধনী ভাষণ দেন। যুব শ্রেণীর বর্তমান অবস্থা কি এবং তাদের অস্থিরতার কারণই বা কি সে সম্পর্কে উস্তাদ শাকরাহ বিস্তারিত আলোচনা করেন। সমগ্র ইসলামী বিশ্বে যে সমস্ত শক্তি ও মতামত কান্ধ করছে সে সম্পর্কে আলোচনা–পর্যালোচনা করার পর উস্তাদ প্রশ্ন করেন, আজ সমগ্র বিশ্ব আকীদা, চিন্তাধারা, কান্ধকর্ম তথা সর্বক্ষেত্রেই এক মারাত্মক অস্থিরতার মধ্যে রয়েছে। এই অস্থিরতা আমাদের দেশের মুসলিম যুবশ্রেণীর মধ্যে বিশেষতাবে পরিলক্ষিত হচ্ছে। অতএব সর্বপ্রথম আমাদের জানা উচিত, কি সেই কারণ যার ফলে এই অস্থিরতার সৃষ্টি হয়েছে বা এই অস্থিরতা আমাদের সমাজে শিকড় গাড়তে সক্ষম হয়েছে।

আমার জবাব, – যা সংগে রেকর্ড করা হয়, কিঞ্চিৎ পরিবর্তন– পরিবর্ধনসহ ছিল নিম্নব্রাপ –

'আমি অত্যন্ত ভাগ্যবান যে, আপনারা এই শিক্ষামূলক আলোচনায় আমার উপর আস্থা রেখেছেন এবং আমার ও আমার সংগীদের কাছে এই প্রশ্নের জবার চেয়েছেন। এতে কোন সন্দেহ নেই যে, প্রশ্নটি বর্তমান পরিস্থিতির দর্পণস্বরূপ এবং যে অবস্থার মধ্য দিয়ে আমরা দিন গুজরান করছি তার সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত। বন্ধুগণ, আমি অতি স্পষ্টভাষায় বলতে চাই যে, আমি প্রকৃতই বিস্মিত হতাম, যাদি মুসলিম যুবক অস্থিরতার শিকারে পরিণত না হত, যা আপনারা নিজ চোখে দেখছেন, নিজ কানে তনছেন এবং নিজ অন্তরে অনুভব করছেন। গাছ ফল দেবে, এতে দোষারোপ বা তিরস্কারের কি কারণ থাকতে পারে বলুন ? হতে পারে মালী কোন চারাই লাগাবে না; কিন্তু সে যদি একটি চারা লাগায়, সেটাকে দেখাশুনা করে, সময়মত তাকে সজীব সতেজ রাখার জন্য পরিশ্রম করে, প্রখর রৌদ্রতাপ ও ঝড়বৃষ্টি সহ্য করে এই আশায় যে, গাছটি একদিন বড় হবে এবং তাতে ফল ধরবে – তাহলে এটা অত্যন্ত অস্বাভাবিক কথা হবে যে, গাছটি যখন চিরাচরিত নিয়মে ফল দিতে থাকবে ত্থন মালী তা অপসন্দ করবে এবং এজন্য গাছের নিন্দা করবে, তাকে গালিগালাজ করবে। কেননা যখন থেকে প্রকৃতি অস্তিত্ব লাভ করেছে, যখন থেকে গাছের উদ্ভব হয়েছে তখন থেকেই তার স্বভাব বা প্রকৃতিতে

কোন পরিবর্তন হয় নি। যায়তূন বৃক্ষ বরাবরই যায়তূন ফল দিয়ে আসছে এবং আনার বৃক্ষ, আনার-এতে কখনো অন্যথা হয় নি এবং ভবিষ্যতেও হবার সম্ভাবনা নেই।

এই অস্থিরতা, যার মধ্যে বিশ্বের যুবসমাজ বিশেষ করে মুসলিম যুব সমাজ আজ বন্দী, তার প্রধান কারণ হলো শিক্ষা, প্রশিক্ষণ ও প্রচারের বৈপরিত্য। যুবকরা উত্তরাধিকার সূত্রে একটি দর্শন পেয়েছে ; কিন্তু তার পরিবেশ অন্য দর্শন পেশ করছে, আর উলামায়ে দ্বীন অপর আর একটি দর্শনের তালীম দিচ্ছেন। এই পরস্পর বৈপরিত্য, মতবিরোধ আর মত পার্থক্য এক সাথে চড়ে বসেছে যুবকদের উপর–যে কারণে তারা আজ বিপর্যন্ত, দিশেহরা এবং কিংকর্তব্যবিমৃত। ধরুন, শিষ্ঠ একটি মুসলিম বংশ ও মুসলিম পরিবারে জনা নিল, যার ফলে সে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে ইসলামী আকায়েদ দারা প্রভাবিত হলো, তারপর সে এমন একটি ধর্মীয় পরিবেশে – যেখানে ইসলামী নীতিমালা অনুসরণ করা হয়-বর্ধিত ও প্রতিপালিত হলো এবং আল্লাহ্ তাওফীক দিলে কিছু ইসলামী ইতিহাসও অধ্যয়ন করলো, এরপর তাকে হাঁকিয়ে দেওয়া হল (আমার, এই শব্দ ব্যবহারে অপরাধ মার্জনীয়। কেননা সন্তান তখন অল্প বয়স্কা থাকে এবং তার কোন ইখতিয়ারই থাকে না।) এমন এক জায়গায় যেখানে সে তার শিক্ষকদের কাছ থেকে-যাদেরকে সে সমান করে, সমীহ করে, কেননা তারা ज्यत्नक विषया भारतम्भी ७ विरमस्छ - এमन जव कथा छत्न, या वे जमरु চিন্তাধারা ও ধ্যান-ধারণার বিপরীত, যা অতীতের ইসলামী শিক্ষা ও প্রশিক্ষণের প্রভাবে তার মন–মস্তিষ্কে বদ্ধমূল হয়েছে এবং সর্বত্র সে এমন সব জিনিষ দেখে ও শুনে যা অতীতের সবকিছুকে অস্বীকার করে–অস্বীকার না করলেও অন্ততঃ অবজ্ঞা করে। এমতাবস্থায় সে এক ভয়ানক ধরনের ক্লান্তিকর ও দুটানা অবস্থায় পতিত হয় এবং এক দারুণ অস্থিরতা তাকে পেয়ে বসে, যা কোন অলৌকিক ঘটনা না ঘটলে দূর হ্বার কোন উপায় নেই। প্রকৃত ব্যাপার হলো, যে পরিবেশে আমরা জীবন-যাপন করছি, সেখানে এই মানসিক অস্থিরতা ও টানা পোড়ন থেকে নিস্তার পাওয়াটা একটা অলৌকিক ব্যাপার ছাড়া কিছু নয়। এরূপ অসম্ভিকর অবস্থা যুদ্ধক্ষেত্রেও দেখা দেয়, তবে যুদ্ধ চলে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত এবং প্রায় ক্ষেত্রেই তা তাড়াতাড়ি শেষ হয়ে যায়। কিন্তু এই যে মানসিক দুদু ও দু' টানা অবস্থা, তা সর্বদাই চলতে

থাকে মাসন্ধিদে, মাদ্রাসায়, ঘরে, বাইরে সর্বত্রই থাকে এর দাপট, কোথাও শান্তি বা স্বস্তি বলে কোন জিনিষের অস্তিত্ব থাকে না।

এই ভয়ংকর, বিরক্তিকর ও সর্বনাশা অবস্থার উৎস হচ্ছে তথ্য ও সংবাদ সরবরাহ সংস্থাসমূহ এবং বেতার ও টেলিভিশন। আমাদের রাতদিন ঐ সমস্ত প্রোগ্রাম দেখে ও ওনে, যা তাদের প্রাচীন ঐতিহ্যের মূলে অনবরতঃ কুঠারাঘাত করতে থাকে, তাদের মন-মস্তিষ্কে বিদ্রোহ ও মানসিক অশান্তির সৃষ্টি করে। প্রেস কিংবা সাংবাদিকতা যা অনেক লোকের কাছে হিজ ম্যাজেস্টি (HIS MAJESTY)-এর চাইতে কম নয়। আমাদের যুবকদেরকে সকালে, দুপুরে, এমন কি প্রভাষে যখন তাদের কুরআন অধ্যয়ন করার কথা-এমন খোরাক পরিবেশন করে যা তাদের সামাজিক ও ধর্মীয় স্বাস্থ্যের পক্ষে যারপরনাই ক্ষতিকর। পত্র-পত্রিকায় ও টেলিভিশনে সর্বপ্রথম যে জিনিষটি তাদের নজরে পড়ে তা হলো কোন স্ত্রী লোকের উলগে ছবি অথবা শালীনতা– বর্জিত কোন প্রবন্ধ বা ফিচার। তাই প্রথম পদক্ষেপেই সে ভবা–সন্দেহের সমুখীন হয়, যার ফলে তার ঈমানই নড়বড়ে হতে থাকে। আমাদের যুবকরা এমন সব বই পুস্তক পড়ে যার দারা প্রত্যেকটি বাজার ভর্তি হয়ে আছে যাতে সুকৌশলে ও অতি আকর্ষণীয়ভাবে এমন সব কথা ঢুকিয়ে দেওয়া হয়, যা তাদের ঈমান ও নৈতিকতাকে ধ্বংস করে, ধর্ম সম্পর্কে তাদের অন্তরে সন্দেহের সৃষ্টি করে, যে সভ্যতা–সংস্কৃতি ও আদর্শের মাধ্যমে তাদের পূর্ব পুরুষরা একদিন বিশ্বের সর্বশ্রেষ্ঠ জাতি হিসাবে খ্যাতি অর্জন করেছিলেন সেগুলো সম্পর্কে তাদের অন্তরে ভুল বুঝাবুঝির সৃষ্টি করে এবং ক্রমেক্রমে তারা এমন অবস্থায় গিয়ে পৌছে যে, নিজেদের মহান পূর্ব-পুরুষদের সমালোচনায়–যাদের প্রতি তাদের চিরকৃতজ্ঞ পাকারই কথা–মুখর হয়ে উঠে। আজি আমাদের যুবকরা তাদের পরিবেশে যা দেখছে, যা পাচ্ছে এবং যা অনুভব করছে তাতে অভিজ্ঞ, দৃঢ় প্রতিজ্ঞ ও দ্রদর্শিতা সম্পন্ন লোকেরই মাথা খারাপ হয়ে যাওয়ার কথা, জতএব এ কারণে তাদের কচি মনমস্তিকে যদি বিকারের সৃষ্টি হয় তবে সে জন্য তাদেরকে একচেটিয়াভাবে দোষী করা চলে ना।

আজ আমাদের যুবকদের অবস্থা সেই গাড়িয়ালের মত, যার গাড়ী টানছে দুর্ণ টি শক্তিশালী ঘোড়া, কিন্তু একটি টানছে সামনের দিকে, তো অন্যটি ঠিক পিছনের দিকে। এই গাড়িয়ালের যে অবস্থা, আমাদের যুবকদেরও ঠিক সেই

অবস্থা। তারা আজ্ব দুটানা অবস্থায় পড়ে বিশ্বিত, বিপর্যন্ত ও হতভম্ব, কোন দিকে যাবে কোথায় যাবে, তা ঠাহর করতে পারছে না।

আরব রাষ্ট্রসমূহের নেতৃত্ব ও কর্তৃত্বে যারা ছিলেন, এবং অন্ততঃপক্ষে গত পঞ্চাশ বছর থেকে যে সাহিত্যিক উপাদান আমাদের সামনে আসছে তাতে এই নবীরা তো দূরের কথা, আমাদের প্রবীণদেরই মাথা খারাপ হওয়ার যোগাড়।এই সমস্ত বই পুস্তকে যে ঐশ্বর্য,যে খ্যাতি ও যে রাজনৈতিক নেতৃত্বের সন্তা শ্লোগান ধ্বনিত—প্রতিধ্বনিত হয়েছে তাতে আমাদের যুবকরা পথের দিশা পাওয়ার চাইতে পথ হারিয়েছে বেশী। নিজেদের উপর এবং নিজেদের জাতির উপর আস্থাশীল হওয়ার চাইতে সন্দিহানই হয়েছে বেশী। তাদের হৃদয়ে ও মনমগজে ফলবান বৃক্ষের নামে বিষবৃক্ষের বীজ বপন করা হয়েছে এবং তা সয়ত্বে লালন—পালনও করা হছে। এগুলোই হছে আমাদের যুবকদের অস্থিরতার মূল কারণ।"

এবার উস্তাদের দ্বিতীয় প্রশ্ন, 'যুব সমাজের এই অস্থিরতার প্রতিকার কি'? আমার উত্তর-

"আমার মতে, এই ধ্বংসকর অবস্থা থেকে যুব সমাজকে রক্ষা করতে হলে আমাদের প্রথম পদক্ষেপ হবে, শিক্ষা ব্যবস্থার মধ্যে যে অদ্ভূত বৈপরিত্য ও দু' টানা অবস্থা বিরাজ করছে তা অবিলম্বে দূর করা। আপনাদের সামনে এই পরিস্থিতির ব্যাখ্যা দান নিষ্প্রয়োজন বলেই আমি মনে করি। কেননা আপনারা সকলেই জানেন যে, বর্তমানে শিক্ষা ব্যবস্থা দু'টি ব্লকে বিভক্ত হয়ে পড়েছে। একটি ধর্মীয় এবং অপরটি অধর্মীয় বা ধর্ম নিরপেক্ষ। অন্য কথায় বলতে গেলে, একটি প্রাচীন বা নৈতিকতা পন্থী এবং অপরটি নবীন বা নৈতিকতা-বিবর্জিত আধুনিক পন্থী। শিক্ষা ব্যবস্থার এই দুমুখো অবস্থা এবং বৈপরিত্যই আমাদের যুবকদের অস্থিরতার বড় কারণ। অতএব যদি এই অস্থিরতা দূর করতে হয় তাহলে সর্বপ্রথম শিক্ষার উদ্দেশ্য ও শিক্ষার পাঠক্রমের মধ্যে সামঞ্জস্য বিধান করতে হবে। যেমন আমি বলেছি, আমাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে আজ যত বৈপরিত্য–একটি পদ্ধতি যা প্রমাণ করে অন্য পদ্ধতি তা বাতিল করে দেয়। এই প্রেক্ষিতে আমাদের সর্বপ্রথম সংগ্রামী পদক্ষেপ হবে, বিভিন্ন শিক্ষাপদ্ধতির মধ্যে সমঝোতা বিধান করা। শিক্ষার মধ্যে প্রাচীন, আধুনিক, ধর্মীয় নিরপেক্ষ, প্রাচ্য দেশীয় বা পাশ্চাত্য দেশীয় বলে কোন কথা নেই, শিক্ষাকে শ্রেণী-বিন্যাস বা ভাগ-বন্টন করা

চলে না। যদি এর মধ্যে কোন ভাগ-বন্টন হয় তবে তা হবে তার লক্ষ্য ও উপদানের প্রেক্ষিতে। আর এই উপদানরাজির মধ্যে এমন ঐক্য থাকতে হবে যাতে এর সব কয়টিই মূল লক্ষ্য অর্জনে শিক্ষার্থীকে সহায়তা করে।

এরপর ঐ পরস্পর বিরোধিতা দূর করতে হবে, যাকে শ্রীজাত ও কুরআনের ভাষায় 'নিফাক বলা হয়। আমার মতে, সামঞ্জস্য বিধানের অর্থ এই নয় যে, এক দেশের শিক্ষা ব্যবস্থার সাথে অন্য দেশের শিক্ষা ব্যবস্থার সামঞ্জস্য বিধান করতে হবে এবং এর অর্থ, একই দেশের শিক্ষা ব্যবস্থার মধ্যে যে অসামঞ্জস্য রয়েছে তা দূর করতে হবে। এজন্য শিক্ষানীতিকে আগাগোড়া ঢেলে সাজাতে হবে এবং এমন শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে যা শক্ষ্য, উদ্দেশ্য ও প্রভাব বিস্তারের দিক দিয়ে এক ও একক। এজন্য প্রয়োজন একটি বিরাট বিপ্লবের-যে বিপ্লব হবে দুঃসাহসিকতাপূর্ণ ও সর্বব্যাপী। এজন্য দরকার এমন কিছু অভিজ্ঞ ও বৃদ্ধিদীপ্ত ব্যক্তিত্বের, যারা শিক্ষার পাঠক্রম সংশোধন করবেন, তাতে সংক্ষার সাধন করবেন। এজন্য স্বভাবতই বিরাট পরিকল্পনা তৈরী করতে হবে এবং ব্যাপকতর প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। ইসলামী রাষ্ট্রসমূহকে এবং ইসলামী একাডেমীসমূহকে এর পৃষ্ঠপোষকতায় এগিয়ে আসতে হবে। যদি আমরা শিক্ষাব্যবস্থা পরিবর্তনে সফল হই এবং আমাদের সমাজে ও পরিবেশে যে বৈপরিত্য ও মতদৈততা, রয়েছে তা নিরসনে সক্ষম হই তাহলে আশা করা যায়, আমাদের যুবকরা এই ধ্বংসকর অস্থিরতা ও শ্বাসরুদ্ধকর অস্থিরচিত্ততা থেকে মুক্তিলাভ করবে।"

এবার উস্তাদের অনুরোধ, 'অনুগ্রহপূর্বক বলুন ঐ সমস্ত সংস্থার মধ্যে যথায় সামঞ্জস্য বিধানের ক্ষেত্রে রাষ্ট্রকে কি ধরনের বাস্তব ভূমিকা পালন করতে হবে?' আমার উত্তর ছিল-

"এতে কোন সন্দেহ নেই যে, এই সব মারাত্মক প্রতিবন্ধকতা দূর করে সমাজের মধ্যে শান্তি ও স্বন্ধির জীবন প্রতিষ্ঠার ক্ষেত্রে রাষ্টের যথার্থ ভূমিকা পালন তথানি সম্ভব যথন রাষ্টের হাতে কোন পরিষ্কার মতাদর্শ থাকবে। আমি এখানে কোন নির্দিষ্ট রাষ্টের উল্লেখ করছি না, এখানে কাউকে কটাক্ষ করাও আমার উদ্দেশ্য নয়, বরং আমি একটি শিক্ষাগত বিষয়ের উপর আলোচনা করছি— আমি বলতে চাচ্ছি, সংশ্লিষ্ট রাষ্টের কাছে তার সেই ধর্মীয় মতাদর্শের পরিষ্কার ধারণা থাকতে হবে যার উপর সে বিশ্বাসী, ঐ সমস্ত লক্ষ্য সম্পর্কে তার স্বচ্ছ ধারণা থাকতে হবে, যাকে সে তার মূল লক্ষ্য হিসাবে নির্ধারণ

করেছে এবং সে চায় যে, এই লক্ষ্য অর্জিত হোক, সজীব হোক এবং ফলে—
ফুলে সুশোভিত হয়ে উঠুক। এটাকে আমরা ইসলামের পরিভাষায় ঈমান ও
আকীদা বলে থাকি। রাষ্ট্রের ঈমান ও বিশ্বাস পাকাপোক্ত ও সুদৃঢ় হতে হবে।
ইসলাম যে প্রকৃষ্টতা ও মহান লক্ষ্যের প্রতি আহ্বা জানায় সেটাকে 'জাবায়ত'
(লেনদেন)—এর ভিত্তিতে নয়, বরং 'হিদায়াত'—এর ভিত্তিতে অর্জন করতে
হবে।৬

এরপর প্রয়োজন আন্তরিকতা, দুঃসাহসিকতা ও ত্যাগ স্বীকারের। এই সব গুণাবলীই ইসলামী ব্যক্তিত্বসমূহের পরিস্কুটন, উন্নয়ন এবং তার জীবনের মূল লক্ষ্য অর্জনের অনুকূল পরিবেশ সৃষ্টিতে কার্যকর ভূমিকা পালন করে এবং পরিণামে তারা বিশ্বের আদর্শ জাতি ও শ্রেষ্ঠ মানব গোষ্ঠীতে পরিণত হয়।

তার শেষ প্রশ্ন উপস্থাপন করতে গিয়ে উপ্তাঁদ মুহাম্মদ ইবরাহীম শাকরাহ্ বলেন, 'এবার আমি উস্তাদ আবুল হাসানের কাছে আবেদন করছি, তিনি যেন তাঁর অভিজ্ঞতার আলোকে – যে অভিজ্ঞতার মধ্য দিয়ে তিনি তার যৌবন ও প্রৌঢ়ত্ব অতিক্রম করে বার্ধ্যক্যে উপনীত হয়েছেন—এই শেষ প্রস্তাবটি সম্পর্কে তার অভিমত ব্যক্ত করেন এবং এই সাথে সর্বশেষে আমাদের যুব সমাজকে তার মূল্যবান পরামর্শ ও উপদেশ দ্বারা উপকৃত করেন। আল্লাহ্ তা আলা উস্তাদকে দীর্ঘায়্ করুন—এই আমাদের আকুল প্রার্থনা।' আমি উন্তরে বলি, "অমি যুবকদের যোগ্যতা ও কর্মদক্ষতার ব্যাপারে নিরাশ নই। আমার দৃঢ় বিশ্বাস, আমাদের যুবকরা ইসলামী দাওয়াত ও ইসলামী ধ্যান—ধারণার ক্ষেত্রে কিছু করতে চাচ্ছে এবং সেই চিন্তার জগত সৃষ্টিতে প্রকৃত মুসলিম হিসাবেই নিজেদের নিয়োজিত করতে চাচ্ছে যার দিতীয় কোন নজীর এযাবত মানবেতিহাসে পরিলক্ষিত হয় নি।

বন্ধুগণ, যুবকদের মধ্যে বিভিন্ন স্তর ও বিভিন্ন শ্রেণী রয়েছে। চিন্তার ক্ষেত্রে তারা সবাই এক নয়। আমি এমন অনেক যুবক দেখেছি যারা নিজেদের দায়িত্ব পালনের জন্য অস্থির হয়ে উঠেছে এবং তাদের মধ্যে দায়িত্ব পালনের পরিপূর্ণ যোগ্যতাও রয়েছে। মুসলমানদের বর্তমান দুরবস্থার উপর তারা আন্তরিকভাবে দুঃখিত। এই যুবকরাই আমাদের বর্তমানে পুঁজি এবং ভবিষ্যতের আশা–ভরসা। সত্যি কথা বলতে গেলে, এই যুবকরাই পারে বর্তমান বাতিল চিন্তাধারার মোড় ঘুরিয়ে দিতে। আমি আমার জ্ঞান ও অভিজ্ঞতার উপর ভরসা করে আপনাদেরকে নিশ্চিত করে বলতে পারি,

বর্তমানে যুবকদের মধ্যে ইসলামী দাওয়াতের কাব্ধ করার বিস্তৃত ক্ষেত্র রয়েছে। তাদের মধ্যে যে অস্থিরতা দেখা যাচ্ছে তাই তাদের উনুতি ও প্রকৃষ্টতা অর্জন প্রচেষ্টার প্রথম পদক্ষেপ। আমাদের যুবকরা আজ হতাশাগ্রস্ত। পাশ্সত্য সভ্যতা তাদেরকে শান্তি ও স্বস্তিদানে পুরোপুরি ব্যর্থ হয়েছে। ফলে তাদের মধ্যে এমন এক শূন্যতার সৃষ্টি হয়েছে, যা পূরণ করা যায় নি এবং যাবেও না। যেমন উস্তাদ কামিল আশ্-শরীফ বলেছেন শুধুমাত্র ইসলামই এই শূন্যতা পূরণ করতে পারে। ইউরোপ আমাদের চিন্তা-চেতনা ও দেহমনে যে জিনিষের ছাপ সৃষ্টি করেছে সে জিনিষটি তথু পাশ্চাত্য সভ্যতার জন্যই ছিল নির্দিষ্ট যা তারা দীর্ঘপথ অতিক্রম করে এবং দীর্ঘ দিনের অভিজ্ঞতা দ্বারা সঞ্চয় করেছিল। কিন্তু অত্যন্ত আক্ষেপের বিষয়-আর এটাকে মানবজাতির দুর্ভাগ্য ছাড়া আর কি বলা যেতে পারে–যখন ইউরোপ চিন্তার জগতে নেতৃত্ব লাভ করল তখন তাদেরই চিন্তাধারা ঐসব জাতির মনমস্তিঞ্চেও ঢুকে পড়ল, যাদের সমাজে ও পরিবেশে ঐ চিন্তাধারার দূর দূরান্তের ও কোন সম্পর্ক বা অভিজ্ঞতা ছিল না। এটা ছিল সেই নির্দিষ্ট সমাজের অভিজ্ঞতা যাদের ধর্মের ছিল একটি জালাদা গতি এবং একটি পৃথক মিযাজ। ঐ সমাজে গীর্জা ও রাষ্ট্রের মধ্যে রেষারেষি দেখা দিয়েছিল, ধর্ম ও শিক্ষাব্যবস্থার মধ্যে বিরোধ দেখা দিয়েছিল। তাদের ধর্ম ও বিজ্ঞানের পরস্পর বিরোধিতা রক্তক্ষয়ী সংঘর্ষে পরিণত হয়েছিল-এসব ছিল ইউরোপীয়দের নিজম্ব অভিজ্ঞতা এসব অভিজ্ঞতা সম্পর্কে প্রাচ্য দেশসমূহ ছিল একেবারে অনবহিত। কিন্তু ভাগ্যের কী নির্মম পরিহাস, ইউরোপীয়রা সেসব অভিজ্ঞতা এবং তার কুপ্রভাব আকম্মিকভাবেই চাপিয়ে দিল প্রাচ্যবাসীদের উপর। 'ধর্ম ব্যক্তিগত ব্যাপার, 'ধর্ম ও রান্ধনীতি দু'টি পৃথক বস্তু' – ইত্যাকার দর্শনসমূহ ছিল পাশ্চাত্য জাতি– সমূহের নিজস্ব অভিজ্ঞতা প্রসূত বস্তু-যা বিশেষ অবস্থা, বিশেষ পরিবেশ এবং পাশ্সত্যের ধর্ম-ঈসাইয়ত'-এর বিশেষ মিযাজের প্রেক্ষিতে অস্তিত্ব লাভ করেছিল। কিন্তু এগুলোকেই প্রাচ্যের জাতিসমূহ কোন ভাবনা–চিন্তা ছাড়াই স্বাগত জানালো। অপরিণামদর্শিতা সৃষ্ট এই শূন্যতাই আজ আমাদের যুব সমাজের মধ্যে পরিদৃষ্ট হচ্ছে, তারা এই শূন্যতাকে ভালভাবে উপলব্ধি করতে পেরেছে। আজ আমাদের যুবকদের মধ্যে যে পথক্রষ্টতা, বাড়াবাড়ি ও একদেশদর্শিতা পরিলক্ষিত হয় তা তাদের এই উপলব্ধিরই ফলশ্রুতি। আমি এশিয়া ও প্রাচ্য দেশসমূহ সফরের অভিজ্ঞতা থেকে বলতে পারি, আমাদের

যুবকদের মধ্যে এই নতুন বিপ্লবের নেতৃত্বদান এবং চিন্তাজ্বগতের এই কঠিন সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার সব রকমের যোগ্যতাই রয়েছে।

কিন্তু মুশকিল হলো এই যে, আমাদের এবং আমাদের যুবকদের মধ্যে এক সাগর দূরত্ব বিরাজ করছে। আমরা তাদের সাথে সম্পর্ক রাখি না। আমরা তাদের সম্পর্কে শুধু ভ্রান্তধারণা পোষণ করি—তাদেরকে জানার এবং তাদের অবস্থা সম্পর্কে ওয়াকিফহাল হওয়ার কোন চেষ্টাই করি না। আজ আমাদের বুড়োদের, যুবকদের, প্রচারকদের এবং পাশ্চাত্য শিক্ষিতদের মধ্যে যে দূরত্ব বিরাজ করছে তা যদি কমিয়ে আনা যায় তাহলে আমাদের যুবকরা অবশ্যই নব বলে বলীয়ান হয়ে নতুন আন্দোলনে ঝাঁপিয়ে পড়বে এবং এটাকে সফল করেও ছাড়বে। কিন্তু এজন্য প্রয়েজন দূরদর্শিতার, ব্যাপক পরিকল্পনার এবং প্রচুর সাহিত্য সামগ্রীর। যুবকদের সাথে আলাপ—আলোচনা করার সময়, নতুন দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এজন্য দরকার হিকমাতের, কৌশলের—যেদিকে কুরআন আমাদের পথ নির্দেশ করেছে।

অর্থ ঃ "তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহবান কর হিক্মত (সুকৌশল) ও সদুপদেশ দারা এবং ওদের সাথে আলোচনা কর সদ্ভাবে।"-(১৬ ঃ ১২৫)

আর এজন্য দরকার শক্তিশালী, চিন্তাপ্রসু ও মুক্তাঝরা কলমের, দরকার মনের কথা প্রকাশের অদাধারণ ক্ষমতা, সাহিত্যিক মিষ্টি—মুখরতা, ভাষার সাবলীলতা ও যাদুকরী বর্ণনা শক্তির। এছাড়া যুবকদের অন্তর জয় করা যাবে না, তাদের মনমগজ্ঞও প্রভাবিত করা যাবে না।

আমার জত্যন্ত আক্ষেপ হয় যখন দেখি, আমাদের কোন কোন শ্রদ্ধেয় আলিম তাষা ও সাহিত্য চর্চাকে অনাবশ্যক জিনিষ বলে মনে করেন। তারা মনে করেন, এগুলো মানুষকে তার আসল কর্তব্য ও দাযিত্ব থেকে বিরত রাখে অথচ আমরা পরিষ্কার দেখতে পাই যে, খোদ কুরআনও এই জিনিষটির উপর শুরুত্ব আরোপ করেছে। আমরা স্বাই বিশ্বাস করি যে, আল্লাহ্ তা আলা জভাবশূন্য, তিনি কারো মুখাপেক্ষী নন– অথচ আমরা দেখি যে, তিনি কুরআনকে আকর্ষণীয় বর্ণনাভঙ্গি সম্পন্ন বা 'আরবী উম্ মুবীন' গ্রন্থ রূপে নাযিল করেছেন এবং খোদ কুরআনেরই একাধিক জায়গা একথার স্পষ্ট উল্লেখ রয়েছে। কুরআনে বলা হয়েছে – .

অর্থ ঃ "জিবরাঈল ফিরিশতা এটা অবতীর্ণ করেছে তোমার হৃদয়ে, সুস্পষ্ট আরবী ভাষায়, যাতে সতর্ককারী হতে পারো।"-(২৬ ঃ ১৯৩-১৯৫) আরো বলা হয়েছে –

অর্থ ঃ "কুরআন, এটা আমি অবতীর্ণ করেছে আরবী ভাষায় যাতে তোমরা বুঝতে পার।"—(১২ ঃ ২)

এদ্বারা স্পষ্টভাবে প্রমাণিত হচ্ছে যে, ভাষার সাবলীলতা এবং আকর্ষণীয় বর্ণনাভঙ্গি অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিষ। আর যখন আমরা দাওয়াত, তাজদীদ ও ধর্ম সংস্থারের ইতিহাস অধ্যয়ন করি তখনও দেখতে পাই যে ঐ সমস্ত মহান ব্যক্তি, যারা নিষ্ঠার সাথে আল্লাহুর সাথে সম্বন্ধ স্থাপনের ক্ষেত্রে উনুতির শীর্ষে আরোহণ করেছিলেন তারা কখনো এদিকটাকে অবজ্ঞা করেন নি বরং এর উপর গুরুত্ব আরোপ করেছেন। আমি এ প্রসংগে নবী (সা.)-এর দৃষ্টান্ত পেশ করছি না। কেননা এটা কে-না জানে যে, তাঁর ভাষা অত্যন্ত সুন্দর ও সাবলীল এবং তাঁর বর্ণনাভঙ্গি অত্যন্ত আকর্ষণীয় ও হৃদয়গ্রাহী ছিল ? হযরত আলী বিন আবী তালিব (রা.)–এর ভাষাও ছিল অত্যন্ত আকর্ষণীয় ও অলংকার সমৃদ্ধ। এভাবে যদি আমরা ইসলামী ইতিহাসের প্রথম থেকে শেষ পর্যন্ত প্রত্যেকটি শতাব্দীর উপর চোখ বুলাই তাহলে দেখতে পাব, যারাই ইসলামী দাওয়াত ও ইসলামী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেছিলেন তাদেরকে আন্ধাহ্ তা আলা স্পষ্ট বর্ণনাভঙ্গি এবং শ্রোতার মন আকৃষ্ট করার মত ভাষা প্রয়োগের ক্ষমতা দান করেছিলেন। প্রকৃত ব্যাপার এই যে, যখন আমি সাইয়িদুল আবদুল কাদির জিলানী (র.)-এর ভাষণসমূহ পড়ি তখন মুগ্ধ না হয়ে পারি না। যে ব্যক্তি সমগ্র বিশের এবং সর্বযুগে আপন যুহ্দ, তাকওয়া, আল্লাহ্ প্রেম কেনাআ'ত, অল্পেতৃষ্টি, ধৈর্য প্রভৃতি গুণাবলীর কারণে বিখ্যাত হয়ে

আছেন—আমরা দেখি, ইসলামী সাম্বজ্যের রাজধানী ও আব্বাসী থিলাফতের কেন্দ্রভূমি বাগদাদে, যেখানে হারীরী ইবনে জূযী ও সাবী জন্মগ্রহণ করেছেন, যেখানে ১৪.০০ শরীফর্র্যী, মৃতানাব্বী, আবৃ তামাম ও মাআরবী তাদের যাদুকরী ভাষার লীলাখেলা দেখিয়েছেন—সেখানেই তিনি আপন সমাজকে এমন সুমধুর ভঙ্গিতে ও সুন্দর ভাষায় সম্বোধন করছেন, যে সম্বোধন তাদের অন্তরের গভীরে প্রবেশ করছে এবং তাদের মন—মানসিকতায় সৃষ্টি করছে এক বিরাট আলোড়নের। তাঁর ঐ সমস্ত ভাষাণের প্রভাব এবং আকর্ষণ এখনো বাকী আছে। একারণেই সংকলনকারীরা চেষ্টা করেছেন হযরত জিলানীর ভাষাসমূহ হবহু নকল ও সংরক্ষণ করার। এরূপ করা না হলে নিশ্চয় এগুলো তাদের প্রভাব অনেকটা হারিয়ে ফেলত।

এসব কথা দারা সাহিত্য ও বর্ণনাভঙ্গির গুরুত্ব স্পষ্টভাবে প্রমাণিত হয়। অতএব আমরা যদি আমাদের যুবকদেরকে সঠিক ইসলামী তারবীয়ত ও প্রশিক্ষণ দিতে চাই তাহলে এজন্য আমাদেরকে সাহিত্য ও শিক্ষাগত অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হতে হবে, ঐ সমস্ত শর্ত পূরণ করতে হবে যা প্রতিটি স্থান ও প্রতিটি কালের জন্য অপরিহার্য ছিল এবং আজাে আছে। অর্থাৎ আমাদেরকে এমন এক সমৃদ্ধ ইসলামী সাহিত্য তৈরী করতে হবে, যা যুবকদের মন—মানসিকতা ও বােধগম্যতার নিকটবর্তী, যা তাদেরকে আকর্ষণ করবে এবং পড়ার জন্য তারা অধীর হয়ে উঠবে। যদি আমরা এই শর্তসমূহ পূরণ করি তাহলে আমার বিশ্বাস, আমাদের যুবকরা এই মতাদর্শের প্রতি তথ্ব আস্থাশীলই হবে না বরং এর প্রচার ও প্রসারের জন্যও যথাসম্ভব চেষ্টা করবে। এমনকি এজন্য নিজেদের প্রাণ উৎসর্গ করতেও দ্বিধা করবে না।"

সন্ধ্যায় প্রতিনিধিদল একটি নৈশভোজে যোগদান করেন যা আমানস্থ ভারপ্রাপ্ত রাষ্ট্রদৃত (চার্জ দ্য এফেয়ার্স) উস্তায মুহামদ মায়মাশ কর্তৃক প্রতিনিধিদলের সম্মানে দেওয়া হয়েছিল। ঐ নৈশভোজে বছ সংখ্যক উলামা, নেতৃস্থানীয় নাগরিকবৃদ্দ এবং রাজনৈতিক নেতৃবৃদ্দ উপস্থিত ছিলেন।

আস্থান থেকে কারক

সফর সাক্ষাৎকার এবং ঐতিহাসিক স্থানসমূহ দেখার দিক দিয়ে ১৯শে আগস্ট, ১৯৭৩,ইং রোববার ছিল আমাদের জর্দান সফরের ব্যস্ততম দিন।

সকাল সাড়ে ছয়টায় আমরা 'কারক'-এর উদ্দেশ্যে রওয়ানা হই। আওকাফ মন্ত্রণালয়ের সেক্রেটারী উস্তাদ আবদ্ খলফ আমাদের সাথে ছিলেন। তিনি ঐতিহাসিক নিদর্শনাদি ও স্থানসমূহ সম্পর্কে গভীর জ্ঞানের অধিকারী। তিনি সীরাত ও ইতিহাসের উপরও ব্যাপকভাবে পড়াঙ্খনা করেছেন। তিনি প্রায়ই ঐ সমস্ত জায়গায় ঘুরাফেরা করেন। কেননা তাঁর বাসস্থান ও এগুলোর সন্নিকটেই। বিখ্যাত প্রত্নুতত্ত্ববিদ উস্তায় রফীক ওফাদূজানী-এর (কাহফ সফর প্রসংগে যাঁর উল্লেখ করা হয়েছে। সাহচর্য লাভ করায় এই সফরে আমাদের ইতিহাসগত জ্ঞান অনেক বৃদ্ধি পেয়েছে। চিন্তবিনোদনের সাথে সাথে এই সমস্ত ঐতিহাসিক নিদর্শনাদি থেকে আমরা অনেক মৃল্যবান উপদেশ গ্রহণেরও সুযোগ পেয়েছি। এমন অনেক জিনিষই অন্ততঃ আমার কাছে পরিষার হয়ে গেছে, যা আমি সীরাত, ইতিহাস ও ভূগোলের বই পুস্তকে পড়েছিলাম বটে, তবে বিশেষজ্ঞ ব্যক্তিদের সাহচর্য ও পথ প্রদর্শন দ্বারা তা হাতে-কলমে বুঝা মোটেই সম্ভব ছিল না। এই সংক্ষিপ্ত সফরে আমি সেই জ্ঞান লাভ করতে পেরেছি যা পঞ্চাশটি বই পুস্তক পড়েও লাভ করা সম্ভব হত না। তাছাড়া ঐ স্থানসমূহ স্বচক্ষে দেখার পর অন্তরের মধ্যে যে আবেগ ও অনুভূতির সৃষ্টি হয় তা কোন বই-পুস্তক অধ্যয়নের মাধ্যমে হওয়াটা মোটেই সম্ভব নয়।

সৈন্যদের উদ্দেশ্যে বক্তৃতা

আমরা যখন আশানে ছিলাম তখন সর্বপ্রথম জর্দান রাষ্ট্রের সশস্ত্র বাহিনীর একটি সামরিক কেন্দ্র দেখতে যাই। সেখানে আমাকে অনুরোধ করা হয়, যেন আমি সেনা—ছাউনীতে অবস্থানকারী এবং একটি নাজুক ও গুরুত্বপূর্ণ সীমান্তে মোতায়েন ঐ সৈন্যদের উদ্দেশ্যে কিছু বলি। এই আগ্রহ প্রদর্শনের জন্য আমি ঐ এলাকার সেনানায়কদেরকে ধন্যবাদ জানাই। এটা আমার জীবনের প্রথম অভিজ্ঞতা যে, আমি একটি মহান মুসলিম রাষ্ট্রের সশস্ত্র বাহিনীর সাথে সাক্ষাত এবং উৎসর্গীকৃতপ্রাণ সেই মুজাহিদদের উদ্দেশ্যে বত্তৃতা করছি, যারা ইসলাম ও ইসলামী রাষ্ট্রের প্রতিরক্ষা ও ইসলামের পবিত্র স্থানসমূহ সংরক্ষণের জন্য এবং নিজেদের প্রতি আগত যে কোন বিপদাশংকার মুকাবিলায় নিজেদের সদা—প্রস্তুত রেখেছেন।

যথন সশস্ত্র জওয়ানরা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে ইসলামী পদ্ধতিতে আমাকে সালামী দিল –এবং আমি এই দৃশ্য আমার জীবনে এই প্রথমই দেখলাম–তখন আমার দেহে, ঈমান, দৃঢ়তা ও আনন্দের প্রোত বয়ে গেল, চোখে দেখা দিল আনন্দাশ্রু, সজীব হয়ে উঠল মন এবং মুখের ভাষা ফুটে উঠার আগেই যেন অন্তরের ভাষায় বলতে শুব্রু করলাম–

"আমি লালিত—পালিত হয়েছি জ্ঞান—অনুশীলনকারী এমন একটি ধর্মীয় পরিবেশে—যেখানে জ্ঞানী, চিন্তাবিদ ও লেখকদের সাথে উঠাবসা করার ও তাদের থেকে উপকৃত হওয়ার যথেষ্ট সুযোগ ছিল, আমি এমন অনেক বৈঠক ও মজ্ঞালিসে যোগদান করার সুযোগ পেয়েছি য়েখানে অনেক প্রখ্যাত আলিম ও বক্তারা সমাগম হত। কিন্তু আজ আমি যে বিশ্বস্ততা, বিনয় ও নমতা প্রত্যক্ষ করিছি, যে আনন্দ ও উৎসাহবোধ করিছি তা জীবনে কখনো করি নি। যদি আমার ইখতিয়ার চলত এবং এজন্য আমাকে অনুমতি দেওয়া হত—তাহলে আমি আপনাদের প্রত্যেকের হাতে চুমো খেতাম। কেননা আপনাদের হাত ইসলামের জন্যই উৎসর্গীকৃত। ইসলাম এবং মুসলমানদের হিফাজতের জন্যই তো আপনারা নিজেদের হাতে অস্ত্র তুলে নিয়েছেন। আল্লাহ্ তা'আলা বলেন,

لاَ يَشْتَوِى الْقَاعِدُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ غَيْرُ أُوْلِى الضَّرَرِ وَ الْمُجَاهِدُوْنَ فِيُ سَبِيْلِ اللهِ بِإِمُّوَالِهِمٌّ وَ اَنْفُسِهِمْ هَضَّلَ اللهُ الْمُجُهِدِيْنَ بِأَمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ عَلَى الْقَاعِدِيْنَ دَرَجَةً ٠

অর্থ ঃ "বিশ্বাসীদের মধ্যে যারা অক্ষম নয় অথচ ঘরে বসে থাকে ও যারা আল্লাহ্র পথে নিজেদের ধনপ্রাণ দারা জিহাদ করে আল্লাহ্ তাদেরকে, যারা ঘরে বসে থাকে তাদের উপর, মর্যাদা দিয়েছেন"–(৪ ঃ ৯৫)

আপনারা ইসলামী দেশসমূহের রক্ষক, মুসলমান দ্বীলোক ও শিশুদের মান—সন্মানের হিফাজতকারী এবং ঐ সমস্ত মাসজিদ ও শিক্ষায়তনের পবিক্রতা রক্ষাকারী যেখানে আল্লাহর ইবাদত করা হয়, আল্লাহুকে শ্বরণ করা হয়, ইসলামের প্রচার হয়, ইল্মের প্রসার হয়, ফারায়েয় ও সুনান্ শিক্ষা দেওয়া হয় - সর্বোপরি আত্মাকে পবিত্র করার এবং হাল-অবস্থাকে সংস্কার করার প্রশিক্ষণ দেওয়া হয়। ইসলামী সীমান্তসমূহের রক্ষক ও নিগাহ্বানগণ, যদি আপনারা ত্যাগ, উৎসর্গ, বীরত্ব ও বাহাদুরী না থাকত তাহলে মুয়ায্যিনদের পক্ষে 'আযান দেওয়া সম্ভব হত না, মুসল্লীদের পক্ষে আল্লাহ্র ঘরে ফর্য সালাত আদায় করা কঠিন হয়ে দাঁড়াত, দ্বীনী ইল্ম প্রচার এবং এই আমানতকে এক বংশ থেকে অন্য বংশে হস্তান্তরিত করার কোন কেন্দ্র থাকত না, বৃদ্ধ, মহিলা ও দুর্বলদের জন্য শান্তির নিদ্রা হারাম হয়ে যেত এবং বণিকদের জন্য ব্যবসা ও পেশাদারদের জন্য দেশ চালিয়ে যাওয়া মুশকিল হয়ে দাঁড়াত। প্রত্যেকটি ধর্মীয় নিদর্শন, প্রত্যেকটি জ্ঞানগত তথা জীবনের প্রত্যেকটি ক্ষেত্রেই আপনাদের ঋণ রয়েছে–চাই তা স্বীকার করুক অথবা না করুক। এ কারণেই রাস্লুল্লাহ্ (সা.) বলেছেন–

عينان لا تمسهما النار ، عمن بكت من خشية الله و عين باتت تحرس في سبيل الله .

অর্থ ঃ "জাহানামের আগুন দু'টি চোখকে স্পর্শ করতে পারবে না-একটি চোখ, যে আল্লাহ্র ভয়ে কেঁদেছে এবং অপর চোখ, যে আল্লাহ্র পথে পাহারা দিয়ে সারা রাত কাটিয়েছে।"

অন্য একটি বর্ণনায় আছে,

ما اغبرت قدما عبد في سبيل الله فتمسه النار

অর্থ ঃ "এমন হবে না যে, বান্দার দু'টি পদদ্ব আল্লাহ্র পথে ধৃলিধৃসরিত হয়েছে এবং সেগুলোকে দোযখের আগুন স্পর্শ করবে।"

অপর একটি বর্ণনায় আছে,

رباط يوم قى سبيل الله خير من الدنيا و ما عليها

অর্থ ঃ "আল্লাহ্র পথে একদিন পাহারা দেওয়া এবং সীমান্তের হিফাজত করা দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে হিফাজত করা, দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে তার চাইতে শ্রেষ্ঠ।"

অপর একটি বর্ণনায় আছে,

غدوة في سبيل الله او روحة خير من الدنيا و ما فيها

অর্থ ঃ "অল্লাহ্র পথে একটি প্রাতঃ–সফর কিংবা সান্ধ্য–সফর দুনিয়া ও দুনিয়ার মধ্যে যা কিছু **আছে** তার চাইতে শ্রেষ্ঠ।।"^{১০}

রাসূলুরাই (সা.) জিহাদকে ইসলামের 'শীর্ষভাগ" (সর্বাধিক মর্যাদা সম্পন্ন কাজ) আখ্যা দিয়েছেন। একটি সহীহ্ বর্ণনায় আছে, রাস্লুরাহ্ (সা.) মুআয ইবনে জাবালকে বলেছিলেন—

الا أداك برأس الامر و عموده و ذروة سنامه ، قلت بلي يا رسول الله قال

رأس الامر الاسلام بو عموده الصلواة و ذروة سنامه الجهاد -

অর্থ ঃ "আচ্ছা, আমি কি তোমাকে সর্বপ্রধান কর্মাদর্শ, তার স্তম্ভ ও শীর্ষবস্তু সম্পর্কে বলবাে? আমি (মু'আয়) বললাম, 'অবশ্য অবশ্যই বলুন।' তিনি (সা.) বললেন, সর্ব প্রধান কর্মাদর্শ হলো, ইসলাম, নামায হলো তার স্তম্ভ এবং জিহাদ তার শীর্ষবস্তু।"⁵⁵

আমি তাদের সামনে উপমহাদেশের জিহাদের ইতিহাস থেকে, হিজরী তেরশ' শতাব্দীর পতাকাবাহী এবং দাওয়াত ও ইসলামের সর্ববৃহৎ সংগ্রামের নায়ক হয়রত সাইয়িদ আহমদ শহীদের একটি ঘটনা বর্ণনা করি।

একদা মুজাহিদরা তাদের আমীর হযরত সাইয়িদ আহমদের নেতৃত্বে 'মায়ার' –এর যুদ্ধ থেকে বিজয়ী বেশে ফিরে আসেন। তখন তাদের চেহারা এমন ধূসরিত এবং পোশাক–পরিচ্ছদ এত ময়লাযুক্ত ছিল যে, তাদেরকে চেনাই যাচ্ছিলো না। এমতাবস্থায় সরদার বাহরাম একটি রুমাল দিয়ে আমীরের চেহারা থেকে ধূলা ঝাড়তে উদ্যত হলে হযরত সাইয়িদ আহমদ বলেন, 'পাঠান ভাই, একটু থামো, এটা হচ্ছে সেই ধূলা যার সম্পর্কে নবী (সা.) বলেছেন,

لا يجتمع غبار في سبيل الله و دخان جهنم

অর্থ ঃ "পথের ধূলা এবং জাহান্নামের ধূঁয়া একত্রিত হয় না।" > ২

আমাদের এখানে আসার এবং এই সমস্ত দুঃখ কষ্ট সহ্য করার উদ্দেশ্যই ছিল ধূলা লাভ করা। অতএব পাঠান ভাই, একটু ধৈর্য ধরো, এত তাড়াহড়ার প্রয়োজন নেই। অগত্যা মুজাহিদরা তাঁবু গাড়লেন, কিন্তু কেউ নিজের গায়ের ধূলা ঝাড়লেন না^{১৩} তারপর আমি দু' টি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সৈন্যদের দৃষ্টি আর্কর্ষণ করি। তারমধ্যে একটি হলো, নিয়াত বিশুদ্ধ হবে, উদ্দেশ্য হবে শুধু ইলা-ই-কালিমাত্লাহ্ (আল্লাহ্র দ্বীন প্রচার) ও আল্লাহ্র সন্তুষ্টি লাত। আমি তাদের সামনে এই বিখ্যাত হাদীসটি পেশ করি।

سئل رسول الله صلعم عن الرجل يقاتل شجاعة ويقاتل حمية ويقاتل الكون ويقاتل رسول الله صلعم من قاتل لتكون كلمة الله هي العلياء فهو في سببل الله -

অর্থ ঃ রসূলুরাই (সা.)—কে জিজ্ঞাসা করা হয়েছিল, 'এক ব্যক্তি বাহাদুরী দেখাবার জন্য যুদ্ধ করে, অপর ব্যক্তি ইয্যত ও আত্মসমান রক্ষার্থে যুদ্ধ করে এবং অপর আর একজন লোক—দেখানোর জন্য যুদ্ধ করে—তাদের মধ্যে কে আল্লাহ্র পথে প্রকৃত যোদ্ধা বলে বিবেচিত হবে?' রাসূলুলাই (সা.) উত্তরে বলেন, 'যে শুধুমাত্র এই উদ্দেশ্যে যুদ্ধ করে যে, আল্লাহ্র পথে প্রকৃত যোদ্ধা বলে বিবেচিত হবে।' ১৪

অপর যে জিনিষটির প্রতি আমি সৈন্যদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম তা হলো, এমন সব কাজকর্ম ও আচার—আচরণ থেকে দুরে থাকা যেগুলো আল্লাহ্ তা আলার অসন্ত্তির কারণে পরিণত হয় এবং থেগুলো তার সাহায্য আসার পথ বন্ধ করে দেয়। সাইয়িদিনা উমার ইবনে আবদুল আযীয (র.) তার এক সেনাপতিকে লিখেছিলেন, "তুমি শক্রর শক্তি, প্রতিপত্তি ও অন্ত্র—শন্ত্রকে তয় করো না বরং তয় কর গুনাহ্কে ও আল্লাহ্র অবাধ্যতাকে। কেননা আমার মতে, গুনাহ্ মানুষের জন্য শক্রর কৃটচালের চাইতেও ভয়ংকর। "স্প

এই বক্তৃতা শ্রোতাদের উপর খুব প্রতাব বিস্তার করে এবং সংগে সংগে তা রেকর্ড করে নেওয়া হয়। আমার মতে নিজ্ব নিজ্ব সশস্ত্র বাহিনীর মধ্যে ধর্মীয় অনুতৃতি সৃষ্টি করা, আল্লাহ্ ও আল্লাহ্র রাস্লের কাছে জিহাদের কি স্থান ও মর্যাদা, শাহাদতের কি ফ্যীলত ও প্রকৃষ্টতা এবং শহীদদের কি সওয়ার ও পুরদ্ধার রয়েছে তা তাদের সামনে বিস্তারিতভাবে তুলে ধরা—প্রত্যেকটি মুসলিম রাষ্ট্রের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। শক্তির এই বিরাট উৎসটিকে উপক্ষো করার ফলে ইসলাম ও মুসলমানরা যারপরনাই ক্ষতিগ্রস্থ

হয়েছে। এরই ফলে ইসলামী রাষ্ট্রসমূহ তাদের সামরিক ও প্রতিরক্ষামূলক শক্তি এবং গায়র ইসলামী রাষ্ট্রসমূহ, তাদের সামরিক ও প্রতিরক্ষামূলক শক্তির মধ্যে কোন পার্থক্য বাকি থাকে নি; অথচ পার্থিব ও ইসলামী রাষ্ট্রসমূহের মধ্যে পরিষ্কার পার্থক্য এই ছিল যে, মুসলমানরা যথন যুদ্ধ করত তখন তাদের পিছনে প্রেরণা যোগাত ঈমান, তারা প্রত্যাশা করত আল্লাহ্র কাছে তারই সন্ত্রেষ্টি ও পুরস্কারের এবং তারই উপর ভরসা করে নির্ভয়ে ঝাঁপিয়ে পড়ত শক্রর উপর এজন্যই আল্লাহ্ তা আলা মু মিনদেরকে সম্বোধন করে বলেন। ত ধি নির্কার বা কির্টা ক্রাটিকটো কার্টি ক্রাটিকটো কার্টিকটা ক্রাটিকটো কার্টিকটা ক্রাটিকটা ক্রাট

অর্থ ঃ "শক্রদলের সন্ধানে তোমরা কাতর হয়ো না। যদি তোমরা যন্ত্রণা পাও তবে তারাও তো তোমাদের মতই যন্ত্রণা পায় এবং আল্লাহ্র নিকট তোমরা যা আশা কর ওরা তা আশা করে না। আল্লাহ্ সর্বজ্ঞ প্রজ্ঞাময়।"

- (8 8 508)

আমার পর উস্তাদ মুহামদ আহমদ জামালের পালা আসে। উস্তাদ জামাল আয়াতে কুরআনীর যথায়থ নির্বাচন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা রাখেন। 'মতন' সহ অনেক হাদীসই তার মুখস্থ। সূত্রাং তিনি কুরআন ও হাদীসের আলোকে এমন পাভিত্যপূর্ণ ও আকর্ষণীয় বক্তৃতা দেন যে, শ্রোতা মাত্রেই তাকে বাহুবা জানায়।

নাস্তা করার পর আমরা যখন এই সামরিক কেন্দ্র থেকে বের হই তখন এক অনাবিল আনন্দ ও ইসলামী প্রেরণায় আমার অন্তর ছিল ভরপুর। আমরা কায়মনো বাক্যে দু'আ কর্ছিলাম যেন আল্লাহ্ তা' আলার গায়বী সাহায্য আমাদের এই ফৌজী ভাইদের চিরসাথী হয়।

শুহাদা—ই মূতার সমাধি ভূমিতে কিছুক্ষণ

আমরা এগিয়ে চললাম এবং কিছুক্ষণ পর 'মৃতা' নামক সেই স্থানে গিয়ে পৌছলাম যেখানে রাসূলুক্লাহ্র যুগেই একটি বিরাট ইসলামী যুদ্ধ সংঘটিত হয়েছিল। আমরা এই যুদ্ধের বিবরণী, ইসলামী সীরাত ও ইতিহাস গ্রন্থাদিতে

পড়েছি। এই সংঘর্ষে মুসলমানরা অভূতপূর্ব বীরত্ব ও বাহাদূরীর পরিচয় দিয়েছিলেন। মৃতা কারক থেকে দক্ষিণে বারো কিলোমিটার দুরত্বে অবস্থিত একটি প্রান্তর 🔑 এই যুদ্ধে মুসলিম বাহিনীর সংখ্যা ছিল তিন হাজার এবং রোমান ও ঈসায়ীদের সন্মিলিত বাহিনীর সংখ্যা ছিল দুই লক্ষ। হযরত যায়দ ইবনে হারিসা যে স্থানে শাহাদাত বরণ করেছিলেন তা এখন মাশহাদ নামে খ্যাত। হযরত যায়দের পর হযরত জাফর ইবনে আবৃ তালিব পতাকা তুলে ধরেন। শত্রুর তরবারির আঘাতে তার ডান হাত দেহ থেকে বিছিন্ন হয়ে পড়লে তিনি বামহাতে প্রতাকা উচিয়ে ধরেন। যখন বাম হাতটিও কেটে যায় তখন দুই বাহু দ্বারা তিনি কোন মতে পতাকাটি ধরে রেখে যুদ্ধ চালিয়ে যেতে থাকেন এবং শেষ পর্যন্ত শাহাদত বরণ করেন। এই বীরত্ব ও ত্যাগ-স্বীকারের কারণেই তিনি 'জাফর তাইয়ার' ও 'যুল্জানাহাইন' উপাধি লাভ করেন। তারপর হ্মরত আবদুল্লাহ্ ইবনে রাওয়াহা মুসলিম বাহিনীর পতাকা হাতে নেন এবং লড়তে লড়তে তিনিও শাহাদাত বরণ করেন। এরপর মুসলমানরা সর্বসন্মতিক্রমে হ্যরত খালিদ ইবনে ওয়ালীদের হাতে পতাকা তুলে দেয়। হযরত খালিদ অসাধারণ বীরত্ব ও দুঃসাহসিকতার সাথে লড়তে থাকেন। ধীরে ধীরে রাত ঘনিয়ে জাসে। তখন রোমানরা উত্তর দিকে এবং মুসলমানরা দক্ষিণ দিকে চলে যায়। পরবর্তী ভোর পর্যন্ত উভয় বাহিনীই যুদ্ধে ক্ষান্ত দেয়। এই অবসরে হযরত খালিদ একটি রণ–কৌশল অবলম্বন করেন এবং সে জনুযায়ী আপন বাহিনীর বেশ কিছু সৈন্যকে পিছনের দিকে একটি দীর্ঘ সারিতে মৃতায়েন করেন। পূর্ব পরিকল্পনা অনুযায়ী ভোর হওয়ার সাথে সাথেই সৈন্যরা বিরাট হৈ চৈ ওক করে। তখন শক্ররা মনে করে যে, নবী (সা.)-এর পক্ষ থেকে নতুন সাহায্য বাহিনী এসেছে। তারা প্রথম দিন মাত্র তিন হাজার সৈন্যের সাথে শড়ে যেভাবে হেন্তনেন্ত হয়েছে, যেভাবে তাদের অসংখ্য লোক নিহত হয়েছে তাতে এই নতুন বাহিনী আসার পর–যাদের সঠিক সংখ্যাও তারা জানে না নিশ্চিতভাবে আরো ভয়ানক অবস্থার সৃষ্টি হবে ভেবে মুসলিম বাহিনীর উপর পুনরায় হামলা করার সাহস পায় নি। তারা খুশী হয় এই দেখে যে, মুসলিম বাহিনীও তাদের উপর হামলা করে নি। তারা व्यादां दिनी यूनी इरा यथन দেখে या, इरावि थानिन इठी९ भनीनाम किदव গেছেন। এই যুদ্ধে মুসলমানরা জয়লাভ না করলেও, রোমানরাও কিন্তু জয়লাভ করেনি।^{১৭}

আমরা ঐ বীর সিপাহীদের দুঃসাহসিকতা ও অতুননীয় বীরত্বের কথা চিন্তা করে বিশ্বয়াভূত অবস্থায় সেখানে বেশ কিছুক্ষণ নীরবে দাঁড়িয়েছিলাম। ঐ মুজাহিদরা এসেছিলেন মদীনা থেকে সুদূর মূতায়–যে অঞ্চলটি তখনকার বিশ্বের সর্বাধিক শক্তিশালী রাষ্ট্রের অধীনে ছিল। মদীনা থেকে মূতার দূরত্ব ছিল আনুমানিক ১১০০ কিলোমিটার। মুসলিম মুজাহিদরা উট এবং ঘোড়ায় চড়ে এই বিরাট দূরত্ব অতিক্রম করেছিলেন। মদীনা থেকে বের হওয়ার পর তারা কারো কাছ থেকে কোন রসদ–সামগ্রী পাননি, এমন কি রাজধানীর সাথে তারা নির্ভীক চিত্তে ঢুকে পড়ছিলেন শক্রব্যুহের মধ্যে। সীরাতে ইবনে হিশামে আছে—

" তারা এগিয়ে চললেন এবং সিরিয়ার 'মাজান' নামক স্থানে গিয়ে পৌছলেন। সেখানে পৌছে জানতে পারলেন যে, সমাট হিরাক্লিয়াস এক লক্ষ রোমান সৈন্য নিয়ে 'বলকা' এলাকার মূজাব নামক স্থানে পৌছে গেছেন এবং তার সাথে যোগ দিয়েছে লাখাম, জাযাম, কীন বাহুরা এবং বিলী সম্প্রদায়সমূহের আরো এক লক্ষ যোদ্ধা। মুসলমানদের কাছে এই সংবাদ পৌছার পর তারা মাআনে দুদিন অবস্থান করে এবং উপস্থিত পরিস্থিতির উপর চিন্তাভাবনা করতে থাকে। সে প্রেক্ষিতে মুদ্ধাহিদদের অভিমত হলো, শক্রদের সংখ্যা ও উপস্থিত পরিস্থিতির কথা জানিয়ে রাসূলুল্লাহ্কে পত্র লেখা হোক। তিনি হয় আমাদের জন্য সাহায্য পাঠাবেন না হয় যে হকুম দেবেন আমরা তাই পালন করবো। ^{১৮} তখন আবদুল্লাহ্ বিন রাওয়াহা উচ্ছুসিত কণ্ঠে বলে উঠেন, 'ব স্থুগণ, তোমরা যে জ্বিনিষটি (অর্থাৎ শাহাদাত) – কে ভয় করছ তার জন্যই তো তোমরা এখানে এসেছ। আমরা তো জনসংখ্যা বা শক্তির আধিক্যের উপর ভরসা করে যুদ্ধ করি না, আমরা যুদ্ধ করি সেই দীনের জন্য এবং সেই দীনকে বুকে ধারণ করে যা দ্বারা আল্লাহ্ তা'আলা আমাদেরকে ধন্য করেছেন। অতএব এগিয়ে চলো, দু'টি নিয়ামাতের (অবদানের) একটি আমরা অবশ্যই পাব-হয় জয়ী হবো, না হয় শাহাদাত বরণ করবো।' তাঁর একথা তানে সবাই এক বাক্যে বলে উঠলো, 'আল্লাহ্র কসম, ইবনে রাওয়াহা ঠিক কথাই বলেছেন।' এরপর তারা বেরিয়ে পড়েন। ১৯

যুদ্ধ শুক্র হলো। মুসলিম বাহিনীর তিনজ্বন সেনাপতি –হযরত আবদুল্লাহ্ ইবনে হারিসা, হযরত জাফর ইবনে আবী তালিব এবং হযরত আবদুল্লাহ্ ইবনে রাওয়াহা (রা.) একের পর এক শাহাদত বরণ করলেন। এই ছিল প্রাথমিক যুগের মুসলমানদের ঈমানী প্রেরণা, আল্লাহ্র পথে প্রাণ বিসর্জনের ঐকান্তিক আগ্রহ–যা থেকে পরবর্তী যুগের মুসলমানরা বঞ্চিত হয়ে পড়েছে। এ কারণেই অতীত ও বর্তমান যুগের মুসলমানদের অবস্থার মধ্যে এত বিরাট পার্থক্য, এত ব্যাপক অসংগতি।

আমরা সেনাপতিত্রয়ের কবর জিয়ারত করি। তাদের যিনি যেখানে শাহাদত বরণ করেছিলেন সেখানেই তাকে দাফন করা হয়। আমরা সাইয়িদিনা 'জাফর ইবনে আবী তালিবের মসজিদ'ও দেখি এবং তার সমাধিতে দাঁড়িয়ে তার অতুলনীয় বীরত্বের কথা শ্বরণ করতে থাকি। এই মসজিদ ও সমাধিসমূহের উপর হাশিমী যুগে সুউচ্চ মিনার তৈরী করা হয়। প্রত্নুতত্ত্ব বিভাগের পক্ষ থেকে পর্যটকদেরকে যে প্যাম্পলেট দেওয়া হয় তাতে এই মাযারসমূহের ইতিহাস ও অন্যান্য বিবরণী লিপিবদ্ধ রয়েছে। আমরা যখন মাযারগুলোর পাশে দাঁড়িয়ে ফাতিহা পাঠ করছিলাম তখন নিজেদেরকে অতি নগণ্য হীন বলে মনে হচ্ছিল।

মৃতার ঐতিহাসিক স্থানসমূহ

সাইয়িদিনা হযরত জাফরের মসজিদের পাশেই অতি সম্প্রতি একটি ইসলামী মিউজিয়াম নির্মিত হয়েছে। তাতে ইতিমধ্যে কিছু ইসলামী নিদর্শন ও ঐতিহাসিক চিঠিপত্র রাখা হয়েছে। আওকাফ মন্ত্রণালয়, মিউজিয়ামের দায়িত্বে রয়েছে। কেউ কেউ বলেন, এই মিউজিয়ামের একটি প্রাচীন ইতিহাস রয়েছে। এটাকে আল মালিক আন্নাসির মুহামদ ইবনে কালাউনের শাসনামলে ৭২৩হিঃ সনে সর্বপ্রথম নির্মাণ করেন শ্বাক ও কারকের নায়েবে স্লতান বাহাদুর আল্–মালিকী আন্–নাসিরী। এতে উস্তায় মাহমূদ আল–আফগানী প্রমুখের সংগৃহীত কিছু নিদর্শনও রয়েছে।

বাতরা সফর

মৃতা থেকে আমরা বাতরা ও মাআন অতিমুখে রওয়ানা হই। পথিমধ্যে 'লাখতা' নামক একটি জনবসতি পড়ে। সেখানকার পানি নাকি উদরাময় ও পাথরী রোগ নিরাময়ের পক্ষে খুবই উপকারী। তাই দূর–দূরান্ত থেকে লোক পানি নিতে আসে। আমরা 'দ্বানাহ্' নামক জনবসতি অতিক্রম করে শভাক– এ গিয়ে পৌছি এবং সেখানকার কৃষি বিদ্যালয় দেখে তারপর আরবাহ্ উপত্যকা অতিক্রম করি। মধ্যাহ্ন ভোজ সেরে আমরা কিছুক্ষণ বিশ্রাম করি। কেননা আসরের নামাযের পর আমাদেরকে একটি গুরুত্বপূর্ণ সফরে বের হতে হবে। সেজন্য কিছুটা দৈহিক সজীবতার প্রয়োজন।

আসরের নামাযের পর আমরা 'বাতরা' এর উদ্দেশ্যে রওয়ান। হই।^{২০} বাতরা হাজার হাজার বছরের প্রাচীন একটি শহর। আরবীয় নাবাতীরা এই শহরের গোড়াপত্তন করেছিল। হিজর ও মাদায়েনয়ে সালেহ–এর মত এই শহরটিও পাথরের পাহাড় খোদাই করে তৈরী করা হয়েছিল। কোন কোন প্রত্তত্ত্ববিদের মতে, এখানকার খোদাইকর্মের ধরন ও পদ্ধতিসমূহ সামৃদ বংশের খোদাই কর্মের চাইতে অপেক্ষাকৃত উনুত।

আমাদের মোটরগাড়ী একটি দীর্ঘ ও উন্তুক্ত সুড়ঙ্গ দিয়ে, পাহাড় কেটে তৈরী, একটি রাস্তা অতিক্রম করলো। এই রাস্তাটি কয়েক কিলোমিটার দীর্ঘ এবং আঁকাবাঁকা। এর দুদিকে দু'টি উঁচু পাহাড়। এরপর আমরা একটি শহরে প্রবেশ করি। সেখানেও পাহাড় কেটে তৈরী প্রাসাদ, উদ্যান, বান্ধার, বিচারালয়, পাকা সড়ক প্রভৃতি ঐতিহাসিক নিদর্শনাদি রয়েছে। আমাদের পথ প্রদর্শক (GUIDE) ছিলেন উস্তাদ রফীক ওফাদজানী। তিনি আমাদেরকে ঐ সমস্ত নিদর্শনাদির ইতিহাস অনবরতঃ বলে যাচ্ছিলেন। সত্যি, তিনি আমাদের সাথে না থাকলে আমাদের ঐ সফরই ব্যর্থ হত।

ঐ বিরাট শহরটি আমরা পুরোপুরি দেখতে পারি নি। কেননা আমাদের হাতে সময় ছিল কম, আর বাতরার আয়তন হচ্ছে ৩০ বর্গ কিলোমিটার। যাহোক এই সফর যেমন ছিল আমাদের জন্য জ্ঞানবর্ধক তেমনি শিক্ষাপ্রদ। শহরটি দেখে আমরা কুরআনের নিম্নোক্ত আয়াতের মর্মার্থ একেবারে হাতে কলমে উপলব্ধি করার সুযোগ পাই। আয়াতটি হচ্ছে –

অর্থ ঃ "তোমরা তো নৈপুণ্যের সাথে পাহাড় কেটে গৃহ নির্মাণ করছ।"-(২৬ ঃ ১৪৯)

রাতের বেলা আমরা আমানে ফিরে আসি। আমাদের এই সফর ছিল খুবই দীর্ঘ। আমরা একই দিনে মেটির গাড়ীতে এত দীর্ঘ পথ আর কখনো অতিক্রম করি নি।

আশ্বান ত্যাগ

২০শে আগস্ট ১৯৭৩ ইং সোমবার আমাদের আমান থেকে তারতের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার কথা। বিমান উড্ডয়নের সময় ছিল বিকাল সাড়ে চারটা। আমাদের বিদায়ী সাক্ষাতের জন্য যারা আসেন তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হচ্ছেন মসজিদে আকসার সাবেক খতীব শায়খ আসআদ আল্-হসায়নী। শায়খ কিছু সময় আমাদের সাথে কাটান। তখন তাঁর কাছ থেকে, বায়তুল মুকাদ্দাস ইয়াহদীদের কবলে যাওয়ার চাক্ষ্ম অবস্থা এবং আরব নেতৃবৃদ্দের দুর্বলতা ও হীনমনোবৃত্তির অনেক ঘটনার কথা ভনতে পাই। তার কথাবার্তা ছিল তথ্যসমৃদ্ধ ও আকর্ষণীয়। রাবেতায়ে উলুমে ইসরামিয়াহ্-এর সভাপতি উন্তাদ তায়সীর যুবইয়ান ও সদলবলে আমাদের সাথে দেখা করতে আসেন। সাইপ্রাসের একটি তুর্কী প্রতিনিধিদলও আমাদের সাথে সাক্ষাৎ করেন এবং সে দেশের মুসলমানরা নিজেদের ইসলামী বৈশিষ্ট্য, স্বাতক্ত্র ও জাতীয় অন্তিত্ব সংরক্ষণের জন্য কিভাবে লড়ে যাচ্ছেন তার বিস্তারিত বর্ণনা দেন।

উন্তাদ কামিল আশ্-শরীফ মুতামারে ইসলামীর পক্ষ থেকে প্রতিনিধিদলের সম্মানে একটি মধ্যাহ্ন ভেজের আয়োজন করেন। ঐ অনুষ্ঠানে আমরা অনেক জ্ঞানীগুণী ব্যক্তির সাক্ষাৎ পাই, যাদের সাথে এই স্বক্ষিপ্ত সফরে সাক্ষাৎ করার সুযোগ হয়ে উঠে নি। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন কুল্লিয়াতুশ শারীআহ—এর প্রিন্সিপাল (বর্তমানে জ্বর্দানের আওকাফ মন্ত্রী) শায়খ আবদুল জায়ীয় খাইয়াত প্রমুখ।

আমাদের মাননীয় মেযবান ডঃ ইসহাক ফারহান এবং আরো অনেক জ্ঞানী, পণ্ডিত ও গণ্যমান্য ব্যক্তি আমাদেরকে বিদায় জানানোর জন্য হোটেলে আসেন। তাদের সাথে কিছু সময় কাটানোর পর আমরা বিমান বন্দরের উদ্দেশ্যে রওয়ানা হই। আমার গ্রন্ধেয় বন্ধু ও সফরসঙ্গী ডঃ আবদুরাহ্ আজম–যিনি আমার জন্তরের গভীরে একটি অনন্য স্তিরূপে বিরাজ করছেন, আমার প্রবীণ বন্ধু, সাহিত্যিক ও 'হিযারাতুল ইসলাম' পত্রিকার সম্পাদক ডঃ আদীব সালেহ, সিরিয়া বিশ্ববিদ্যালযের কুল্লিয়াতুশ্ শারীআহ— এর উস্তাদ—যিনি বর্তমানে আমানের কুল্লিয়াতুশ শারীআয় 'ভিজিটিং প্রফেসার' হিসাবে অধ্যাপনা করছেন এবং দীর্ঘদিন পর যার সাথে আমার সাক্ষাৎ হয়েছে, সাউদী আরবের ভারপ্রাপ্ত রাষ্ট্রদৃত উস্তাদ মুহামদ মায়মাশ এবং উস্তাদ কামিল আশ—শরীক প্রতিনিধিদলকে বিদায় সম্বর্ধনা জানান। আল্লাহ্ ভাআ'লা তাদের স্বাইকে উত্তম প্রতিদান দিন। আমীন।

টীকা ঃ

- জ্বর্দানের লোকেরা তাদের শাহকে 'সাইয়িদ্না' শব্দ দ্বারা সম্বোধন করে। এই শব্দটি হিজার্য থেকে গৃহীত হয়েছে এবং বর্তমানে সেখানে একমাত্র এই শব্দ ই প্রচলিত।
- ২. এই কাব্যানুবাদের নাম ছিল 'সাম্সামূল ইসঙ্গাম। তা কালামী সাহেবের দ্বীবৎকালেই নোল কিশোর, লক্ষ্ণৌ থেকে প্রকাশিত হয় এবং পাঠকদের কাছে তা সমাদরও লাভ করে।
- ৩. ইতিমধ্যে একথা প্রমাণিত হয়ে গেছে য়ে, ইয়াহদীদের ষড়য়য় এবং ইশারা ইংগিতেই সুলতান আবদুল হামীদ খান সিংহাসনচ্যুত হয়েছিলেন তাঁর কাছে ক্ষমতাচ্যুতির ফরমানটি য়ে নিয়ে গিয়েছিল সেও ছিল একজন ইয়াহদী।
- মানিক ছিল কবি মুঅমিমের তাই। সে রিলাহ যুদ্ধে নিহত হয়। মুতামিয় সারা জীবন তার
 জন্য আহাজারি করে।
- ৫. কয়েক বছর পূর্বে 'ঝাতারুল ইয়াহদিয়াতিল আলমিয়ার্ আলাল ইসলাম ওয়াল মাসীহিয়াহ শীর্ষক তার একটি গ্রন্থ 'দারুল কলম কুয়েত কর্তৃক প্রকাশিত হয়। ফিলিস্তিন যুদ্ধ সম্পর্কিত তার রোজনামচাও ১৯৫৯ইং সনে প্রকাশিত হয়েছে।
- ৬. এই আদর্শ বাস্তবায়নের শুরুত্ব সাইদিনা উমর বিন আবদুল আযীয় (র.)—এর সেই ঐতিহাসিক কথা দ্বারা অত্যস্ত স্পাইজবে প্রমাণিত হয়, যে কথাটি তিনি তার এক কর্মচারীর অভিযোগের উপরে বলেছিলেন। কর্মচারীটি অভিযোগ করেছিল, দ্রুত বিস্তার লাভ করায় ক্রিযুয়ার পরিমাণ হ্রাস পাছে। তখন তিনি বলেছিলেন, ধিক তোমাকে। রস্পুপ্রাহ (সা.)—কে তো বান্ধনা উস্পুলকারী হিসাবে নয় বরং হাদী (পথ প্রদর্শনকারী) হিসাবে পাঠানো হয়েছিল।
- ৭. ডিরমিয়া (ইবনে আবাস থেকে বর্ণিত):
- ৮. বৃখারী, তিরমিয়ী ও নিসায়ী (আবি আবস্ থেকে বর্ণিত)।
- বুখারী ও মুসলিম।

- ১০. বৃখারী ও মুসলিম।
- ১১. তিরমিয়, আহমদ ও ইবনে মাজায় বর্ণিত এই হাদীসটি কো দীর্ঘ। অরপান্তির দুর্বলতার কারণে আমি আমার বক্তায় তথু হাদীসটির তাবার্থ বলেছিলাম। কিন্তু লিপিবন্ধ করার সময় গ্রন্থ দেখে মূল শব্দসহ আসল হাদীস এবং এর তাবার্থের সাথে সামঞ্জস্যপূর্ণ অন্য কয়েকটি হাদীসের উদ্ধৃতি তুলে দিলাম।
- ১২. जुनान ।
- ১৩. সীরাতে সাইয়িদ আহমদ শহীদঃ দ্বিতীয় খণ্ড (লাহোর সংস্করণ)
- ১৪. বৃখারী ও মুসলিম।
- ১৫. সীরাভে উমর ইবন আবদুল আযীয ইব্ন আবদিল হিকম
- ১৬. এই গায়ওয়ার বিস্তারিত বিবরণের জন্য সীরাতে ইবনে হিশাম ঃ ভৃতীয় খণ্ডঃ পৃষ্ঠা ৩৭৩-৩৮৯ (মুসভাফা আল্–বালী আল হালবী কর্তৃক মিসরে মুদ্রিত)ঃ দ্বিতীয় সংক্ষরণ এবং সিয়ার ও মাগাযীর জন্যান্য গ্রন্থাদি দুষ্টব্য।
- ১৭. হায়াত-ই-মুহামদঃ ডঃ মুহামদ হসায়ন হায়ক্ষ্ঃ পৃষ্ঠা-৩৭৭
- ১৮. সীরাতে ইবনে হিশামঃ ভৃতীয় বঙঃ পৃষ্ঠা-৩৭৫
- ১৯. জর্দানের লোক এটাকে। নুন্ এবং ঐতিহাসিক ও ত্গোলবিদরা নুন্ধ ও নুন্ধ থাকেন। কোন কোন ঐতিহাসিকের মতে, এটা সেই জারণা থেটাকে ইব্রানীরা সালা? বলত। এটা সেই জারণী উপত্যকা–বসতি–যা গ্রীক ও রোমানদের কাছে খুবই বিখ্যাত ছিল। জারবী বংশোদ্ধুত নাবাতীরা হাজার বছর পূর্বে এই বসতি স্থাপন করে। তারা সভ্যতা–সংস্কৃতিতে ছিল অনেক উনুত। এধানকার অনেক কবি, চিকিৎসক ও বণিক মিসর, সিরিয়া, ফুরাত ও রোমান এলাকা সফর করতেন। এতদ্সত্থেও তারা ছিল পৌতলিক। 'লাত' মূর্তি, যা উত্তর হিজাযের লোক এখানে নিয়ে এসেছিল–এত্দাক্ষলের ঐ সমস্ত কেন্দ্রীয় দেবতাদের মর্যাদা লাভ করে, থেওলোর পূজা নাবতীরা করত।